হেদায়াতুন নাহু

আরবী-বাংলা

হেদায়াতুন নাহু

শায়খ সিরাজ উদ্দীন উসমান আউধী, চিশ্‌তী (র.)

প্রকাশক ঃ
মুহাম্মদ হাফিজুর রহমান যশোরী
আল-আকসা লাইব্রেরী

প্রকাশকাল ঃ ১১ ডিসেম্বর ২০০৩ইং
১৬ শাওয়াল ১৪২৪ হিং

মূল্য ঃ সাদা– ১৬০.০০ টাকা মাত্র
রাফ– ১১০.০০ টাকা মাত্র

বর্ণ বিন্যাস ঃ
সাআ'দাত কম্পিউটার
বাংলাবাজার, ঢাকা।

মুদ্রণ ঃ
আল আকাবা প্রিন্টার্স
বাংলাবাজার, ঢাকা।

অনুবাদকের কথা

মুসলমানদের হৃদয়ের ভাষা, মহান স্রষ্টা আল্লাহ তা'আলার প্রিয় ভাষা, প্রিয় নবীর প্রিয় ভাষা এবং আখেরাত ও বেহেশতের ভাষা আরবী। মানুষ জাতির ইহ ও পারলৌকিক মহা সফলতার প্রধান উৎস আল কোরআন, আল হাদীস, আল ফিক্‌হ ও যাত তাফসীর ইত্যাদির বিশাল ভাণ্ডার আরবী ভাষায় রচিত। অতএব বিশ্ব মুসলিম-এর নিকট আরবী ভাষার গুরুত্ব অপরিসীম। আর কোন্ ভাষা তার গ্রামার বা ব্যাকরণ ছাড়া সঠিক শুদ্ধরূপে অর্জন করা অসম্ভব। আরবী ভাষাও এর ব্যতিক্রম নয়।

কালের পরিক্রমায় যখন ইসলাম ধর্ম আরবের গণ্ডি পেরিয়ে আন্তর্জাতিক অঙ্গনে প্রবেশ করে, কক্রমান্বয়ে মানুষ ইসলামের প্রতি অনুপ্রাণিত হয় তখন প্রয়োজন দেখা দেয় এর গ্রামার বা ব্যাকরণ শাস্ত্রের। সুতরাং তখন থেকেই বিভিন্ন যুগে বিভিন্ন ভঙ্গিতে এর ব্যাকরণ শাস্ত্র রচিত হতে থাকে। এ ধারায় অষ্টম শতাব্দী রচিত হেদায়াতুন নাহু কিতাবটি বিশেষ উল্লেখযোগ্য। কেননা অতি সহজ সরলভাবে নাহু শাস্ত্রের প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ বিষয়াদি এতে স্থান পেয়েছে এবং বাহুল্য থেকে সম্পূর্ণ মুক্ত রয়েছে। এ কারণে শুধু পাক-ভারত উপমহাদেশেই নয় বরং আফগানিস্তান, মালয়েশিয়া, আফ্রিকা ইত্যাদি বিভিন্ন দেশে আরবী বিদ্যালয়ে এটি পাঠ্যপুস্তকরূপে যুগ যুগ ধরে পঠিত হয়ে আসছে।

মূল কিতাবটি আরবী ভাষায় রচিত এবং এর শরাহ বা টীকা গ্রন্থগুলো আরবী ও উর্দূ ভাষায় রচিত। তাই বাংলাভাষী শিক্ষার্থীদের সুবিধার লক্ষ্যে এটিকে আরো সহজ-সরলভাবে সুপাঠ্যরূপে উপস্থাপনের জন্য আমরা এটির অনুবাদ ও প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ বিষয়াদি সংযোজন করার প্রয়াস পেয়েছি।

আশা করি কিতাবটি শুধু ছাত্র-ছাত্রীদের জন্যই নয় বরং পাঠ দানকারী শিক্ষক/শিক্ষিকাদের জন্যও বিশেষ ফলপ্রসু হবে ইনশাআল্লাহ। কিতাবটিকে প্রচলিত অপরাপর কিতাবগুলোর তুলনায় সার্বিক ক্ষেত্রে সুন্দর ও সুপাঠ্যরূপে পেশ করার নিমিত্তে কছূর করা হয়নি মোটেও।

তবে একটি কথা না বললেই নয় যে– মানুষ ভুলের উর্ধে নয় তাই সর্বাত্মক চেষ্টা করা সত্ত্বে যদি কোথাও কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হয় বা কিতাবটিকে আরো উন্নত করার লক্ষ্যে কারো কোন সুপরামর্শ থাকে তাহলে তা অবহিত করলে ইনশাআল্লাহ তা সাদরে গৃহীত হবে।

মহান আল্লাহ অধমের এ শ্রমকে সার্থক করে এর দ্বারা জ্ঞান পিপাসু ছাত্র/ছাত্রীদেরকে উপকৃত করুন, এ কামনায়–

মুহাম্মদ হাফিজুর রহমান (যশোরী)
১৬ শাওয়াল ১৪২৪
১১ ডিসেম্বর ২০০৩

লেখক পরিচিতি

আরবী ব্যাকরণের অনবদ্য গ্রন্থ হেদায়াতুন নাহু এর মুসান্নিফ (রচয়িতা) র. এর নামের ব্যাপারে মতভেদ রয়েছে। যেমন– (ক) দেরায়াতুন নাহু এর রচয়িতার মতে এর লেখক আল্লামা আবু হাইয়ান নাহ্বী (র.) যিনি প্রখ্যাত মুফাসসির ও নাহু শাস্ত্রবিদ ছিলেন। (খ) তা'দাদুল উলূম প্রণেতা এর মতে এর রচয়িতা হলেন– শায়খ সিরাজউদ্দীন উসমান চিশ্‌তী নিজামী ওরফে আখী সিরাজ আউধী (র.)। যিনি সুলতানুল মাশায়েখ খাজা নিজামউদ্দীন মুহাম্মদ বদায়ূনী দেহলভী (র.) কর্তৃক পাক-ভারত উপমহাদেশে ইসলামের বার্তা বাহক রূপে প্রেরীত হন। উল্লেখ্য যে, এই মতটিই সর্বাধিক বিশুদ্ধ। নিম্নে শায়েখ সিরাজউদ্দীন আউধী (র.)-এর সংক্ষিপ্ত জীবন-পরিচিতি প্রদত্ত হল।

নাম ও জন্ম ঃ সিরাজউদ্দীন উসমান, উপাধী নিজামী ও চিশ্‌তী। ষষ্ঠ শতাব্দীর শেষ লগ্নে ভারতের দিল্লীর উপকণ্ঠে কোন এক সম্ভ্রান্ত পরিবারে তিনি জন্মলাভ করেন। তাঁর পিতা-মাতা ও জন্ম তারিখ সম্পর্কে সঠিক কোন তথ্য পাওয়া যায় না।

জীবন পরিক্রমা ঃ আল্লামা শায়খ সিরাজউদ্দীন উসমান (র.) নিজ এলাকায় থেকে বাল্য শিক্ষা গ্রহণ করেন। অত:পর অতি অল্প বয়সেই হযরত নিজামউদ্দীন বদায়ূনী (র.) এর আস্তানায় আধ্যাত্মিক জ্ঞান তথা ইসমে বাতিনী হাসিলের লক্ষ্যে গমন করেন। তবে ইলমে জাহেরী তথা ইলমে শরীয়তের জ্ঞানার্জনের প্রতিও ছিল তাঁর প্রবল আগ্রহ। মীর খোরদ (র.) লিখেন যে, তিনি যখন দিল্লী পৌঁছেন তখন তাঁর একমাত্র সম্বল ছিল কাগজ ও কলম। তিনি দিল্লীতে শায়খ নিজামউদ্দীন (র.)-এর খেদমতে থেকে অতি অল্প সময়ে ইলমে মা'রেফাতের উচ্চ শিখরে পৌঁছে যান এবং শায়খ (র.)-এর বিশেষ দৃষ্টি আকর্ষণে সক্ষম হন।

ইলমে জাহেরী অর্জন ঃ শায়খ নিজামউদ্দীন (র.) যখন হিন্দুস্তানের বিভিন্ন অঞ্চলে মুব্বালিগ প্রেরণের ইচ্ছা করেন তখন বঙ্গ প্রদেশে প্রেরণের জন্য তাঁকে মনোনীত করেন। কিন্তু যখন জানতে পারলেন যে, তিনি ইলমে জাহেরীতে পূর্ণতা লাভ করেননি তখন তিনি বললেন– "اول درجه درس کار علم ست" (এ কাজের জন্য সর্ব প্রথম ইলমে জাহেরী আবশ্যক) এবং তিনি আরও বললেন– "ইলমহীন ব্যক্তি শয়তানের খেলনা স্বরূপ। শয়তান যেরূপ ইচ্ছা করে তাকে নিয়ে তদ্রূপ খেলতে থাকে"। উক্ত মজলিসে হযরত ফখরুদ্দীন যাররাদী (র.) উপস্থিত ছিলেন। তিনি আরজ করলেন– درششماه اورا دانشمند میکنم (নির্দেশ হলে মাত্র ছয় মাসে আমি তাকে ইলমে জাহেরীতে পারদর্শীরূপে গড়ে তুলতে পারি।) সুতরাং তাই হলো। অতি অল্প সময়ে তিনি ইলমে জাহেরীতেও পাণ্ডিত্য লাভ করেন। কথিত আছে যে, তদানিন্তন কালের বিজ্ঞ কোন আলিমও তাঁর সাথে বিতর্ক (মুনাযারা) করতে সাহস করতেন না।

খেলাফত লাভ ঃ ইলমে জাহেরীতে পূর্ণতা লাভের পর সুলতানুল মাশাইখ খাজা নিজামউদ্দীন (র.) তাঁকে খেলাফত প্রদান করে বঙ্গে প্রেরণ করেন।

কর্মজীবন ঃ খেলাফত লাভের পর তিনি বঙ্গ প্রদেশে আগমণ করেন এবং বঙ্গপ্রদেশকে ঈমান ও ইসলামের ঐশী নূর দ্বারা নূরান্বিত করেন। তৎকালীন বঙ্গপ্রদেশের প্রধানমন্ত্রী শাহ্ আতাউল হক পান্ডবী তাঁর বিদ্যার গভীরতা এবং ইসলামের বিভিন্নমুখী খেদমতের ব্যাপক তৎপরতা লক্ষ্য করে তাঁকে স্বীয় খলিফারূপে মনোনীত করেন।

রচনাবলী ঃ শায়খ সিরাজউদ্দীন (র.) বেশ কতিপয় গ্রন্থ রচনা করেন। তার মধ্যে বিশেষ উল্লেখযোগ্য হলো– হেদায়াতুন নাহু, মীজানুছ ছরফ ও পাঞ্জগঞ্জ।

ইন্তেকাল ঃ ইলমে দ্বীনের বিশিষ্ট এ খাদেম বিভিন্নমুখী খেদমত আঞ্জাম দিয়ে অসংখ্য ভক্ত ও শিষ্য রেখে ৭৫৮ হিজরীতে ইহলোক ত্যাগ করেন। (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলায়হি রাজিঊন)

সূচিপাতা

বিষয়	পৃষ্ঠা

بسم الله الرحمن الرحيم -

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ،وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى رَسُوْلِهٖ مُحَمَّدٍ وَّ عَلٰى آلِهٖ وَ اَصْحَابِهٖ اَجْمَعِيْنَ ـ

অনুবাদ ॥ পরম করুণাময় অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি, সমস্ত প্রশংসা মহান আল্লাহর জন্য, যিনি বিশ্ব জগতের প্রতিপালক, পরকালের কল্যাণ মুত্তাকীদের (আল্লাহভীরুদের) জন্য, পরিপূর্ণ রহমত বর্ষিত হোক তাঁর রাসূল হযরত মুহাম্মদ (সাঃ)-এর প্রতি এবং তাঁর পরিবার ও সকল সাহাবীর প্রতি।

প্রাসঙ্গিক আলোচনা ঃ পটভূমি ঃ উপরোক্ত ইবারতকে কেন্দ্র করে সামনে কয়েকটি বিষয়ে আলোচনা করা হবে। যথা– (ক) শুরুতে বিস্মিল্লাহ ও আলহামদু ইত্যাদি উল্লেখের কারণ (খ) প্রতি শব্দের অর্থ, বিস্তারিত ব্যাখ্যা, (গ) বাক্যগুলোর তারকীব।

بِسْمِ اللّٰهِ الخ ও اَلْحَمْدُ لِلّٰهِ الخ উল্লেখের কারণ– মুসান্নিফ (গ্রন্থকার) (র.) নিম্নোক্ত যে কোন কারণে স্বীয় কিতাবকে بسم الله الخ ও اَلْحَمْدُ لله الخ দ্বারা শুরু করেছেন। যথা–

১. اِقْتِدَاءً بِكِتَابِ اللّٰهِ – মহান আল্লাহর পবিত্র গ্রন্থ আল কুরআনের অনুকরণে।

২. اِتِّبَاعًا بِالْحَدِيْثِ – রাসূলে করীম (সাঃ) এর হাদীসের উপর আমলের উদ্দেশ্যে। কেননা, তিনি এরশাদ করেছেন– كُلُّ اَمْرٍ ذِيْبَالٍ لَمْ يُبْدَأْ بِاسْمِ اللّٰهِ فَهُوَ اَقْطَعُ গুরুত্বপূর্ণ যে কোন কাজ আল্লাহর নাম ছাড়া শুরু করলে তা লেজ কাটা তথা বরকতশূন্য হয়ে যায়, (আবু দাউদ ও ইবনে মাজা) হাম্দ দ্বারা শুরুর ব্যাপারে অপর বর্ণনায় আছে كُلُّ اَمْرٍ ذِيْبَالٍ لَمْ يُبْدَأْ بِحَمْدِ اللّٰهِ فَهُوَ اَقْطَعُ وَاَجْذَمُ গুরুত্বপূর্ণ কোন কাজ আল্লাহর প্রশংসাবিহীন শুরু করলে তাতে বরকত থাকে না।

এখানে প্রশ্ন জাগতে পারে যে, শুরু তো বলে যার আগে কিছু নেই, অতএব উভয়টি দ্বারা শুরু করা তো সম্ভব নয়, কারণ তাতে অবশ্যই একটা আগে ও একটা পরে হয়ে যায়?

উত্তর এই যে, শুরু তথা (اِبْتِدَاء) মূলত ৩ প্রকার। حَقِيْقِى ، اِضَافِىْ ও عُرْفِىْ

১. اِبْتِدَاءِ حَقِيقِى (প্রকৃত শুরু) বলা হয় যার আগে অন্য কিছুই নেই।

২. اِبْتِدَاءِ اِضَافِىْ (তুলনামূলক শুরু) যা পরবর্তীর তুলনায় শুরু। তার আগে কিছু থাকা অসম্ভব নয়।

৩. اِبْتِدَاءِ عُرْفِىْ (প্রচলন গত শুরু) অর্থাৎ সচরাচর মানুষ শুরু বলতে যা বুঝে।

- অতএব বিসমিল্লাহ এর হাদীসের ক্ষেত্রে اِبْتِدَاءِ حُقِيقِىْ ধরে ও আলহামদুল্লিাহ-এর ক্ষেত্রে অবশিষ্ট দু'প্রকারের যে কোন ১ প্রকারের শুরু ধরলে কোন প্রশ্ন থাকে না। আর এটা قياس তথা যুক্তির আলোকেও সঠিক। কারণ আগে নাম, পরিচিতি (ইস্‌ম) উল্লেখ হয়, তারপরে তার প্রশংসা বা গুণাগুন উল্লিখিত হয়।

৪. اِتِّبَاعًا بِالسَّلَفِ তথা সালফে সালেহীন (র.)-এর আনুগত্যের উদ্দেশ্যে, কেননা সমস্ত বুযর্গানে দ্বীন তাঁদের কিতাবকে এভাবেই শুরু করেছেন।

৫. اِذَابَةٌ لِلشَّيْطَانِ তথা শয়তানের প্রভাব মুক্ত থাকার ও তাকে দুর্বল করার উদ্দেশ্যে। কেননা নবী করীম (সাঃ) এরশাদ করেছেন-

مَنْ قَالَ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ يَذُوْبُ عَنْهُ الشَّيْطَانُ كَمَا يَذُوْبُ الرَّصَاصُ فِى النَّارِ ـ

"যে ব্যক্তি কাজের শুরুতে বিস্‌মিল্লাহির রাহমানির রাহীম পড়ে শয়তান এর দ্বারা বিগলিত হয়ে যায় যেরূপ শিশা আগুনে বিগলিত হয়ে যায়।"

৬. رَدًّا لِلْكَافِرِيْنَ وَالْمُشْرِكِيْنَ কাফের, মুশরিক তথা প্রতিমা পূঁজারীদের বিরুদ্ধাচরণ কল্পে। কেননা তারা بِاسْمِ اللَّاتِ وَالْعُزّٰى তথা লাত ও উয্যার নামে শুরু করত।

৭. تَكْثِيْرًا لِلشَّافِعِيْنَ কিয়ামত দিবসে অধিক শাফাআতকারী হওয়ার মানসে। কেননা আল্লাহ বিস্‌মিল্লাহ পাঠকারীর জন্য প্রতিটি অক্ষরের পরিবর্তে একজন ফেরেশতা সৃষ্টি করেন, মহা প্রলয় দিবস পর্যন্ত সে তার জন্য মাগফেরাত কামনা করতে থাকে।

৮. اِتِّبَاعًا لِلْكِتَابِ الْأَوَّلِ সর্ব প্রথম লিখিত বস্তুর অনুকরণার্থে। কেননা হাদীসে কুদসীতে আছে– আল্লাহ তাআলা কলম সৃষ্টির পর তাকে লেখার আদেশ দিলে সর্ব প্রথম বিস্‌মিল্লাহ দ্বারা লেখা শুরু করে।

بَاءٌ এর অর্থ : قَوْلُهُ بِسْمِ اللّٰهِ ঃ এর মধ্যে ب বর্ণটি ১০ অর্থে ব্যবহৃত হয়। যথা– ১. اِلْصَاقٌ ২. اِسْتِعَانَةٌ ৩. مُصَاحَبَةٌ ৪. بَدَل ৫. مُقَابَلَةٌ ৬. تَبْعِيْض ৭. قَسَم ৮. تَعْدِيَةٌ ৯. سَبَبِيَّة ও ১০. زِيَادَةٌ

এখানে اِسْتِعَانَةٌ তথা সাহায্য কামনা বা সহায়তা গ্রহণ অর্থে ব্যবহৃত। অর্থাৎ আল্লাহর নামের সাহায্য কামনা করে..... ।

بِسْمِ মূলত بِاسْمِ ছিল। অধিক ব্যবহারের দরুন সহজার্থে হামযা বিলুপ্ত হয়েছে। অপরদিকে اِقْرَأْ بِاسْمِ رَبِّكَ .... অতটা বহুল পঠিত নয়। বিধায় হামযা বহাল রয়েছে।

اسم শব্দের তাহকীক : اسم শব্দটি বিসরিয়্যীন তথা বসরার নাহুবিদদের মতে سُمُوٌّ ছিল। অর্থ উচ্চ, اِسْم যেহেতু فعل ও حرف এর তুলনায় উচ্চমানের একারণে এ নামকরণ করা হয়েছে। سُمُوٌّ এর واو কে قَلْب তথা স্থান পরিবর্তন করে শুরুতে আনা হয়েছে। অথবা خلافِ قِياس বিলোপ করে শুরুতে যেরযুক্ত হামযা আনা হয়েছে। অতঃপর সীনকে সাকিন করা হয়েছে। আর কূফিয়্যীন (কূফার নাহুবিদগণ)-এর মতে اسم শব্দটি وِسْم ছিল। অর্থ আলামত, নিদর্শন। যেহেতু اسم তার مُسَمّٰى (নামকৃত বস্তু) এরজন্য চেনার আলামত হয় একারণে এ নাম রাখা হয়েছে। وِشَاحٌ এর কায়দায় وِسْم এর واو টি হামযা দ্বারা পরিবর্তিত হয়েছে।

اَللّٰهُ শব্দের তাহকীক– قَوْلُهُ اَللّٰهُ ঃ আল্লাহ শব্দটি এমন এক সত্ত্বার জাতিগত নাম যার অস্তিত্ব অবধারিত, সকল মহৎ ও প্রশংসনীয় গুণাবলীর আধার এবং সকল দোষ-ত্রুটি ও অস্থিতি হতে পবিত্র। আরবীতে

هُوَ عَلَمٌ لِذَاتٍ وَاجِبِ الْوُجُوْدِ الْمُسْتَجْمِعُ لِجَمِيْعِ صِفَاتِ الْكَمَالِ الْمُنَزَّهُ عَنِ النُّقْصَانِ وَالزَّوَالِ .

اَللّٰهُ শব্দটি ইসমে জামিদ, না কি ইসমে মুশতাক এ ব্যাপারে আলিমগণের মধ্যে মতবিরোধ রয়েছে। ইমাম আবু হানীফা (র.), খলীল ও ইবনে কায়সান-এর মতে এটা ইসমে জামিদ। এটা تَغَيُّرَاتِ اِشْتِقَاقِيَّة তথা শাব্দিক আবর্তন-বিবর্তন থেকে সম্পূর্ণ মুক্ত। যেমন তাঁর সত্ত্বা এ থেকে মুক্ত।

অনেকে এটাকে ইস্‌মে মুশ্‌তাক বলেছেন। তবে তাঁদের মধ্যে আবার মতানৈক্য রয়েছে তার মুশ্‌তাক মিনহুর (মূল উৎস) ব্যাপারে। (এ ব্যাপারে আল্লামা কাযী বায়যাভী তাঁর তাফসীর গ্রন্থে বিস্তারিত আলোকপাত করেছেন।)

(ক) কাযী বায়যাভী সহ সংখ্যাগরিষ্ঠ আলিমের মতে এটা اَلَهَ يَأْلَهُ اِلٰهًا . اِلَهَةً وَاُلُوْهِيَّةً বাবে فَتَحَ হতে অর্থ– উপসনা করা, ইবাদত করা। অতএব এটা মূলত اَلْاِلٰهُ ছিল। শুরুতে আলিফ লাম আসার কারণে শুরুর হামযা পড়ে গেছে এবং লাম অপর লামের মধ্যে ইদগাম হয়েছে। اِلٰهٌ মাসদার মূলত مَأْلُوْهٌ (মাফউল) মা'বূদ– উপাস্য অর্থে।

(খ) কারো মতে اَلِهَ يَأْلَهُ বাবে سَمِعَ হতে অর্থ বিচলিত ও হতবাক হওয়া। কারণ আল্লাহর পরিচয়ের ব্যাপারে মনুষ্য জ্ঞান হতবাক হতে বাধ্য।

(গ) কারো মতে اَلِهَ يَأْلَهُ বাবে سَمِعَ হতে তবে اِلٰى সহ ব্যবহৃত অর্থ হতে উদ্‌গত। অর্থ কারো কাছে গিয়ে প্রশান্তি লাভ করা। কেননা তাঁর স্মরণে ও আশ্রয়ে সৃষ্টিকুল প্রশান্তিলাভ করে।

(ঘ) কারো মতে أَلِهَ يَأْلَهُ হতে অর্থ কোন বিষয়ে অস্থির হয়ে কারো শরণাপন্ন হওয়া, এবং তার দ্বারা বিপদ নিরসনের আশা রাখা।

(ঙ) কারো মতে وَلَهَ يَوْلَهُ বাবে فَتَحَ হতে অর্থ- পেরেশান হওয়া, হতভম্ব হওয়া।

(চ) কারো মতে وَلَهَ يَوْلِهُ বাবে ضَرَبَ হতে অর্থ আড়াল হওয়া, উঁচু হওয়া হতে উদগত। কেননা আল্লাহ মখলুকের দৃষ্টির আড়ালে এবং চিন্তা-ভাবনার বহু উর্ধ্বে।

قَوْلُهُ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ঃ رَحْمٰن শব্দটি اسم مُبَالَغَة এর ছীগা رَحْمٰنٌ - نَدْمَانٌ এর ওযনে ও رَحِيْمٌ - نَدِيْمٌ এর ওযনে। رَحِمَ يَرْحَمُ رَحْمَةً হতে উদ্গত। আভিধানিক অর্থ কোমল হৃদয় হওয়া, দয়াদ্র হওয়া। رَحِيْم -এর তুলনায় رَحْمٰنٌ দয়ার আধিক্যতা বেশী বুঝায়। কারণ رحمٰن এর মধ্যে বর্ণের সংখ্যা বেশী, আর কায়েদা আছে যে, كَثْرَةُ الْمَبَانِىْ تَدُلُّ عَلٰى كَثْرَةِ الْمَعَانِىْ অতএব رحمٰن শব্দটি رَحِيم এর তুলনায় عَامٌ বা ব্যাপক। এ কারণে বলা হয় يَارَحْمٰنَ الدُّنْيَا وَ يَارَحِيْمَ الْاٰخِرَةِ কেননা দুনিয়ায় আল্লাহর দয়া ব্যাপক, মুসলিম অমুসলিম সবাই তার রহমতে শামিল। কিন্তু পরকালে তার দয়া কেবল মুমিনদের জন্য সীমিত। এ হিসেবেই رحمٰن শব্দটি আগে ও رحيم পরে উল্লিখিত হয়েছে।

- اَلرَّحْمٰنِ الرَّحِيْمِ এর إِعْرَاب ঃ শব্দদুটিতে তিন ধরনের إعراب হতে পারে–

১. উভয়টি مَرْفُوْع - مُبْتَدَائِ مَحْذُوْف (উহ্য মুবতাদা) هُوَ এর خبر হিসেবে। অর্থাৎ بِسْمِ اللّٰهِ هُوَ الرَّحْمٰنُ الرَّحِيْمُ

২. উভয়টি مَجْرُوْر - اَللّٰه শব্দের সিফত হিসেবে। অর্থাৎ بِسمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

৩. مَنْصُوْب - اَعْنِىْ উহ্য এর মাফঊল হিসেবে। অর্থাৎ بِسمِ اللّٰهِ اَعْنِى الرَّحْمٰنَ الرَّحِيْمَ

بِسْمِ اللّٰهِ الخ এর তারকীব ঃ এর বিভিন্ন রকমের তারকীব হতে পারে। এমনকি শুধু بسم الله الخ এর তারকীবের উপর স্বতন্ত্র পুস্তকও রচিত হয়েছে। নিম্নের প্রসিদ্ধ তারকীবটি উল্লেখ করা হল–

ب হরফে জার, اسم মুযাফ الله শব্দটি মওসূফ. اَلرَّحْمٰنُ প্রথম সিফত ও اَلرَّحِيْمُ দ্বিতীয় সিফত, মওসুফ তার উভয় সিফত মিলে মুযাফ ইলায়হি, মুযাফ ও মুযাফ ইলায়হি মিলে ب হরফে জারের মাজরূর। অতঃপর জার-মাজরূর মিলে مُتَعَلِّق হল اَشْرَعُ উহ্য فعل এর সাথে, اَشْرَعُ ফে'ল তার اَنَا যমীর فاعل ও مُتَعَلِّق মিলে جُمْلَةُ فِعْلِيَةُ خبريه

চিত্রে তারকীব লক্ষ্য কর

উল্লেখ্য যে, مُتَعَلَّق এর বিবেচনায় সাধারণত ৮ ধরনের তারকীব হতে পারে। কেননা ب এর مُتَعَلَّق হয়ত فعل হবে, নতুবা شبه فعل হবে। এ দু'য়ের যে কোনটি হয়তো عام হবে, নতুবা خاص হবে, এর প্রত্যেকটি হয়তো مُقَدَّم হবে নতুবা مُؤَخَّر হবে।

সহজার্থে চিত্রে লক্ষ কর

উপরের চিত্র দ্বারা নিম্নোক্ত ৮টি ছুরত বা ধরণ লাভ হল। যথা–

১. مُتَعَلَّقْ টা فِعلِ عَامْ مُقَدَّمْ হবে
২. مُتَعَلَّقْ টা فعِل خاصْ مُقدّمْ হবে
৩. متعلق টা فعل عام مؤخر হবে
৪. متعلق টা فعل خاص مؤخر হবে
৫. متعلق টা شبه فعل عام مقدم হবে
৬. متعلق টা شبه فعل خاص مقدم হবে
৭. متعلق টা شبه فعل عام موخر হবে
৮. متعلق টা شبه فعل خاص موخر হবে

বিঃদ্রঃ তারকীবের ক্ষেত্রে পূর্বোক্ত اَلرَّحْمٰنِ الرَّحِيْمِ এর إعراب প্রসঙ্গে উল্লিখিত অবশিষ্ট দু'ছূরত তথা بِسْمِ الله اَعْنِىْ الرَّحْمٰنَ الرَّحِيْمَ ও اللّٰهِ هُوَ الرَّحْمٰنُ الرَّحِيْمُ সহ মোট ১০ প্রকার ইবারত ও ৩০ ধরনের তারকীব হতে পারে।

উল্লেখ্য যে, (ক) জার-মাজরূর মিলে সর্বদা فعل বা شبهِ فعل -এর সাথে متعلق হয়, যাতে অন্য শব্দের সাথে তার مُدْخُوْل এর رَبْط বা সংশ্লিষ্টতা প্রকাশ পায়

(খ) متعلق টা উল্লেখ থাকলে তাকে ظرفِ لَغْو ও উল্লেখ না থাকলে (বা উহ্য থাকলে) তাকে ظرفِ مُسْتَقِرّ বলে। এ হিসেবে بسم الله الخ টা ظرف مستقر হবে।

(গ) متعلق টা اسم নাকি فعل হওয়া উত্তম? এ ব্যাপারে বসরী ও কুফী নাহুবিদদের মধ্যে মতানৈক্য রয়েছে। বসরীদের মতে فعل হওয়া উত্তম। কেননা متعلق টা তার জার মাজরুর (যরফ)-এর মধ্যে আমিল হবে। আর আ-মলের দিক দিয়ে فعل আসল। পক্ষান্তরে কুফীদের মতে اسم হওয়া উত্তম, কারণ উহ্য মানার ক্ষেত্রে مفرد আসল, আর فعل মানলে তার عامل কে মাহযুফ মানতে হয়, আর কায়দা আছে যে- اَلْمُقَدَّرُ يُقَدَّرُ بِقَدْرِ الضُّرُوْرَةِ

(ঘ) متعلق টা مُقدّمْ হওয়া ভাল, নাকি مُؤخّرْ হওয়া? এ ব্যাপারে ও নাহুবিদদের মধ্যে মত বিরোধ রয়েছে। বসরীগণের মতে موخر হওয়া উত্তম। কারণ শুরুতে উহ্য মানলে তখন بِسْمِ اللّٰه দ্বারা শুরু হয় না। বরং উক্ত শব্দ দ্বারাই শুরু বুঝায়। কেননা এটা স্বীকৃত যে, اَلْمَحْذُوْفُ كَالْمَذْكُوْرِ আর অন্যান্যদের মতে এমনটা দোষণীয় নয়।

(ঙ) প্রশ্ন করা যেতে পারে যে, হাদীসে তো আল্লাহর নাম দ্বারা শুরু করার কথা বলা হয়েছে। আর তা হল اللّٰه শব্দ; اسم নয়? এর উত্তর এই যে, প্রশ্ন অবশ্যই যথার্থ, তবে بالله বললে তা باءِ قَسْمِيه-এর সাথে মিলে যাওয়ার ভয় থাকে, এ কারণে اسم শব্দ যুক্ত হয়েছে। অথবা আল্লাহ শব্দের উপর কোন শব্দ প্রয়োগ করলে তার দ্বারা ও বরকত ও সাহায্য কামনা বুঝায় অথবা- এটা বুঝান উদ্দেশ্য যে, আল্লাহর যেকোন নাম দ্বারা اِسْتِعَانَتْ বা সাহায্য প্রার্থনা বৈধ- চাই জাতী হোক বা সিফাতী।

قَوْلُهُ اَلْحَمْدُ الخ ঃ এখানে আলোচ্য বিষয় হল– ১. الف ولام প্রসঙ্গ, ২. حَمْد এর সংজ্ঞা ثَنَاء ও مَدْح এর সংজ্ঞা ও পারস্পরিক পার্থক্য।

১. اَلْحَمْدُ এর الف ولام প্রথমত ২ প্রকার, (ক) اِسْمِى যা اسم فاعل ও اسم مفعول এর পূর্বে এসে اَلَّذِى اسم مَوْصُول এর অর্থ দেয়া। حَرْفِى টা আবার ২ প্রকার (ক) جِنْسِى (খ) فَرْدِى – দ্বিতীয়টি আবার দু প্রকার-সমস্ত সদস্য (كُلّ اَفْرَادْ) উদ্দেশ্য হবে বা (খ) কিছু সদস্য (بَعْضِ اَفْرَادْ) উদ্দেশ্য হবে। كُلّ اَفْرَادْ উদ্দেশ্য হলে সেটা اِسْتِغْرَاقِى বা جِنْسِى হবে। আর بَعْض اَفْرَادْ উদ্দেশ্য হলে তার অস্তিত্ব (وُجُوْدْ) টা خَارِجِى (চাক্ষুস বিদ্যমান) হবে বা ذِهْنِى (স্মৃতিগতভাবে বিদ্যমানশীল) হবে। প্রথমটি عَهْدِ خَارِجِى আর দ্বিতীয়যটি عَهْدِ ذِهْنِى – সহজার্থে চিত্রে লক্ষ কর–

এখানে কোন প্রকারের الف ولام হবে সে ব্যাপারে মতভেদ রয়েছে।

(ক) কারো মতে جِنْسِى – অর্থাৎ প্রশংসা বলতে যা বুঝায় তা আল্লাহর নিমিত্তে।

(খ) কারো মতে اِسْتِغْرَاقِى – অর্থ হবে সমস্ত প্রশংসা আল্লাহর নিমিত্তে। এটিই সর্বাধিক বিশুদ্ধ।

(গ) কারো মতে عَهْدِ خَارِجِى – অর্থ হবে জগতে যত প্রশংসা আছে ও হবে তা আল্লাহর জন্য।

حَمْد উল্লেখের কারণ ঃ حَمْد যেহেতু مَدْح এর তুলনায় عام এ জন্য এটিই উল্লেখ করা হয়েছে। কেননা এর মধ্যে مدح ও শামিল আছে।

তদরূপ شُكْر এর পরিবর্তে حَمْد উল্লেখের কারণ এই যে, আল্লাহ বস্তুত এমন সত্ত্বা যিনি এমনিতেই প্রশংসার হকদার, অনুগ্রহের বিনিময় সীমাবদ্ধ নয়। অথচ شكر উল্লেখ করলে কেবল অনুগ্রহের দরুন হকদার হওয়া বুঝা যেত।

حَمْد ، مَدْح ، ثَنَاء و شُكْر এর সংজ্ঞা ও পারস্পরিক পার্থক্য ঃ

حَمْد এর সংজ্ঞা ঃ اَلْحَمْدُ هُوَ الثَّنَاءُ بِاللِّسَانِ عَلَى الْجَمِيْلِ الْاِخْتِيَارِى نِعْمَةً كَانَ اَوْ غَيْرُهَا

অর্থাৎ হাম্‌দ হল– অর্জিত গুণের দরুন প্রশংসা করা চাই তা কোন অনুগ্রহের বিনিময় হোক বা না। এর প্রায় সমার্থবোধক শব্দ হল مَدح ও ثَنَاء - এ দুটোও প্রশংসা বুঝায়। তবে এতে অর্জিত গুণের শর্ত নেই বরং প্রদত্বগুণের কারণেও হতে পারে। অতএব حَمْد এর তুলনায় এ দু'টি عام বা ব্যাপকতা সম্পন্ন, একারণে বলা যায় مَدَحْتُ اللُّؤْلُؤَ عَلٰى حُسْنِه (মুক্তার সৌন্দর্যের দরুন আমি তার প্রশংসা করেছি) কিন্তু এক্ষেত্রে حَمِدْتُ اللُّؤْلُؤَ বলা ঠিক হবে না। কারণ মুক্তার সৌন্দর্য তার অর্জিত নয়। বরং সৃষ্টিগত বা প্রদত্ত। অপরদিকে প্রশংসামূলক আরো ১টি শব্দ হল شكر - এটাও প্রশংসা ও কৃতজ্ঞতা বুঝায়। তবে তা অনুগ্রহের বিনিময়ে হয়। এ হিসেবে এটা حمد এর তুলনায় খাছ বা ব্যাপকতাহীন। কারণ حمد অনুগ্রহের বিনিময়ে হওয়া জরুরী নয়। তবে مَوْرِدْ তথা প্রকাশস্থলের দিক দিয়ে حمد খাছ ও شكر আম, কারণ حمد যবানী (মৌখিক) প্রশংসা বুঝায়। আর شكر শুধু মুখে প্রশংসা করা বুঝায় না বরং যে কোন অঙ্গের দ্বারা, অনুগ্রহের বিনিময় স্বরূপ কোন কাজ করে দেয়া বা হাদিয়া প্রদান করা ইত্যাদি উপায়েও হতে

পারে। মোট কথা حمد ও شكر এর মাঝে عُمُوْمٌ خُصُوص مِنْ وَجْهٍ এর সম্পর্ক। আর حمد ও مدح এর মাঝে عُموم خُصوص مُطْلَقْ এর সম্পর্ক।

قَوْلُهُ رَبِّ ঃ رَبِّ শব্দটি অধিকাংশের মতে رَبَّ يَرُبُّ رَبًّا বাবে نَصَرَ এর মাসদার, অর্থ-প্রতিপালন করা, অর্থাৎ কোন বস্তুকে শুরু হতে পর্যায়ক্রমে প্রয়োজনীয় আসবাব যোগান দিয়ে শেষ পর্যন্ত পৌছান। এ ক্ষেত্রে প্রশ্নজাগে যে, مَصْدَر -এর حَمْل জাতের উপর সহীহ নয়, (সহজ কথায় মাসদারকে সিফত বানান সহীহ নয়)। অথচ এখানে এটা আল্লাহর সিফাত হচ্ছে?

উত্তর ঃ স্বাভাবিক দৃষ্টিকোণে এ প্রশ্ন যথার্থ, তবে কোন صِفَت এর مُبَالَغَة বা আধিক্য বুঝানোর ক্ষেত্রে এমনটা বৈধ। যেমন বলা হয় زَيْدٌ عَدْلٌ যায়েদ এমনই নিষ্ঠাবান যে, সে নিজেই আপদমস্তক নিষ্ঠতায় আচ্ছাদিত।

(খ) কারো মতে رَبٌّ শব্দটি اسم فاعل মূলত رَابِبٌ ছিল, এক জাতীয় দু'হরফ একত্রে আসায় প্রথমটিকে সাকিন করে অপরটির মধ্যে ইদগাম করা হয়েছে। অতপর إِجْتِمَاعِ سَاكِنَيْنِ (দু সাকিন একত্র) হওয়ার কারণে আলিফ বিলুপ্ত হয়েছে।

(গ) কারো মতে এটি صِفَتِ مُشَبَّهُ এর ছীগা। অর্থাৎ আল্লাহর সদাস্থিত গুণ। এটি مُدَبِّر ، مُرَبِّى ، سَيِّد، مُصَالِح، مُوْجِد ، مَالِكٌ ও مُهْتَمِم অর্থে ব্যবহৃত হয়। এ কারণে বলা হয় - اَلرَّبُّ هُوَ الْخَالِقُ اِبْتِدَاءً وَ الْمُرَبِّى غِذَاءً وَالْغَافِرُ اِنْتِهَاءً

★ উল্লেখ্য যে, ইযাফতবিহীন অবস্থায় এটি কেবল আল্লাহর জন্য নির্দিষ্ট। তবে ইযাফত সহকারে মানুষের ক্ষেত্রেও ব্যবহৃত হয়। যথা رَبُّ الدَّارِ - رَبُّ الْمَالُ প্রভৃতি।

قَوْلُهُ الْعَالَمِيْنَ ঃ عَالَمٌ এর বহু ঃ عٰلَمِيْن অর্থ مَا يُعْلَمُ بِهٖ (যা দ্বারা (স্রষ্টাকে চেনা যায়) যেমন- خَاتَمٌ অর্থ مَا يُخْتَمُ بِهٖ (যা দ্বারা সিলমোহর করা হয়) যেহেতু মহাবিশ্বের প্রতিটি বস্তু মহান স্রষ্টার অস্তিত্বের প্রমাণ বহন করে এ কারণে প্রতিটি বস্তু ভিন্ন ভিন্ন عالم যেমন কবির ভাষায়-

لِكُلِّ شَيْيءٍ لَهُ شَاهِدٌ + تَدُلُّ عَلٰى اَنَّهُ وَاحِدٌ

بَرگِ درختانِ سبز در نظرِ هُوشْيَار + هرورقے دفتريست معرفتِ كِردگار

★ প্রশ্ন জাগতে পারে যে, ين ও ون দ্বারা কেবল ذَوِي الْعُقُوْل তথা বোধসম্পন্ন প্রাণী (মানুষ, জিন ও ফিরেশতা) এর বহু বচন হয়। অথচ এক্ষেত্রে তা হচ্ছে না।

উত্তর এই যে, যেহেতু অর্থের ব্যাপকতার দিক দিয়ে ذَوِى الْعُقُوْلِ ও একটি عَالَمٌ- আর ذَوِى الْعقول এর প্রাধান্যের কারণে বাকী মাখলুকাত কে এর تابع বা অনুগামী ধরে নেয়া হয়েছে। সে হিসেবে ون দ্বারা বহুবচন আনা হয়েছে।

<u>ফায়েদা ঃ</u> হযরত ইবনে আব্বাস (রা.) বলেন আসল বা প্রকৃত "আলম" হল- মানুষ, জ্বিন ও ফিরেশতা। আর বাকী সমস্ত কিছু এর تابع হিসেবে এর মধ্যে দাখিল।

<u>إِعْرَابُ رَبٌّ এর</u> ঃ رَبٌّ শব্দে ও اَلرَّحْمٰنِ الرَّحِيْم এর ন্যায় তিন প্রকারের এ'রাব হতে পারে। অর্থাৎ

১. رَبٌّ শব্দটি উহ্য هُوَ যমীর মুবতাদা এর খবর হিসেবে مَرْفُوع হবে।

২. অথবা اَعْنِيْ উহ্য فِعل এর মাফউল হিসেবে مَنْصُوب হবে।

৩. অথবা اَللهُ শব্দের সিফত হিসেবে مَجْرُور হবে। এটিই প্রসিদ্ধ।

★ <u>اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْن এর তারকীব</u> ঃ اَلْحَمْدُ মুবতাদা لَامْ হরফে জার اَللهُ শব্দটি মওসূফ, رَبِّ মুযাফ ও الْعَالَمِيْن মুযাফ ইলায়হি। মুযাফ ও মুযাফ ইলায়হি মিলে মুরাক্কাবে ইযাফী হয়ে সিফত। অতঃপর মওসূফ ও সিফত মিলে مُخْتَصٌّ শিবহে ফে'লের সাথে মুতাআল্লিক। অতপর مُخْتَصٌّ শিবহে ফে'ল তার যমীর ও নায়েবে ফায়েল মিলে খবর। অতপর মুবতাদা ও খবর মিল جملهٔ إِسْمِيهٔ خبرية

قوله وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ : এ অংশ উল্লেখের কারণ : ক. আল্লাহর নাম ও তাঁর প্রশংসার পর মুসান্নিফ র. তালিবে ইল্‌মগণের দৃষ্টি তাকওয়া পরহেযগারী বা আমলের প্রতি আকৃষ্ট করার জন্য শুরুতেই এ বাক্যটি উল্লেখ করেছেন। কারণ এর উপরই মানুষের সফলতা নির্ভরশীল। খ. অথবা رَبِّ الْعَالَمِيْنَ বলতে সন্দেহ সৃষ্টি হতে পারে যে, দুনিয়াতে আল্লাহ্ মুসলিম অমুসলিম সবার প্রতিপালক। সুতরাং সম্ভবত পরকালের কল্যাণেও সবাই শামিল থাকবে। এ ধারণা দূর করণার্থে উল্লেখ করেছেন।

শাব্দিক বিশ্লেষণ : اَلْعَاقِبَةُ শব্দটি عَقَبَ يَعْقِبُ বাবে ضَرَبَ হতে اسم فاعل. واحد مؤنث - অর্থ পিছনে আগমন কারীনি। এখানে অর্থ আখেরাত বা পরকাল। পার্থিব জীবনের তুলনায় এটি পরে এ হিসেবে পরকাল অর্থে ব্যবহৃত। এখানে اَلْعَاقِبَةُ এর পূর্বে خَيْرٌ বা حُسْنٌ শব্দ উহ্য আছে। অথবা الف لام টি خَيْرٌ মুযাফ-এর পরিবর্তে এসেছে, যেমন- وَاسْئَلِ الْقَرْيَةَ, অর্থাৎ وَاسْئَلْ اَهْلَ الْقَرْيَةِ। অর্থাৎ পরকালের কল্যাণ, কারণ এক্ষেত্রে তা মুত্তাকীদের জন্য প্রযোজ্য, অন্যথায় পরকাল তো মুমিন-কাফির সবার জন্যই।

لِلْمُتَّقِيْنَ - مُتَّقِيْنَ শব্দটি বাবে اِفْتِعَال হতে واحد مذكر - اسم فاعل এর ছীগা। وَقْىٌ মাদ্দা হতে অর্থ পরহেযগার, সংযমী, আল্লাহ ভীরু। শরী'আতে যে ব্যক্তি আল্লাহর আযাব ও সাজা অনিবার্যকর কার্যাবলী হতে বিরত থাকে তাকে মুত্তাকী বলে। সুফী সাধকদের মতে- যে স্বীয় অন্তরে শয়তানের কুমন্ত্রণা আসতে দেয় না এবং দুনিয়াদারদের সংশ্রব থেকে দূরে থাকে সে হল মুত্তাকী।

وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ এর তারকীব : اَلْعَاقِبَةُ বাক্যটি মূলতঃ وَخَيْرُ الْعَاقِبَةِ لِلْمُتَّقِيْنَ ছিল। واو টি اِعْتِرَاضِيَّةٌ, خَيْرٌ মুযাফ, اَلْعَاقِبَةُ মুযাফ ইলায়হি, মুযাফ ও মুযাফ ইলায়হি মিলে মুবতাদা, لام হরফে জার ও اَلْمُتَّقِيْنَ মাজরূর মিলে ثَابِتٌ উহ্য شبه فعل এর সাথে مُتَعَلِّقٌ - ثَابِتٌ - شبه فعل তার هُوَ যমীর ফায়েল ও متعلق মিলে خبر অতঃপর مبتداء ও خبر মিলে جملهٔ اسميه مُعْتَرِضَةٌ

قوله وَالصَّلٰوةُ عَلٰى رَسُوْلِهٖ : সালাত বা দরূদ উল্লেখের কারণ- মুসান্নিফ (র. আল্লাহর নাম, তাঁর গুণ-গান ও মুমিনের মূল লক্ষের প্রতি দৃষ্টি ইঙ্গিতদানের পর দোজাহানের বাদশাহ হযরত মুহাম্মদ (সাঃ) ও তাঁর পরিবার এবং সাহাবীগণের জন্য রহমত ও করুণা কামনা করেছেন। নিম্নে তার কতিপয় কারণ উল্লেখ করা হল-

ক. কুরআন হাদীসের সাথে সামঞ্জস্যতা কল্পে। যথা قُلِ الْحَمْدُ لِلّٰهِ وَسَلَامٌ عَلٰى عِبَادِهِ الَّذِيْنَ اصْطَفٰى

খ. আল্লাহর আদেশ পালনার্থে। যথা- صَلُّوْا عَلَيْهِ وَ سَلِّمُوْا تَسْلِيْمًا

গ. বিবেকের চাহিদার ভিত্তিতে। কারণ যে নবীর মাধ্যমে আল্লাহর পরিচয় মিলেছে, দুনিয়া ও আখিরাতের সফলতার দ্বার উন্মুক্ত হয়েছে অবশ্যই বিবেকের চাহিদা এই যে, আল্লাহর গুণগানের সাথে সাথে তাঁকে ও তাঁর সংশ্লিষ্ট ব্যক্তিগণকে স্মরণ করা উচিত।

ঘ. মহান আল্লাহর সম্মান বহু উর্ধ্বে, এমনকি মনুষ্য জ্ঞান-কল্পনারও উর্ধ্বে। সে আল্লাহর সাথে বান্দার সম্পর্ক স্থাপনের জন্য অবশ্যই মাধ্যম গ্রহণ জরুরী। আর তা হল নবী-রাসূল। অতএব দরূদ ও সালাম প্রেরণের মাধ্যমে তাঁকে সদা সন্তুষ্ট রাখাও জরুরী। যাতে হাসরে, মীযানে তার সাথে ঘনিষ্ঠতা সৃষ্টি হয় এবং তাঁর শাফাআতের আশা রাখা যায়।

ঙ. মুসলিম লেখক ও গ্রন্থকারদের অনুকরণ। কেননা কোন কোন অমুসলিমরাও আল্লাহর প্রশংসা করে। কিন্তু তাঁরা দরূদ উল্লেখ করেনা।

صَلٰوةٌ এর শাব্দিক ব্যাখ্যা : صَلٰوةٌ মূলত صَلَوَةٌ ছিল, واو متحرك ও তার পূর্বাক্ষর মাফতুহ হওয়ার কারণে واو টি আলিফ দ্বারা পরিবর্তিত হয়েছে। তবে লেখ্য পদ্ধতিতে واو বহাল থাকে। যেমন- زَكٰوةٌ ، حَيٰوةٌ ، مِشْكٰوةٌ ইত্যাদিতে। এর কারণ হল تَفْخِيْم তথা স্পষ্ট উচ্চারণের সময় মূল অক্ষরের প্রতি ইঙ্গিত হওয়া।

صَلٰوةٌ শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। যথা কবির ভাষায়

صَلٰوةٌ را دَرْ لُغَتْ مَعْنِيْ آمد چار + رَحْمَتْ و تَسْبِيْح ودُعَا إسْتِغْفَار

১. رَحْمَتْ আল্লাহর প্রতি সম্বন্ধ হলে। যথা- إِنَّ اللّٰهَ وَمَلٰئِكَتَهُ يُصَلُّوْنَ عَلَى النَّبِيِّ

২. تَسْبِيْح পশু-পাখীর প্রতি সম্বন্ধ হলে। যথা- كُلٌّ قَدْ عَلِمَ صَلٰوتَهُ وَتَسْبِيْحَهُ

৩. دُعَا মুমিনিরে প্রতি সম্বন্ধ হলে। যথা- يٰاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا صَلُّوْا عَلَيْهِ

৪. إِسْتِغْفَارٌ ফেরেশতাদের প্রতি সম্বন্ধ হলে। যথা- إِنَّ اللّٰهَ وَمَلٰئِكَتَهُ يُصَلُّوْنَ عَلَى النَّبِيِّ

৫. عِبَادَتِ مَخْصُوْصَةٌ তথা নামায। যথা- اَقِيْمُوا الصَّلٰوةَ

قَوْلُهُ عَلٰى رَسُوْلِهِ ঃ رَسُوْل এর শাব্দিক ও পারিভাষিক অর্থ- رَسُوْل শব্দটি فَعُوْل এর ওযনে اسم جَامِد (مُرْسَل) প্রেরিত অর্থে বহুবচন رُسُلٌ -

নবী ও রাসূলের সংজ্ঞা ও পারস্পরিক পার্থক্য ঃ

هُوَ اِنْسَانٌ بَعَثَهُ اللّٰهُ تَعَالٰى إِلَى الْخَلْقِ لِتَبْلِيْغِ الْاَحْكَامِ وَ مَعَهُ كِتَابٌ مُنَزَّلٌ عَلَيْهِ

অর্থাৎ যাকে আল্লাহ বিশ্ববাসীর হেদায়েতের জন্য নতুন কিতাব ও নতুন শরী'আত দান করেন তাঁকে রাসূল বলে।

১. অধিকাংশ আলিমের মতে نَبِيٌّ আ'ম ও رَسُوْل খাস, অর্থাৎ সকল রাসূল নবী, কিন্তু সকল নবী রাসূল নন। সুতরাং উভয়ের মাঝে عُمُوْم خُصُوْص مِنْ وَجْهٍ এর সম্বন্ধ।

২. কিছু সংখ্যক আলিমের মতে উভয়টি مُرَادِف তথা সমার্থ বোধক শব্দ।

৩. কারো কারো মতে رَسُوْل আ'মও نَبِيٌّ খাস। কারণ رسول মানুষও ফিরেশতা উভয়কে শামিল করে কিন্তু نبى এমন নয়।

৪. مُعْتَزِلَة সম্প্রদায়ের মতে نبى ও رسول শব্দদুটি مُتَّحِدٌ بِالذَّاتِ ও مُغَايِرٌ بِالْاِعْتِبَارِ

অর্থাৎ সত্তাগত দিক দিয়ে এক ও ধরণ প্রকৃতির ক্ষেত্রে ভিন্ন।

৫. রাসূলের জন্য ফিরেশতার মাধ্যমে অহী আসা জরুরী, নবীর জন্য জরুরী নয়।

৬. রাসূলের জন্য কাফেরদের নিকট প্রেরিত হওয়া জরুরী, নবীদের ক্ষেত্রে জরুরী নয়।

★ ফায়েদা ঃ প্রশ্ন জাগতে পারে যে, (ক) রাসূলের জন্য যেহেতু নতুন কিতাব ও নতুন শরীঅত আবশ্যক, আর রাসূলের সংখ্যা হল ৩১৩ জন, অথচ কিতাবের সংখ্যা হল সর্বমোট ১০৪টি (খ) এভাবে রাসূলের জন্য নতুন শরীঅত জরুরী হলে হযরত ইসমাঈল আঃ কে রাসূল বলা যায় না। কারণ তিনি পিতা ইবরাহীম আ.-এর শরী'আতের অনুসারী ছিলেন। সুতরাং এর সমাধান কি?

উত্তরঃ মাওয়াকিফ গ্রন্থের ব্যাখ্যাকার এর উত্তর দিয়েছেন যে, একই কিতাব ও শরী'আত বিভিন্ন জনকে দেয়া যেতে পারে বা বিভিন্নবার নাযিল করা যেতে পারে। যেমন সুরায়ে ফাতেহা একবার মক্কায় ও একবার মদীনায় নাযিল হয়েছে। সুতরাং এ হিসেবে মূল কিতাব কম সংখ্যক হওয়াতে প্রশ্ন উত্থাপিত হয় না।

قَوْلُهُ مُحَمَّدٍ ঃ বিশ্বে সর্ব প্রথম মহানবী (সা.)-এর জন্য এ নাম রাখা হয়। আর তা স্বপ্নে ইলহামের মাধ্যমে মা আমেনা কর্তৃক প্রাপ্ত। অর্থ অতি প্রশংসিত। তাওরাত ও অন্যান্য গ্রন্থে শেষ নবীর এ নাম উল্লেখ আছে। দুনিয়ায় আবির্ভাবের পূর্বে তাঁর নাম ছিল أَحْمَدُ। অতিশয় প্রশংসাকারী, আল্লামা ইসফেরাইনীর মতে উভয় নামের মধ্যে مُبَالَغَة বিদ্যমান।

مُحَمَّدٌ শব্দের إِعْرَابٌ ঃ ১. رَسُوْلِهِ শব্দের بَدَل বা عَطْفِ بَيَانٌ হিসেবে - مَجْرُور

২. অথবা هُوَ - مُبْتَدَاءِ مَحْذُوف এর খবর হিসেবে - مرفوع

৩. অথবা أَعْنِيْ - فعل مُقدَّر এর مفعول হিসেবে - منصوب

قَوْلُهُ وَآلِهِ ঃ آل এর শাব্দিক ব্যাখ্যা (ক) آل শব্দটি اسمِ جُمَع ১. سِيْبَوَيْهِ ও বসরীগণের মতে মূলত أَهْل ছিল। خِلَافِ قِيَاس এর ه কে হামযা দ্বারা পরিবর্তন করা হয়েছে। কারণ এর تَصْغِيْر আসে أُهَيْلٌ

২. কূফীগণের মতে آل মূলত أَوْلٌ ছিল। তাদের মতে এর تَصْغِيْر আসে أُوَيْلٌ।

آلٌ ও أَهْلٌ এর মধ্যে পার্থক্য ঃ

১. آل শব্দটি ذَوِى الْعُقُوْل এর জন্য খাস। আর أَهْل শব্দটি আ'ম। যেমন- أَهْلُ اللّٰهِ ও أَهْلُ الْبَيْتِ، آلِ رَسُوْل

২. آل কেবল সম্ভ্রান্ত পরিবারের জন্য خَاصّ,আর أَهْل শব্দটি এমন নয়।

৩. آل কেবল ذَوِى الْعُقُوْلُ مُذَكَّر এর জন্য خاص আর أَهْل - مونث এর ক্ষেত্রেও ব্যবহৃত হয়।

৪. آل এর إِضَافَتْ যমীরের সাথে বিরল। অথচ أَهْل এর ক্ষেত্রে বিরল নয়।

(খ) آل এর ব্যবহারিক অর্থ বা مِصْدَاقْ এর ব্যাপারে ৫টি অভিমত রয়েছে।

১. أَتْبَاعْ তথা অনুসারী এটাই সংখ্যাগরিষ্ঠ আলিমের অভিমত।

২. কেবল বনু হাশেম ও বনু মুত্তালিব, এটা শাফেয়ীগণের অভিমত।

৩. শুধু বনু হাশিম, এটা ইমাম আবূ হানীফা (র.) ও কিছু মালেকীদের অভিমত।

৪. রাসূলুল্লাহ (সা.)-এর সহধর্মীনী, কন্যা ও জামাতাগণ তথা আহলে বায়ত।

قَوْلُهُ وَأَصْحَابِهِ ঃ أَصْحَابٌ - صُحُبٌ এর বহুবচন, صَاحِبٌ এর বহুবচন নয়। কেননা فَاعِلٌ ওযনের বহুবচন أَفْعَالٌ এর ওযনে ব্যবহৃত হয় না। অর্থ সাথী, সঙ্গী।

সাহাবীর সংজ্ঞা ঃ مَنْ لَقِيَ النَّبِيَّ بِالْإِيْمَانِ وَمَاتَ بِالْإِيْمَانِ

যিনি আল্লাহর রাসূলের সাথে ঈমান অবস্থায় সাক্ষাত করেছেন এবং ঈমান অবস্থায় মৃত্যুবরণ করেছেন।

آل এর মধ্যে দাখিল থাকা সত্বে বিশেষ বৈশিষ্ট্য ও অবদানের কারণে এটি ভিন্নভাবে উল্লিখিত হয়েছে।

أَجْمَعِيْنَ এটা أَجْمَعُ এর বহুবচন, অর্থ সমস্ত। এর দ্বারা বিশেষত খারেজী ও রাফেযী সম্প্রদায়ের মতের বিরোধীতা করা হয়েছে। কারণ খারেজীরা হুযূর (সা.)-এর পরিবারের উপর দরূদ পড়ে না। আর রাফেযীরা হযরত আলী, হাসান, ও হুসাইন কে এর মধ্যে শমিল করে না। অতএব أَجْمَعِيْنَ দ্বারা آل ও أَصْحَابْ এর تاكيد আনা হয়েছে।

তারকীব ঃ وَالصَّلٰوةُ عَلٰى رَسُوْلِهِ مُحَمَّدٍ وَّ عَلٰى آلِهِ وَ أَصْحَابِهِ أَجْمَعِيْنَ

واو টি حرفِ عطف - اَلصَّلٰوةُ মুবতাদা عَلٰى হরফে জার, رَسُوْل মুযাফ ও ؛ যমীর মুযাফ ইলায়হি মিলে مُرَكَّبِ إِضَافِى হয়ে মুবদাল মিনহু, مُحَمَّد বদল, বদল ও মুবদাল মিনহু মিলে মাজরুর।

জার ও মাজরুর মিলে মা'তুফ আলায়হি, واو হরফে আত্‌ফ آل মুযাফ ও ، যমীর মুযাফ ইলায়হি, মুযাফ ও মুযাফ ইলায়হি মিলে মা'তূফ আলায়হি, و হরফে আত্‌ফ أَصْحَاب মুযাফ ، যমীর মুযাফ ইলায়হি, মুযাফ ও মুযাফ ইলায়হি মিলে مُؤَكَّدْ (মুওয়াক্কাদ) أَجْمَعِيْنَ তাকীদ, তাকীদ ও মুওয়াক্কাদ মিলে মা'তুফ, অতঃপর মাতূফ ও উভয় মাতূফ আলায়হি মিলে। مُتَعَلِّقْ হল نَازِلَةٌ উহ্য শিবহে ফে'লের সাথে, نَازِلَةٌ শিবহে ফে'ল তার هى যমীর ফায়েল ও مُتَعَلِّقْ মিলে خبر . مبتدا ও خبر মিলে جملةُ اسميه دُعَائِيَه

অবশ্য এভাবেও বলা যেতে পারে- عَلٰى رَسُوْلِهِ مُحَمَّد জার মাজরূর মিলে نَازِلَة এর সাথে متعلق হয়ে معطوف عليه ও পরবর্তী অংশ ও একইভাবে متعلق হয়ে معطوف অতঃপর معطوف ও معطوف عليه মিলে خبر - مبتدا ও خبر মিলে جُمْلَةُ إِسْمِيه دُعَائِيَهْ

أَمَّا بَعْدُ فَهٰذَا مُخْتَصَرٌ مَضْبُوطٌ فِي النَّحْوِ جَمَعْتُ فِيْهِ مُهِمَّاتِ النَّحْوِ عَلٰى تَرْتِيْبِ الْكَافِيَةِ مُبَوَّبًا وَمُفَصَّلًا بِعِبَارَةٍ وَاضِحَةٍ مَعَ إِيْرَادِ الْأَمْثِلَةِ فِيْ جَمِيْعِ مَسَائِلِهَا مِنْ غَيْرِ تَعَرُّضٍ لِلْأَدِلَّةِ وَالْعِلَلِ لِئَلَّا يُشَوِّشَ ذِهْنَ الْمُبْتَدِيْ عَنْ فَهْمِ الْمَسَائِلِ ۔

অনুবাদ ॥ হাম্‌দ সালাতের পর (উল্লেখ্য যে,) এটি নাহুশাস্ত্রে লিখিত সংক্ষিপ্ত একটি পুস্তিকা। আমি এতে কাফিয়া কিতাবের ক্রমধারা মোতাবেক অধ্যায় ও পরিচ্ছেদে সুবিন্যস্ত করে সুস্পষ্ট ভাষায় নাহু শাস্ত্রের গুরুত্বপূর্ণ বিষয়াবলীকে সকল মাসআলার উদাহরণসহ সন্নিবেশিত করেছি। তবে দলীল ও কারণসমূহের পিছে পড়েনি যাতে করে তা মূল মাসআলাসমূহ বুঝার ক্ষেত্রে প্রাথমিক শিক্ষার্থীদের স্মৃতিকে বিরক্ত করে না তোলে।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهُ أَمَّا بَعْدُ ঃ أَمَّا এটি শর্তের জন্য আসে। এর ব্যবহারের ২টি নিয়ম আছে। (ক) إِسْتِيْنَافٌ তথা নতুন বাক্য বুঝানোর জন্য। যেমন– কিতাবের শুরুতে যদি তার আগে কোন সংক্ষিপ্ত (مُجْمَلٌ) বাক্য না থাকে। (খ) পূর্বের সংক্ষিপ্ত বাক্যের ব্যাখ্যা বিশ্লেষণের জন্য। এটা মূলত একটি বাক্যের সংক্ষিপ্ত রূপ, আর তাহল–مَهْمَا يَكُنْ مِنْ شَيْئٍ بَعْدُ – أَمَّا -এর মূলের ব্যাপারে মতভেদ রয়েছে।

(ক) ইমাম খলীলের মতে أَمَّا মূলত ঃ مَهْمَا ছিল। ه কে খেলাফে কিয়াস শুরুতে এনে তাকে হামযা দ্বারা পরিববর্তন করা হয়েছে।

(খ) সীবওয়াইহ র. এর মতে এটাই এর আসল রূপ।

(গ) কারো কারো মতে أَمَّا মূলত أَنْ ছিল। শেষে مَائے زَائِدَہْ যুক্ত হয়েছে। অতঃপর নূন কে মীম দ্বারা পরিবর্তন করে ইদগাম করা হয়েছে এবং أَمَّا عَاطِفَه এর সাথে মিশে যাওয়ার ভয়ে হামযার উপর যবর দেয়া হয়েছে। اما এর মধ্যে শর্তের অর্থ থাকায় তার পরে (জওয়াবে) ف ব্যবহৃত হয়।

بَعْدُ শব্দটি ظـرف زمـان -এর ব্যবহারের তিনটি পদ্ধতি রয়েছে। যথা–

১. মুযাফ হবে এবং তার মুযাফ ইলায়হি উল্লেখ থাকবে, এক্ষেত্রে এটা مُعْرَب যেমন– جِئْتُ بَعْدَكَ,

২. মুযাফ হবে তবে মুযাফ ইলায়হি উল্যেখ থাকবে না বরং মনে মনে থাকবে। এ সময় এটা (পেশের) উপর مَبْنِى হবে। যথা– কিতাবে উল্লিখিত أَمَّا بَعْدُ মূলে بَعْدَ الْحَمْدِ وَالصَّلٰوةِ ছিল।

৩. মুযাফ ইলায়হি বাক্যে বা মনে মনে কোথাও থাকবে না। এসময় এটা مُعْرَبٌ হবে। যথা رُبَّ قَبْلٍ خَيْرٌ مِنْ بَعْدٍ

قَوْلُهُ فَهٰذَا ঃ أَمَّا এর মধ্যে শর্তের অর্থ থাকায় তার পরে ف এসেছে। هٰذَا এটা إِسْمِ إِشَارَةْ তথা ইঙ্গিত বাচক পদ। নিকটস্থ বস্তুর প্রতি ইশারা বুঝায়। যার দিকে ইশারা করা হয় তাকে مشارٌ الـيـه বলে। هٰذَا এর مُشَارٌ إِلَيْه এর ব্যাপারে দুটি সম্ভাবনা আছে। (ক) কিতাব আগে লিখে পরে ভূমিকা লিখলে এর مشار الـيـه হবে مكتوب বা كتاب,(খ) আর কিতাব লেখার আগে ভূমিকা লিখলে এর مُشَارٌ إِلَيْه হবে مَا حَضَرَ فِى الذِّهْنِ তথা মুসান্নিফ (র.) এর জেহনে কিতাব সম্পর্কে যা বিদ্যমান রয়েছে।

قَوْلُهٗ مُخْتَصَرٌ ঃ সংক্ষিপ্ত, مُقْتَصَرٌ ও সংক্ষিপ্ত বুঝায় তবে পার্থক্য এই যে مُقْتَصَرٌ, (اَلْقَصَرُ কাটা হতে) কেটে বা বাদ দিয়ে সংক্ষেপে করা বুঝায়। আর مُخْتَصَرٌ (اَلْخَصْرُ ভাজ করা হতে) ভাজ করে সংক্ষেপ করা বুঝায়। সুতরাং অল্প কথায় গোটা বিষয়াবলীকে সুবিন্যাস্ত করা তথা عِبَارَتِ قَلِيْلَه وَ مَطَالِبِ كَثِيْرَةٌ বুঝানোর জন্য এটি আনা হয়।

قَوْلُهٗ مَضْبُوْطٌ ঃ مَضْبُوط - اَلضَّبْطُ মাসদার হতে উদ্‌গত অর্থ লিখিত।

قَوْلُهٗ فِى النَّحْوِ ঃ এখানে النحو এর الف لام মুযাফের পরিবর্তে এসেছে। অর্থাৎ فى علم النحو

قَوْلُهٗ مُهِمَّاتِ ঃ مُهِمَّاتٌশব্দটি مُهِمَّةٌ এর বহুবচন। هُمٌّ অর্থ উদ্দেশ্য, লক্ষ অথবা هَمٌّ অর্থ চিন্তা হতে গঠিত, অর্থাৎ গুরুত্ব পূর্ণ বিষয়াদি।

<u>اَمَّا بَعْدُ এর তারকীব</u> ঃ আগেই বলা হয়েছে যে, এটা মূলত ছিল- مَهْمَا يَكُنْ مِنْ شَيْئٍ بَعْدَ الْحَمْدِ وَ الصَّلٰوةِ

<u>তারকীব</u> ঃ مَهْمَا হরফে শর্ত, يَكُنْ হল فعل ناقص - مِنْ হল حَرفِ جار زَائِدَه - شَيْئٌ হল اسم - بعد مضاف অতঃপর مضاف اليه মিলে اَلْحَمْدُ وَالصَّلٰوةُ টি মা'তুফ ও মা'তুফ আলায়হি মিলে مضاف - হল شرط - মিলে خبر এবং اسم তার فعلِ ناقص - خبر এর يَكُنْ মিলে ومضاف اليه

فَهٰذَا مُخْتَصَرٌ مَضْبُوْطٌ فِى النَّحْوِ .... عَلٰى تَرْتِيْبِ الْكَافِيَةِ

<u>তারকীব</u> ঃ فَاء টি فَائْ جَزَائِيَة - هٰذَا - اسم اشاره টি مبتدا - مُخْتَصَرٌ হল شبه فعل - هُوَ যমীর فِيْ شبهِ فعل - نائبِ فاعل তার شبهِ فعل মিলে نائبِ فاعل - خبرِ اول - مَضْبُوط হল هُوَشبهِ فعل যমীর নায়েবে ফায়েল হল حرفِ جار আর اَلنَّحْوُ হল مجرور ও جار - مجرور মিলে متعلِّق مَضْبُوط শিবহে ফে'লের সাথে। শিবহে ফে'ল তার هُوَ যমীর ও فاعل মিলে متعلق خبرِ ثانى অতপর মুবতাদা ও উভয় খবর মিলে جملهٔ اسميه خبريه

<u>جَمَعْتُ فِيْهِ مُهِمَّاتِ النَّحْوِ তারকীব</u> ঃ جمعت - فعل - ت যমীর (ذوالحال) فاعل - فِيْ হরফে জার ; যমীর মাজরুর মিলে متعلق হল جَمَعْتُ ফে'লের সাথে مُهِمَّاتُ হল مُضاف আর اَلنَّحْوُ হল مضاف اليه অতঃপর مضاف ও مضاف اليه মিলে جَمَعْتُ এর فِيْهِ-مفعولِ به জার মাজরুর মিলে جمعتِ ফে'লের সাথে متعلق

عَلٰى تَرْتِيْبِ الْكَافِيَةِ ঃ عَلٰى হরফে জার, تَرْتِيْب মুযাফ اَلْكَافِيَة মুযাফ ইলায়হি মিলে মাজরূর, জার ও মাজরূর মিলে جَمَعْتُ ফে'লের متعلقِ ثانِى - جَمَعْتُ - فعل তার فاعل - مفعول ও উভয় متعلق মিলে جمله فعليه হয়ে مُخْتَصَرٌ এর خبرِ ثالِث (তৃতীয় খবর)।

مُبَوَّبًا - معطوف عليه - واو টি حرفِ عطف - আর مُفَصَّلًا হল معطوف - معطوف ও معطوف عليه মিলে حال - حال ও ذو الحال মিলে جَمَعْتُ এর ফায়েল। مجرور জার ও মাজরূর মিলে متعلق হল جَمَعْتُ ফে'লের সাথে।

بِعِبَارَةٍ وَاضِحَةٍ - ب হরফে জার, عِبَارَة মওসূফ আর وَاضِحَةٍ সিফত মিলে মাজরূর, জার মাজরুর মিলে وَاضِحَةٍ ফে'লের جَمَعْتُ متعلق ثَالِث । مَعَ اِيْرَادِ الْاَمْثِلَةِ- مَعَ যরফ اِيْرَادِ الْاَمْثِلَةِ তার মুযাফ ইলায়হি মিলে এর সাথে متعلِق হয়ে সিফত عِبَارَة এর - مُتَعلِّق - جَمِيْعِ مَسَائِلِهَا এটা اِيْرَاد মাসদারের مِنْ غَيْرِ تَعَرُّضٍ لِلْاَدِلَّةِ وَ الْعِلَلِ এর মধ্যে لِلْاَدِلَّةِ وَالْعِلَلِ জার মাজরূর تَعَرُّض মাসদারের সাথে متعلق হয়ে غَيْر এর মুযাফ ইলায়হি। অতঃপর মুযাফ-মুযাফ ইলায়হি মিলে মাজরূর হয়ে متعلق হয়েছে جَمَعْتُ ফে'লের সাথে।

لِئَلَّا يُشَوِّش عَنْ فَهْمِ الْمَسَائِلِ অংশটি يُشَوِّشُ ফে'লের সাথে متعلّق এবং لِئَلَّا يُشَوِّش ذِهْنَ الْمُبْتَدِئ الخ অংশটি تَعَرُّض এর عِلَّتْ বা কারণ।

قوله عَلٰى تَرْتِيْب : অর্থাৎ নাহু শাস্ত্রের প্রসিদ্ধ কিতাব কাফিয়ার ক্রম বিন্যাস অনুযায়ী প্রথমে اسم। অতঃপর فِعل তার পর حرف এর আলোচনা করা হয়েছে। প্রকাশ থাকে যে, এ দ্বারা সম্পূর্ণ আলোচ্য বিষয়ের বিন্যাস উদ্দেশ্য নয়। কারণ ক্ষেত্র বিশেষ এতে কাফিয়া থেকে ভিন্নতা ও আছে। বরং মৌলিক মাসায়েলের আলোচনা উদ্দেশ্য। যেমন অত্র কিতাবে مَا اُضْمِرَ عَامِلُهٗ عَلٰى شَرِيْطَةِ التَّفْسِيْرِ ও تَحْذِيْر এর আগে মুনাদা-এর আলোচনা এসেছে অথচ কাফিয়াতে আলোচিত হয়েছে পরে ইত্যাদি।

قَوْلُهٗ مُبَوَّبًا وَ مُفَصَّلًا : এ শব্দ দুটিকে اسم فاعل ও اسم مفعول উভয় রকম পড়া যায়। اسم مفعول তথা مُبَوَّبًا وَ مُفَصَّلًا পড়লে فِيْهِ এর যমীর থেকে حَال হবে। আর اسم فاعل (তথা مُبَوِّبًا وَ مُفَصِّلًا) পড়লে جَمَعْتُ এর تُ যমীরের ফায়েল থেকে حَال হবে। প্রথম ক্ষেত্রে অর্থ হবে অধ্যায় ও পরিচ্ছেদ আকারে সুবিন্যস্ত অবস্থায়, আর দ্বিতীয় ক্ষেত্রে অর্থ হবে- আমি অধ্যায় ও পরিচ্ছেদে সুবিন্যস্তকারী অবস্থায় সন্নিবেশ করেছি। অবশ্য اسم مفعول হিসেবেই বহুল পঠিত।

قَوْلُهٗ مِنْ غَيْرِ تَعَرُّضٍ لِلْاَدِلَّةِ وَالْعِلَلِ : تَعَرُّضْ অর্থ পিছনে পড়া, সামনে আসা। اَدِلَّةٌ - دَلِيْل এর বহুঃ পরিভাষায় دَلِيْلُ الشَّيْئِ مَا يُعْرَفُ بِهٖ ذٰلِكَ الشَّيْئُ কোন বিষয়ের ঐ বস্তুকে তার দলিল বলে যা দ্বারা বস্তুর পরিচয় পাওয়া যায়। عِلَلْ - عِلَّةٌ এর বহুঃ عِلَّة ও دَلِيْل একই অর্থবোধক তথা مُرَادِفْ শব্দ।

قَوْلُهٗ لِئَلَّا يُشَوِّش ذِهْنَ الْمُبْتَدِئ : يُشَوِّشْ শব্দটি معروف ও مجهول উভয় রকম পড়া যায়, معروف পড়লে هُوَ যমীর মুস্তাতির ফায়েল ও ذِهْن শব্দটি مفعول به হিসেবে منصوب হবে। আর مجهول পড়লে ذهن শব্দটি نائب فاعل হিসেবে مرفوع হবে। অর্থ যাতে প্রাথমিক শিক্ষার্থীদের যেহন (স্মৃতি) অস্থির না হয়। আর প্রথম ক্ষেত্রে অর্থ হবে যাতে যেহনকে অস্থির (পেরেশান) না করে।

ذِهْن এর সংজ্ঞা : اَلذِّهْنُ هُوَ قُوَّةٌ مَوْجُوْدَةٌ فِىْ جِنَانِ الْاِنْسَانِ تَنْتَقِشُ فِيْهِ الْمَعْنٰى অর্থাৎ যেহন মানুষের হৃদয়ের ঐ (স্মৃতি) শক্তিকে বলে যাতে অর্থ ও উদ্দেশ্যের চিত্র ধারণ করে।

قَوْلُهٗ بِعِبَارَةٍ وَاضِحَةٍ : عِبَارَة এর শাব্দিক অর্থ স্বপ্নের ব্যাখ্যা করা বা শুধু ব্যাখ্যা করা, প্রকাশ করা। বাক্য বা শব্দ যেহেতু মনের ভাব প্রকাশ করে এ জন্য তাকে عِبَارَة বলে। وَاضِحَة অর্থ স্পষ্ট।

قَوْلُهٗ مَعَ اِيْرَادِ الْاَمْثِلَةِ : মাসদারের اِضَافت হয়েছে মাফউলের প্রতি। اَمْثِلَة - مِثَال এর বহুবচন مثال হল ما يذكر لايضاح القاعدة তথা যা কোন কায়েদা বা নীতির স্পষ্টতা কল্পে উল্যেখ করা হয়।

قَوْلُهٗ فِىْ جَمِيْعِ مَسَائِلِهَا : এটা اِيْراد মাসদারের সাথে متعلّق، مَسَائِل , مَسْئَلَةٌ এর বহুবচন অর্থ জিজ্ঞাসা, উদ্দেশ্যগত বিষয়। هَا যমীর এর مرجع হল مُهِمَّاتِ النَّحْوِ বা, كافية এর কোন একটি হতে পারে।

وَسَمَّيْتُهُ بِهِدَايَةِ النَّحْوِ رَجَاءً اَنْ يَهْدِىَ اللّٰهُ تَعَالٰى بِهِ الطَّالِبِيْنَ وَ رَتَّبْتُهُ عَلٰى مُقَدِّمَةٍ وَثَلٰثَةِ اَقْسَامٍ وَخَاتِمَةٍ بِتَوْفِيْقِ الْمَلِكِ الْعَزِيْزِ الْعَلَّامِ -

---

অনুবাদ ॥ আর আমি এর নামকরণ করেছি হেদায়াতুন্নাহু নামে, এ আশান্বিত হয়ে যে, মহান আল্লাহ এর দ্বারা শিক্ষার্থীদেরকে (ইলমে নাহুর) সঠিক নির্দেশনা দান করবেন। আমি এটি সাজিয়েছি (বিন্যাস্ত করেছি) একটি ভূমিকা, তিনটি বিভাগ ও একটি পরিশিষ্টে "মহা মরাক্রমশালী সর্বজ্ঞানী রাজাধিরাজের তাওফীকে (সাহায্যে)"।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله سَمَّيْتُهُ الخ - سَمّٰى - يُسَمِّىْ বাবে تفعيل হতে অর্থ নাম করণ করা, নাম রাখা। এটি مفعول بدو مُتَعَدِّىْ এ কারণে بِهِدَايَةِ النحو এর با টি زَائِدَةٌ ও কিয়াসের পরিপন্থী। কেননা با সাধারণত هَلْ এর মাধ্যমে إِسْتِفهام বা ماءِ نفى এর خبر অথবা لَيْسَ এর خبر এর পূর্বে আসে। অথচ এখানে এ তিনটির কোনটি নেই।

هِدَايَةِ النَّحْوِ - هِدايَتٌ শব্দটি বাবে ضرب এর মাসদার, অর্থ পথ প্রদর্শন করা, দিক নির্দেশনা দেয়া, গন্তব্যস্থলে পৌছে দেয়া। এটা اَلنَّحْوِ মাফউলে প্রতি ইযাফত হয়েছে। এর ফায়েল ও মাফউল উভয়টি উহ্য রয়েছে। মূল ইবারত ছিল بِهِدَايَتِهِ الْمُبْتَدِى فِى النَّحْوِ - ہ যমীরটি هِدايَت মাসদারের فاعل আর اَلْمُبْتَدِى হল مفعول

قَوْلُهُ رَجَاءً ঃ এটা মূল ইবারত ছিল لِرَجَائِىْ هِدَايَةَ اللّٰهِ تَعَالٰى الخ প্রাথমিক শিক্ষার্থীদেরকে আল্লাহর পক্ষ হতে নাহু শাস্ত্রের পথ প্রদর্শনের আশায়।

قَوْلُهُ وَ رَتَّبْتُهُ الخ ঃ رَتَّبْتُهُ বাবে تفعيل হতে واحد متكلم মাসদার تَرْتِيْب অর্থ ক্রমবিন্যাস করা, সাজান, প্রত্যেক বস্তুকে যথাস্থানে রাখা, خَاتِمَة পরিশিষ্ট।

উল্লেখ্য যে, خَاتِمَة টি সম্ভবত কাতেবের ভুলক্রমে কোন কপিতে লিখিত হয়েছে, আর তার অনুকরণে বর্তমান ছাপা হয়েছে। কারণ কিতাবেব শেষে কোন خاتمة বা পরিশিষ্ট নেই।

قَوْلُهُ بِتَوْفِيْقِ الْمَلِكِ الخ ঃ تَوْفِيْق এর শাব্দিক অর্থ কোন কাজে সহায়তা করা, পরিভাষায় تَوجِيْهُ الْاَسْبَابِ نَحْوَ الْمَطْلُوْبِ الْخَيْرِ কল্যাণকর কাজের সার্বিক উপকরণ যোগান দেয়া, مَلِكٌ বাদশাহ, বহুঃ مُلُوْكٌ - اَلْعَزِيْز পরাক্রমশালী, প্রাধান্য বিস্তারকারী, اَلْعَلَّامُ সর্বজ্ঞানী। اسم مُبالغه -

اَمَّا الْمُقَدِّمَةُ فَفِى الْمَبَادِى الَّتِىْ يَجِبُ تَقْدِيْمُهَا لِتَوَقُّفِ الْمَسَائِلِ عَلَيْهَا وَفِيْهَا فُصُوْلٌ ثَلٰثَةٌ ـ

অনুবাদ ॥ ভূমিকাটি ঐ সব প্রাথমিক বিষয়াবলীর আলোচনা প্রসঙ্গে যার ওপর মূল মাসআলাসমূহ (বুঝা) মওকুফ হওয়ার কারণে তা আগে উল্লেখ করা জরুরী।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهُ اَلْمُقَدَّمَةُ : مُقَدِّمَةٌ শব্দটি لَازِم হিসেবে اسم فاعل – مُتَعَدِّى হিসেবে اسم مفعول উভয় রকম হতে পারে।

১. مُقَدِّمَة (اسم فاعل) হলে لَازِم অর্থে ذَاتِ مُقَدِّمَة (অর্থাৎ আগে হওয়ার বস্তু) তথা প্রারম্ভিকা বুঝায়। পরবর্তীতে وَصْفِيَّت এর অর্থ পরিত্যাজ্য হয়ে এটা مُقَدَّمَةُ الْجَيْش তথা সেনাবাহিনীর অগ্রজদলের নাম হয়ে গেছে। যারা রণাঙ্গনের সুবিধা-অসুবিধাজনক দিকসমূহের খোঁজ-খবর নেয়, পরবর্তীতে এর অর্থে আরো ব্যাপকতা এসে প্রত্যেক অগ্রজ বস্তু বুঝায়। যেমন বলা হয়ে থাকে– مُقَدَّمَةُ اللَّيْل - مُقَدَّمَةُ الْعِلْم - مُقَدَّمَةُ الْكِتَاب ইত্যাদি। এ অর্থে এটাকে وَضْعِ ثَالِث বা শব্দের তৃতীয় গঠন বলা যায়।

مُقَدَّمَةُ الْكِتَاب দ্বারা উদ্দেশ্য হল ঐ সকল বিষয় যা কিতাবে সন্নিবেশিত বিষয়াদির ব্যাপারে ধারণা সৃষ্টি করে, চাই মূল বিষয়াদি বুঝা তার ওপর মওকুফ হোক বা না হোক। আর مُقَدَّمَةُ الْعِلْم দ্বারা শাস্ত্রের পরিচয়মূলক বিবষয়াদি বুঝায়। আর তা হল تَعْرِيف، غَرْض، مَوْضُوْع প্রভৃতি।

قَوْلُهُ الْمَبَادِىْ ঃ مَبَادِىْ ، مَبْدَءٌ এর বহুঃ শুরুর আলোচ্য বিষয়। পরিভাষায় যে আলোচনার উপর মাসায়েলে ইলম বুঝা মওকূফ। এ অর্থে مُقَدِّمة ও مَبَادِى এক ও অভিন্ন হয়ে যায়। আর তখন প্রশ্ন সৃষ্টি হয় যে, এতে তো اما اَلْمُقَدَّمَةُ فَفِى الْمَبَادِىْ বাক্যে ظَرْفِيَّةُ الشَّئْ لِنَفْسِه (হুবহু বস্তু তার নিজের জন্য ظرف (পাত্র) হওয়া لازم আসে বা অনিবার্য হয়ে যায়। অর্থাৎ اَمَّا الْمُقَدَّمَةُ فَفِى الْمُقَدَّمَةِ হয়ে যায়। আর একই বস্তু তার নিজের জন্য ظرف হওয়া مُحَال বা অসম্ভব।

এর উত্তর এই যে, উভয়ের মাঝে فَرْقِ اِعْتِبَارِى তথা উদ্দেশ্যের ভিন্নতা ধরতে হবে। যেমন– مقدمة দ্বারা الفاظ مَخْصُوْصَة দ্বারা مَبَادِى ও مَعَانِى مَخْصُوْصَة বা এর বিপরীত অর্থ নিলে তখন উভয়ের মাঝে ভিন্নতা সৃষ্টি হয়। আর তখন এ প্রশ্ন আসবে না।

قَوْلُهُ لِتَوَقُّفِ الْمَسَائِلِ عَلَيْهَا মাসআলা মওকুফ থাকাটা عَلٰى وَجْهِ الْبَصِيْرَة তথা পূর্বে ধারণা সৃষ্টির হওয়ার দিক দিয়ে উদ্দেশ্য। অন্যথায় ভূমিকা ছাড়াও মাসআলা বুঝা সম্ভব।

قَوْلُهُ وَفِيْهَا فُصُوْلٌ ثَلٰثَةٌ ঃ فَصْل এর বহুবচন فُصُوْل ، فصل বাবে ضرب এর মাসদার অর্থ কাটা। ভিন্ন দুই বিষয়ের মাঝে প্রভেদকারী রূপে এটি ব্যবহৃত হয়য়। এর اعراب কয়েক রকম হতে পারে, যথা– ১. سكون এর উপর مبنى ২. لام এর যেরের উপর مبنى ৩. যবরের উপর مبنى (اَخَفُّ الْحَرَكَاتِ হিসেবে) ৪. অথবা هٰذَا মুবতাদা মাহযূফের খবর হিসেবে رفع –

فَصْلٌ - اَلنَّحْوُ عِلْمٌ بِاُصُوْلٍ يُعْرَفُ بِهَا اَحْوَالُ اَوَاخِرِ الْكَلِمِ الثَّلٰثِ مِنْ حَيْثُ الْاِعْرَابِ وَالْبِنَاءِ وَكَيْفِيَةِ تَرْكِيْبِ بَعْضِهَا مَعَ بَعْضٍ وَالْغَرْضُ مِنْهُ صِيَانَةُ الذِّهْنِ عَنِ الْخَطَأِ اللَّفْظِيِّ فِىْ كَلَامِ الْعَرَبِ وَمَوْضُوْعُهُ اَلْكَلِمَةُ وَالْكَلَامُ -

---

অনুবাদ॥ ১ম পরিচ্ছেদ-সংজ্ঞা ঃ নাহু শাস্ত্র এমন নীতিমালার জ্ঞানকে বলে যা দ্বারা মু'রাব মবনী হওয়ার দিক দিয়ে তিনো প্রকার কালেমার শেষ অবস্থা এবং বাক্যে পরস্পর শব্দ সংযোজনের পদ্ধতি জানা যায়।

উদ্দেশ্য ঃ আরবী ভাষার শাব্দিকভুল -ভ্রান্তি থেকে মন-মস্তিষ্ক (স্মৃতি)কে রক্ষা করা।

আলোচ্য বিষয় ঃ كلمة ও كلام তথা শব্দ ও বাক্য।

প্রাসঙ্গিক আলোচনা ঃ مُصَنِّفِيْن مُتَقَدِّمِيْن (পূর্বেকার গ্রন্থকারগণ) কিতাব শুরুর আগে مَبَادِئْ عَشْرَهْ বা رُؤُوس ثَمَانِيَةْ নিয়ে আলোচনা করতেন। আর مُتَأَخِّرِيْن - رُؤُس ثَلٰثَة তথা تعريف ، غرض ও موضوع নিয়ে আ-লোচনা করেন, যাতে কিতাব শুরুর আগেই শাস্ত্র সম্পর্কে মোটামুটি ধারণা জন্মে।

قَوْلُهُ اَلنَّحْوُ - نَحَا يَنْحُوْ نَحْوًا বাবে نصر হতে - অর্থ ইচ্ছা করা, نحو শব্দটি বেশ কতিপয় অর্থে ব্যবহৃত হয়, নিম্নে (কবির ভাষায়) তা পেশ করা হল–

بهفت مَعْنَى نَحْوُ دارد جُمله را ازمن بجو + قَصْد و مِقْدار و قَبِيْل و نَوْع و شَرْحُ وشِبْه وسُو

نَحْورا شُشْ معنى ديگر ياد ميدار اے شفيق + مَيْل و إِعْراض و فَصَاحَتْ،اِعْتِماد،صَرْف و طَرِيْق

অর্থাৎ نَحْو শব্দটি মোট ১৩টি অর্থে ব্যবহৃত হয়। যেমন– ১. ইচ্ছা করা ২. পরিমাণ ৩. গোত্র, ৪. প্রকার বা ধরন– প্রকতি. ৫. ব্যাখ্যা, ৬. উদাহরণ (অনুরূপ) ৭. দিক, ৮. আকৃষ্ট হওয়া ৯. বিমুখ হওয়া বা বিরত থাকা, ১০. বাক্যের স্পষ্টতা, ১১. নির্ভর করা, ১২. ফেরান ও ১৩. রাস্তা। نَحْوٌ এর বহুঃ আসে اَنْحَاءٌ

قَوْلُهُ اُصُوْلٍ ঃ اُصُوْل– اَصْلٌ এর বহুঃ শাব্দিক অর্থ-মূল বা গোড়া, ব্যবহারিক ক্ষেত্রে কয়েক অর্থে আসে। যথা–

১. قَاعِدَةٌ (নীতি) যেমন– كُلُّ فَاعِلٍ مَرْفُوْعٌ هٰذَا اَصْلٌ مِّنْ اُصُوْلِ النَّحْوِ

২. رَاجِح (প্রাধান্য প্রাপ্ত) যেমন– اَلْحَقِيْقَةُ اَصْلٌ بِالنِّسْبَةِ اِلَى الْمَجَازِ

৩. اِسْتِصْحَاب حَال (মৌলিক বা স্বাভাবিক অবস্থা)। যেমন– اَصْلُ الْمَاءِ اَلطَّهَارَةُ

৪. دليل (প্রমাণ)। যেমন– اَقِيْمُوا الصَّلٰوةَ هٰذَا اَصْلٌ لِوُجُوْبِ الصَّلٰوةِ

عِلْمِ نَحْو এর উৎপত্তি ঃ বলার অপেক্ষা রাখে না যে, আগে ভাষার উৎপত্তি হয় পরে প্রয়োজনের তাগিদে তা শুদ্ধ রূপে বলা, পড়া ও লেখার নীতিমালার প্রণয়ন হয়ে থাকে। আরবী ভাষাও এর ব্যতিক্রম নয়। মহানবী (স্যাঃ)-এর আমল পর্যন্ত আরবী ভাষার কোন গ্রামার-ব্যাকরণ প্রণীত হয়নি। আর আরবদের জন্য এর প্রয়োজন ও তেমন পড়ে না। কিন্তু খোলাফায়ে রাশেদার আমলে যখন বিভিন্ন অনারব রাষ্ট্র বিজিত হতে লাগল, অনারবী মানুষ আরবী ভাষা বিশেষত কুরআন-সুন্নাহর প্রতি আকৃষ্ট হতে লাগল একং সাহিত্য জ্ঞান না থাকায় ভুলের শিকার হতে লাগল। তখনই প্রয়োজন অনুভব হল এর জন্য নীতিমালা প্রণয়নের। যেমন একদিনের–

ঘটনা ঃ হযরত আলী (রাঃ)-এর খেলাফতামলে প্রসিদ্ধ তাবেয়ী হযরত আবুল আসওয়াদ দুয়ায়লী এক ব্যক্তিকে কুরআন মজীদের একটি আয়াত ভুল পড়তে শুনলেন আয়াতটি এই যে, اِنَّ اللّٰهَ بَرِئٌ مِّنَ الْمُشْرِكِيْنَ وَرَسُوْلُهُ সে

رَسُوْلَهٗ এর لَامْ যবরের স্থলে যের সহকারে পড়ল। এ ক্ষেত্রে এর অর্থ দাঁড়ায় নিশ্চয় আল্লাহ মুশরিকদের ও তাঁর রাসূলের প্রতি অসন্তুষ্ট (নাউযুবিল্লাহ)। আর যবর সহকারে এর সঠিক অর্থ হল– নিশ্চয় আল্লাহ ও তাঁর রাসূল মুশরিকদের প্রতি অসন্তুষ্ট।

হযরত আবুল আসওয়াদ লোকটিকে ধমক দিলেন এবং বিষয়টি বুঝিয়ে দিলেন। পরে চিন্তাগ্রস্ত হয়ে হযরত আলী (রাঃ)-এর দরবারে গিয়ে ঘটনাটি শুনালেন। সাথে সাথে সহীহ শুদ্ধরূপে আরবী ভাষা লেখার জন্য নীতিমালা প্রণয়নের ইচ্ছে ব্যক্ত করলেন যে, نَحَوْتُ اَنْ اَضَعَ مِيْزَانًا لِلْعَرَبِ لِيَقُوْمُوْا اَلْسِنَتُهُمْ "আমি আরবীর জন্য একটি মানদণ্ড তৈরী করতে ইচ্ছে করেছি যাতে আরবী ভাষা পরিশুদ্ধতা লাভ করে।" আলী (রা.) তাঁর অভিপ্রায় শুনে অত্যন্ত খুশী হলেন ও বললেন– اُقْصُدْ نَحْوَكَ তুমি তোমার এরাদা অনুযায়ী কাজ শুরু করে দাও।

অতঃপর এই বলে তিনি একটি খণ্ড আমাকে দিলেন এবং বললেন– আমি প্রাথমিকভাবে কয়েকটি কথা লিখেছি। আপনি এ ব্যাপারে বিস্তারিত নীতিমালা প্রণয়ন করে এ অভাবটি পূরণের চেষ্টা করবেন আশা রাখি। উক্ত খণ্ডটিতে তিনি লিখেছিলেন–

اَلْكَلَامُ كَلِمَةٌ اِسْمٌ وَ فِعْلٌ وَ حَرْفٌ - فَالْاِسْمُ مَا اَنْبَأَ عَنِ الْمُسَمّٰى وَالْفِعْلُ مَا اُنْبِئَ بِهٖ وَالْحَرْفُ مَا اَفَادَ مَعْنًى -

অতপর আমি عطف، نعت، تعجب، استفهام প্রভৃতি বিষয় লিখে– بَابِ اِنَّ পর্যন্ত পৌঁছে তার খিদমতে পেশ করলাম। তিনি দেখে বললেন– لٰكِنَّ এর আলোচনাও এর সাথে সম্পৃক্ত করুন। তাঁর দিকনির্দেশনা ক্রমে আরো অনেক বিষয় কে সংকলিত করে মোটামুটি একটি শাস্ত্রের রূপ দান করে তাঁকে দেখালাম। তিনি আনন্দিত হয়ে বললেন–

مَا اَحْسَنَ هٰذَا النَّحْوُ الَّذِىْ نَحَوْتَ قَدْ نَحَوْتَ (فَلِذٰلِكَ سُمِّىَ نَحْوًا)

"আমার সংকল্পিত এবং আপনার সংকলিত এ তরীকাটি কতইনা চমৎকার হয়েছে।" তাঁর এ উক্তি থেকেই অত্র শাস্ত্রের নাম করণ হয়েছে عِلْمِ نَحْو–

صِفَتِ كَاشِفَه অথবা عِلم এর এর সাথে মুতাআল্লিক হয়ে شِبه فعلِ مَحذوف - مُتَلَبِّسٌ ‍ঃ بِاُصُوْلٍ الخ عِلم এর সাথে মুতাআল্লিক হয়ে অর্থের দিক দিয়ে তার মাফউল হিসেবে منصوب -

قوله يُعْرَفُ بِهَا ‍ঃ **তারকীব ঃ** এ পূর্ণ বাক্যটি اُصُوْل এর সিফাত اَحْوَال মুযাফ, اَلْكَلِمُ মওসুফ ও اَلثَّلٰث সিফত মিলে اَوَاخِر এর মুযাফ ইলায়হি এবং اَحْوَال মুযাফ তার মুযাফ ইলায়হি মিলে يُعْرَفُ এর নায়েবে ফায়েল, এ কারণে পেশ হয়েছে।

★ **ফায়েদা ঃ** عِلْم সাধারণত كُلِّيَّات তথা মৌলিক বিষয়াদির জ্ঞানকে বলে, আর مَعْرِفَت বলে جُزْئِيَّات তথা শাখাগত বস্তুর জ্ঞান বা পরিচয়কে। এ কারণে মুসান্নিফ র. اُصُوْل এর ক্ষেত্রে علم এনেছেন। আর اَحْوَال এর বেলায় يُعْرَفُ এনেছেন। কেননা حَالَتْ - جُزْئِى বস্তু হয়ে থাকে।

قَوْلُهٗ مِنْ حَيْثُ الْاِعْرَابِ ‍ঃ এটা جار - مجرور মিলে يُعْرَفُ এর সাথে متعلق হয়ে اَحْوَال এর بَيَانُ -

قَوْلُهٗ وَكَيْفِيَّةُ تَرْكِيْبِ ‍ঃ اَحْوَال এর উপর عطف হওয়ার কারণে مرفوع হয়েছে।

★ **ফায়েদা ঃ** যে কোন সংজ্ঞা পরিপূর্ণ (حَدٌّ تَامٌّ) হওয়ার জন্য جِنْسِ قَرِيْب ও فَصْلِ قَرِيْب এর প্রয়োজন হয় যাতে جَامِع لِلْاَفْرَادْ وَ مَانِع عَنْ دُخُوْلِ الْغَيْرِ (সংক্ষেপে جَامِع مَانِع) হয়। সুতরাং মুসান্নিফ (র.)-এর উল্লিখিত

সংজ্ঞায় তা আছে কিনা লক্ষ্য করা বাঞ্ছনীয়– সংজ্ঞায় উল্লিখিত عِلْمٌ بِأُصُوْلٍ হল عِلْمِ نحو এর جِنْس-এর মধ্যে সকল শাস্ত্রীয় নীতি দাখিল রয়েছে। مَنْطِق ، تفسير، حديث ، فِقه -এর দ্বারা فَصْلِ اَوّل এটা يُعْرَفُ الخ ইত্যাদি বের হয়ে গেছে। কারণ এগুলো দ্বারা শব্দের শেষ অবস্থা জানা যায় না।

তবে এর মধ্যে এমন কতিপয় ইল্ম শামিল রয়েছে যার মধ্যে كلمة এর অবস্থা সম্পর্কে আলোচিত হয়। যেমন– عِلْمُ الْمَعَانِى ، عِلْمُ الْبَدِيع ইত্যাদি। اَوَاخِر হল فصلِ ثانى- এ قَيْد দ্বারা এগুলো বের হয়ে গেল। এর পরও এ সংজ্ঞায় عِلْمُ الْقَوَافِى ইত্যাদি শামিল থাকে। কারণ এর মধ্যেও كلمة -এর শেষ অবস্থা নিয়ে আলোচনা করা হয়। অতএব مِنْ حَيْثُ الْإِعْرَابِ وَالْبِنَاءِ হল فصلِ ثالث এর দ্বারা তা খারিজ হয়ে গেল। তবে এখনো عِلْمُ الْهَيْئَةِ ، عِلْمُ الْهِنْدَسَة ও عِلْمُ الْحِسَابِ এর মধ্যে দাখিল থাকে। وَكَيْفِيَّةُ تَرْكِيْبِ الخ হল فصلِ- رابع এ قَيْد দ্বারা এগুলো খারিজ হয়ে সংজ্ঞাটি جامع و مانع হয়ে গেল।

اَلْغَرَضُ. قَوْلُهُ وَ اَلْغَرَضُ مِنْهُ ঃ غرض অর্থ উদ্দেশ্য। যে কারণে কর্তার ক্রিয়া (فاعل এর فعل) প্রকাশ পায়। তারকীবে মুবতাদা।

قَوْلُهُ صِيَانَةُ الذِّهْنِ ঃ صِيَانَة অর্থ রক্ষা করা صَانَ يَصُوْنُ ، صِيَانَة বাবে نصر – ذِهْن স্মৃতি, মেধা عن الْخَطَاءِ اللَّفْظِىُّ শাব্দিক ভুল থেকে, এটা صيانة মাসদারের সাথে মুতাআল্লিক। فِى الْكَلَامِ الْعَرَبِ এটা উহ্য الواقع এর সাথে মুতাআল্লিক হয়ে الخطاء এর ২য় সিফত, ১ম সিফত হল اَللَّفْظِىٌّ – اَلْخَطَاءِ اللَّفْظِىٌّ বলার দ্বারা صَرْفِى – معنوى ইত্যাদি ভুল-ভ্রান্তিকে খারিজ করা উদ্দেশ্য।

قوله وَ مُوْضُوْعُهُ الخ ঃ مَوْضُوْع অর্থ গঠিত, وَضَعَ يَضَعُ وَضْعًا বাবে فتح হতে অর্থ রাখা, স্থাপন করা, গঠন করা, পরিভাষায় যে বস্তুর عَوَارِضِ ذَاتِيَة তথা জাত সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করা হয় তাকে موضوع বলে। যেমন চিকিৎসা শাস্ত্রের موضوع হল মানুষের দেহ ইত্যাদি।

★ প্রশ্ন জাগতে পারে যে, (ক) প্রত্যেক শাস্ত্রের আলোচ্য বিষয় এক ও অভিন্ন হয়। সুতরাং এখানে مُتَعَدِّدْ তথা একাধিক কেন? এর উত্তর এই যে, تَعَدُّدْ মূলত দু'প্রকার لَفْظِى ও مَعْنَوِىْ – كلمه ও كلام শাব্দিক দিক দিয়ে ২টি হলেও অর্থ ও উদ্দেশ্যগতভাবে একই।

(খ) كَلِمَةٌ কে كَلَامٌ এর আগে আনা হল কেন? উত্তর كَلِمَه হল كلام এর جُزْء (অংশ)। আর جُزْء সর্বদা كُلْ (সমষ্টি) এর উপর مُقدَّم (আগে) হয়।

فَصْلٌ - اَلْكَلِمَةُ لَفْظٌ وُضِعَ لِمَعْنًى مُفْرَدٍ وَهِىَ مُنْحَصِرَةٌ فِىْ ثَلٰثَةِ اَقْسَامٍ اِسْمٍ وَفِعْلٍ وَحَرْفٍ لِاَنَّهَا اِمَّا اَنْ لَّاتَدُلَّ عَلٰى مَعْنًى فِىْ نَفْسِهَا وَهُوَ الْحَرْفُ اَوْ تَدُلَّ عَلٰى مَعْنًى فِىْ نَفْسِهَا وَيَقْتَرِنُ مَعْنَاهَا بِاَحَدِ الْاَزْمِنَةِ الثَّلٰثَةِ وَهُوَ الْفِعْلُ اَوْتَدُلَّ عَلٰى مَعْنًى فِىْ نَفْسِهَا وَلَمْ يَقْتَرِنْ مَعْنَاهَا بِهٖ وَهُوَالْاِسْمُ ـ

অনুবাদ॥ كَلِمَةٌ এর সংজ্ঞা ঃ কালেমা এমন একটি শব্দ থাকে একক অর্থের জন্য গঠন করা হয়েছে।

كلمة -এর প্রকারভেদ ঃ কালেমা তিন প্রকারের মধ্যে সীমাবদ্ধ। যথা– (১) اسم (বিশেষ্য পদ) (২) فعل (ক্রিয়া পদ) ও (৩) حرف (অব্যয় পদ)।

(كلمة তিন প্রকারে সীমাবদ্ধের কারণ।) কেননা كلمة হয়তো নিজে নিজ অর্থ প্রকাশ করবে না। এটা হল حرف - অথবা নিজ প্রথম প্রকাশ করবে আর তা তিন কালের কোন একটির সাথে মিলিত হবে (সম্বন্ধ রাখবে) এটা হল فعل - অথবা নিজ অর্থ প্রকাশ করবে তবে কোন কালের সাথে মিলিত হবে না। এটা হল اسم -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهُ اَلْكَلِمَةُ ঃ كلمة এর শাব্দিক অর্থ কথা, কায়েদা, কাসীদা-কবিতা। পরিভাষায় هُوَ مَا يَنْطِقُ بِهِ الْاِنْسَانُ مُفْرَدًا كَانَ اَوْ مُرَكَّبًا

মানুষের কথা চাই তা مفرد হোক বা مركب -এ সংজ্ঞা অনুযায়ী প্রসিদ্ধ ইমানী কালেমাসমূহকে বাক্য হওয়া সত্ত্বে কালেমা বলার ব্যাপারে উত্থাপিত প্রশ্নের সমাধান হয়ে যায়।

كلمة এর নাম করণের কারণ ঃ كلمة শব্দটি মূলত كلم শব্দমূল হতে উদ্‌গত। অর্থ ক্ষত বা যখম করা। যেহেতু কথা মানুষের হৃদয়কে ক্ষত বা যখম করে এ জন্য এ নাম করণ করা হয়েছে। যেমন– কবির ভাষায়–

جِرَاحَةُ السِّنَانِ لَهَا الْتِيَامُ + وَمَا يَلْتَامُ مَا جَرَحُ اللِّسَانُ

অর্থাৎ বর্শার যখম এক সময় জোড়া লাগে নিশ্চিহ্ন হয়, কিন্তু যবানে যে যখম করে তা কখনো জোড়া লাগে না।

كَلِمَةٌ এর বহুঃ كَلِمٌ - কারো মতে كَلِمٌ শব্দটি اسم جنس

قَوْلُهُ لَفْظٌ ঃ لَفْظٌ এর শাব্দিক অর্থ– لفظ বাবে ضَرَبَ হতে-নিক্ষেপ করা। বলা হয়– اَكَلْتُ التَّمْرَةَ وَ لَفَظْتُ النَّوَاةَ আমি খেজুর খেয়েছি ও তার আঠি ফেলে দিয়েছি। পরিভাষায়– مَا يَتَلَفَّظُ بِهِ الْاِنْسَانُ মানুষের মুখ থেকে যা উচ্চারিত হয় তাকে لفظ বলে।

★ প্রশ্ন হতে পারে যে, মানুষের কথা বলার দ্বারা জিন, ফিরেশতা এমনকি আল্লাহর বাণী ইত্যাদি لفظ থেকে খারিজ হয়ে যায়। এর উত্তর কি? এর উত্তর এই যে, এর দ্বারা উদ্দেশ্য হল– মানুষের মুখে যা উচ্চারিত হওয়া সম্ভব। অতএব এখন কোন প্রশ্ন থাকে না।

★ **তারকীব ঃ** اَلْكَلِمَةُ মুবতাদা, لَفْظٌ শব্দটি মওসূফ وُضِعَ الخ সিফত মিলে খবর, কিন্তু প্রশ্ন জাগে যে, মুবতাদা ও খবরের মাঝে مذكر ও مؤنث ইত্যাদি ক্ষেত্রে تطابق জরুরী অথচ اَلْكَلِمَةُ - مؤنث আর لَفْظٌ হল مذكر - সুতরাং এটা শুদ্ধ হল কিভাবে?

উত্তরঃ خبر টি اسم مشتق হলে যে ক্ষেত্রে تَطَابُقٌ (মিল) জরুরী কিন্তু لفظ শব্দটি اسم مُشْتَقٌ নয়, বিধায় تَطَابُقٌ জরুরী নয়। لَفْظٌ শব্দটি اَلْكَلِمَةُ এর جِنْسٍ قَرِيبٍ এতে لَفْظٍ مَوْضُوعٍ ও مُهْمَلٌ (অর্থবোধক ও অর্থহীন) সব দাখিল রয়েছে।

قَوْلُهُ وُضِعَ ঃ وَضَعَ يَضَعُ বাবে ضَرَبَ হতে-অর্থ রাখা, গঠন করা। পরিভাষায়, এক বস্তুকে অপর বস্তুর জন্য এমনভাবে খাছ করে দেয়া যে, প্রথম বস্তু (مخصوص) দেখলে অপর বস্তু (مخصوص له) এমনিতেই বুঝে আসে। যেমন– زَيْد শব্দটি এক ব্যক্তির খাছ নাম। এটি শুনা মাত্রই ব্যক্তি যায়েদ বুঝে আসে।

قوله لِمَعْنًى ঃ مَعْنًى শব্দটি হয়ত ১. عَنٰى يَعْنِىْ বাবে ضَرَبَ এর مفعول। অর্থ مقصود উদ্দেশ্য, ২. অথবা اسمِ ظرفِ مكان ৩. অথবা مِيمِ مَصْدرِى যুক্ত হয়ে মাসদার। তিনো ছুরতে অর্থ একই। এটা لفظ এর فَصْل - এর দ্বারা مُهْمَلْ শব্দ ও حروفِ هِجَا ইত্যাদি বের হয়ে গেল।

قوله مُفْرَدْ ঃ مفرد একক বা غيرمركب -এ فصل দ্বারা مُرَكَّبَاتْ বের হয়ে গেল।

শব্দের إِعْرَابُ مُفْرَدْ ঃ مفرد শব্দে তিন ধরনের اعراب হতে পারে। যথা– ১. مفرد যের হলে معنى এর সিফত হবে। অর্থ হবে একক অর্থের জন্য গঠিত তথা যে শব্দের جزء অর্থের جزء এর ওপর دلالت করে না। (বা শব্দের অংশ অর্থের অংশ বুঝায় না।) যেমন زيد এর جزء হল ز - ى - د এর কোনটি ব্যক্তি যায়েদের কোন অঙ্গ বুঝায় না।

২. مُفْرَدْ পেশ হলে لَفْظ এর সিফাত হবে। অর্থ হবে– কালেমা ঐ একক শব্দকে বলে।

৩. مُفْرَدًا যবর হলে (ক) হয়তো وضع এর যমীর থেকে حال হবে অথবা معنى এর حال হবে। অর্থাৎ এম-তাবস্থায় যে, উক্ত শব্দটি একক হবে বা অর্থটি একক হবে (আর একক হওয়ার উদ্দেশ্য শব্দ বা অর্থের অংশটি উদ্দেশ্যের অংশ বুঝাবেনা) উল্লেখ্য যে, منصوب হলে رسم خط হিসেবে শেষে আলিফ থাকত কিন্তু আরো ২টি সম্ভাবনার কারণে আলিফ লেখা হয়নি।

قوله وَهِىَ مُنْحَصِرَةٌ الخ ঃ مُنْحَصِرَةٌ বাবে اِنْفِعَال হতে واحد مؤنث - اسم فاعل অর্থ সীমাবদ্ধ, বেষ্টিত, অর্থাৎ কালেমা অর্থগত দিক দিয়ে তিন প্রকারে সীমাবদ্ধ।

قوله اِسْمٌ و فِعْل وحَرْف ঃ এগুলোর মধ্যে প্রত্যেকটিতে তিন ধরনের اعراب হতে পারে।

১. مرفوع হলে مُبْتَداء مَحْذُوف এর খবর হবে। যেমন– اَحَدُهَا اِسْمٌ و ثَانِيْهَا فِعْلٌ و ثَالِثُهَا حَرْفٌ

২. منصوب হলে اَعْنِىْ - مفعول এর فعلِ محذوف হবে অর্থাৎ اَعْنِىْ اِسْمًا و فِعْلًا و حَرْفًا

৩. مجرور হলে اقسام এর بدل হবে। এ ছুরতটিই উত্তম। কারণ এক্ষেত্রে محذوف মানতে হয় না।

★ كَلِمَة এর তিনো প্রকারের মধ্যে মর্যাদার দিক দিয়ে আগে اسم, তার পর فعل, তারপর حرف এ কারণে এভাবেই উল্লেখিত হয়েছে।

قوله لِاَنَّهَا اِمَّا اَنْ لَّا تَدُلَّ الخ ঃ এখান থেকে মুসান্নিফ র. وجه حصر তথা তিন প্রকারে সীমাবদ্ধ হওয়ার দাবির দলিল পেশ করেছেন। لِاَنَّهَا الخ - مُنْحَصِرَةٌ এর সাথে متعلق - وجهِ حصر এই যে, كَلِمَة হয় নিজ অর্থ প্রকাশে স্বয়ং সম্পূর্ণ হবে, নতুবা নয়, দ্বিতীয়টি حرف আর স্বয়ং সম্পর্ণ হলে হয়তো তা কোন কালের সাথে সম্বন্ধ রাখবে বা রাখবে না, রাখলে সেটা فعل আর না রাখলে اسم -

প্রশ্ন জাগতে পারে যে, اَنَّ - حرفِ مُشَبَّه بفعل এটা مبتدا ও خبر এর উপর দাখিল হয়, আর خبر তার مبتدا এর উপর حَمْل (প্রযোজ্য) হয়। সুতরাং এখানে ও তা হওয়া উচিত অথচ দেখা যায় এমনটি হয়নি। কারণ لِاَنَّهَا এর যমীর اَلْكَلِمَة (ذات) এর দিকে ফিরেছে। এটা اَنَّ এর اسم আর اِمَّا اَنْ لَّا تَدُلَّ بتاويل مصدر - (اَنْ আসায় মাসদারে পরিণত হয়ে) اَنَّ এর خبر আর মাসদারের حمل - ذات এ উপর সহীহ নয়।

উত্তর ঃ এখানে اَنَّ এর اسم উহ্য আছে, মূলত لِاَنَّ حَالَهَا اما الخ ছিল, এ সময় مصدر এর حمل - حال এর উপর সহীহ হয়ে যায়। (কেননা حال টা ذات নয় বরং عرض)

قوله عَلٰى مَعْنًى فِىْ نَفْسِهَا তিনো জায়গায় مَعْنًى মওসূফ حَاصِلٌ عَلٰى نَفْسِهَا - شِبه فعل مُقَدَّر এর সাথে متعلق হয়ে সিফত مَعْنًى فِىْ نَفْسِهَا অর্থ হল শব্দের নিজের অর্থ –

فَحَدُّ الْإِسْمِ كَلِمَةٌ تَدُلُّ عَلٰى مَعْنًى فِىْ نَفْسِهَا غَيْرَ مُقْتَرِنٍ بِاَحَدِ الْاَزْمِنَةِ الثَّلٰثَةِ اَعْنِى الْحَالَ وَالْإِسْتِقْبَالَ كَرَجُلٍ وَعِلْمٍ وَعَلَامَتُهُ صِحَّةُ الْإِخْبَارِ عَنْهُ نَحْوَ زَيْدٌ قَائِمٌ

অনুবাদ ॥ اسم এর সংজ্ঞা ঃ اسم এমন কালেমা কে বলে যা নিজ অর্থ প্রকাশে স্বয়ং সম্পূর্ণ হয়। তিন কাল তথা অতীত, বর্তমান ও ভবিষ্যতকালের কোন একটির সাথে সম্পর্ক না রেখে। যেমন رجل (পুরুষ) علم (জ্ঞান)। **اسم এর আলামত সমূহ ঃ** ১. কোন শব্দের সম্পর্কে সংবাদ দেয়া শুদ্ধ হওয়া। যথা- زيد قائم (যায়েদ দণ্ডায়মান)

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهُ فَحَدُّ الْإِسْمِ ঃ حد এর অর্থ বিরত রাখা, সীমানা, শরয়ী দন্ড, সংজ্ঞা।

قوله فَحَدُّ الْإِسْمِ الخ ঃ এর فا টি جَزائيه এখানে শর্ত উহ্য রয়েছে। মূলত বাক্যটি ছিল اِذَا بَيَّنَّا دَلِيْلَ الْحَصْرِ فَحَدُّ الْإِسْمِ অর্থাৎ যখন সীমাবদ্ধের প্রমাণ পেশ করা হল এখন اسم এর সংজ্ঞা বর্ণনা করা হচ্ছে। حد মুযাফ الاسم মুযাফ ইলায়হি মিলে মুবতাদা, আর كلمة খবর, مبتدا মাসদার হলে خبر এর সাথে تَطَابُقْ জরুরী নয়।

كَلِمَةٌ ঃ মওসূফ فِىْ نَفْسِهَا উহ্য كَائِنٌ এর সাথে مُتَعَلِّقٌ হয়ে مَعْنًى এর প্রথম সিফত غَيْرُ مُقْتَرِنٍ হল مَعْنًى এর দ্বিতীয় সিফত। অতঃপর مَعْنًى মওসূফ সিফত মিলে عَلٰى এর মাজরূর হয়ে تدل এর সাথে متعلق অর্থাৎ اسم এমন কালেমাকে বলে যা নিজেই নিজ অর্থ প্রকাশ করে। অন্য কোন শব্দের মুখাপেক্ষী হয় না এবং গঠনগতভাবে তার মধ্যে কোন কাল পাওয়া যায় না।

★ ফায়েদা (ক) সংজ্ঞায় উল্লিখিত كلمة হল جنس -এর মধ্যে اسم - فعل ও حرف তিনোটা দাখিল রয়েছে। مَعْنًى فِىْ نَفْسِهَا - فصل দ্বারা حرف বেরিয়ে গেল, আর غَيْرُ مُقْتَرِنٍ - فصل দ্বারা فعل খারিজ হয়ে গেল।

(খ) কালের সাথে সম্পর্ক না রাখাটা মূল গঠনের সময় ধর্তব্য। বাক্যে ব্যবহারিক ক্ষেত্রে কাল পাওয়া গেলে তা اسم হওয়ার জন্য প্রতিবন্ধক নয়। যথা زَيْدٌ مَضْرُوْبٌ غُلَامُهُ - زَيْدٌ ضَارِبٌ عَمْرًوا غَدًا ইত্যাদি। কেননা ضَارِبٌ ও مَضْرُوْبٌ যদিও সময়ের সাথে মিলিত হচ্ছে কিন্তু তা اَمْسِ و غَدًا এর কারণে মাত্র। এভাবে امس - غدا ইত্যাদির মূল অর্থই হল নির্দিষ্ট সময় বা কাল। মূল অর্থ কালের সাথে সম্বন্ধিত হচ্ছে না। এ কারণে اسم এর সংজ্ঞায় দাখিল থাকবে। এভাবে اَسْمَاءُ اَفْعَالِ যেমন هَلُمَّ - حَيَّهَلْ ইত্যাদির অর্থ কালের সাথে মিলিত হচ্ছে তা মূল وضع তথা গঠনের দিক দিয়ে নয়। এ কারণে اسم এর মধ্যে দাখিল থাকবে।

(গ) প্রশ্ন জাগে যে, تَحْتَ (নীচে), فَوْقَ (উপর) এগুলোর অর্থ مضاف اليه ছাড়া বুঝা যায় না। সুতরাং اسم হল কিভাবে?

উত্তরঃ এসব اسم - وضع (গঠন) এর দিক দিয়ে পূর্ণ অর্থ জ্ঞাপক। যদিও ব্যবহারিক ক্ষেত্রে তা অস্পষ্ট থাকে। কিন্তু এটা দোষণীয় নয়।

قَوْلُهُ وَعَلَامَتُهُ ঃ মুবতাদা صِحَّتُ الْإِخْبَارِ عَنْهُ খবর। আলামত অনেকগুলো হওয়া সত্ত্বে علامت এক বচন আনার কারণ এই যে, এটা اسم جنس আর اسمِ جنس - قَلِيْلُ وَ كَثِيْرُ (কম-বেশী) সব কিছু বুঝায়। علامت অর্থ নিদর্শন, চিহ্ন, صِحَّةُ الْإِخْبَارِ عَنْهُ অর্থ তার সম্পর্কে খবর দেয়া শুদ্ধ হওয়া বা এর যোগ্যতা রাখা। সুতরাং - عمر زيد ইত্যাদি আপাতত (فِى الْحَالِ) مُخْبَرُ عَنْهُ নাহলে ও বাক্যে ব্যবহৃত হওয়ার ক্ষেত্রে مُخْبَرُ عَنْهُ হয়। সুতরাং এগুলো اسم -

وَالْإِضَافَةُ نَحْوُ غُلَامُ زَيْدٍ وَ دُخُولُ لَامِ التَّعْرِيْفِ كَالرَّجُلِ وَالْجَرِّ وَالتَّنْوِيْنِ نَحْوُ بِزَيْدٍ وَالتَّثْنِيَةُ وَالْجَمْعُ وَالنَّعْتُ وَالتَّصْغِيْرُ وَالنِّدَاءُ فَإِنَّ كُلَّ هٰذِهٖ خَوَاصُّ الْاِسْمِ وَمَعْنَى الْإِخْبَارِ عَنْهُ اَنْ يَّكُوْنَ مَحْكُوْمًا عَلَيْهِ لِكَوْنِهٖ فَاعِلًا اَوْمَفْعُوْلًا اَوْ مُبْتَدَأً وَيُسَمّٰى اِسْمًا لِسُمُوِّهٖ عَلٰى قَسِيْمَيْهِ لَالِكَوْنِهٖ وِسْمًا عَلَى الْمَعْنٰى ـ

অনুবাদ ॥ ২. مضاف বা সম্বন্ধ পদ হওয়া, যথা– غُلَامُ زَيْدٍ (যায়েদেরে গোলাম) ৩. শব্দের শুরুতে لام تعريف তথা নির্দিষ্ট জ্ঞাপক লাম আসা, যথা– اَلرَّجُلُ (লোকটি)। ৪. কালেমার শেষে جر মিলিত হওয়া। ৫. تَنْوِيْن (তানভীন) হওয়া। যেমন بِزَيْدٍ ৬. দ্বিবচন হওয়া ৭. বহুবচন হওয়া ৮. সিফত হওয়া ৯. তাসগীর হওয়া ১০. শুরুতে حرفِ نِدا আসা। এসব গুলোই হল ইসমের বৈশিষ্ট্য।

إِخْبَارُ عَنْهُ এর অর্থ হল مُحْكُوْم عَلَيه হওয়া (যার ব্যাপারে কোন হুকুম লাগান হয়) সেটা فاعل (কর্তা) বা مفعول (কর্ম) অথবা مُبْتَدا (উদ্দেশ্য) হবার কারণে।

اسم এর নামকরণ ঃ আর اسم কে اسم নাম রাখা হয়েছে তার অপর দুই প্রকারের তুলনায় মর্যাদাবান হবার কারণে, অর্থের জন্য আলামত হবার কারণে নয়।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهُ وَالْإِضَافَةُ ঃ অর্থাৎ حرف جر উহ্য থেকে মুযাফ হওয়া। যেমন غُلَامُ زَيْدٍ মূলত غُلَامٌ لِزَيْدٍ ছিল। আর এটা এ জন্য যে, حرف جر لفظى এর ক্ষেত্রে فعل ও মুযাফ হয়। যেমন– مَرَرْتُ بِزَيْدٍ এর মধ্যে مَرَرْتُ ফে'লটি حرفِ جر এর মাধ্যমে মুযাফ। তবে সাধারণত اضافت বলতে مَعْنَوِىْ টিই বুঝায়। এ কারণে মুসান্নিফ র. এ কয়টি উল্লেখ করেননি।

★ ফায়েদা ঃ (ক) কোন কোন নাহবীদের মতে মুযাফ হওয়াটা اسم এর خَاصَّه বা আলামত, মুযাফ ইলায়হি হওয়া নয়। কেননা فعل মুযাফ ইলায়হি হয়, যেমন يَوْمَ يَنْفَعُ الصّٰدِقِيْنَ صِدْقُهُمْ এখানে يَنْفَعُ ফে'ল যা جملة فعليه টি মুযাফ ইলায়হি হয়েছে। তবে কারো কারো মতে মুযাফ ইলায়হি হওয়া ও اسم এর আলামত, তাদের মতে আয়াতে يَنْفَعُ টা نَفْعُ মাসদারের অর্থে। অর্থাৎ يَوْمَ نَفْعِ الصَّادِقِيْنَ

(খ) خَلِيل এর মতে لا ও হামযা উভয়টি মিলে حرفِ تعريف

(গ) مُبَرِّد এর মতে হামযাটিই حرفِ تعريف আর همزهٔ تعريف ও همزهٔ اِسْتِفْهَام এর মাঝে প্রভেদের জন্য লাম আনা হয়।

মুসান্নিফ র. এর কাছে প্রথম মতটি পসন্দনীয়।

قَوْلُهُ دُخُوْلُ الْجَرِّ وَ التَّنْوِيْنِ ঃ এখানে دخول (প্রবেশ করা) দ্বারা لُحُوْقٌ (মিলিত হওয়া) উদ্দেশ্য। কারণ جر ও تنوين হয় শেষে, আর دخول বুঝায় শুরুতে আসা।

★ ফায়েদা ঃ (ক) جر ইসমের বৈশিষ্ট্য এ জন্য যে, جر টা حرف جر এর اثر বা প্রভাবে হয়, আর حرف جر শুধু ইসমের পূর্বেই আসে।

(খ) تنوين এ জন্য ইসমের বৈশিষ্ট্য যে, تَنْوِيْن মোট ৫ প্রকার, تنوينِ تَمَكُّنْ .২ تَنْوِيْنِ تُرَنُّمْ .৩ تنوين تَنْكِيْر .৪ تنوينِ عوض ও ৫. تنوينِ مُقَابَلَهْ এগুলোর মধ্যে কেবল تنوينِ تَرَنُّمْ টি فعل এর উপর ও আসে। যেমন– اَقِلِّى اللَّوْمَ عَاذِلُ وَ الْعِتَابَنْ + وَقُوْلِىْ اِنْ اَصَبْتُ لَقَدْ اَصَابَنْ এর اَصَابَنْ বাকীগুলো যে যে কারণে আসে তা শুধু ইস্মেই পাওয়া যায়।

قَوْلُهُ وَالتَّثْنِيَةُ وَالْجَمْعُ : এটা دُخُول এর উপর عَطْف দ্বিবচন ও বহুবচন হওয়া যেহেতু تَعَدُّدْ (বা একাধিক সংখ্যক) বুঝায় - আর এটা اسم এর মধ্যেই পাওয়া যায়।

★ ফায়েদা : فعل এর মধ্যে যে تثنية ও جمع এর ছীগা দেখা যায় তা মূলত فعل এর মধ্যে فاعل এর যমীর হিসেবেই। আর যমীর তো ইস্‌মই। যেমন– ضَرَبَا ও ضَرَبُوا এর মধ্যে ضَرَبَ ফে'ল একটিই আর الف ও واو হল ফায়েলের যমীর, এ হিসেবেই تثنية ও جمع বলা হয়।

قوله وَالنَّعْتُ : نعت (সিফত) হওয়া অর্থাৎ সিফত হওয়া اسم এর আলামত, কিন্তু নাহুবিদদের মতে সিফত নয়। বরং মওসূফ হওয়া اسم এর আলামত। মুসান্নিফ র-এর বর্ণনা মতে প্রশ্ন জাগে যে, فعل ও সিফত হয়। যেমন– جَائَنِي رَجُلٌ يَضْرِبُ এর উত্তর এই যে, এটা মূলত جَائَنِي رَجُلٌ ضَارِبٌ এর অর্থে।

قوله وَالتَّصْغِيرُ : تصغير হওয়া اسم এর আলামত, কারণ تصغير টা قِلَّتْ (স্বল্পতা) وَحِقَارَتْ (অবজ্ঞা) বুঝায়। আর فعل এর অর্থ قِلَّتْ ও حِقَارَتْ এর যোগ্য নয়।

تَصْغِير এর শাব্দিক অর্থ ছোট করা। পরিভাষায়-স্বল্পতা বা অবজ্ঞা বুঝানোর জন্য শব্দের মধ্যে পরিবর্তন করা হয়। যেমন– رَجُلٌ হতে رُجَيْلٌ (ভেটে পুরুষ)।

قَوْلُهُ وَالنِّدَاءُ : نداء অর্থ আহ্বান করা, ডাকা। পরিভাষায় কারো দৃষ্টি আকর্ষন কল্পে ডাকার স্থলাভিষিক্ত কোন হরফের মাধ্যমে আহবান করা। এটা اسم এর আলামত এ কারণে যে, نداء হল حرف ندا এর اثر বা প্রভাব। আর حرف نداء সব সময় اسم এর পূর্বে আসে, অতএব نداء টা اسم এর বৈশিষ্ট্য হওয়া বাঞ্ছনীয়।

قَوْلُهُ فَإِنَّ كُلَّ هٰذِهِ خَوَاصُّ الْإِسْمِ : এটা একটা উহ্য প্রশ্ন (سوالِ مقدر) এর জওয়াব। প্রশ্ন এই যে, বস্তুর আলামত এটা যা বস্তু থেকে কখনো বিচ্ছিন্ন হয় না, অথচ এমন অনেক اسم আছে যার মধ্যে تنوين ، جر، لام تعريف ইত্যাদি আসেনা। যেমন যমীর, ইসমে ইশারা প্রভৃতি।

উত্তরঃ এখানে আলামত দ্বারা خَاصَّة উদ্দেশ্য। আর خَاصَّة বলে مَا يُوجَدُ فِيهِ وَلَايُوجَدُ فِي غَيْرِهِ (কোন বস্তুর خَاصَّة ঐ জিনিস বা বস্তুকে বলে যা তার মধ্যে ছাড়া অন্য কোন জিনিসের মধ্যে পাওয়া যায় না।) তাই একই জাতীয় জিনিসের একাধিক خَاصَّة বৈশিষ্ট্য থাকতে পারে, তাই বলে সবগুলো একটির মধ্যে থাকা জরুরী নয়।

فَإِنَّ كُلَّ هٰذِهِ الخ এর মধ্যে كُلَّ هٰذِهِ মুযাফ মুযাফ ইলায়হি মিলে إِنَّ এর اسم– خَوَاصُّ الْإِسْمِ – হল إِنَّ এর خبر

قَوْلُهُ وَمَعْنَى الْإِخْبَارِ عَنْهُ الخ : অন্যান্য আলামতের অর্থ বা উদ্দেশ্য উল্লেখ না করে কেবল এটার অর্থ বলার কারণ হল–১. অন্যান্যগুলোর অর্থ স্পষ্ট কিন্তু এর অর্থ কিছুটা দুরূহ ২. অথবা এর দ্বারা এ সন্দেহ নিরসন উদ্দেশ্য যে, مُخْبَرٌ عَنْهُ (যার সম্পর্কে সংবাদ দেয়া হয়) দ্বারা কেউ ধারণা করতে পারে যে, এটা তাহলে কেবল جمله خبريه এর মধ্যে হবে إِنْشَائِيَه এর মধ্যে নয়, কারণ তার মধ্যে কারো সম্পর্কে সংবাদ দেয়া হয় না। অতএব মুসান্নিফ র. এ ধারণা দূর করে দিলেন যে, এর দ্বারা মাহকুম আলায়হি হওয়া উদ্দেশ্য অর্থাৎ যার উপর কোন বিষয়কে সম্বন্ধ করা হয়, চাই তা মুবতাদা, ফায়েল ইত্যাদি যাই হোক।

قَوْلُهُ أَوْ مَفْعُولًا : এর দ্বারা نَائِبِ فَاعِل বা مَفْعُولِ مَا لَمْ يُسَمَّ فَاعِلُهُ উদ্দেশ্য।

قَوْلُهُ يُسَمّٰى إِسْمًا الخ : اسم এর মূলধাতুর ব্যাপারে মতানৈক্য রয়েছে– ১. বছরীগণের মতে إِسْم - سُمُوٌّ (উঁচু হওয়া) শব্দ মূল থেকে গঠিত। إِسْم যেহেতু কালেমার অপর দু প্রকার তথা فعل ও حرف এর তুলনায় স্বনির্ভরতার দিক দিয়ে উঁচু একারণেই এ নাম করণ করা হয়েছে। মূলত এটা سُمُوٌّ ছিল। এর تصغير আসে سُمَيٌّ - سُمُوٌّ এর واو বিলোপ করে তার পরিবর্তে হামযা আনা হয়েছে এবং تَخْفِيف (সহজ) এর লক্ষে সীনকে সাকিন করে হামযাকে বাদ দেয়া হয়েছে। এর বহুঃ أَسْمَاءٌ (মুসান্নিফ র. এ মতকেই গ্রহণ করেছেন) ২. কুফীগণের মতে ছিল وِسْمٌ (আলামত চিহ্ন) إِسْم তার مُسَمّٰى এর অর্থের জন্য আলামত হয় বিধায় এ নাম হয়েছে।

وَحَدُّ الْفِعْلِ كَلِمَةٌ تَدُلُّ عَلٰى مَعْنًى فِيْ نَفْسِهَا دَلَالَةً مُقْتَرِنَةً بِزَمَانٍ ذَالِكَ الْمَعْنٰى كَضَرَبَ، يَضْرِبُ، اِضْرِبْ ـ وَعَلَامَتُهٗ اَنْ يَّصِحَّ الْاِخْبَارُ بِهٖ لَا عَنْهُ وَدُخُوْلُ قَدْ وَالسِّيْنِ وَسَوْفَ وَالْجَزْمِ وَالتَّصْرِيْفُ اِلَى الْمَاضِيْ وَالْمُضَارِعِ وَكَوْنُهٗ اَمْرًا اَوْ نَهْيًا وَاتِّصَالُ الضَّمَائِرُ الْبَارِزَةُ الْمَرْفُوْعَةُ نَحْوُ ضَرَبْتَ

অনুবাদ ॥ فعل এর সংজ্ঞা ঃ فعل এমন কালেমাকে বলে যা অর্থের কালের সাথে সম্পর্ক রেখে নিজ অর্থ প্রকাশ করে। যথা– ضَرَبَ (সে মারল) يَضْرِبُ সে মারে اِضْرِبْ (মার)।

فعل - এর আলামত (নিদর্শন) ঃ فعل এর আলামত হলো– (১) مَحْكُوْمٌ بِهٖ হওয়া তথা শুরুতে কারো সম্বন্ধে সংবাদ দেয়া শুদ্ধ হওয়া এবং محكوم عليه না হওয়া তথা তার সম্বন্ধে সংবাদ দেয়া শুদ্ধ না হওয়া, ২. শুরুতে قَدْ - سِيْنْ বা سَوْف আসা ৩. শেষে جَزْم হওয়া ৪. مُضَارِع ও ماضى এর দিকে রূপান্তর (গরদান) হওয়া ৫. امر বা نهى হওয়া, ৬. ضمير بَارِز مرفوع (কর্তৃকারকের প্রকাশ্য সর্বনাম) যুক্ত হওয়া, যেমন– ضَرَبْتَ

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهٗ وَحَدُّ الْفِعْلِ الخ ঃ এ সংজ্ঞার মধ্যে كَلِمَةٌ হল جِنْس আর تَدُلُّ عَلٰى مَعْنًى فِيْ نَفْسِهَا এক فَصْل এর দ্বারা حرف বেরিয়ে গেল এবং دَلَالَةً مُقْتَرِنَةً আরেক فصل এর দ্বারা اسم বেরিয়ে গেল। অতএব تَعْرِيْف (সংজ্ঞা)টি جَامِعْ مَانِعْ হয়ে গেল।

قَوْلُهٗ دَلَالَةً مُقْتَرِنَةً ঃ উল্লেখ্য যে, অর্থটা কালের সাথে সম্পৃক্ত হবার উদ্দেশ্য হল وَضْع তথা গঠনের দিক দিয়ে কোন এক কালের সাথে সম্পৃক্ত থাকা। অতএব اَفْعَالِ مُقَارَبَة যেমন عَسٰى - كَادَ প্রভৃতি এগুলোতে ব্যবহারিক ক্ষেত্রে কাল পাওয়া না গেলে মূল গঠনের মধ্যে কাল থাকায় তা فعل এর মধ্যে শামিল।

قَوْلُهٗ وَعَلَامَتُهٗ صِحَّةُ الخ ঃ অর্থাৎ مُخْبَرٌ بِهٖ এর আলামত হল কোন কালেমা مُسْنَد তথা مَحْكُوْمٌ بِهٖ হওয়া শুদ্ধ হওয়া। কারণ فعل হল حدث ও عرض (অস্থায়ী ও নিত্যকার বিষয়)) হয়ে থাকে। আর তা সব সময় মুসনাদ হয়।

★ **ফায়েদা ঃ** اِخْبَارٌ بِهٖ বা مَحْكُوْمٌ بِهٖ দুধরনের হতে পারে।

১. مُخْبَرٌ بِهٖ (مسند) হওয়ার সাথে সাথে مُخْبَرٌ عَنْهُ (مسند اليه) হওয়ার ও সম্ভাবনা রাখে।

২. শুধু مُخْبَرٌ بِهٖ হওয়ার সম্ভাবনা রাখে। প্রথমটি اسم এর আলামত, দ্বিতীয়টি فعل এর আলামত।

قَوْلُهٗ وَ دُخُوْلُ قَدْ الخ ঃ এর عطف হল ان يصح এর উপর, قد কয়েক অর্থের জন্য আসে। ১. قد মাযীকে মুযারের নিকটবর্তী করে দেয় ২.অথবা مضارع এর অর্থে تقليل (কম) বুঝায়। যেমন– قَدْ ضَرَبَ ও قَدْ يَصْدُقُ ৩. অথবা تَحْقِيْق (নিশ্চয়তা) বুঝায় । যেমন– لَقَدْ جَاءَكُمْ رَسُوْلٌ ৪. تَكْثِيْر (আধিক্য) যেমন قَدْ نَرٰى تَقَلُّبَ وَجْهِكَ فِي السَّمَاءِ ৫. تَوَقُّع (আশা) যেমন قَدْ يَقْدُمُ الْغَائِبُ আর এ সবগুলো অর্থই فعل এর মধ্যে পাওয়া যায়। আর এ কারণে এগুলো فعل আলামত বিবেচিত হয়েছে।

قَوْلُهٗ وَالتَّصْرِيْفُ الخ ঃ আলিফ লামটি مضاف এর পরিবর্তে অর্থাৎ تصريف الفعل ছিল। অর্থাৎ কোন কালেমা ماضى ও مضارع এর প্রতি রূপান্তর হওয়া فعل এর আলামত।

قَوْلُهٗ وَ كَوْنُهٗ اَمْرًا اَوْنَهْيًا ঃ কারণ উভয়টি طلب فعل এর জন্য আসে, অতএব فعل এর আলামত হওয়াই বাঞ্ছনীয়।

قَوْلُهٗ وَ اِتِّصَالُ الضَّمَائِرِ ঃ অর্থাৎ فاعل বা কর্তা নির্দেশক যমীর মিলিত হওয়া। যেমন– ضَرَبْتُ - ضَرَبْتُمَا ইত্যাদি। এগুলো যেহেতু فاعل বুঝায়, আর فاعل হয় فعل এর মধ্যে। এ কারণে فعل এর আলামত হয়েছে।

وَتَاءُ التَّانِيْثِ السَّاكِنَةِ نَحْوُ ضَرَبَتْ وَنُونَيِ التَّاكِيْدِ فَإِنَّ كُلَّ هٰذِهِ خَوَاصُّ الْفِعْلِ وَمَعْنَى الْإِخْبَارِبِهِ اَنْ يَّكُوْنَ مَحْكُوْمًا بِهِ وَيُسَمّٰى فِعْلًا بِاسْمِ اَصْلِهِ وَ هُوَ الْمَصْدَرُ لِاَنَّ الْمَصْدَرَ هُوَ فِعْلُ الْفَاعِلِ حَقِيْقَةً ـ

অনুবাদ ॥ ৭. শেষে تاءِ تانيث ساكنه যুক্ত হওয়া। যেমন– ضَرَبَتْ ৮. উভয় প্রকারের نونِ تاكيد যুক্ত হওয়া (যেমন– لَيَفْعَلَنَّ - لَيَفْعَلَنْ) এসবগুলো হল فعل আর আলামত। إِخْبَارُبِه এর অর্থ হল শব্দটি مَحْكُوْمٌ بِهِ হওয়া (অর্থাৎ তার দ্বারা হুকুম লাগানোর যোগ্য হওয়া) اَلْإِخْبَارِ بِه -এর অর্থ হল শব্দটি مَحْكُوْم بِه হওয়া।

فعل -**এর নামকরণ ঃ** فعل -এর নামকরণ উহার মূল (উৎপত্তিস্থল) অর্থাৎ মাসদারের নামানুসারে করা হয়েছে, কেননা প্রকৃতপক্ষে মাসদারই فاعل (কর্তা) -এর فعل - (ক্রিয়া)।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَتَاءُ التَّانِيْثِ الخ ঃ تاءِ تَانِيثْ টা فاعل এর মুওয়ান্নাছ হওয়া বুঝায়। আর اسم এর মধ্যে যেহেতু تاءِ تانيثِ مُتَحَرِّكَه দাখিল হয়, এ কারণে তার জন্য تاءِ تانيثِ سَاكِنَه এর প্রয়োজন পড়ে না। বিধায় এটি فعل এর আলামত হয়েছে। তথা اسم فاعل ইত্যাদির। صفات ও فعل হয় فاعل

قوله وَ نُونَيُ التَّاكِيْدِ ঃ অর্থাৎ نونِ خفيفه ও نونِ ثقيله যুক্ত হওয়া فعل এর আলামত। উভয়টি যেহেতু فعل এর তাকীদ বুঝায়, অতএব فعل এর আলামত হওয়া বাঞ্ছনীয়।

قوله وَ يُسَمّٰى فِعْلًا الخ ঃ এ কথার দ্বারা মুসান্নিফ (র.) فعل এর নাম করণের কারণ বর্ণনা করেছেন, যে فعل এর اصل বা মূল হল মাসদার। আর মাসদারের নাম হল فعل -এ কারণে اصل বা মূলের নামে فرع (শাখা) এর নাম রাখা হয়েছে। আর মাসদারের নাম فعل এ কারণে যে, প্রকৃত পক্ষে মাসদার বা বের হওয়ার অর্থটাই فاعل এর فعل -

★ **ফায়েদা ঃ** মাসদার اَصل নাকি ফে'ল اصل এ ব্যাপারে নাহুবিদগণের মতবিরোধ রয়েছে।

১. বসরীগণের মতে মাসদার اصل আর ফে'ল فرع -এটিই মুসান্নিফ র. এর মত।

২. কুফীগণের মতে ফে'ল اصل আর মাসদার তার فرع

বসরীগণের দলিল মাসদার হল স্বনির্ভর কারো থেকে গঠিত হয় না। অথচ فعل মাসদার থেকে গঠিত হয়। অতএব যার থেকে গঠিত হয় সেটিই اصل বা মূল হওয়া স্পষ্ট।

কুফীগণের দলীল ঃ تَعْلِيْل এর দিক দিয়ে দেখা যায় যে, فعل এর মধ্যে تَعْلِيْل হলে মাসদারের মধ্যে تَعْلِيْل হয়, পক্ষান্তরে ফে'লের মধ্যে تَعْلِيْل না হলে মাসদারের মধ্যে (কায়েদা পাওয়া যাওয়া সত্ত্বে) تعليل হয় না, অতএব বুঝা গেল فعل ই اصل, মাসদার নয়।

সমাধান ঃ বসরীগণের দলিল সুস্পষ্ট ও সঠিক, কুফীগণের দাবী যে, فعل এর মধ্যে تعليل হলে মাসদারের মধ্যে تعليل হয় এটা কোন স্বীকৃত নীতি নয়। উপরন্তু গঠন বা জন্মের দিক দিয়ে যার থেকে জন্ম হয় সেটিই আসল হওয়া সর্ব সম্মতও বটে।

وَحَدُّ الْحَرْفِ كَلِمَةٌ لَاتَدُلُّ عَلٰى مَعْنًى فِيْ نَفْسِهَا بَلْ تَدُلُّ عَلٰى مَعْنًى فِيْ غَيْرِهَا نَحْوُ مِنْ، فَاِنَّ مَعْنَاهَا اَلْاِبْتِدَاءُ وَهِيَ لَاتَدُلُّ عَلَيْهِ اِلَّا بَعْدَ ذِكْرِ مَا مِنْهُ الْاِبْتِدَاءُ كَالْبَصْرَةِ وَالْكُوْفَةِ مَثَلًا تَقُوْلُ سِرْتُ مِنَ الْبَصْرَةِ اِلَى الْكُوْفَةِ وَعَلَامَتُهُ اَنْ لَّايَصِحَّ الْاِخْبَارُ عَنْهُ وَلَا بِهٖ وَاَنْ لَّايَقْبَلَ عَلَامَاتِ الْاَسْمَاءِ وَلَاعَلَامَاتِ الْاَفْعَالِ وَلِلْحَرْفِ فِي كَلَامِ الْعَرَبِ فَوَائِدُ كَالرَّبْطِ بَيْنَ الْاِسْمَيْنِ نَحْوُ زَيْدٌ فِي الدَّارِ اَوِ الْفِعْلَيْنِ نَحْوُ اُرِيْدُ اَنْ تَضْرِبَ اَوْ اِسْمٍ وَفِعْلٍ كَضَرَبْتُ بِالْخَشَبَةِ اَوِ الْجُمْلَتَيْنِ نَحْوُ اِنْ جَاءَنِيْ زَيْدٌ اَكْرَمْتُهُ وَغَيْرِ ذٰلِكَ مِنَ الْفَوَائِدِ الَّتِيْ تَعْرِفُهَا فِي الْقِسْمِ الثَّالِثِ اِنْ شَاءَ اللّٰهُ تَعَالٰى وَيُسَمّٰى حَرْفًا لِوُقُوْعِهٖ فِي الْكَلَامِ حَرْفًا اَيْ طَرَفًا اِذْ لَيْسَ مَقْصُوْدًا بِالذَّاتِ مِثْلَ الْمُسْنَدِ وَالْمُسْنَدِ اِلَيْهِ ـ

অনুবাদ ॥ আর حرف এমন কালেমাকে বলে যা তার মধ্যে নিহিত অর্থ প্রকাশ করতে পারে না বরং অন্যের অর্থ প্রকাশ করে। যেমন– مِنْ এর অর্থ হল শুরু। এটা ঐ সময়ই পর্যন্ত বুঝা যায় না যতক্ষণ পর্যন্ত কিসের থেকে শুরু তা উল্লেখ করা না হয়। যেমন উদাহরণ স্বরূপ বসরা ও কুফা– তুমি বলবে سِرْتُ مِنَ الْبَصْرَةِ اِلَى الْكُوْفَةِ (আমি বসরা থেকে কূফা পর্যন্ত ভ্রমণ করলাম)

حرف **এর আলামত ঃ** ১. উক্ত কালেমা সম্পর্কে খবর দেয়া বা তার দ্বারা খবর প্রদান করা শুদ্ধ না হওয়া এবং ২. اسم ও فعل এর কোন আলামত তার মধ্যে না থাকা।

হরফের উপকারীতা ঃ আরবী ভাষায় হরফের অনেক উপকারিতা আছে। যেমন– ১. দু ইসমের মাঝে সম্বন্ধ স্থাপন করা। যথা– زَيْدٌ فِي الدَّارِ (যায়েদ ঘরে) ২. দু ফে'লের মাঝে সংযোগ স্থাপন করা। যথা اُرِيْدُ اَنْ تَضْرِبَ زَيْدًا (আমি চাই যে, তুমি যায়েদকে প্রহার কর) অথবা ৩. এক اسم ও এক فعل এর মাঝে সম্পর্ক স্থাপন করা। যথা ضَرَبْتُ بِالْخَشَبَةِ (আমি কাঠ দ্বারা মেরেছি) অথবা ৪. দুটি বাক্যের মাঝে সম্পর্ক স্থাপন করা। যথা اِنْ جَائَنِيْ زَيْدٌ اَكْرَمْتُهٗ (যদি যায়েদ আমার নিকট আসে তাহলে আমি তাকে সম্মান করব) এগুলো ছাড়াও حرف এর দ্বারা আরো বহু উপকারীতা আছে। ইনশা আল্লাহ তৃতীয় পর্বে তা জানতে পারবে। حرف **এর নাম করণ ঃ** حرف বাক্যের এক প্রান্তে পতিত হবার কারণে হরফ কে হরফ নামে নাম করণ করা হয়েছে। কারণ এটা বাক্যের মূল্য উদ্দেশ্য যেমন مسند ও مسند اليه হয় না।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهٗ وَحَدُّ الْحَرْفِ كَلِمَةٌ الخ ঃ حرف এর সংজ্ঞা দ্বারা বুঝা গেল যে, যে كلمه তার অর্থ প্রকাশে স্বনির্ভর নয় তাকে حرف বলে। এতে প্রশ্ন জাগে যে, اسم اشاره ، مُشَارٌ اِلَيْه এর দিকে مُوْصول، صِلَه এরদিকে। যেমন– فَوْقٌ - تَحْتٌ، مضاف اليه এর দিকে মুখাপেক্ষী। সুতরাং এগুলোকে حرف বলা উচিৎ? এর জবাব এই যে, গঠনগতভাবে এগুলো নিজ নিজ অর্থ প্রকাশে স্বণির্ভর। ব্যবহারিক ক্ষেত্রে যদিও অর্থটি আরো স্পষ্ট হবার জন্য অন্যের প্রতি মুখাপেক্ষী তবে তা اسم হবার প্রতিবন্ধক নয়।

قوله وَلِلْحَرْفِ فِيْ كَلَامِ الخ ঃ অর্থাৎ حرف নিজ অর্থ প্রকাশে পরনির্ভর হলেও আরবী ভাষায় এর বহু গুরুত্ব ও উপকারীতা রয়েছে। যেমন– দুই ইসম বা দুটি فعل বা একটি اسم ও একটি فعل এর মাঝে সম্পর্ক স্থাপন। যেমন زَيْدٌ فِي الدَّارِ (যাদেয় ঘরে) শুধু زَيْدٌ ও دَارٌ হলে বাক্যের অর্থ বুঝা যেত না। এভাবে ভিন্ন ভিন্ন দুটি বাক্যের মাঝে। যেমন– جَائَنِيْ ও اَكْرَمْتُهٗ এর শুরুতে اِنْ شرطيه এসে একটি বাক্যে পরিণত করল।

قوله وَ غَيْرِ ذٰلِكَ ঃ যেমন حرفِ تَحْضِيض দ্বারা উদ্দেশ্য উৎসাহিত করা, حرفِ نَوَاصِب দ্বারা فعل مضارع কে মাসদারের অর্থে পরিণত করা ইত্যাদি।

قوله وَ يُسَمَّى الْحَرْفُ حَرْفًا ঃ হরফের নাম করণ, حرف এর শাব্দিক অর্থ হল প্রান্ত, কিনারা। حرف যেহেতু বাক্যের মুখ্য অংশ তথা مسند ও مسند اليه কোনটি হতে পারে না। সে হিসেবে যেন তা বাক্যের এক প্রান্তে পড়ে থাকে। শাব্দিক অর্থের সাথে তার অবস্থার এ মিল থাকার দরুন এ নাম রাখা হয়েছে।

فَصْلٌ - اَلْكَلَامُ لَفْظٌ تَضَمَّنَ كَلِمَتَيْنِ بِالْاِسْنَادِ ، وَالْاِسْنَادُ نِسْبَةُ اِحْدَى الْكَلِمَتَيْنِ اِلَى الْأُخْرٰى بِحَيْثُ تُفِيْدُ الْمُخَاطَبَ فَائِدَةً تَامَّةً يَصِحُّ السُّكُوْتُ عَلَيْهَا نَحْوُ زَيْدٌ قَائِمٌ وَ قَامَ زَيْدٌ وَيُسَمّٰى جُمْلَةً. فَعُلِمَ اَنَّ الْكَلَامَ لَايَحْصُلُ اِلَّا مِنْ اِسْمَيْنِ نَحْوُ زَيْدٌ قَائِمٌ وَيُسَمّٰى اِسْمِيَّةً اَوْ مِنْ فِعْلٍ وَاسْمٍ نَحْوُ قَامَ زَيْدٌ وَ يُسَمّٰى جُمْلَةً فِعْلِيَّةً اِذْ لَايُوْجَدُ الْمُسْنَدُ وَالْمُسْنَدُ اِلَيْهِ مَعًا فِيْ غَيْرِهِمَا وَلَا بُدَّ لِلْكَلَامِ مِنْهُمَا **فَاِنْ قِيْلَ** قَدْ نُوْقِضَ بِالنِّدَاءِ قُلْنَا حَرْفُ النِّدَاءِ قَائِمٌ مَقَامَ اَدْعُوْ وَاَطْلُبُ وَهُوَ الْفِعْلُ فَلَا نَقْضَ عَلَيْهِ وَاِذَا فَرَغْنَا مِنَ الْمُقَدَّمَةِ فَلْنَشْرَعْ فِى الْاَقْسَامِ الثَّلٰثَةِ وَاللّٰهُ الْمُوَفِّقُ وَالْمُعِيْنُ -

---

অনুবাদ ॥ বাক্যগঠন পদ্ধতি ঃ সুতরাং (উল্লেখিত ইসনাদের সংজ্ঞা দ্বারা) বুঝা গেল যে, كلام বা বাক্য গঠিত হয় দু'টো اسم দ্বারা, যেমন– زَيْدٌ قَائِمٌ এটাকে جملهٔ اِسْمِيَة (নামবাচক বাক্য) নামকরণ করা হয়। অথবা একটি فعل ও একটি اسم দ্বারা, যেমন– قَامَ زَيْدٌ, এটাকে جملهٔ فعلية (ক্রিয়াবাচক বাক্য) বলা হয়। এ ছাড়া অন্য কোন পদ্ধতিতে বাক্য গঠিত হয় না। কেননা এ দু'টো পদ্ধতি ছাড়া অন্য কোথায়ও مسند اليه ও مسند একত্রে পাওয়া যায় না। অথচ বাক্য গঠনের জন্য এ দু'টো বিষয় অপরিহার্য।

একটি প্রশ্ন ও উত্তর ঃ যদি প্রশ্ন করা হয় যে, كلام -এর উল্লেখিত সংজ্ঞা نداء যথা– يَازَيْدُ দ্বারা খণ্ডিত হয়ে যায়, (কারণ এতে حرف + اسم দ্বারা বাক্য হয়েছে।) তবে উত্তরে আমরা বলব যে, حرفِ نداء টি اَدْعُوْ বা اَطْلُبُ এর স্থলাভিষিক্ত। আর তা فعل (সুতরাং ফে'ল ও ইসম দ্বারাই বাক্যটি গঠিত হয়েছে।) তাই উল্লেখিত সংজ্ঞা খণ্ডিত হয় না। ভূমিকাপর্ব শেষ করে আমরা এখন উল্লেখিত তিনটি পর্ব শুরু করব, আল্লাহই তাওফীকদাতা ও সাহায্যকারী।

প্রাসঙ্গিক আলোচনা ঃ اَلْكَلَامُ لَفْظٌ تَضَمَّنَ الخ ঃ মুসান্নিফ র. كلمة এর পরিচয় ও প্রকারভেদ বর্ণনার পর كلام বা বাক্যের আলোচনা শুরু করেছেন। কারণ كلام বা বাক্যের জন্য আগে كلمه এর পরিচয় জানা আবশ্যক।

كلام এর আভিধানিক অর্থ ঃ অভিধানে كلام বলে مَا يُتَكَلَّمُ بِهِ سَوَاءٌ كَانَ فِيهِ تَرْكِيْبٌ اَوْلَا অর্থাৎ যা ব্যক্ত করা হয় চাই পরস্পরে সংযুক্ত হৌক যেমন– زَيْدٌ قَائِمٌ বা না হোক যেমন اِنَّ ও زَيْدًا

كلام এর পারিভাষিক অর্থ ঃ اَلْكَلَامُ لَفْظٌ تَضَمَّنَ كَلِمَتَيْنِ بِالْاِسْنَادِ

সংজ্ঞাটা পূর্ণাঙ্গ (جَامِعٌ وَّ مَانِعٌ) হল যেভাবে ঃ সংজ্ঞায় উল্লিখিত لفظ শব্দটি عام বা جنس এতে مركب مُفْرَدَاتُ গيرِ كَلَامِيَه ও كَلَامِيَه ، مُفْرَد ، مُهْمَلُ সব শামিল রয়েছে। تَضَمَّنَ كَلِمَتَيْنِ হল প্রথম فصل এর দ্বারা مُهْمَلَات ও غَيْرِ اِسْنَادِ বা مُرَكَّبَاتِ غَيْرِ كَلَامِيَه বেরিয়ে গেছে! অতপর بِالْاِسْنَادِ দ্বিতীয় فصل এর দ্বারা যেমন– غُلَامُ زَيْدٍ প্রভৃতি বের হয়ে গেছে। এখন অত্র সংজ্ঞায় কেবল مُرَكَّبَاتِ كَلَامِيَه শামিল থাকল চাই তা خبريه হোক বা اِنْشَائِيَه। উল্লেখ্য যে, উভয় كلمه প্রকাশ্য হতে পারে। যেমন– زَيْدٌ قَائِمٌ বা একটি প্রকাশ্য ও অপরটি উহ্যও হতে পারে। যেমন اِضْرِبْ এর মধ্যে اَنْتَ যমীর উহ্য রয়েছে।

★ **ফায়েদা ঃ** تَضَمَّنَ كَلِمَتَيْنِ তথা দু'শব্দ হওয়া كلام এর জন্য আবশ্যিক নয়। বরং নিম্নতম সংখ্যা উদ্দেশ্য। অতএব تثنيه দ্বারা مَا فَوْقَ الْوَاحِدِ (একাধিক) উদ্দেশ্য নিতে হবে। অথবা كَلِمَتَيْنِ এর পরে فَصَاعِدًا উহ্য মানতে হবে, যাতে দুয়ের অধিক দ্বারা গঠিত বাক্যের ব্যাপারে প্রশ্ন না জাগে।

قَوْلُهُ وَالْاِسْنَادُ ঃ اِسْنَاد বাবে اِفْعَال এর মাসদার। অর্থ এক বস্তুকে অপর বস্তুর সাথে সম্পৃক্ত করা, সংযুক্ত করা। পরিভাষায় এক শব্দকে অপর শব্দের সাথে এভাবে সম্বন্ধিত করা যাতে তা শোনার দ্বারা পূর্ণাঙ্গ অর্থ বুঝে

আসে। এবং উক্ত ব্যাপারে কোন জিজ্ঞাস্য না থাকে। যেমন- ضَرَبَ زَيْدٌ عَمْرًوا (যায়েদ আমর কে প্রহার করেছে) এর অর্থ বুঝার ব্যাপারে কোন কিছুর অপেক্ষায় থাকতে হয় না, বাকী কেন কোথায়? ইত্যাদি عارضى (সংশ্লিষ্ট) বিষয়, মূল উদ্দেশ্য এসবের উপর মওকূফ নয়।

★ **ফায়েদা ঃ** (ক) إِسْنَاد এর সংজ্ঞার মধ্যে نِسْبَتُ اِحْدَى الْكَلِمَتَيْنِ হল جنس -আর بِحَيْثُ يُفِيْدُ الخ হল فصل (খ) نِسْبَتِ مُفِيْدَهْ তথা পূর্ণাঙ্গ অর্থ বোধক বাক্যে ৪টি বিষয় থাকা জরুরী। যথা ১. مَحْكُومٌ عَلَيْهِ ২. مَحْكُومٌ بِهِ ৩. نِسْبَتِ حُكْمِيَه ও ৪. حُكْم যেমন- زيد قائم একটি বাক্য। এর মধ্যে زيد হল محكوم عليه আর قائم হল محكوم به এবং যায়েদের প্রতি قيام (দাঁড়ানো)) এর সম্বন্ধ হল نسبتِ حكميه আর رَبْط বা সম্বন্ধ হল حكم -এ চারটি বিষয় একত্রে কেবল تركيبِ إِسْنَادِى তথা جملة এর মধ্যে পাওয়া যায়।

قَوْلُهُ يَصِحُّ السُّكُوْتُ الخ ঃ এটা فَائِدْهٔ تَامَّهْ (পূর্ণাঙ্গ উপকার) সংশ্লিষ্ট অর্থাৎ فائده تامّة এর পরিচয় উদ্দেশ্য।

قوله وَالْكَلَامُ لَا يَحْصُلُ ঃ এটা দ্বারা মুসান্নিফ (র.) একটা সম্ভাব্য ধারণা দূর করতে চেয়েছেন, তা এই যে, كلمه যেহেতু তিন প্রকার, এ কারণে ২টির সমন্বয়ে কমপক্ষে ৬টি রূপ হতে পারে, যেমন নিম্নের ছন্দে লক্ষ কর-

اسم و اسم ، فعل و فعل ، حرف و حرف + اسم و فعل، فعل و حرف ، اسم و حرف

মুসান্নিফ (র.) এ ৬ প্রকারের মধ্যে কেবল ২ প্রকারে বাক্য গঠন হওয়ার কথা বলেছেন। যথা- اسم ও اسم - এর সমন্বয় যেমন زَيْدٌ قَائِمٌ -এর নাম جملهٔ اسميه অথবা اسم و فعل এর নাম হল جمله فعليه - বাকীগুলোর দ্বারা বাক্য না হওয়ার কারণ اِذْ لَا يُوْجَدُ الْمُسْنَدُ الخ উপরোক্ত দু'প্রকার ছাড়া একত্রে مسند اليه ও مسند পাওয়া যায় না। অথচ এ দুটি না পাওয়া গেলে বাক্য ও হয় না।

قوله فَاِنْ قِيْلَ قَدْ نُوْقِضَ الخ ঃ অর্থাৎ يَا زَيْدُ এর মধ্যে يا হল حرفِ نِدَا আর زيد একটি اسم মিলে جمله বলা হয়, এখানে তো اسم ও حرف এর সমন্বয়ে جمله হল? মুসান্নিফ র. এর জবাব দিয়েছেন যে, يَا টি যদিও نِدَائِيَه বাহ্যত حرف কিন্তু فعل এর অর্থে ব্যবহৃত হওয়ায় কেমন যেন এখানে اَدْعُوْ বা اَطْلُبُ ফে'ল আছে। আর فعل ও اسم মিলে বাক্য হচ্ছে।

★ কেউ প্রশ্ন করতে পারে যে, তাহলে তো শুধু "يا" টিকেও বাক্য বলা যায়। কারণ اَدْعُوْ এর মধ্যে فعل ও فاعل আছে? উত্তর ঃ হ্যা, অর্থের দিক দিয়ে এর দ্বারা বাক্য পূর্ণ হয়ে যায়। زيد বা منادى হল مفعول এর পর্যায় বা فضله অতিরিক্ত।

التمرين (অনুশীলনী)

১. نحو এর শাব্দিক ও পারিভাষিক অর্থ এবং এর উদ্দেশ্য ও আলোচ্য বিষয় কি লিখ। এবং সংজ্ঞাটি পূর্ণাঙ্গ হল কিরূপে তা বুঝিয়ে দাও।
২. كلمه কাকে বলে? কালেমা কত প্রকার ও কি কি? وَجْهِ حَصْر সহ লিখ।
৩. اسم এর সংজ্ঞা দাও ও উহার আলামতসমূহ উদাহরণসহ লিখ।
৪. فعل এর সংজ্ঞা ও নাম করণের কারণ এবং আলামতসমূহ লিখ।
৫. حرف এর পরিচয় দাও, উহার উপকারীতা কি বিস্তারিত লিখ।
৬. كلام কাকে বলে? এর অপর নাম কি? كلام হওয়ার জন্য অপরিহার্য বিষয় কি বিস্তারিত লিখ।

اَلْقِسْمُ الْاَوَّلُ فِى الْاِسْمِ

وَقَدْ مَرَّ تَعْرِيْفُهُ وَهُوَ يَنْقَسِمُ اِلَى الْمُعْرَبِ وَالْمَبْنِيِّ فَلْنَذْكُرْ اَحْكَامَهُ فِىْ بَابَيْنِ وَخَاتِمَةٍ، اَلْبَابُ الْاَوَّلُ فِى الْاِسْمِ الْمُعْرَبِ وَفِيْهِ مُقَدَّمَةٌ وَثَلٰثَةُ مَقَاصِدَ وَخَاتِمَةٌ، اَمَّا الْمُقَدَّمَةُ فَفِيْهَا فُصُوْلٌ -

فَصْلٌ - فِىْ تَعْرِيْفِ الْاِسْمِ الْمُعْرَبِ وَهُوَ كُلُّ اِسْمٍ رُكِّبَ مَعَ غَيْرِهٖ وَلَا يُشْبِهُ مَبْنِيَّ الْاَصْلِ اَعْنِى الْحَرْفَ وَالْمَاضِىَ نَحْوُ زَيْدٌ فِىْ قَامَ زَيْدٌ، لَا زَيْدٌ وَحْدَهٗ لِعَدَمِ التَّرْكِيْبِ وَلَا هٰؤُلَاءِ فِىْ قَامَ هٰؤُلَاءِ لِوُجُوْدِ الشِّبْهِ وَ يُسَمّٰى مُتَمَكِّنًا -

---

প্রথম অধ্যায় ঃ ইসম প্রসঙ্গ

অনুবাদ॥ ইসমের সংজ্ঞা পূর্বে বর্ণিত হয়েছে। ইসমটি معرب ও مبنى এ দু'শ্রেণীতে বিভক্ত। আমরা দু'টি অধ্যায় ও একটি পরিশিষ্টে এর বিধানসমূহ আলোচনা করব।

প্রথম অধ্যায় اسم معرب প্রসঙ্গে ঃ এতে একটি ভূমিকা, তিনটি মাকসাদ (উদ্দেশ্য) ও একটি উপসংহার রয়েছে। ভূমিকায় কয়েকটি (৪টি) পরিচ্ছেদ রয়েছে।

পরিচ্ছেদ-১ ঃ اسم معرب এর সংজ্ঞা

اسم معرب এর সংজ্ঞা ঃ اسم معرب এমন সব ইসম যা অন্য শব্দের সাথে যুক্ত হয় এবং مبنى اصل তথা- حرف, امرحاضر ও ماضى -এর কোনটির সাথে সাদৃশ্য রাখে না। যেমন- قام زيد -এর মধ্যে زيد শব্দটি মু'রাব তবে শুধু زيد শব্দটি অন্যের সাথে মুয়াক্কাব (যুক্ত) না হওয়ার কারণে মু'রাব নয়। এবং قَامَ هٰؤُلَاءِ -এর মধ্যে هٰؤُلَاءِ শব্দটিও মু'রাব নয়। কারণ তাতে مبنى اصل -এর সাদৃশ্য বিদ্যমান রয়েছে। ইসমে মু'রাবকে اسم مُتَمَكِّنْ ও বলা হয়।

প্রাসঙ্গিক আলোচনা ঃ ভূমিকার মধ্যে মুসান্নিফ (র.) বলেছিলেন যে, অত্র কিতাবকে তিনি ৩ টি অধ্যায় বা পর্ব ও একটি পরিশিষ্টে বিন্যস্ত করেছেন, আলোচ্য বিষয়ের বিস্তারিত পরিচয়ের পর তিনি এখান থেকে মূল প্রতিপাদ্য বিষয়ের আলোচনা শুরু করেছেন।

মুসান্নিফ (র.) সর্বাগ্রে اسم এর আলোচনা এনেছেন এজন্য যে, فعل ও حرف এর তুলনায় اسم উচ্চ মর্যাদা সম্পন্ন। এবং এর আলোচ্য বিষয়ই বেশী।

قَوْلُهٗ وَ هُوَ يَنْقَسِمُ ঃ اسم হয় معرب হবে না হয় مبنى – কারণ ঃ اسم দু প্রকার – হয় مفرد হবে না হয় مركب - مفرد হলে সেটা مبنى - আর مركب হয়তো مبنى اصل এর সাথে সামঞ্জস্য রাখবে বা রাখবে না সামঞ্জস্য রাখলে সেটা مبنى যেমন اَسْمَاءِ غَيْرِ مُتَمَكِّنَةٌ আর সামঞ্জস্য না রাখলে সেটা معرب যেমন غُلَامُ زَيْدٍ প্রভৃতি। উল্লেখ্য যে, সকল ইসম مفرد যেমন زيد,عمر প্রভৃতি এগুলো বাক্যে ব্যবহৃত হওয়ার আগ পর্যন্ত জযমের ওপর মবনী।

قَوْلُهٗ اَلْاِسْمُ الْمُعْرَبُ ঃ এখানে اسم শব্দের উল্লেখটা اِتِّفَاقِىْ (ঘটনাক্রমে)। এটা উল্লেখ না করলে ও কো অসুবিধা ছিল না, কারণ এ অধ্যায়ে কেবল اسم এরই আলোচনা হবে যেমনটি মুসন্নিফ র. উল্লেখ করেছেন।

ফায়েদা ঃ (ক) مُعْرَبُ বাবে افعال হতে اسم ظرف এর ছীগা। اِعْرَابُ অর্থ হল اِظْهَارُ- সুতরাং مُعْرَبُ অর্থ হবে প্রকাশ স্থল। আমিলের আমল প্রকাশ হওয়ায় বা اعراب এর দ্বারা অর্থ স্পষ্ট হওয়ায় এনাম রাখা হয়েছে। কারণ اِعْرَاب এর দ্বারা فَاعِل হওয়া, مَفْعُوْل হওয়া ইত্যাদি জানা যায়। আর তখন অর্থ বুঝা সহজ হয়ে যায়।

অথবা اعراب টি اِزَالَةُ الْفَسَادِ অর্থ হতে গৃহীত, যেহেতু اعراب দ্বারা এক অর্থ অন্য অর্থের সাথে মিলে যাওয়ার আশংকা দূর করে। এজন্য এ নাম রাখা হয়েছে। (খ) مبنى বাবে ضَرَبَ হতে اسم مفعول - মাসদার بِنَاءٌ অর্থ স্থিতি, পরিবর্তনহীন। আমিলের প্রভেদে যার শেষ অবস্থা পরিবর্তিত হয় না তাকে مَبْنِى বলে। এটা মূলত مَبْنُوْىٌ ছিল। مَرْمِىٌّ এর কায়দার تَعْلِيل হয়েছে। কবির ভাষায়–

مَبْنِى وه ہے رہتا ہے جو برقرار + مُعْرَبْ وه ہے پھرتا ہے جو بار بار

قَوْلُهُ رُكِّبَ مَعَ غَيْرِهِ ঃ এটা فصل, আর جنس হল كل اسم -এর দ্বারা যেসব اسم মুরাক্কাব হয় না তা খারিজ হয়ে গেল। যেমন– الف، با، تا أَسْمَائِے مَعْدُوْدَهْ প্রভৃতি।

قَوْلُهُ وَلَا يُشْبِهُ مَبْنِيَّ الْاَصْلِ ঃ এটা ২য় فصل -এর দ্বারা যেসব ইসম مَبْنِى اصل এর সাথে মিল রাখে যেমন أَسْمَائِے غَيْرِ مُتَمَكِّنَه এ সংজ্ঞা হতে বের হয়ে সংজ্ঞাটি جَامِع مَانِع তথা পূর্ণাঙ্গ হয়ে গেল।

★ مبنى اصل তিনটি. ১. সমস্ত حرف ২. امر حاضر (এর দ্বারা معروف এর ছীগা উদ্দেশ্য। কারণ غائب - متكلم ও مجهول এর ছীগাগুলো মু'রাব ও ৩. فعل ماضى (اِسْتِمْرَارِى) ছাড়া)

قَوْلُهُ نَحْوُ زَيْدٌ الخ ঃ এখানে نَحْوُ زَيْدٌ এর পূর্বে هُوَ মুবতাদা উহ্য আছে। আর نحو মুযাফ ও পরবর্তী বাক্য جملة হয়ে মুযাফ ইলায়হি হয়ে যবর হবে।

قوله لَا زَيْدٌ وَحْدَهٗ ঃ অর্থাৎ শুধু زيد (মুরাক্কাব না হলে) মবনী। وحده এর دال এর ওপর যবর হবে। কারণ এটি لَا يُعْرَبُ زَيْدٌ مُتَوَحِّدًا এর অর্থে হয়ে তারকীবে حال হবে। মূলত এমন ছিল (اَىْ حَالَ كَوْنِهٖ وَحْدَهٗ)

★ **ফায়েদা** ঃ اسماءِ مُتَمَكِّنَه যথা زيد، عمر প্রভৃতি তারকীব না হওয়াকালে معرب নাকি مبنى এ ব্যাপারে মত বিরোধ রয়েছে।

ক. কাফিয়া ও হেদায়াতুন্নাহু এর মুসন্নিফ র. সহ অনেকের মতে মুরাক্কাব হওয়ার আগ পর্যন্ত مبنى ও মুরাক্কাব হলে معرب অর্থাৎ مُعْرَبْ بِالْقُوَّةْ ও مُبْنِىْ بِالْفِعْلِ

খ. আল্লামা যখমশরী এর মতে معرب - তাঁর মতে মুরাক্কাব হওয়ার যোগ্যতা রাখাই معرب হওয়ার জন্য যথেষ্ট।

قَوْلُهُ وَلَا هٰؤُلَاءِ ঃ قَامَ هٰؤُلَاءِ এর মধ্যে هٰؤُلَاءِ শব্দটি اسم এবং তা قَامَ ফে'লের সাথে মুরাক্কাব হওয়া সত্ত্বে মবনী। কারণ এটি مبنى اصل حرف এর সাথে মিল (مشابه) রাখে। কেননা হরফ যেমন অর্থ প্রকাশে অন্য শব্দের মুখাপেক্ষী এটিও তদরূপ مُشَارٌ اِلَيْه এর প্রতি মুখাপেক্ষী।

قَوْلُهُ وَ يُسَمّٰى مُتَمَكِّنًا ঃ مُتَمَكِّنٌ বাবে تفعيل হতে اسم فاعل এটা لازم ও متعدى তথা জায়গা গ্রহণকারী ও জায়গাদানকারী উভয় অর্থে আসে, এখানে জায়গা দানকারী অর্থে। কেননা اسم معرب তার শেষাক্ষরে আমল করার জন্য আমিলকে সুযোগদান করে। এ কারণে اسم معرب কে اسم مُتَمَكِّنٌ বলে।

আল্লামা সায়্যেদ শরীফ (র.) এর মতে مُتَمَكِّنٌ (বাবে تفعل হতে) عام - منصرف ও غيرِ منصرف উভয়কে শামিল করে। আর مُتَمَكِّنٌ (বাবে تَفْعِيْل হতে) خاص এটা শুধু مُعْرَبْ مُنْصَرِف বুঝায়।

فَصْلٌ ـ وَحُكْمُهُ اَنْ يَّخْتَلِفَ اٰخِرُهُ بِاخْتِلَافِ الْعَوَامِلِ اِخْتِلَافًا لَفْظِيًّا نَحْوُ جَائَنِىْ زَيْدٌ وَ رَاَيْتُ زَيْدًا وَمَرَرْتُ بِزَيْدٍ اَوْ تَقْدِيْرِيًّا نَحْوُ جَائَنِىْ مُوْسٰى وَرَاَيْتُ مُوْسٰى وَ مَرَرْتُ بِمُوْسٰى وَالْاِعْرَابُ مَا بِهِ يَخْتَلِفُ اٰخِرُ الْمُعْرَبِ كَالضَّمَّةِ وَالْفَتْحَةِ وَالْكَسْرَةِ وَالْوَاوِ وَالْاَلِفِ وَالْيَاءِ ـ وَاِعْرَابُ الْاِسْمِ عَلٰى ثَلٰثَةِ اَنْوَاعٍ رَفْعٌ وَنَصْبٌ وَجَرٌّ وَالْعَامِلُ مَا بِهِ رَفْعٌ اَوْ نَصْبٌ اَوْجَرٌّ وَمَحَلُّ الْاِعْرَابِ مِنَ الْاِسْمِ وَهُوَ الْحَرْفُ الْاَخِيْرُ مِثَالُ الْكُلِّ نَحْوُ قَامَ زَيْدٌ، فَقَامَ عَامِلٌ وَزَيْدٌ مُعْرَبٌ وَالدَّالُ مَحَلُّ الْاِعْرَابِ ـ وَاعْلَمْ اَنَّهُ لَايُعْرَبُ فِىْ كَلَامِ الْعَرَبِ اِلَّا الْاِسْمُ الْمُتَمَكِّنُ وَالْفِعْلُ الْمُضَارِعُ وَسَيَجِيْئُ حُكْمُهُ فِى الْقِسْمِ الثَّانِىْ اِنْ شَاءَ اللّٰهُ تَعَالٰى ـ

পরিচ্ছেদ-২ ঃ اسم معرب এর হুকুম বা বিধান

অনুবাদ ॥ اسم معرب -এর হুকুম বা বিধান ঃ اسم معرب -এর হুকুম এই যে, আমলের পরিবর্তনে তার শেষ বর্ণে স্বরচিহ্নের পরিবর্তন হয়। এ পরিবর্তন হয়ত শব্দগতভাবে (প্রকাশ্যভাবে) হবে যথা– جَاءَنِىْ زَيْدٌ (যায়েদ আমার নিকট এসেছে), رَاَيْتُ زَيْدًا (আমি যায়েদকে দেখেছি) مَرَرْتُ بِزَيْدٍ (আমি যায়েদের নিকট দিয়ে গিয়েছি)। অথবা উহ্যভাবে হবে। যথা– جَاءَنِىْ مُوْسٰى (মূসা আমার নিকট এসেছে), رَاَيْتُ مُوْسٰى (আমি মূসাকে দেখেছি), مَرَرْتُ بِمُوْسٰى (আমি মুসার নিকট দিয়ে গিয়েছি)।

যে চিহ্ন দ্বারা اسم معرب এর শেষ বর্ণ বিভিন্নরূপ ধারণ করে, তাকে اعراب বা স্বরচিহ্ন বলে। যেমন– পেশ, যবর, যের, واو - الف - ياء-

اِعْرَاب -এর প্রকারভেদ ঃ ইসমের اعراب বা স্বরচিহ্ন তিন প্রকার। যথা– رفع، نصب، جر-

عَامِل -এর সংজ্ঞা ঃ যার কারণে رفع - نصب ও جر হয় তাকে عامل বলা হয়।

اِعْرَاب -এর স্থান ঃ اسم -এর শেষ বর্ণ হল– اعراب -এর স্থান।

مِثَال বা উদাহরণ ঃ সবগুলোর উদাহরণ যথা– قَامَ زَيْدٌ এখানে قَامَ শব্দটি عَامِلٌ، زَيْدٌ মু'রাব, পেশটি إعراب এবং دال টি مَحَلِّ إعْرَابٌ-

জ্ঞাতব্য ঃ আরবী ভাষায় اسم مُتَمَكِّنْ ও فعل مضارع ব্যতীত অন্য কোন শব্দ معرب হয় না। فعل -এর হুকুম ইনশাআল্লাহ দ্বিতীয় ভাগে বর্ণিত হবে।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُه حُكْمُهُ ঃ حُكْمٌ অর্থ আছর, প্রভাব, প্রতিক্রিয়া। পরিভাষায় اَلْاَثَرُ الْمُتَرَتِّبُ অর্থাৎ বস্তুর উপর আপতিত প্রভাব বা প্রতিক্রিয়া কে حكم বলে। যেমন– حُكْمُ الصَّلٰوةِ فَرْضٌ নামাযের হুকুম হল ফরয, সুতরাং معرب এর হুকুম অর্থ হলে معرب হওয়ার দিক দিয়ে اسم এর উপর যে প্রভাব বিস্তার করে তা এই যে, তার শেষে (জাতিগত বা গুণগতভাবে) আমিলের বিভিন্নতায় পরিবর্তন হতে থাকে। চাই পরিবর্তনটি প্রকাশ্যভাবে হোক বা উহ্যভাবে।

★ ব্যবহারিক ক্ষেত্রে حكم আরো কয়েকটি অর্থে আসে, যেমন اِعْتِقَادِيه - نِسبتِ حُكْمِيه - مُحكوم بِه - نِسْبَتِ خَبْرِيهْ تَامّه -

قَوْلُهُ اِخْتِلَافًا لَفْظِيًّا ঃ অর্থাৎ শেষের পরিবর্তনটা প্রকাশ্য ভাবে হবে। যেমন جَائَنِىْ زَيْدٌ ، رَاَيْتُ زَيْدًا ، مَرَرْتُ بِزَيْدٍ লক্ষণীয় যে, زَيْدٌ শব্দটি جَاءَ ফে'লের فاعل হওয়ায় পেশ, رَاَيْتُ এর مفعول হওয়ায় যবর ও ب হরফে

জারের কারণে যের হয়েছে। পক্ষান্তরে إِعْرَابِ تَقْدِيْرِىْ অর্থ হল যা বাহ্যত দেখা যায় না। যেমন مُوْسٰى শব্দের মধ্যে তিনো হালাতে লক্ষণীয়।

★ **ফায়েদা ঃ** মুসান্নিফ (র.) مُعْرَبْ এর যে সংজ্ঞা উল্লেখ করেছেন এটাই جُمْهُوْرْ তথা অধিকাংশ নাহবীগণের পসন্দনীয় মত। পক্ষান্তরে শায়েখ ইবনে হাজেব র. কাফিয়া কিতাবে معرب এর সংজ্ঞা এভাবে দিয়েছেন। اَلْمُعْرَبُ اَلْمُرَكَّبُ الَّذِىْ لَمْ يَشْبَهْ مَبْنِىَّ الْاَصْلِ অর্থাৎ معرب ঐ اسم কে বলে যা مبنى اصل এর সাথে সামঞ্জস্য রাখে না। তিনি مَااخْتَلَفَ اٰخِرُهُ الخ কে معرب এর হুকুম রূপে উল্লেখ করেছেন।

قوله اَلْاِعْرَابُ مَابِهِ الخ অর্থাৎ যে চিহ্নের মাধ্যমে معرب এর শেষ অবস্থা পরিবর্তিত হয়। এখানে ما টা আ'ম অর্থাৎ চাই তা হরকত হোক বা হরফ। আর بـه এর ب টি سَبَبِيَّة বা কারণ নির্দেশক, যমীর এর مرجع হল اعراب -

قَوْلُهٗ كَالضَّمَّةِ الخ ঃ উল্লেখ্য যে, ضَمَّة ـ فَتْحَة ـ كَسْرَة এগুলো ة সহ হলে معرب ও مبنى উভয়ের হরকত বুঝায়। আর ة বিহীন হলে শুধু মবনীর এর হরকত বুঝায়। আর رفع ، نصب ও جر মু'রার এর হরকত বুঝায়।

قَوْلُهٗ وَاِعْرَابُ الْاِسْمِ الخ ঃ اسم معرب এর اعراب তিন প্রকার। যথা رفع ، نصب ও جر - কারণ বাক্যের অর্থ ও প্রকৃতভাবে তিন প্রকার– فَاعِلِيَّتْ ـ مَفْعُوْلِيَّتْ ও اِضَافَتْ এর মধ্যে فاعليّت এর স্থান উপরে হওয়ায় তাকে উত্তম اعراب তথা رفع দেয়া হয়েছে। অতঃপর نصب টি فضله হওয়ায় فضله তথা مفعول কে সেটি দেয়া হয়েছে। অবশিষ্ট থাকে جر এটা مضاف اليه কে দেয়া হয়েছে।

★ **ফায়েদা ঃ** ক. معرب এর اِعْرَاب কে اَنْوَاعْ ও مبنى এর হরকত কে اَلْقَابْ বলে। কারণ رفع - نصب ও جر এর প্রত্যেকটি اَنْوَاعِ مَعَانِىْ তথা বিভিন্ন প্রকার অর্থের কোন একটি বুঝায়। অপরদিকে مبنى এর হরকত এরূপ বুঝায় না বরং নির্দিষ্ট কোন বিষয় বুঝায়। যেমন মাযী আমর ইত্যাদি। এজন্য معرب এর ক্ষেত্রে اَنْوَاع ও مبنى এর ক্ষেত্রে اَلْقَابْ বলে।

قَوْلُهٗ عَلٰى ثَلٰثَةِ اَنْوَاعٍ ঃ اَقْسَام বা اَصْنَافْ না বলে اَنْوَاعْ বলার কারণ এই যে, نوع এমন افراد বা একক বস্তুসমূহকে বলে যা مُتَّفِقُ الْحَقَائِقْ (একই حَقِيْقَتْ বা স্বভাব প্রকৃতি গত) আর رفع ـ نصب ও جر এর প্রত্যেকটির অধীনে একই জাতীয় اَفْرَاد আছে। যেমন– رفع এর অধীনে الف – واو ও পেশ نصب এর অধীনে الف, ياء ও যের এর جر এর অধীনে ياء, যের। পক্ষান্তরে اَقْسَامْ বা اَصْنَافْ শব্দ আনলে এমনটি বুঝা যেত না।

★ **ফায়েদা ঃ হরকতসমূহের নাম করণের কারণ ঃ**

১. رفع অর্থ উঁচু হওয়া। পেশ উচ্চারণের সময় ঠোঁট উঁচু হওয়ায় এ নাম রাখা হয়েছে।

২. نصب অর্থ দাঁড়ান, যবর উচ্চারণ কালে ঠোঁট স্বস্থানে দাঁড়িয়ে থাকায় এ নাম রাখা হয়েছে।

৩. جر অর্থ টানা। যের উচ্চারণকালে নীচের ঠোঁটে টান পড়ে বিধায় এ নাম রাখা হয়েছে।

এভাবে اَلضَّمُّ মিলিত হওয়া। পেশ উচ্চারণের সময় দু পাশের ঠোঁট মিলে যায় এবং اَلْفَتْحُ অর্থ খোলা, যবরের উচ্চারণের সময় মুখ খুলে যায় এবং اَلْكَسْرُ অর্থ ভেঙ্গে যাওয়া, যের উচ্চারণের সময় নিচের ঠোঁট ভেঙ্গে নীচের দিকে নেমে যায় এ কারণে হরকতগুলোকে ঐ সব নামে নাম রাখা হয়েছে।

قوله وَاعْلَمْ اَنَّهٗ لَا يُعْرَبُ ঃ কথার শুরুতে اِعْلَمْ (মনে রাখ) আনার দ্বারা শ্রোতার দৃষ্টি আকর্ষণ করা ও কথার প্রতি মনোযোগ আকৃষ্ট করা উদ্দেশ্য হয়ে থাকে। اِفْهَمْ ـ اِعْرِفْ ইত্যাদি اُمُوْرِ جُزْئِيَّةْ তথা শাখাগত বিষয় সম্পর্কে হয়। আর اِعْلَمْ সাধারণত اُمورِ كُلِّيَّةْ মৌলিক বিষয় সম্পর্কিত হয়। এখানে اَنَّهٗ لَا يُعْرَبُ দ্বারা كُلِّىْ বিষয়ক আলোচনা করা হয়েছে।

قوله اَنَّهٗ لَا يُعْرَبُ الخ ঃ এর দ্বারা বুঝায় গেল যে, اسم مُتَمَكِّنْ ও مضارع এ দু'প্রকারই কেবল মু'রার এর মধ্যে جمع مُؤَنَّث ও نونِ تَاكِيْد যুক্ত ছীগা গুলো مبنى - مُضَارِع

فَصْلٌ فِي إِعْرَابِ الْإِسْمِ وَهِيَ تِسْعَةُ أَصْنَافٍ اَلْاَوَّلُ اَنْ يَكُوْنَ الرَّفْعُ بِالضَّمَّةِ وَالنَّصْبُ بِالْفَتْحَةِ وَالْجَرِّ بِالْكَسْرَةِ وَ يَخْتَصُّ بِالْمُفْرَدِ الْمُنْصَرِفِ الصَّحِيْحِ وَهُوَ عِنْدَ النُّحَاةِ مَا لَا يَكُوْنُ فِيْ اٰخِرِهٖ حَرْفُ عِلَّةٍ كَزَيْدٍ

পরিচ্ছেদ-৩ ঃ اسم مُعْرَبٌ এর اعراب -এর প্রকারভেদ

অনুবাদ॥ إِسْمُ مُعْرَبٌ-এর اعراب **-এর প্রকারভেদ ঃ** এ পরিচ্ছেদটি اسم معرب -এর اعراب -এর প্রকারভেদ প্রসঙ্গে। আর তা নয় প্রকার। **প্রথম প্রকার ঃ** رفع (রফা') হবে পেশের মাধ্যমে, نصب (নসব) হবে যবরের মাধ্যমে এবং جر (জর) হবে যেরের মাধ্যমে। এ اعراب তিন প্রকার ইসমের সাথে নির্দিষ্ট। যথা- (ক) مُفْرَدٌ مُنْصَرِفٌ صَحِيْحٌ - নাহুবিদদের পরিভাষায় সহীহ এমন শব্দকে বলে, যার শেষে হরফে ইল্লাত না থাকে। যেমন- زَيْدٌ-

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهُ اَصْنَافٌ الخ ঃ اَصْنَاف - صِنْفٌ এর বহুঃ অর্থ প্রকার। উল্লেখ্য যে, صِنْف - نَوْع ও قسم মূলগত বিষয়ে ভিন্ন কিন্তু ব্যবহারিক ক্ষেত্রে একই অর্থবোধক। (ক) صِنْف সাধারণত বহিরগত বিষয়কে কেন্দ্র করে হয়, যেমন বাঙালী, পাকিস্তানী প্রভৃতি। সুতরাং نوع এর তুলনায় এটা খাছ (খ) আর نَوْعٌ সৃষ্টিগত শ্রেণীভেদ বুঝায়। যেমন মানুষ, গরু, ছাগল প্রভৃতি, আর (গ) قسم উভয়টির তুলনায় عام যেমন حَيْوَانٌ -

قَوْلُهُ تِسْعَةُ اَصْنَافٍ الخ ঃ اعراب মোট ৯ প্রকার। আর اعراب হওয়ার এর দিক দিয়ে اسم مُتَمَكِّن মোট ১৩ প্রকার। যথা-

قَوْلُهُ اَلْاَوَّلُ الخ ঃ উল্লেখ্য যে, اعراب প্রথমত দু' প্রকার ক. لَفْظِى (প্রকাশ্য) ও খ. تَقْدِيْرِى (উহ্য)

★ اعراب لَفْظِى আবার দু প্রকার- ক. اِعْرَابُ بِالْحَرَكَتْ ও খ. اِعْرَابُ بِالْحَرْف এগুলোর মধ্যে اِعْرَاب لَفْظِى এবং اِعْرَابُ بِالْحَرَكة হল আসল। এভাবে যে শব্দে তিনো অবস্থায় তিনো প্রকার اعراب হয় সেটা আসল। এ কারণে মুসান্নিফ (র.) সর্ব প্রথম এ প্রকারকে উল্লেখ করেছেন।

★ **ফায়েদা ঃ** اِعْرَاب এর দিক দিয়ে اسم مُتَمَكِّنٌ এর অবস্থা বা হালত ৩টি ১. فَاعِلِيَّتٌ বা رَفْعِى ২. مَفْعُوْلِيَّتٌ বা نَصْبِى ৩. جَرِّى বা اِضَافت -

★ رَفْعِى তথা فَاعِلِيَّتٌ দ্বারা উদ্দেশ্য হল فاعل হওয়া, চাই حَقِيْقَةً (প্রকৃত) হৌক বা حُكْمًا (বিধানগত) حقيقة ফায়েল যেমন ضرب زيد এর মধ্যে যায়েদ ফায়েল। আর حُكْمًا ফায়েল হল-

مَفْعُوْلِ مَا لَمْ يُسَمَّ فَاعِلُهُ (نائب فاعل) مُبْتَدَا ، خَبَر، اِسْمِ مَا وَ لَا الْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ، خَبَرِ لَائ نَفِى جِنْس ، اِسْمِ كَانَ وَ اَخَوَاتِهَا -

★ نصب তথা مَفْعُوْلِيَّت অর্থ হল مفعول হওয়া। চাই حَقِيْقَةً হোক বা حُكْمًا - حَقِيْقَةً মাফউল যেমন ضَرَبَ زَيْدٌ عَمْرًوا এর মধ্যে عَمْرًوا - আর حُكْمًا مفعول হল- حَالْ، مُسْتَثْنى، اِسمِ اِنَّ وَ اَخَوَاتِهَا، خَبَرِ كَانَ وَاَخَوَاتِهَا، مَنْصُوْبُ بِلائے نَفِى جِنْس ، خَبَرِ مَا وَلَاالْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ -

★ এভাবে جَرِّىْ অর্থ হল হরফে জার এর আছর চাই তা لَفْظِى হৌক যেমন اَلْمَالُ لِزَيْدٍ বা تَقْدِيْرِىْ যেমন- غُلَامُ لِزَيْدٍ

قَوْلُهُ وَ يَخْتَصُّ بِالْمُفْرَدِ الْمُنْصَرِفِ الخ ঃ উপরোক্ত তিন হালাতের তিন اِعْرَاب (হরকতের মাধ্যমে) তিন প্রকার اسم এর জন্য খাছ। প্রথম প্রকার হল- مُفْرَدٌ مُنْصَرِف صَحِيْح - مفرد দ্বারা উদ্দেশ্য واحد বা একবচন হওয়া, منصرف দ্বারা উদ্দেশ্য غير منصرف না হওয়া, صحيح দ্বারা উদ্দেশ্য হল শেষে حرفِ عِلَّتْ না থাকা।

★ ফায়েদা ঃ مفرد সাধারণত ৭টি জিনিসের বিপরীতে আসে। যথা - ১. تَثْنِيَه ২. جَمْع ৩. مُضَاف ৪. شِبْهِ مُضَاف ৫. جُمْله ৬. شِبْهِ جُمْله ও ৭. مُطْلَقْ مُرَكَّب

وَبِالْجَارِيْ مَجْرَى الصَّحِيْحِ وَهُوَ مَا يَكُوْنُ فِي اٰخِرِهٖ وَاوٌ أَوْ يَاءٌ مَا قَبْلَهُمَا سَاكِنٌ كَدَلْوٍ وَ ظَبْيٍ وَبِالْجَمْعِ الْمُكَسَّرِ الْمُنْصَرِفِ كَرِجَالٍ تَقُوْلُ جَائَنِيْ زَيْدٌ وَدَلْوٌ وَظَبْيٌ وَرِجَالٌ وَ رَأَيْتُ زَيْدًا وَ دَلْوًا وَ ظَبْيًا وَرِجَالًا وَمَرَرْتُ بِزَيْدٍ وَدَلْوٍ وَظَبْيٍ وَرِجَالٍ،اَلثَّانِيْ أَنْ يَكُوْنَ الرَّفْعُ بِالضَّمَّةِ وَالنَّصْبُ وَالْجَرُّ بِالْكَسْرَةِ وَيَخْتَصُّ بِجَمْعِ الْمُؤَنَّثِ السَّالِمِ تَقُوْلُ هُنَّ مُسْلِمَاتٌ وَرَأَيْتُ مُسْلِمَاتٍ وَمَرَرْتُ بِمُسْلِمَاتٍ،

অনুবাদ ॥ দ্বিতীয় প্রকার ঃ (খ) جارى مُجْرٰى صَحِيح আর তা এমন ইসমকে বলে, যার শেষে و অথবা ى হয়ে তার পূর্বাক্ষর সাকিন থাকে। যেমন– دَلْوٌ - ظَبْيٌ এবং (গ) جمع مُكَسَّر مُنْصَرِف - যেমন– رِجَالٌ তুমি বলবে (রফার অবস্থায়) جَاءَنِيْ زَيْدٌ وَ دَلْوٌ وَظَبْيٌ وَرِجَالٌ (নসবের অবস্থায়) رَأَيْتُ زَيْدًا وَدَلْوًا وَظَبْيًا وَ رِجَالًا (জরের অবস্থায়) مَرَرْتُ بِزَيْدٍ وَدَلْوٍ وَظَبْيٍ وَرِجَالٍ ـ رفع হবে পেশ দ্বারা এবং نصب ও جر হবে যের দ্বারা। এটা جمع مؤنث سالم -এর জন্য নির্দিষ্ট। যেমন– তুমি বলবে (রফার অবস্থায়) هُنَّ مُسْلِمَاتٌ – (নসবের অবস্থায়) رَأَيْتُ مُسْلِمَاتٍ – (জরের অবস্থায়) مَرَرْتُ بِمُسْلِمَاتٍ -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهُ اَلْجَارِيْ مَجْرَى الصَّحِيْحِ ঃ এর عطف হল بِالْمُفْرَدِ এর উপর। অর্থ قَائِمٌ مُقَامِ صَحِيح বা সহীহ এর স্থলাভিষিক্ত। শেষে হরফে ঈল্লত ও পূর্বাক্ষর সাকিন হলে তা পড়তে সহজ হওয়ায় তাকে সহীহ এর স্থলাভিষিক্ত বলা হয়। সম্পূর্ণ صحيح এর ন্যায় নয়। বিধায় তাকে صحيح বলা হয় না। যেমন دلو বালতি (ظبى) হরিণ।

قَوْلُهُ اَلْجَمْعُ الْمُكَسَّرُ الْمُنْصَرِفُ ঃ جمع مُكَسَّر বলে যে جمع এর মধ্যে واحد এর ওযন ঠিক থাকে না। যেমন رَجُلٌ এর جمع হল رِجَال -

جمع مُكَسَّر বলার দ্বারা جمع سالم বের হয়ে গেল। কারণ এর জন্য ভিন্ন اعراب রয়েছে এবং منصرف বলার দ্বারা جمع مُكَسَّر غير منصرف বের হয়ে গেল। যেমন– ضَوَارِبُ ، صَوَاحِبُ প্রভৃতি। এগুলোর اعراب ভিন্নভাবে উল্লিখিত হয়েছে।

قَوْلُهُ أَنْ يَّكُوْنَ الرَّفْعُ الخ ঃ কারণ جمع مؤنث سالم টা جمع مذكر سالم এর فرع - আর جمع مذكر سالم এর মধ্যে نصب টা جر এর تابع এ কারণে فرع এর মধ্যেও এমন হওয়া বাঞ্ছনীয়। যাতে اصل এর উপরে উঠে না যায়।

قَوْلُهُ اَلسَّالِمُ ঃ প্রসিদ্ধ নাহভী سيبويه رح এর মতে سالِم শব্দটি جمع এর সিফত, المؤنث এর সিফত নয়, কারণ তাঁর মতে مضاف এর معرفه হওয়াটা مضاف اليه এর معرفه এর চেয়ে কমস্তরের নয়, বরং نكره শব্দ কোন معرفه এর দিকে মুযাফ হলে তা মুযাফ ইলায়হি এর স্তরে হয়ে যায়। সুতরাং جمع এর সিফত হওয়ায় কোন অসুবিধে নেই।

অপরদিকে مبرد رح এর মতে اَلسَّالِم শব্দটি جمع এর শব্দের بدل - কারণ তার মতে মুযাফ ইলায়হির তুলনায় মুযাফ এর معرفه হওয়ার স্তর কম মানের হয়। কেননা মুযাফ টা মুযাফ ইলায়হির দ্বারা معرفه হয়। সুতরাং – جمع السالم এর সিফাত হতে পারে না।

উল্লেখ্য যে, سالم বলার দ্বারা جمع مونّث مُكَسَّر যেমন حُمَرَآءُ – حُمُرٌ ইত্যাদি খারিজ করা উদ্দেশ্য।

اَلثَّالِثُ اَنْ يَكُوْنَ الرَّفْعُ بِالضَّمَّةِ وَالنَّصْبُ وَالْجَرُّ بِالْفَتْحَةِ وَيَخْتَصُّ بِغَيْرِ الْمُنْصَرِفِ كَعُمَرَ تَقُوْلُ جَائَنِيْ عُمَرُ وَرَاَيْتُ عُمَرَ وَمَرَرْتُ بِعُمَرَ اَلرَّابِعُ اَنْ يَّكُوْنَ الرَّفْعُ بِالْوَاوِ وَالنَّصْبُ بِالْاَلِفِ وَالْجَرِّ بِالْيَاءِ وَيَخْتَصُّ بِالْاَسْمَاءِ السِّتَّةِ مُكَبَّرَةً مُوَحَّدَةً مُضَافَةً اِلٰى غَيْرِ يَاءِ الْمُتَكَلِّمِ وَ هِيَ اَبُوْكَ وَاَخُوْكَ وَ هَنُوْكَ وَحَمُوْكَ وَفُوْكَ وَ ذُوْمَالٍ تَقُوْلُ جَائَنِيْ اَخُوْكَ وَرَاَيْتُ اَخَاكَ وَمَرَرْتُ بِاَخِيْكَ وَكَذَالِكَ الْبَاقِيْ ، اَلْخَامِسُ اَنْ يَكُوْنَ الرَّفْعُ بِالْاَلِفِ وَالنَّصْبُ وَالْجَرُّ بِالْيَاءِ الْمَفْتُوْحِ مَا قَبْلَهَا وَيَخْتَصُّ بِالْمُثَنّٰى وَكِلَا مُضَافًا اِلٰى مُضْمَرٍ وَاثْنَانِ وَاثْنَتَانِ تَقُوْلُ جَائَنِيْ الرَّجُلَانِ وَكِلَاهُمَا وَاثْنَانِ وَاثْنَتَانِ وَرَاَيْتُ الرَّجُلَيْنِ وَكِلَيْهِمَا وَاثْنَيْنِ وَاثْنَتَيْنِ وَمَرَرْتُ بِالرَّجُلَيْنِ وَكِلَيْهِمَا وَاثْنَيْنِ وَاثْنَتَيْنِ،

অনুবাদ॥ তৃতীয় প্রকার ঃ رفع হবে পেশ দ্বারা এবং نصب ও جر হবে যবর দ্বারা। এটা غير منصرف যথা– عمر -এর সাথে নির্দিষ্ট। যেমন– তুমি বলবে (রফার অবস্থায়) جَاءَنِيْ عُمَرُ – (নসবের অবস্থায়) رَاَيْتُ عُمَرَ – (জরের অবস্থায়) مَرَرْتُ بِعُمَرَ –

চতুর্থ প্রকার ঃ رفع হবে واو দ্বারা, نصب হবে الف দ্বারা এবং جر হবে যের দ্বারা। এটা اَسْمَاءِ سِتَّةُ مُكَبَّرَةٌ -এর সাথে নির্দিষ্ট, যখন তা একবচন হবে এবং ইয়া মুতাকাল্লিম ছাড়া অন্য কোন শব্দের দিকে মুযাফ হবে। ইসম ৬ টি হল– ১. اَخُوْكَ ২. اَبُوْكَ ৩. هَنُوْكَ ৪. حَمُوْكَ ৫. فُوْكَ ৬. ذُوْ مَالٍ (যেমন) তুমি বলবে (রফার অবস্থায়) جَاءَنِيْ اَخُوْكَ – (নসবের অবস্থায়) رَاَيْتُ اَخَاكَ - এবং (জরের অবস্থায়) مَرَرْتُ بِاَخِيْكَ- অবশিষ্টগুলো এরূপই হবে।

পঞ্চম প্রকার ঃ رفع হবে الف দ্বারা এবং نصب ও جر হবে ياء দ্বারা, যার (ى) পূর্বাক্ষর যবর হবে। এটা مثنى (দ্বিবচন), যমীরের প্রতি সম্বন্ধকৃত كِلَا এবং اِثْنَانِ ও اِثْنَتَانِ-এর জন্য নির্দিষ্ট। তুমি বলবে– (রফার অবস্থায়) جَاءَنِي الرَّجُلَانِ كِلَاهُمَا وَاثْنَانِ وَاثْنَتَانِ (নসবের অবস্থায়) رَاَيْتُ الرَّجُلَيْنِ كِلَيْهِمَا وَاثْنَيْنِ وَاثْنَتَيْنِ – (জরের অবস্থায়) مَرَرْتُ بِالرَّجُلَيْنِ كِلَيْهِمَا وَاثْنَيْنِ وَاثْنَتَيْنِ –

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَيَخْتَصُّ بِغَيْرِ الْمُنْصَرِفِ ঃ অর্থাৎ حالتِ رَفْعِى তে ضَمّه ও حالتِ نَصْبِى اسباب منع صرف বলে যার মধ্যে غير منصرف – خاصْ এর সাথে غير منصرف টি اعراب এ- فتح তে و جَرِّى এর কোন দু'সবাব বা দু'সবাবের قائم مقام এক সবাব পাওয়া যায়।

★ এখানে غير منصرف দ্বারা ঐ সকল اسم উদ্দেশ্য যার মধ্যে منصرف হওয়ার حكم পাওয়া না যায়। কেননা غير منصرف শব্দ যদি মুযাফ বা مُعَرَّفْ بِاللَّامِ হয় তাহলে তাতে যেরের মাধ্যমে মাজরূর ও হয়। যেমন– مررت بِالْاَحْمَرِ ও مَرَرْتُ بِاَحْمَدِكُمْ অথচ মুসান্নিফ (র.) এর মতে সেটি غير منصرف

★ **ফায়েদা ঃ কতিপয় প্রশ্নোত্তর** غير منصرف হল منصرف এর فرع - অতএব একে فَرْعِي اِعرابْ তথা اعراب بالحروف দেয়া হল না কেন?

উত্তরঃ তিন হালাতে তিন اعراب না দিয়ে দুই اعراب দেয়া ও فرع এর নামান্তর।

২. غير منصرف টা منصرف এর فرع হওয়া সত্ত্বে اِعرابْ بِالْحُرُوفْ দেয়া হল না কেন?

উত্তরঃ শেষে حرفِ علت না থাকায় اعرابْ بِالْحَرْكَةِ দেয়া হয়েছে।

৩. غَيرِ مُنصرف এর মধ্যে كَسْرَه কে فَتْحَه এর تابع না করে বিপরীত করা হল না কেন।

উত্তরঃ غَيرِ مُنْصَرِف যেহেতু ফে'লের সাথে কিছুটা সামঞ্জস্য রাখে। যেমন ফে'লের মধ্যে ال - تَنوِين ইত্যাদি হয় না। আর غَيرِ منصرف এর মধ্যে এগুলো আসে না। এ কারণে এর اعراب কাছরা দ্বারা দেয়া হয়নি।

قَوْلُهُ اَنْ يَكُوْنَ الرَّفْعُ الخ ঃ মুসান্নিফ র. إِعْرَابْ بِالْحَرَكَةِ থেকে ফারেগ হয়ে إِعْرَابْ بِالْحُرُوْفِ এর আলোচনা শুরু করেছেন। চতুর্থ প্রকারের اعراب ছয়টা اسم এর জন্য খাছ। যথা– اَبٌ ، اَخٌ ، فَمٌ ، حَمٌ ، هَنٌ ও ذُوْمَالٍ

প্রকাশ থাকে যে, অত্র ৬টি ইসমের জন্য উপরোক্ত اعراب হওয়ার জন্য ৪টি শর্ত রয়েছে। যথা ১. مُكَبَّرَةٌ হওয়া, অর্থাৎ تَصْغِير (ক্ষুদ্রবাচক) এর ওযনে না হওয়া। تَصْغِير এর ওযনগুলো এই فُعَيْلٌ - فُعَيْعِلٌ - فُعَيْعِيْلٌ - فُعَيْلَلٌ ও فُعَيْلَالٌ -

২. موحدة এক বচন হওয়া, কেননা تُثْنِيَه (تَصْغِير হলে তখন ১নং অনুযায়ী اعراب হবে।) এবং جمع এর জন্য ভিন্ন اعراب রয়েছে।

৩. مضاف হওয়া। সুতরাং মুযাফ না হলে তাতে (১নং অনুযায়ী) اعراب بِالْحَرَكَةِ হবে।

৪. يائے متكلم এর দিকে মুযাফ না হওয়া, কারণ তখন (৭নং অনুযায়ী) তিনো হালাতে تَقْدِيرى اعراب হবে। যেমন– جَاءَ اَبِىْ ، رَأَيْتُ اَبِىْ - مَرَرْتُ بِاَبِىْ

উল্লেখ্য যে (ক) কোন اسم متمكن তিন অক্ষরের কমে হয় না। কোথাও তিন অক্ষরের কম দেখা গেলে বুঝতে হবে যে, কোন কারণে বাকী অক্ষর বিলুপ্ত হয়েছে।

(খ) اَبٌ - اَخٌ ، فَمٌ ، حَمٌ ، هَنٌ ও ذُوْمَالٍ এগুলো যথাক্রমে اَبَوٌ، اَخَوٌ، فَوْهٌ ، حَمَوٌ، هَنَوٌ ছিল। فَوْهٌ এর ه বিলোপ করে واو কে خلافِ قِياس - ميم দ্বারা পরিবর্তন করা হয়েছে। অবশ্য فَوْهٌ ব্যবহৃত হয়, তখন إعراب بِالْحُروف হয়। এর বহুঃ আসে اَفْوَاهٌ - ذُوْ মূলে ছিল ذُوَوٌ - এক واو বিলুপ্ত হয়ে ذو হয়েছে। এটা لازِمُ الْاِضَافَتْ এবং অ اسم جنس এর প্রতি মুযাফ হয়। এ কারণে এর সাথে উদাহরণ স্বরূপ مَالٍ মুযাফ ইলায়হি উল্লেখ করা হয়েছে। ضمير এর দিকে ও মুযাফ হয় তবে তা شَاذٌ – যেমন اِنَّمَا يَعْرِفُ ذَا الْفَضْلِ مِنَ النَّاسِ ذَوُوْهُ

قَوْلُهُ وَكَذَالِكَ الْبَوَاقِىْ ঃ দীর্ঘায়িত হওয়ার ভয়ে اَخٌ ছাড়া বাকীগুলোর উদাহরণ উল্লেখ করেননি। সেগুলো ও হুবহু اَبُوْكَ এর মত হবে। যেমন

جَائَنِىْ اَخُوْكَ رَاَيْتُ اَخَاكَ مَرَرْتُ بِاَخِيْكَ ، هٰذِهٖ فُوْكَ وَ رَاَيْتُ فَاكَ وَ مَرَرْتُ بِفِيْكَ ، هُوَ ذُوْ مَالٍ، رَاَيْتُ ذَامَالٍ وَ مَرَرْتُ بِذِىْ مَالٍ

قَوْلُهُ الْخَامِسُ اَنْ يَكُوْنَ ঃ اَلْمَفْتُوْحُ مَاقَبْلَهَا এটা الياء এর সিফত। আর مَا قَبْلَهَا - اَلْمَفْتُوْحُ এর نائب فاعل -

قوله وَ يُخْتَصُّ بِالْمُثَنّٰى ঃ অর্থাৎ اعراب টি مُثَنّٰى এর জন্য খাছ– مُثَنّٰى এর সাথে لَاحِقٌ (অন্তর্ভুক্ত) এমন শব্দে ও একই اعراب হবে। যেমন– قَمَرٌ و شَمْس - قَمَرَيْنِ - عُمَرٌ ও اَبُو بَكَرٍ - عُمَرَيْنِ এটা শাব্দিকভাবে مُثَنّٰى অর্থগত ভাবে ভিন্ন।

★ كِلَا মূলত كِلَوٌ ও كِلْتَا মূলত كِلْوَا ছিল- واو কে تَا দ্বারা পরিবর্তন করা হয়েছে।

★ এ দু'টি শব্দ اسم ظاهر এর দিকে مُضَاف হলে উহ্য إِعْرَابْ بِالْحَرَكَةِ হবে। যেমন– جَائَنِىْ كِلَا الرَّجُلَانِ - رَاَيْتُ كِلَا الرَّجُلَيْنِ - مَرَرْتُ بِكِلَا الرَّجُلَيْنِ এ কারণে মুসান্নিফ র. مُضَافًا اِلٰى مُضْمَرٍ উল্লেখ করেছেন।

★ **ফায়েদা** ঃ مُثَنّٰى তিন প্রকার– ১. مُثَنّٰى حُقِيْقِى বা প্রকৃত দ্বিবচন। যেমন– رَجُلَانِ দু'জন পুরুষ।

২. مُثَنّٰى صُوْرِى বা গঠনগত দ্বিবচন। যেমন اِثْنَتَانِ ও اِثْنَانِ দুই, এগুলোর কোন واحد শব্দ নেই।

৩. مُثَنّٰى مَعْنَوِى বা অর্থগত দ্বিবচন, যেমন كِلَا ও كِلْتَا এ দুটোর ও কোন واحد শব্দ নেই।

এ তিনো প্রকারের একই اعراب হবে।

اَلسَّادِسُ اَنْ يَكُوْنَ الرَّفْعُ بِالْوَاوِ الْمَضْمُوْمِ مَاقَبْلَهَا وَالنَّصْبُ وَالْجَرُّ بِالْيَاءِ الْمَكْسُوْرِ مَاقَبْلَهَا وَيَخْتَصُّ بِجَمْعِ الْمُذَكَّرِ السَّالِمِ نَحْوُ مُسْلِمُوْنَ وَاُولُوْ وَعِشْرُوْنَ مَعَ اَخَوَاتِهَا تَقُوْلُ جَاءَنِيْ مُسْلِمُوْنَ وَعِشْرُوْنَ وَاُولُوْ مَالٍ وَرَاَيْتُ مُسْلِمِيْنَ وَعِشْرِيْنَ وَاُولِيْ مَالٍ وَمَرَرْتُ بِمُسْلِمِيْنَ وَعِشْرِيْنَ وَاُولِيْ مَالٍ ـ

অনুবাদ ॥ ষষ্ঠ প্রকার ঃ رَفْع হবে واو দ্বারা যার পূর্ববর্ণ পেশ বিশিষ্ট হবে এবং نصب ও جر হবে ياء দ্বারা যার পূর্ববর্ণ যের বিশিষ্ট হবে। এ اِعراب টা جمع مذكرسالم যথা– مُسْلِمُوْنَ এবং اُولُوْ ও عِشْرُوْنَ এবং এ জাতীয় দশমিক শব্দের সাথে নির্দিষ্ট। যেমন– তুমি বলবে– (রফার অবস্থায়) جَاءَنِيْ مُسْلِمُوْنَ وَ عِشْرُوْنَ وَ اُولُوْ مَالٍ (নসবের অবস্থায়) رَاَيْتُ مُسْلِمِيْنَ وَ عِشْرِيْنَ وَ اُولِيْ مَالٍ – (জরের অবস্থায়) مَرَرْتُ بِمُسْلِمِيْنَ وَ عِشْرِيْنَ وَ اُولِيْ مَالٍ –

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَ يَخْتَصُّ بِجَمْعِ الْمُذَكَّرِ الخ ঃ اَلْمُذَكَّرِ এ দ্বারা جمع مؤنث এবং اَلسَّالِمُ দ্বারা جمع مُكَسَّر বের হয়ে গেল। جمع مذكر سالم দ্বারা وْن এর মাধ্যমে جمع হওয়া উদ্দেশ্য। চাই তার واحد টা مونث হোক না কেন, যেমন قُلُوْنَ - اَرَضُوْنَ - سِنُوْن ইত্যাদি। এগুলোর واحد হল যথাক্রমে قُلَةٌ ও اَرْضَةٌ - سَنَةٌ।

উপরোক্ত اعراب টি جمع مذكر سالم ও তার সংশ্লিষ্ট (مُلْحِقَاتُ) এর জন্য খাছ। যেমন اُولُوْ এটা ذُوْ এর বহুঃ একে جُمع مِنْ غَيْرِ اللَّفْظِ বলে। অর্থাৎ ভিন্ন শব্দ দ্বারা বহুবচন।

★ **ফায়েদা ঃ** جمع ৪ প্রকার। যথা–

১. حَقِيْقِي প্রকৃত বহুবচন। যেমন رِجَالٌ، مُسْلِمُوْنَ

২. جُمْع مَعْنَوِى (অর্থগত বহুবচন) যেমন– اُوْلُوْ

৩. جمع صُوْرِى (গঠনগত বহুবচন) যেমন– عِشْرُوْنَ হতে تِسْعُوْنَ পর্যন্ত দশমিক সংখ্যা সমূহ।

৪. اسمِ جُمع নামগত বহুঃ যেমন– قَوْمٌ، اُمَّةٌ، طَائِفَةٌ প্রভৃতি।

قَوْلُهُ وَاَخَوَاتُهَا ঃ এখানে اَخَوَاتُ শব্দটি اَمْثَال অর্থে ব্যবহৃত। اَخَوَاتٌ - اُخْتٌ এর বহুঃ অর্থ বোন। কুরআন মজীদে ও এটি مِثْل অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন– كُلَّمَا دَخَلَتْ اُمَّةٌ لَعَنَتْ اُخْتَهَا (যখনই কোন গোষ্ঠী এসেছে তাদের সমগোষ্ঠীকে অভিশাপ করেছে)।

وَاعْلَمْ أَنَّ نُوْنَ التَّثْنِيَةِ مَكْسُوْرَةٌ أَبَدًا وَنُوْنَ جَمْعِ السَّلَامَةِ مَفْتُوْحَةٌ أَبَدًا وَكِلَاهُمَا تَسْقُطَانِ عِنْدَ الْإِضَافَةِ تَقُوْلُ جَاءَنِيْ غُلَامَا زَيْدٍ وَمُسْلِمُوْ مِصْرٍ، اَلسَّابِعُ أَنْ يَكُوْنَ الرَّفْعُ بِتَقْدِيْرِ الضَّمَّةِ وَالنَّصْبُ بِتَقْدِيْرِ الْفَتْحَةِ وَالْجَرُّ بِتَقْدِيْرِ الْكَسْرَةِ وَيَخْتَصُّ بِالْمَقْصُوْرِ وَهُوَ مَافِيْ اٰخِرِهٖ اَلِفٌ مَقْصُوْرَةٌ كَعَصًا وَبِالْمُضَافِ اِلٰى يَاءِ الْمُتَكَلِّمِ غَيْرِ جَمْعِ الْمُذَكَّرِ السَّالِمِ كَغُلَامِيْ تَقُوْلُ هٰذَا عَصًا وَغُلَامِيْ وَرَأَيْتُ عَصًا وَغُلَامِيْ وَمَرَرْتُ بِعَصًا وَغُلَامِيْ، اَلثَّامِنُ أَنْ يَكُوْنَ الرَّفْعُ بِتَقْدِيْرِ الضَّمَّةِ وَالْجَرُّ بِتَقْدِيْرِ الْكَسْرَةِ وَالنَّصْبُ بِالْفَتْحَةِ لَفْظًا وَيَخْتَصُّ بِالْمَنْقُوْصِ وَهُوَ مَافِيْ اٰخِرِهٖ يَاءٌ مَاقَبْلَهَا مَكْسُوْرٌ كَالْقَاضِيْ تَقُوْلُ جَاءَنِي الْقَاضِيْ وَرَأَيْتُ الْقَاضِيَ وَمَرَرْتُ بِالْقَاضِيْ -

---

অনুবাদ ॥ জ্ঞাতব্য ঃ تَثْنِيَة (দ্বিবচন) এর نون সর্বদা যের বিশিষ্ট এবং جمع مذكر سالم (নিয়মিত বহু-বচন) এর نون সর্বদা যবর বিশিষ্ট হয়ে থাকে এবং إضافت -এর সময়ে উভয় نون -ই বিলুপ্ত হয়ে যায়। যথা- তুমি বলবে- جَاءَنِيْ غُلَامَا زَيْدٍ وَمُسْلِمُوْ مِصْرٍ -

সপ্তম প্রকার ঃ رفع হবে উহ্য পেশের সাথে, নসব হবে উহ্য যবরের সাথে এবং জর হবে উহ্য যেরের সাথে। এটা اسم مَقْصُوْر-এর সাথে নির্দিষ্ট। اسم مَقْصُوْرْ হলো যার শেষবর্ণ اَلِف مقصورْ (হ্রস্ব আলিফ) বিশিষ্ট হয়। যেমন- عَصًا - এবং ঐ ইসমের সাথে (নির্দিষ্ট) যা مضاف -এর দিকে يَاءِ مُتَكَلِّمْ হবে, তবে ইসমটি جمع مذكر سالم হবে না। যেমন- غُلَامِيْ - তুমি বলবে- (রফার অবস্থায়) هٰذَا عَصًا وَ غُلَامِيْ (নসবের অবস্থায়) رَأَيْتُ عَصًا وَ غُلَامِيْ - (জরের অবস্থায়) مَرَرْتُ بِعَصًا وَ غُلَامِيْ -

অষ্টম প্রকার ঃ رفع হবে উহ্য পেশের সাথে, جر হবে উহ্য যেরের সাথে এবং نصب হবে প্রকাশ্য যবরের সাথে। এটা اسم مَنْقُوْص -এর সাথে নির্দিষ্ট। যার শেষ বর্ণ ى এবং পূর্ববর্ণ যের বিশিষ্ট তাকে اسم منقوص বলা হয়। যেমন- اَلْقَاضِيْ - তুমি বলবে (রফার অবস্থায়) جَاءَنِي الْقَاضِيْ - (নসবের অবস্থায়) رَأَيْتُ الْقَاضِيَ - (জরের অবস্থায়) مَرَرْتُ بِالْقَاضِيْ -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَاعْلَمْ أَنَّ نُوْنَ الخ ঃ অর্থাৎ تثنيه এর نون সব সময় যের যুক্ত হয়। আর جمع مذكر سالم এর নূন সব সময় যবরযুক্ত হয়। جَمْعُ السَّلْمَةِ এর قيد দ্বারা جمع مكسّر এর নূন বের হয়ে গেছে। যেমন- شَيْطَانٌ - شَيَاطِيْنُ এর বহুবচন।

ফায়েদা ঃ কোন কোন আলিম شَيَاطِيْن শব্দের নূনটি جمع مكسّر এর নূন হওয়ার ব্যাপারে যে মন্তব্য করেছেন বস্তুত তা যথার্থ নয়। কারণ এ নূনটি جمع এর জন্য নয় বরং মাদ্দার নূন। এর ثُلَاثِيْ مُجَرَّد আসে شَطَنَ يَشْطُنُ এবং شَيْطَانٌ এর বহুঃ আসে شَيَاطِيْن - واحِد এর মধ্যে ও نون রয়েছে। সুতরাং এটি جمع এর نون না হওয়া সুস্পষ্ট।

★ تثنيه ও جمع এর নূনে হরকতের ভিন্নতার কতিপয় কারণ থাকতে পারে। যেমন-

১. تثنيه টা واحد ও جمع এর মাঝামাঝি। আর كسره টা رفع ও نصب এর মাঝামাঝি।

২. কারো মতে تثنيه এর নূন তানভীনের নূনের পরিবর্তে এসেছে। আর সেটি হল সাকিন। সাকিনকে হরকত দিতে হলে কাছরার মাধ্যমে দেয়া হয়- اَلسَّاكِنُ اِذَا حُرِّكَ حُرِّكَ بِالْكَسْرِ

৩. نون تثنيه কে যের না দিলে যবর বা পেশের কোন একটি দিতে হবে। অথচ তাতে অসুবিধা আছে। কেননা যবর দিলে تَوَالِى فَتْحَاتْ বা একাধারে কয়েকটি যবর হয়ে যায়। আলিফ দু'যবরের قائم مقام, এরপর নূনের উপর যবর দিলে একাধারে ৪টি যবর হয়ে যায়, এটা আরবদের নিকট দোষণীয়। আর পেশ দেয়াটাও অপসন্দনীয়। কারণ نون টা همزهٔ اِسْتِفهام এর ন্যায় এক হরফী শব্দ। আর এক হরফী শব্দে পেশ হওয়া ত্রুটি যুক্ত।

★ تثنيه ও جمع এর পার্থক্যের জন্য উভয়ের নূনে হরকতে পার্থক্য করা হয়। পেশ اَثْقَلُ الْحَرَكَاتِ হওয়ার কারণে এ দুয়ের কোনটিকে সেটি দেয়া হয় নি।

قَوْلُهٗ وَكِلَاهُمَا تَسْقُطَانِ الخ ঃ কেননা এ দুটি নূন তানভীনের পরিবর্তে আসে। আর اضافت কালে তানভীন হয় না। কারণ নূনে চায় বিচ্ছিন্নতা, আর اضافت চায় সংযুক্তি।

★ ফায়েদা ঃ تثنيه ও جمع এর নূনের ব্যাপারে ৪টি মাযহাব রয়েছে। যথা-

১. كِيْسَانُ رح এর মতে উভয়টি مفرد এর تنوين এর পরিবর্তে।

২. زَجَّاجُ رح এর মতে مفرد এর হরকতের পরিবর্তে।

৩. اِبْنِ عَالِى رح এর মতে হরকত ও তানভীন উভয়ের পরিবর্তে।

৪. اِبْنِ مَالِك رح এর মতে কোন কিছুর পরিবর্তে নয় বরং مفرد এর সাথে মিশে যাওয়া থেকে রক্ষা কল্পে।

★ মুসান্নিফ (র.) اعرابِ لَفْظِى এর বর্ণনা থেকে এখান থেকে اِعْرَابِ تَقْدِيْرِى এর বর্ণনা শুরু করেছেন। ৪ ক্ষেত্রে تَقْدِيْرِى এ'রাব হয়। তন্মধ্য হতে দু'জায়গায় এ'রাব প্রকাশ করা অসম্ভব, (ক) الف مقصوره বিশিষ্ট ইসম ও (খ) يَائِى مُتَكَلِّم এর প্রতি মুযাফ ইসম। অপর দু জায়গায় এ'রাব প্রকাশ করা কষ্টকর যথা (ক) اسم منقوص ও (খ) جمع مذكر سالم যা يائى متكلم এর প্রতি মুযাফ।

قَوْلُهٗ بِالْمَقْصُوْرِ ঃ অর্থাৎ শেষে الف مقصورة যুক্ত ইসম। এটা দু প্রকার হতে পারে ১. প্রকাশ্য যথা- اَلْعَصَا আলিম-লাম সহ ২. উহ্য যথা عَصًا (তানভীন সহকারে) এর মধ্যে الف টি تنوين এর নূনের সাথে اِجْتِمَاعِ سَاكِنَيْن হওয়ায় পড়ে গেছে। শেষের আলিফটি رَسْمِ خَط এর (লেখ্যনীতির) আলিফ। মূল আলিফে মাকসুরাটি উহ্য রয়েছে।

★ ফায়েদা ঃ (ক) আলিফের পর হামযা না থাকলে তাকে اَلِفِ مَقْصُوْرَه বলে। যেমন- مُوْسٰى (খ) اسم مَقْصُوْرَهْ এর শেষে আলিফ থাকায় اعرابِ لَفْظِى কষ্টকর হয়। কারণ হরকত দ্বারা اعراب দিলে সেটা হামযা হয়ে যায়। (গ) مقصوره অর্থ বাধা প্রাপ্ত, হরকত বাধা প্রাপ্ত হওয়ায় এ নাম রাখা হয়েছে। (ঘ) يائى متكلم এর দিকে মুযাফের ওপর যবর পড়া জায়েয। যেমন- مَا اَنَا بِبَاسِطٍ يَدَىَّ لِاَقْتُلَكَ এর মধ্যে।

قَوْلُهٗ وَ بِالْمُضَافِ الخ ঃ এর عطف হয়েছে بِالْمَقْصُوْرِ এর উপর। অর্থাৎ উপরোক্ত এ'রাব مُضَافِ اِلَى يَاءِ الْمُتَكَلِّم এর জন্য ও নির্দিষ্ট, তবে শর্ত হল এটা جمع مذكر سالم হতে পারবেনা। কারণ তার জন্য ভিন্ন اعراب রয়েছে।

قوله وَ يَخْتَصُّ بِالْمَنْقُوْصِ ঃ اسم مَنْقُوْص এর ياء টি আসল বা পরিবর্তিত উভয় হতে পারে, যেমন- داعى - قَاضِى শব্দটি -مفرد আর مفرد শব্দে اِعْرَاب بِالْحَرْكَةِ আসল। এ কারণে এতে اِعْرَابُ بِالْحَرْكَةِ হয়েছে। আর رفع ও جر এর হালাতে কঠিন হওয়ায় উহ্য হয়েছে।

اَلتَّاسِعُ اَنْ يَكُوْنَ الرَّفْعُ بِتَقْدِيْرِ الْوَاوِ وَالنَّصْبُ وَالْجَرُّ بِالْيَاءِ لَفْظًا وَيَخْتَصُّ بِجَمْعِ الْمُذَكَّرِ السَّالِمِ مُضَافًا اِلٰى يَاءِ الْمُتَكَلِّمِ تَقُوْلُ جَائَنِىْ مُسْلِمِىَّ تَقْدِيْرُه مُسْلِمُوْىَ اِجْتَمَعَتِ الْوَاوُ وَالْيَاءُ وَالْاُوْلٰى مِنْهُمَا سَاكِنَةٌ فَقُلِّبَتِ الْوَاوُ يَاءً وَاُدْغِمَتِ الْيَاءُ فِى الْيَاءِ وَاُبْدِلَتِ الضَّمَّةُ بِالْكَسْرَةِ لِمُنَاسَبَةِ الْيَاءِ فَصَارَ مُسْلِمِىَّ وَرَأَيْتُ مُسْلِمِىَّ وَمَرَرْتُ بِمُسْلِمِىَّ -

---

অনুবাদ ॥ নবম প্রকার ঃ رفع হবে উহ্য واو দ্বারা এবং نصب ও جر হবে প্রকাশ্য ياء দ্বারা। এ প্রকার اعراب ঐ جمع مذكرسالم -এর জন্য নির্দিষ্ট যা ياء متكلم -এর প্রতি مضاف হয়। যথা– তুমি বলবে (রফার অবস্থায়) جَاءَنِىْ مُسْلِمِىَّ -শব্দটি মূলে مُسْلِمُوْىَ ছিল। واو ও ياء একত্রিত হয়েছে এবং এর প্রথমটি সাকিন। সুতরাং واو -কে ياء দ্বারা পরিবর্তন করে ياء -কে অপর ياء -এর সাথে সংযুক্ত করা হয়েছে এবং ياء -এর সম্পর্ক রক্ষার্থে পেশকে যের দ্বারা পরিবর্তন করা হয়েছে। ফলে مُسْلِمِىَّ হয়েছে; (নসবের অবস্থায়) رَأَيْتُ مُسْلِمِىَّ – (জরের অবস্থায়) مَرَرْتُ بِمُسْلِمِىَّ -

---

প্রাসঙ্গিক আলাচনা ঃ قَوْلُهٗ مُسْلِمِىَّ ঃ এটি মূলতঃ مُسْلِمُوْنَىَ ছিল, اِضَافَتْ এর কারণে نُوْنْ পড়ে গেছে এখন مُسْلِمُوْىَ হল, وَاو ও يَا একত্রে আসায় واوকে يَا দ্বারা পরিবর্তন করে অপর يَا এর সাথে ইদগাম করা হয়েছে। ফলে مُسْلِمُىَّ হয়েছে। এখন يَا এর সাথে যেরের ঘনিষ্ঠতার দরুন مُسْلِمِىَّ এর পূর্বে যের দেয়া হয়েছে। جر ও نصب এর অবস্থায় يَا টি প্রকাশ্য হবে। কারণ সে সময় এর আসল হবে- مُسْلِمِيْنَ ى - নূন পড়ে গিয়ে এক يَا অপর يَا এর মধ্যে ইদগাম হবে।

★ **ফায়েদা ঃ** ক. جمع مذكرسالم যদি مُعَرَّفْ بِاللَّامْ এর দিকে মুযাফ হয় তাহলে তিনো অবস্থায় تَقْدِيْرِىْ اعراب হবে। যেমন– جَائَنِىْ مُسْلِمُو الْقَوْمِ ، رَاَيْتُ مُسْلِمُو الْقَوْمِ ، مَرَرْتُ بِمُسْلِمُو الْقَوْمِ -এর মধ্যে এ'রাব প্রকাশ করা কঠিন। আর عصا এর মধ্যে অসম্ভব।

التمرين (অনুশীলনী)

১. اسم معرب এর পরিচয় ও তার حكم বিশদভাবে বর্ণনা কর।

২. اسم এর اعراب কত প্রকার। সংক্ষেপে সবগুলোর اعراب বর্ণনা কর।

৩. নিম্নের শব্দগুলোর কোনটা কোন প্রকারের এবং তার اعراب কি হবে লিখ।

مُؤْمِنَاتٌ - عِيْسٰى - مُسْلِمَانِ - قُفْلٌ

৪. اَسْمَائِىْ سِتَّةٌ مُكَبَّرَةٌ বলতে কি বুঝ? এগুলোর اعراب কি এবং এর শর্তাবলী কি কি বিস্তারিত লিখ।

فَصْلٌ - اَلْإِسْمُ الْمُعْرَبُ عَلٰى نَوْعَيْنِ مُنْصَرِفٌ وَهُوَ مَالَيْسَ فِيْهِ سَبَبَانِ اَوْ وَاحِدٌ يَقُوْمُ مَقَامَهُمَا مِنَ الْأَسْبَابِ التِّسْعَةِ كَزَيْدٍ وَيُسَمَّى الْاِسْمَ الْمُتَمَكِّنَ وَحُكْمُهُ اَنْ يَدْخُلَهُ الْحَرَكَاتُ الثَّلٰثُ مَعَ التَّنْوِيْنِ تَقُوْلُ جَائَنِىْ زَيْدٌ وَرَأَيْتُ زَيْدًا وَمَرَرْتُ بِزَيْدٍ وَغَيْرُ مُنْصَرِفٍ وَهُوَ مَافِيْهِ سَبَبَانِ اَوْ وَاحِدٌ مِنْهَا يَقُوْمُ مَقَامَهُمَا

পরিচ্ছেদ-৪ : مُنْصَرِفٌ وَ غَيْرِ مُنْصَرِفٌ প্রসঙ্গ

অনুবাদ ॥ اِسْمِ مُعْرَبٌ -এর প্রকারভেদ : ইসমে মু'রাব দু'প্রকার।

প্রথম প্রকার– مُنْصَرِفٌ (মুনসারিফ) : مُنْصَرِفٌ ঐ ইসমকে বলে। যার মধ্যে নয় সবাব (কারণ) এর মধ্যে হতে দু সবাব বা দু সবাবের قَائِمْ مَقَامْ (স্থলাভিষিক্ত) একটি সবাব বিদ্যমান না থাকে। যথা– زَيْدٌ একে اِسْمِ مُتَمَكِّنْ ও বলা হয়।

হুকুম : مُنْصَرِفٌ -এর হুকুম এই যে, এর শেষাক্ষরে তানভীনসহ তিনো প্রকার হরকতই যুক্ত হতে পারে। যেমন– তুমি বলবে جَاءَنِىْ زَيْدٌ ও رَاَيْتُ زَيْدًا এবং مَرَرْتُ بِزَيْدٍ –

দ্বিতীয় প্রকার– غَيْرِ مُنْصَرِفٌ (গায়রে মুনসারিফ) : ঐ ইসমকে বলে যার মধ্যে নয় সবাবের দু সবাব বা দু সবাবের قَائِمْ مَقَامْ (সমপর্যায়ের) এক সবাব বিদ্যমান থাকে।

প্রাসঙ্গিক আলোচনা : قوله مُنْصَرِفٌ الخ : مُنْصَرِفٌ শব্দে ৩ ধরনের اِعْرَاب হতে পারে। ১. مُنْصَرِفٌ টি نَوْعَيْنِ থেকে بَدَل হলে مجرور হবে। এটাই উত্তম, কারণ এ সময় কোন শব্দ উহ্য মানতে হয় না।

২. অথবা اَحَدُهُمَا উহ্য মুবতাদার খবর হবে। এ সময় مرفوع হবে।

৩. অথবা اَعْنِىْ উহ্য ফে'লের مفعول হিসেবে منصوب হবে।

★ مُنْصَرِفٌ বাবে اِنْفِعَالْ হতে اسمِ فاعل এর ছীগা, অর্থ ঘূর্ণনকারী। আমিল আসার দরুন তার শেষ অবস্থা পরিবর্তন হয়। কাছরা তানভীন ইত্যাদি সব কিছু কবুল করে। একারণে একে مُنْصَرِفٌ বলে। অপর দিকে غَيْرِ مُنْصَرِفٌ শব্দে এতো ব্যাপক আকারে পরিবর্তন হয় না এ জন্য তাকে غَيْرِ مُنْصَرِفٌ বলে।

قوله وَهُوَ مَالَيْسَ الخ : এখানে سَبَبْ দ্বারা উদ্দেশ্য হল مَايُوْجِبُ الْحُكْمَ তথা এমন বস্তু যা তার যোগ্য বিধানকে ওয়াজিব করে। سَبَبَانِ হল لَيْسَ এর اسم, আর فِيْهِ হল لَيْسَ এর خَبَرِ مُقَدَّمْ - এটা جُمْلَهُ خَبَرِيَّة হয়ে مَا এর সিফত। অথবা مَائے مَوْصُوْلَه হলে তার صِلَه বা مائے موصوفه হলে তার সিফত এরপর صِفَتْ বা صِلَه মিলে هُوَ মুবতাদার খবর হবে। واحد এর عطف হল سَبَبَانِ এর উপর يَقُوْمُ مَقَامَهُمَا জুমলা হয়ে وَاحِدٌ এর সিফত, بَيَان - سَبَبَانِ বা وَاحِد এর مِنْ টি بَيَانِيَّهْ –এটা مِنَ الْأَسْبَابِ التِّسْعَةِ এর

قوله يُسَمَّى الْمُتَمَكِّنْ : مُتَمَكِّنْ বাবে تَفَعُّلْ হতে اسم فاعل অর্থ স্থান গ্রহণকারী যা স্থান গ্রহন করে তা শক্তিশালী হয়ে থাকে। اسم যেহেতু তিনো প্রকার اعراب গ্রহণ করে এ কারণে এটা শক্তিশালী বিধায় এ নাম রাখা হয়েছে।

★ **ফায়েদা** : ১. مُنْصَرِفٌ এর সংজ্ঞা হল عَدَمِىْ (না থাকা)। আর غَيْرِ مُنْصَرِف এর সংজ্ঞা وُجُوْدِىْ (বিদ্যমান থাকা), আর সংজ্ঞার ক্ষেত্রে وُجُوْدِىْ টা مُقَدَّمْ হয় সে হিসেবে غَيْرِ مُنْصَرِف এর সংজ্ঞা আগে উল্লেখ করা যুক্তি যুক্ত ছিল। তথাপি منصرف এর সংজ্ঞা আগে আনা হয়েছে এ কারণে যে, مُنْصَرِف টা غَيْرِ مُنْصَرِف এর তুলনায় اَصل – কারণ এতে তিনো প্রকার اِعْرَاب হয়। কিন্তু غَيْرِمُنْصَرِف এর মধ্যে তা হয় না।

وَالْأَسْبَابُ التِّسْعَةُ هِيَ الْعَدْلُ وَالْوَصْفُ وَالتَّانِيْثُ وَالْمَعْرِفَةُ وَالْعُجْمَةُ وَالْجَمْعُ وَالتَّرْكِيْبُ وَالْأَلِفُ وَالنُّوْنُ الزَّائِدَتَانِ وَ وَزْنُ الْفِعْلِ وَحُكْمُهُ اَنْ لَّايَدْخُلَهُ الْكَسْرَةُ وَالتَّنْوِيْنُ وَيَكُوْنُ فِيْ مَوْضَعِ الْجَرِّ مَفْتُوْحًا اَبَدًا تَقُوْلُ جَائَنِيْ اَحْمَدُ وَرَأَيْتُ اَحْمَدَ وَمَرَرْتُ بِاَحْمَدَ ـ

অনুবাদ ॥ সবাব নয়টি হচ্ছে– (১) عَدْل (২) وَصْف (৩) تَانِيْث (৪) مَعْرِفَة (৫) عُجْمَة (৬) جَمْع (৭) تَرْكِيْب (৮) وَزْنِ فِعْل (৯) اَلِفْ وَنُوْن زَائِدَتَانْ

হুকুম ঃ غَيْرِ مُنْصَرِف -এর হুকুম এই যে, এর শেষাক্ষরে যের ও তানভীন যুক্ত হয় না এবং যেরের স্থলে সর্বদা যবর হয়। যেমন– তুমি বলবে جَاءَنِيْ اَحْمَدُ - رَاَيْتُ اَحْمَدَ ও مَرَرْتُ بِاَحْمَدَ - এবং

عَدْل (আদল) হচ্ছে শব্দের মূল রূপ হতে অন্য রূপে রূপান্তরিত হওয়া। এ রূপান্তর প্রকাশ্যভাবেও হতে পারে অথবা অপ্রকাশ্যভাবেও হতে পারে। عَدْل টা وَزْنِ فِعْل -এর সাথে কখনও একত্রিত হয় না।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله اَلْاَسْبَابُ التِّسْعَةُ ঃ غير منصرف এর সবাবের সংখ্যার ব্যাপারে মতভেদ রয়েছে।

১. কারো মতে ২টি (ক) حِكَايَتْ বা নকল হওয়া, যেমন وزن টা فعل হতে مَنْقُوْلٌ হয়েছে। (খ) تَرْكِيْب -

২. জমহুরের মত ৯টি যা মুসান্নিফ র. উল্লেখ করেছেন।

৩. কারো মতে ১১টি, পূর্বোক্ত ৯টি এবং اِعْتِبَارُ الْوَصْفِيَّةِ الْاَصْلِيَّةِ عِنْدَ زَوَالِ الْعَلَمِيَّةِ যথা اَحْمَرُ ও ১১ اَلِف تَانِيْث চাই তা اَلِف مَقْصُوْرَة হোক বা اَلِف مَمْدُوْدَة।

বস্তুত এ দুটো উক্ত ৯টির মধ্যে দাখিল। প্রথমটি وَصْف এর মধ্যে, আর اَلِف تَانِيْث টি تَانِيْث এর মধ্যে।

৪. কারো কারো মতে ১৩টি। উপরোক্ত ১১টি ও ১২. لُزُوْم تَانِيْث এবং ১৩. تَكْرَار – প্রসিদ্ধ ৯টি سَبَب নিম্নের ছন্দদ্বয়ে গ্রথিত হয়েছে। যথা–

عَدْلٌ وَّوَصْفٌ وَّتَانِيْثٌ وَّمَعْرِفَةٌ * وَعُجْمَةٌ ثُمَّ جَمْعٌ ثُمَّ تَرْكِيْبُ

وَالنُّوْنُ زَائِدَتَانِ مِنْ قَبْلِهَا اَلِفٌ * وَوَزْنُ الْفِعْلِ وَهٰذَا الْقَوْلُ تَقْرِيْبُ

قوله وَحُكْمُهُ الخ ঃ غَيْرِ مُنْصَرِف কাছরা ও তানভীন গ্রহণ না করার কারণ– যেহেতু غَيْرِمُنْصَرِف টি فعل এর সাথে সামঞ্জস্য রাখে, এ কারণে فعل এর ন্যায় এর মধ্যে ও কাছরা ও তানভীন আসে না।

★ غَيْرِ مُنْصَرِف ফে'লের সাথে দু ক্ষেত্রে সামঞ্জস্য রাখে। (ক) فعل নিজ অর্থ প্রকাশে ফায়েল ও কালের প্রতি মুখাপেক্ষী, গায়রে মুনছারিফ ও তদ্রূপ দু'টি সবাবের প্রতি মুখাপেক্ষী, (খ) فعل এর মধ্যে الف لام আসেনা, তদরূপ غير منصرف এর মধ্যেও الف لام আসে না। পক্ষান্তরে منصرف কোন দিক দিয়ে فعل সাথে এর সামঞ্জস্যতা রাখে না বিধায় কাছরা ও তানভীন কবুল করে।

★ **وَحُكْمُهُ اَنْ لَّايَدْخُلَهُ এর তারকীব ঃ** حُكْمُهُ মুবতাদা, اَنْ مُخَفَّفَة مِنَ الْمُثَقَّلَة – اَنْ لَّايَدْخُلَهُ الْكَسْرَةُ - وَالتَّنْوِيْنُ جملة فعليه হয়ে اَنْ مُخَفَّفَة এর খবর, اَنْ এর اِسْم হল ضَمِيرِ شَانْ (মাহযূফ) لَايَدْخُلَهُ এর যমীর তার তাফসীর হওয়ায় বিলুপ্ত হয়েছে।

أَمَّا الْعَدْلُ فَهُوَ تَغَيُّرُ اللَّفْظِ مِنْ صِيْغَتِهِ الْأَصْلِيَّةِ إِلٰى صِيْغَةٍ أُخْرٰى تَحْقِيْقًا أَوْ تَقْدِيْرًا وَلَا يَجْتَمِعُ مَعَ وَزْنِ الْفِعْلِ أَصْلًا وَيَجْتَمِعُ مَعَ الْعَلَمِيَّةِ كَعُمَرَ وَ زُفَرَ وَمَعَ الْوَصْفِ كَثُلَاثَ وَمَثْلَثَ وَاُخَرَ وَجُمَعَ -

---

অনুবাদ॥ তবে عَلَمِيَّة বা নামবাচক বিশেষ্যের সাথে একত্রিত হয়। যেমন- عُمَرُ ও زُفَرُ এবং وَصْف -এর সাথেও একত্রিত হয়। যেমন- ثُلَاثُ (তিন তিন), مَثْلَثُ (তিন তিন), اُخَرُ (অপরাপর) ও جُمَعَ (অনেক অনেক)।

প্রাসঙ্গিগ আলোচনা ঃ قوله أَمَّا الْعَدْلُ ঃ মুসান্নিফ (র.) أَسْبَابِ مَنْعِ صَرْف গুলোকে সংক্ষেপে (اِجْمَالًا) বর্ণনা করার পর এখান থেকে শর্তাবলী সহ বিস্তারিত বর্ণনা শুরু করছেন।

عَدْلُ কে সর্বাগ্রে উল্লেখের কারণ হল এটা শর্তহীনভাবে আমল করে।

★ عدل-এর শাব্দিক অর্থ ঃ عَدْلُ কয়েক অর্থে ব্যবহৃত হয়। যথা-

১. مَائِلْ তথা আকৃষ্ট হওয়া, ঝুকে পড়া (صِلَه যদি إِلٰى হলে) যেমন- فُلَانٌ عَدَلَ إِلَيْهِ

২. إِعْرَاضْ মুখ ফিরান (صِلَه টি عَنْ হলে) যথা- فُلَانٌ عَدَلَ عَنْهُ

৩. صَرْف বা ব্যয় করা, (صِلَه টি فِيْ হলে)) যথা- فُلَانٌ عَدَلَ فِيْهِ

৪. بُعْدُ বা দূরে সরে যাওয়া। (صِلَه টি عَنْ হলে) যথা عَدَلَ الْجَمَالُ عَنِ الْبَعِيْرِ

৫. إِنْصَافُ বা সমতা রক্ষা করা, (صِلَه টি بَيْنَ হলে) যথা- عَدَلَ الْأَمِيْرُ بَيْنَ كَذَا وَ كَذَا

عَدْل-এর সংজ্ঞা বা পারিভাষিক অর্থ ঃ কোন শব্দ তার মূল অবস্থা বা রূপ হতে পরিবর্তন হয়ে ভিন্নরূপ গ্রহণ করাকে عَدْلُ বলে, চাই উক্ত পরিবর্তন تَحْقِيْقِي হৌক বা تَقْدِيْرِي - তবে শর্ত হল- ক. মাদ্দাহ স্বস্থানে ও অপরিবর্তিত থাকতে হবে, খ. মূল অর্থে কোন পরিবর্তন না হতে হবে।

উপরোক্ত শর্তের কারণে دَمٌ ,أَبٌ ইত্যাদি এ থেকে বের হয়ে গেছে। কারণ এসবের মধ্যে মাদ্দার সব হরফ বিদ্যমান নেই। এভাবে إِضْرِبْ ইত্যাদি فِعْل ও إِسْمِ مُشْتَقّ সমূহ ও বের হয়ে গেছে। কারণ মূল অর্থে পরিবর্তন হয়ে গেছে। একইভাবে تَثْنِيه ও جَمع শব্দগুলোও বের হয়ে গেছে। তবে قَالَ - بَاعَ ইত্যাদি সম্পর্কে প্রশ্ন করা যেতে পারে। কারণ এগুলোর মাদ্দা ও অর্থ ঠিক রয়েছে। এর উত্তর এই যে, تَغَيُّر বা পরিবর্তন দ্বারা تَغَيُّرِ غَيْرِ قِيَاسِي তথা ছরফী কায়েদা বহির্ভূত হওয়া উদ্দেশ্য। আর এগুলোতে صَرْفِي কায়েদা অনুযায়ী পরিবর্তন হয়েছে فَلَا إِشْكَالَ -

তারকীব ঃ تَحْقِيْقًا أَوْ تَقْدِيْرًا এ শব্দ দুটিতে তারকীবের দিক দিয়ে কয়েক ধরনের হতে পারে। যথা- ১. হয়ত فِعْلِ مَحْذُوف এর مَفْعُولِ مُطْلَق অর্থাৎ حُقِّقَ تَحْقِيْقًا أَوْ قُدِّرَ تَقْدِيْرًا

২. অথবা مضاف محذوف এর مضاف اليه অর্থাৎ تَغَيُّرَ تَحْقِيْقٍ أَوْ تَقْدِيْرٍ ছিল, مضاف কে বিলোপ করে مضاف اليه এর উপর তার إِعْرَاب দেয়া হয়েছে। ৩. অথবা مَصْدَرِ مَحْذُوف এর সিফত অর্থাৎ تَغَيُّرًا مُحَقَّقًا أَوْ مُقَدَّرًا এ সময় মাসদারটি مفعول এর অর্থে হবে।

মুনান্নিফ (র.) এর দ্বারা عَدْل দু প্রকার হওয়ার প্রতি ইঙ্গিত করেছেন। অর্থাৎ عَدْل দু প্রকার (ক) عَدْلِ تَحْقِيْقِي ও (খ) عَدْلِ تَقْدِيْرِي

عَدْلِ تَحْقِيْقِي এর সংজ্ঞা ঃ عَدْلِ تَحْقِيْقِي ঐ عدل কে বলে যার মূল রূপ পরিবর্তনের ব্যাপারে غَيْرِ مُنْصَرِف হওয়া ছাড়া ও আরো দলিল বা যুক্তি থাকে। অর্থাৎ তাকে غَيْرِ مُنْصَرِف যদি না বলা হয় তথাপি তার

مَعْدُوْل হওয়ার দলিল থাকে। যেমন– ثُلَاثُ ও مَثْلَثُ উভয়ের অর্থ তিন তিন। যুক্তি বা কিয়াসের চাহিদা এই যে, প্রত্যেকটির অর্থ কেবল তিন হোক। কারণ تَكْرَارِ لَفْظ (শব্দ একাধিক হওয়া)টা تَكْرَارِ مَعْنٰى (অর্থ একাধিক হওয়া) বুঝায়। এখানে শব্দ تَكْرَار (একাধিক) না হওয়া সত্ত্বে অর্থ تَكْرَارُ (একাধিক) হচ্ছে। সুতরাং বুঝা গেল যে, প্রত্যেকটি মূলত ثَلٰثَةٌ ثَلٰثَةٌ ছিল।

عَدْلِ تَقْدِيْرِي এর সংজ্ঞা ঃ عَدْلِ تَقْدِيْرِي ঐ عَدْل কে বলে যার عَدْل হওয়ার ব্যাপারে غَيْرِ مُنْصَرِف হিসেবে ব্যবহৃত হওয়া ছাড়া অন্য কোন দলিল পাওয়া যায় না। অপর কথায়– যার مَعْدُوْل عَنْهُ টা যুক্তিযুক্ত নয় বরং কল্পিত। যেমন عُمَرُ - زُفَرُ প্রভৃতি, এগুলো আরবীতে غَيْرِ مُنْصَرِف হিসেবে ব্যবহৃত হয়। অথচ غَيْرِ مُنْصَرِف হওয়ার জন্য عَلَمِيَّتْ ছাড়া অন্য কোন সবাব এর মধ্যে পাওয়া যায় না। আর এক সবাবে غير منصرف হয়না। এ কারণে ধরে নেয়া হয়েছে যে, এর মধ্যে অপর একটি সবব হল عدل অর্থাৎ মূলত এগুলো অন্যরূপ যেমন عَامِر ও زَافِر হতে পরিবর্তিত হয়েছে।

قوله وَلَا يَجْتَمِعُ مَعَ وَزْنِ الخ ঃ অর্থাৎ عدل আর وَزْنِ فِعْل কখনো একই শব্দের মধ্যে পাওয়া যায় না, কেননা عَدْل এর ওযন ৬টি। তন্মধ্য হতে কোনটি فعل এর ওযনের সাথে মিশে না।

★ عَدْل এর ওযন ৬টি হল– ১. فُعَالُ যথা ثُلَاثُ ২. مَفْعَلُ যথা مَثْلَثُ ৩. فُعَلُ যথা عُمَرُ ৪. فَعْلِ যথা– اَمْسِ ৫. فَعَلُ যথা– سَحَرُ ও ৬. فَعَالِ যথা– قَطَامِ । নিম্নের شِعْر দুটিতে ওযনগুলো জমা করা হয়েছে। যেমন–।

اَوْزَانِ عَدْل را بِتَمَامِيْ شَشْ شُمَرْ * مَفْعَلُ فُعَلُ مِثَالُهُمَا مَثْلَثُ وَعُمَر ـ

فُعَالُ است چوں ثُلٰث وفَعْلِ ست هَمْچُوں اَمْسِ * دِيْگر فَعَالِ چوں قَطَام وفَعَل ست چوں سَحَر ـ

قوله ويَجْتَمِعُ مَعَ الْعَلَمِيَّةِ ঃ অর্থাৎ عَدْل টা عَلَمِيَّتْএর সাথে একত্রিত হয়। যেমন زُفَرُ - عُمَرُ এর মধ্যে عَدْل ও عَلَمِيَّتْ উভয় সবাব একত্রিত হয়েছে।

قوله وَمَعَ الْوَصْف ঃ এর عَطْف হল مَعَ الْعَلَمِيَّةِ এর উপর। অর্থাৎ وَصْف এর সাথে عَلَمِيَّتْ একত্র হতে পারে। যেমন– ثُلٰثُ ও مَثْلَثُ অর্থ তিন তিন, এগুলোর মধ্যে এক সবাব عَدْلِ تَحْقِيْق ও আরেক সবাব হল وَصْف - এভাবে اُحَادُ ও مَوْحَدُ অর্থ এক এক ثُنَاءُ مَثْنٰى অর্থ দুই দুই।

قوله وَاُخَرُ وَجُمَعُ ঃ এটা عَدْلِ تَحْقِيْقِيْ ও وصف একত্রে হওয়ার তৃতীয় উদাহরণ।

اُخَرُ টা فُعَلُ এর ওযনে اُخْرٰى এর বহুবচন। اُخْرٰى হল اٰخَرُ এর مُؤَنَّث, আর

اٰخَرُ হল اَفْعَلُ এর ওযনে اسم تفضيل অর্থ অধিক পিছনে অবস্থানকারী। অবশ্য পরে এটা غَيْر (ভিন্ন) অর্থে ব্যবহৃত হয়। যেহেতু اخر اسم تفضيل আর اسم تفضيل এর ব্যবহারের তিনটি পদ্ধতি আছে। ১. মুযাফ হয়ে যেমন– زَيْدٌ اَفْضَلُ الْقَوْمِ ২. مُعَرَّف بِاللَّامْ হয়ে যেমন زَيْدُ الْاَفْضَلُ ৩. مِنْ সহকারে, যেমন زَيْدٌ اَفْضَلُ مِنْ عَمْرٍو অথচ اخر টা এতিন পদ্ধতির কোন এক পদ্ধতিতে ব্যবহৃত হয় না, অতএব বুঝা গেল যে, এ তিন পদ্ধতির কোন একটি হতে مَعْدُوْل হয়েছে। আর তা কারো মতে اَلْاٰخَرُ হতে, কারো মতে اٰخَرُ مِنْ হতে, তবে مُضَاف হতে مَعْدُوْل হওয়ার কেউ প্রবক্তা নয়। কারণ মুযাফ ইলায়হি উল্লেখ করা যেখানে সম্ভব সেখানেই বিলোপ করা হয়, অথচ এখানে মুযাফ ইলায়হি উল্লেখ করা অসম্ভব।

قوله وَجُمَعُ ঃ এটা عَدْل ও وَصْف একত্রে হওয়ার চতুর্থ উদাহরণ جُمَعُ - جَمْعَاءُ এর বহুঃ আর جَمْعَاءُ হল اَجْمَعُ এর مُؤَنَّث - কায়েদা আছে যে, اَفْعَلُ এর مؤنث যদি فَعْلَاءُ হয় তাহলে তার বহুঃ فُعْلُ এর ওযনে আসে, যেমন اَحْمَرُ এর مؤنثহল حَمْرَاءُ -বহুঃ আসে حُمْرٌ - আর اِسْمِ ذَات হলে তার বহুঃ فَعَالٰى ও فَعْلَاوَات আসে, যেমন صَحْرَاءُ এর বহুঃ আসে صَحَارٰى ও صَحْرَاوَات - সুতরাং جُمَعُটা এসবের কোন একটি ওযনে আসেনি। অতএব বুঝা গেল যে, جُمَعُ শব্দটি جُمْعٌ বা جَمْعَاءُ ও جَمْعَاوَات এর কোন একটি হতে مَعْدُوْل হয়েছে।

أَمَّا الْوَصْفُ فَلَايَجْتَمِعُ مَعَ الْعَلَمِيَّةِ أَصْلًا وَ شَرْطُهُ أَنْ يَكُوْنَ وَصْفًا فِيْ أَصْلِ الْوَضْعِ فَأَسْوَدُ وَ أَرْقَمُ غَيْرُ مُنْصَرِفٍ وَإِنْ صَارَا إِسْمَيْنِ لِلْحَيَّةِ لِأَصَالَتِهِمَا فِي الْوَصْفِيَّةِ وَ أَرْبَعٌ فِيْ مَرَرْتُ بِنِسْوَةٍ أَرْبَعٍ مُنْصَرِفٌ مَعَ أَنَّهُ صِفَةٌ وَ وَزْنُ الْفِعْلِ لِعَدَمِ الْأَصَالَةِ فِي الْوَصْفِيَّةِ

অনুবাদ ॥ وَصْف (ওয়াসফ) কখনও عَلَمِيَّةٌ (নামবাচক বিশেষ্য) এর সাথে একত্রিত হয় না। وَصْف টি غَيْرِ مُنْصَرِف -এর সবাব হওয়ার জন্য শর্ত হল শব্দটি মূল গঠনে গুণের জন্য নির্দিষ্ট হওয়া। অতএব أَسْوَدُ ও أَرْقَمُ শব্দদ্বয় غَيْرِ مُنْصَرِف যদিও এ দু'টি সাপের নাম। কেননা শব্দ দু'টো মূল গঠনে وَصْف -এর জন্য নির্ধারিত। আর مَرَرْتُ بِنِسْوَةٍ أَرْبَعٍ বাক্যে أَرْبَعٍ শব্দটি وَصْف ও وَزْنِ فِعْل দু'টো সবাব থাকা সত্ত্বেও মূলে وصف না থাকায় মুনসারিফ।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله اَلْوَصْفُ الخ ঃ وَصْف এর শাব্দিক অর্থ প্রশংসা করা, পরিভাষায় দু অর্থে আসে–

ক. وَصْف এমন تَابِعٌ বা অনুগামী শব্দ যা তার مَتْبُوْع এর অর্থ প্রকাশ করে। যেমন– جَائَنِيْ رَجُلٌ عَالِمٌ এখানে عَالِمٌ হল رَجُلٌএর وَصْف বা সিফত।

খ. কোন اِسْم এর এমন অস্পষ্ট বস্তু বুঝান যার মধ্যে কোন প্রকার গুণবাচক অর্থ থাকে। যেমন– أَحْمَرُ লাল, (এটা বস্তুর গুণ তথা রং বুঝাচ্ছে) প্রথম প্রকারের وَصْف টি مَعْرِفه ও نَكِرَه উভয় হতে পারে। আর দ্বিতীয় প্রকারের وَصْف টি শুধু نَكِرَه হয়। এখানে এই প্রকার وَصْف উদ্দেশ্য, এ কারণে একই শব্দে وَصْف ও عَلَمِيَّتْ একত্রিত হয় না। কেননা– علم হল معرفه আর وصف হল نكره - উভয়ের মাঝে বৈপরিত্ত রয়েছে।

قوله فَاَسْوَدُ الخ ঃ ف টি تَفْسِيْرِيَّهْ অর্থাৎ পূর্বে وَصْف টা عَدْل এর সাথে একত্রিত হওয়ার কথা যখন জানা গেল, সুতরাং এখন তার আনুসঙ্গিক কথা এই যে, শব্দের মূল গঠনে وَصْف এর অর্থ থাকা আবশ্যক। বর্তমান তা থাক বা না থাক। অতএব أَسْوَدُ ও (কাল সাপ) ও أَرْقَمُ (পাখরা সাপ) যদিও পরবর্তীতে দু'ধরনের সাপের নামে পরিণত হয়েছে। আর নামের মধ্যে وَصْفِيَتْ (গুণবাচক) এর অর্থ লক্ষ্য থাকে না। তথাপি তা غَيْرِ مُنْصَرِف এর সবাব হওয়ার প্রতিবন্ধক নয়, সুতরাং এদুটো শব্দে وَصْف ও وَزْنِ فِعل এর কারণে غير منصرف হবে।

قوله لِأَصَالَتِهِمَا الخ ঃ এটা غَيْرِ مُنْصَرِف হওয়ার দলিল অর্থাৎ أَسْوَدُ ও أَرْقَمُ এর মূল গঠনে কাল হওয়া ও সাদা-কাল মিশ্রিত হওয়ার অর্থ বিদ্যমান রয়েছে, যদিও পরে তা শুধু নামে পরিণত হয়েছে। তথাপি وصف ধর্তব্য হয়ে غير منصرف হবে।

قوله وَأَرْبَعٍ فِيْ مَرَرْتُ الخ ঃ এর মধ্যে তারকীবে أَرْبَعٍ শব্দটি نِسْوَةٍ এর وَصْف বা সিফত এবং أَفْعَلُ এর ওযনে তথাপি غَيْرِ مُنْصَرف হবে না। কারণ أَرْبَعٌ এর মূল গঠন ৪ সংখ্যা বুঝানোর জন্য, এতে গুণবাচক অর্থ নেই। অতএব বাক্যে সিফত হওয়া ধর্তব্য হবে না, সুতরাং مُنْصَرِف থাকবে।

أَمَّا التَّانِيْثُ بِالتَّاءِ فَشَرْطُهُ أَنْ يَكُوْنَ عَلَمًا كَطَلْحَةَ وَكَذَالِكَ الْمَعْنَوِيُّ ثُمَّ الْمَعْنَوِيُّ إِنْ كَانَ ثُلَاثِيًا سَاكِنَ الْأَوْسَطِ غَيْرَ أَعْجَمِيٍّ يَجُوزُ صَرْفُهُ وَتَرْكُهُ لِأَجْلِ الْخِفَّةِ وَوُجُوْدِ السَّبَبَيْنِ كَهِنْدٍ وَإِلَّا يَجِبُ مَنْعُهُ كَزَيْنَبَ وَسَقَرَ وَمَاهَ وَجُوْرَ وَالتَّانِيْثُ بِالْأَلِفِ الْمَقْصُوْرَةِ كَحُبْلَى وَالْمَمْدُوْدَةِ كَحَمْرَاءَ مُمْتَنِعٌ صَرْفُهُمَا اَلْبَتَّةَ لِأَنَّ الْأَلِفَ قَائِمٌ مَقَامَ السَّبَبَيْنِ اَلتَّانِيْثُ وَلُزُوْمُهُ ـ

অনুবাদ ॥ تَانِيْثِ بِالتَّاءِ (তা-যুক্ত স্ত্রীলিঙ্গ) ঃ এটা গায়রে মুনসারিফের সবাব হওয়ার জন্য শর্ত হলো علم বা নামবাচক বিশেষ্য হওয়া। যেমন- طَلْحَةَ অনুরূপভাবে تَانِيْثِ مَعْنَوِى এর জন্য عَلَمْ হওয়া শর্ত। تَانِيْث مَعْنَوِى যদি তিন বর্ণবিশিষ্ট হয় যার মধ্যমবর্ণ সাকিন, আর শব্দটি অনারবী না হয় তবে তাকে মুনসারিফ ও গায়রে মুনসারিফ উভয়রূপে পড়া বৈধ। শব্দটির উচ্চারণ সহজ হওয়ার কারণে (মুনসারিফ পড়া বৈধ) এবং দু'টো সবাব পাওয়া যাওয়ার কারণে (গায়রে মুনসারিফ পড়া বৈধ)। যেমন- هِنْدٌ - অন্যথায় (তিন বর্ণ বিশিষ্ট মধ্যম বর্ণ সাকিন আরবী শব্দ না হলে) غير منصرف পড়া ওয়াজিব। যেমন- زَيْنَبُ - سَقَرُ - مَاهُ ও جُوْرُ - اَلتَّانِيْثُ بِأَلِف مَقْصُوْرَة যেমন حُبْلَى এবং تانيث بالف مَمْدُوْدَة যেমন- حَمْرَاء অবশ্যই غير منصرف -কেননা আলিফ দু'সবাব অর্থাৎ تَانِيْث ও لُزُوْم التَّانِيْث (স্ত্রীলিঙ্গ হওয়া অপরিহার্য হওয়া) এর স্থলাভিষিক্ত।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله أَمَّا التَّانِيْثُ الخ ঃ تَانِيْث বা مؤنث দু প্রকার। ক. بِالتَّاءِ (تاء দ্বারা) খ. بِأَلِفْ (আলিফ দ্বারা) চাই আলিফটি মাকছুরা হোক বা মামদূদা- تانيث بالتاء আবার দু'প্রকার- ক. لفظى ও খ مَعْنَوِى, تَائِي لَفْظِيْ আবার দু প্রকার- ক. مُتَحَرِّكْ (হরকত যুক্ত) ও খ. سَاكِنَهْ (সাকিন)।

تَانِيْثُ بِتَاىْ لَفْظِي سَاكِنَهْ (সাকিন যুক্ত لَفْظِيْ تائے দ্বারা مؤنث) টি فِعل এর বৈশিষ্ট্য বা আলামত, বাকী সবগুলোকে মুসান্নিফ র. শর্তাবলীসহ একেক করে বর্ণনা করেছেন-

★ উল্লেখ্য যে, تائے تانيث দ্বারা اسم এর শেষে অতিরিক্ত পূর্বাক্ষর যবরযুক্ত এবং ওয়াকফের সময় যে ة টি ، হয়ে যায় একমাত্র এ ة উদ্দেশ্য। بِنْتٌ ـ أُخْتٌ এ জাতীয় শব্দের تটি تَانِيْث تَائے নয়, ঐ تَ টি মূলত লাম কালেমা দ্বারা পরিবর্তিত। تانيث এর প্রকারভেদ চিত্রে প্রদত্ত হল-

- تَانِيْث
  - بِتَاء
    - مَلْفُوظَة
      - مُتَحَرِّك (فَاطِمَةُ)
      - سَاكِنَهْ (ضَرَبَتْ - خَاصَّةُ فِعل)
    - مُقَدَّرَه (أَرْضٌ)
  - بِأَلِف
    - مَقْصُوْرَة (حُبْلَى)
    - مَمْدُوْدَة (حَمْرَاءُ)

قوله فَشَرْطُهُ أَنْ يَكُوْنَ عَلَمًا ঃ অর্থাৎ ة দ্বারা مُؤَنَّث টি غير منصرف এর সবাবের জন্য عَلَم (নাম বাচকপদ) হওয়া শর্ত, চাইতা পুরুষের হোক যেমন- طَلْحَة বা মহিলার যেমন- فَاطِمَة ـ عَلَمِيَّتْ শর্ত হওয়ার কারণ تَائے تَانِيْث টা مَحَلِّ سُقُوط তথা বিলুপ্তির স্থানে বিদ্যমান। কারণ এটা কেবল مذكر ও مؤنث এর মাঝে পার্থক্যের জন্য আসে। সুতরাং তা বিলোপ হওয়ার সম্ভাবনা রাখে। আর عَلَمِيَّتْ ইসমকে অপরিবর্তন রাখে। এ কারণে এর জন্য عَلَمِيَّتْ কে শর্ত রাখা হয়েছে। যাতে শব্দটির জন্য مؤنث হওয়াটা অপরিহার্য হয়ে যায়। আর

তখন مُنْصَرِف হওয়া থেকে বিরত রাখার শক্তি পায়। অপরদিকে عَلَمِيَّتْ না হলে উক্ত عَلَمِيَّتْ টি নিজের পড়ে যাওয়ার সম্ভাবনা থাকে। সুতরাং অপরকে منصرف হওয়া থেকে বাধা দিবে কিরূপে?

قَوْلُهُ بِالتَّاءِ الخ ঃ এর দ্বারা اَلِفِ تَانِيْثْ এর উভয় প্রকার বের হয়ে গেল, কারণ তার জন্য এমনিতেই تَانِيث لَازِمْ - (অপরিহার্য)।

قوله وَكَذَالِكَ الْمَعْنَوِيُّ ঃ অর্থাৎ تَانِيْثِ لَفْظِي এর ন্যায় تَانِيْثِ مَعْنَوِي এর জন্যও عَلَمِيَّتْ শর্ত। তবে পার্থক্য এই যে, لَفْظِي এর মধ্যে تَانِيْث আবশ্যিক করার জন্য শর্ত। যেমন طَلْحَةٌ এটাকে غَيْرِ مُنْصَرِف পড়া ওয়াজিব। আর مَعْنَوِي এর মধ্যে ওয়াজিব নয়। বরং জায়েয, তবে হ্যা تَانِيْثِ مَعْنَوِي এর সাথে عَلَمِيَّتْ ছাড়াও যদি আরো কোন সবাব পাওয়া যায় তখন উক্ত সবাবের ভিত্তিতে غير منصرف পড়া ওয়াজিব হবে। সামনে ثم الْمَعْنَوِيْ দ্বারা একথাটিই বুঝান হচ্ছে।

قوله ثُمَّ الْمَعْنَوِيُّ اِنْ كَانَ الخ ঃ এর সার কথা এই যে, تَانِيْثْ مَعْنَوِيْ টা غير مُنْصَرِف এর سَبَبِ مُؤَثِّرْ হওয়ার জন্য عَلَمِيَّتْ ছাড়া আরো তিনটি শর্তের কোন একটি শর্ত পাওয়া যাওয়া জরুরী। উক্ত শর্ত তিনটি এই–

১. مُؤَنَّثِ مَعْنَوِي শব্দটি তিনের অধিক বর্ণ বিশিষ্ট হওয়া, যথা– زَيْنَبُ

২. অথবা মাঝের বর্ণটি হরকত বিশিষ্ট হওয়া। যথা– سَقَرُ (দোযখ)

৩. অথবা عَجَمِي তথা অনারবী হওয়া। যথা– مَاهْ ও جُوْر (দুটি শহরের নাম)

অতএব এ চারোটি শব্দকে غير منصرف পড়া ওয়াজিব। পক্ষান্তরে مُؤنثِ مَعْنَوِي এর মধ্যে এ তিন শর্তের কোনটি না পাওয়া গেলে তাকে غير منصرف পড়া ওয়াজিব নয়। বরং জায়েয, যেমন– هِنْدٌ (মহিলার নাম) এর মধ্যে عَلَمْ ও تانيثِ مَعْنَوِي পাওয়া গেছে কিন্তু তিন শর্তের কোনটি পাওয়া যায়নি। এ কারণে غير مُنْصرِف পড়া ওয়াজিব নয়।

قوله لِاَجْلِ الْخِفَّةِ الخ ঃ এটা يَجُوْزُ صَرْفُهُ এর দলিল বা কারণ, অর্থাৎ তিন হরফ ও মাঝে সাকিন হলে তা পড়া খুবই সহজ। আর এ সহজতা দু' সবাবের দরুন গায়রে মুনছারিফ পড়ার কারণ (ثِقَالَتْ বা কাঠিন্য) কে হালকা করে দেয়। তবে হ্যা! উপরোক্ত ৩ শর্তের কোনটি পাওয়া গেলে তার উচ্চারণে কিছুটা কাঠিন্য সৃষ্টি হয় বিধায় গায়রে মুনছারিফ পড়া জরুরী হয়ে যায়। ফলে كَسْرَةْ ও تَنْوِين কে দূর করে সহজ করা হয়।

قوله وَوُجُوْدِ السَّبَبَيْنِ ঃ এর عَطْف হয়েছে اَلْخِفَّةِ এর উপর। এটা وَيَجُوْزُ تَرْكُهُ তথা গায়রে মুনছারিফ পড়া জায়েয হওয়ার দলিল।

قوله اَلتَّانِيْثُ بِالْاَلِفِ الخ ঃ অর্থাৎ اَلِف مَقْصُوْرَةْ বা اَلِف مَمْدُوْدَةْ দ্বারা مؤنث কে غير منصرف পড়া জরুরী। اَلْبَتَّةَ অর্থ অবশ্যই, এটা فعلِ مُقَدَّرْ এর مفعولِ مُطلق মূলত بَتَّ بَتَّةً ছিল। মূল অর্থ কর্তন করা, শুরুতে الف لام যুক্ত করে এক শব্দে পরিণত করা হয়েছে। এটি সন্দেহ দূর করা তথা নিঃসন্দেহ ও অবশ্যই অর্থে ব্যবহৃত হয়। এই একটি সবাবই غير منصرف হওয়ার জন্য যথেষ্ট।

قوله لِاَنَّ الْاَلِفَ الخ ঃ কারণ এ সবাবটি দুটি সবাবের قَائِم مُقَام (স্থলাভিষিক্ত), আর তাহল تانيث ও لُزوم تانيث - কেননা এ আলিফটি কখনো শব্দ থেকে বিচ্ছিন্ন হয় না। অর্থাৎ حُبْلَى ও حَمْرَاءُ এর আলিফ বিলোপ করে مذكر এর জন্য حُبْلَى ও حَمْرَاءُ বলা যায় না। কিন্তু تَانِيث بِالتَّاءِ এর ক্ষেত্রে এমন নয়। অর্থাৎ ت বিলোপ করে مذكر এর জন্য ব্যবহার করা যায়। এ কারণে এর জন্য لُزوم তথা تانيث জরুরী হওয়া ভিন্ন একটি সবাবের ন্যায় গণ্য করা হয়েছে।

اَمَّا الْمَعْرِفَةُ فَلَا يُعْتَبَرُ فِىْ مَنْعِ الصَّرْفِ مِنْهَا اِلَّا الْعَلَمِيَّةُ وَتَجْتَمِعُ مَعَ غَيْرِ الْوَصْفِ، اَمَّا الْعُجْمَةُ فَشَرْطُهَا اَنْ تَكُوْنَ عَلَمًا فِى الْعُجْمَةِ وَزَائِدَةً عَلٰى ثَلٰثَةِ اَحْرُفٍ كَابْرَاهِيْمَ اَوْثَلَاثِيًا مُتَحَرِّكَ الْاَوْسَطِ كَشَتَرَ فَلِجَامُ مُنْصَرِفٌ لِعَدَمِ الْعَلَمِيَّةِ وَنُوْحُ مُنْصَرِفٌ لِسُكُوْنِ الْاَوْسَطِ اَمَّا الْجَمْعُ فَشَرْطُهُ اَنْ يَكُوْنَ عَلٰى صِيْغَةِ مُنْتَهَى الْجُمُوْعِ وَهُوَ اَنْ يَكُوْنَ بَعْدَ اَلِفِ الْجَمْعِ حَرْفَانِ كَمَسَاجِدَ اَوْحَرْفٌ مُشَدَّدٌ مِثْلُ دَوَابٌّ اَوْ ثَلٰثَةُ اَحْرُفٍ اَوْسَطُهَا سَاكِنٌ غَيْرُ قَابِلٍ لِلْهَاءِ كَمَصَابِيْحَ فَصَيَاقِلَةٌ وَفَرَازِنَةٌ مُنْصَرِفٌ لِقُبُوْلِهِمَا الْهَاءَ

অনুবাদ ॥ مُعْرِفَةٌ – মা'রেফার প্রকারসমূহের মধ্য হতে عَلَمِيَّةٌ বা নামবাচক বিশেষ্য ছাড়া অন্য কোন প্রকারকে غير منصرف এর সবাব হিসেবে গণ্য করা হয় না। وصْف ছাড়া অন্যান্য সবাবের সাথে মিলিত হতে পারে।

عُجْمَةٌ – عُجْمَةٌ (আরবী ভাষায় ব্যবহৃত অনারবী শব্দ) غَيْرِ مُنْصَرِف -এর সবাব হওয়ার জন্য শর্ত হলো তা আজমী ভাষায় عَلَمٌ (নামবাচক বিশেষ্য) হবে এবং তার বর্ণ তিনের অধিক হবে। যেমন– اِبْرَاهِيْم অথবা তিন বর্ণ হবে যার মধ্যম বর্ণ হরকত বিশিষ্ট হবে। যেমন– شَتَرٌ (একটি দুর্গের নাম), لِجَامٌ (লাগাম) শব্দটি عَلَمٌ না হওয়ার কারণে এবং نُوحٌ মধ্যমবর্ণ সাকিন হওয়ার কারণে منصرف - جُمْع – এটা গায়রে মুনসারিফের সবাব হওয়ার জন্য শর্ত হল শব্দটি مُنْتَهى الْجُمُوْع (চূড়ান্ত বহুবচন) এর ওযনে হবে। আর مُنْتَهى الْجُمُوْع এর পরিচয় হলো, বহুবচনের আলিফের পরে দু'টি অক্ষর হবে, যেমন– مَسَاجِدُ– অথবা তাশ্দীদযুক্ত একটি অক্ষর হবে, যেমন– دَوَابٌّ – অথবা তিন অক্ষর হবে যার মধ্যম অক্ষর সাকিন এবং তা ها অর্থাৎ تاء تانيث কবূল করবে না।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله ঃ اَمَّا الْمُعْرِفَةُ الخ معرفه টা غير منصرف এর সবাব হওয়ার জন্য কেবল عَلَمِيَّتْ তথা নামবাচক পদ হওয়া উদ্দেশ্য। কারণ مُعْرِفه এর মধ্য হতে কিছু আছে মবনী। যেমন– ১. مُضْمَرَات ২. اَسْمَائے اِشَارَات ৩. اَسْمَائے مَوْصُوْلات ইত্যাদি। আর غير منصرف হল مُعْرَب - আর مُعَرَّفْ بِاللَّامْ ও اِضافت তো غير منصرف কে منصرف বা منصرف এর হুকুমে পরিণত করে। সুতরাং এ দুটো ও غير منصرف এর সবাব হতে পারে না। বাকী منادى টা مُعَرَّفْ بِاللَّامْ এর মধ্যে দাখিল, কারণ নাহ্ভীদের মতে ياء দ্বারা مُعْرِفه টা الف لام দ্বারা معرفه থেকে তাবীলকৃত।

قوله ঃ وَتَجْتَمِعُ مَعَ غَيْرِ الْوَصْفِ অর্থাৎ عَلَمِيَّتْ টা একমাত্র وصف ছাড়া অন্যান্য সকল সবাবের সাথে একত্রে আসতে পারে। وَصْف যেহেতু ذَاتِ مُبْهَمَةٌ (অস্পষ্ট সত্বা) বুঝায় আর علميت নির্দিষ্ট সত্বা বুঝায়। অতএব দুয়ের মাঝে বৈপরিত্ব রয়েছে। এ কারণে একত্র হওয়া সম্ভব নয়।

وصف ছাড়া অন্যান্য সবাবের সাথে علميت একত্রে আসার উদাহরণ–

১. عدل এর সাথে। যেমন– عُمَرُ، زُفَرُ
২. تانيث এর সাথে। যেমন– طَلْحَةُ، حَمْزَةُ
৩. جمع এর সাথে। যেমন– مساجد ، مصابيح
৪. تركيب এর সাথে। যেমন– حَضْرَمَوْتُ، بَعْلَبَكُّ
৫. وزن فعل এর সাথে। যেমন– اَحْمَدُ ، تَغْلِبُ
৬. عُجْمَة এর সাথে। যেমন– اِسْمَاعِيْل، اِبراهيم
৭. اَلِفُ وَنُوْن زَائِدَتَان এর সাথে যথা– عُثْمَانُ ، عِمْرَانُ

★ قوله اَمَّا الْعُجْمَةُ الخ ঃ عُجْمَةٌ (অনারবী) غير منصرف এর সবাব হওয়ার عَلَمْ হওয়া শর্ত। عُجْمَةٌ বাবে كرم হতে অর্থ তোতলা হওয়া, পরিভাষায় কোন শব্দ আনারব কর্তৃক গঠিত হয়ে আরবীতে ব্যবহৃত হওয়া।

★ ফায়েদা ঃ عُجْمِى শব্দের পরিচয়ের ব্যাপারে মতভেদ রয়েছে।

১. কারো কারো মতে এর জন্য সুনির্দিষ্ট ওযন আছে।

২. কারো কারো মতে কোন ওযন নেই, তবে তা চেনার কয়েকটি পদ্ধতি আছে। বস্তুত এ মতটিই সঠিক।

عُجْمِى শব্দ চেনার উপায়ঃ ক. আরবী ওযনের খেলাপ হওয়া, খ. কোন পরিবর্তন ছাড়াই একাধিক কঠিন হরফ পরস্পর ও একত্রে আসা, গ. نُوْن ও رَا পাশাপাশি আসা, যেমন– نَرْجِس (নার্গিস ফুল) ঘ. صَادْ ও جِيْم একই শব্দে আসা। যেমন– صَيْرُوْج ঙ. قَافْ ও جِيْم একই শব্দে আসা। যেমন– قَرْجُم

قوله فَشَرْطُهَا اَنْ الخ ঃ عُجْمَه-টা غَيْر مُنْصَرِف এর সবাব হওয়ার জন্য দুটি শর্ত রয়েছে। যথা–

১. عُجْمَه থাকা কালে (আরবীতে ব্যবহারের পূর্বে) عَلَم হওয়া। চাই حَقِيْقَةً হোক যেমন ابراهيم বা حُكْمًا যেমন– قَالُوْنَ আনারবী অর্থ جَيِّدٌ উত্তম, পরবর্তীতে জনৈক কারীর কিরাত অতি উত্তম হওয়ায় এটাই তার নামে হয়ে গেছে। এগুলোর মধ্যে عَلَمِيَّتْ শর্তের কারণ এই যে, عَلَم হলে শব্দটি বিভিন্নরূপে পরিবর্তন থেকে রক্ষা পাবে। অন্যথায় আরবগণ তাদের ভাষার ন্যায় পরিবর্তন করতে থাকবে। আর তখন সাধারণ اسم এর মত হয়ে عُجْمِيَّتْ লোপ পাবে এবং উচ্চারণে সহজ হয়ে যাবে। ফলে غير منصرف হওয়ার প্রয়োজন পড়বে না।

قوله زَائِدَةٌ عَلٰى الخ ঃ عُجْمَه টা غير مُنْصَرِف এর সবাব হওয়ার দ্বিতীয় শর্ত হল– শব্দটিতে তিন অক্ষরের বেশী থাকা। বা তিন অক্ষর হলে তার মধ্যাক্ষর হরকত বিশিষ্ট হওয়া। যেমন اِبْرَاهِيم ও شَتَرُ (কেল্লার নাম) حُكْمًا ও حَقِيْقَةً তবে عُجْمِى এটা (আরবীরূপ) مُعَرَّبْ এর لگام শব্দটি لِجَامٌ ঃ قوله فَلِجَامٌ مُنْصَرِفٌ الخ কোন ক্ষেত্রে এটা علم (নাম বাচক) নয় বরং اسم جِنْس এভাবে نوح শব্দটি منصرف-কারণ অক্ষর তিনটি হলে শর্ত ছিল মধ্যাক্ষর হরকত যুক্ত হওয়া, অথচ এখানে সাকিন। এ কারণে منصرف -

★ ফায়েদা ঃ ১. সকল ফেরেশতার নাম غير منصرف ২. সকল নবীগণের নাম غير منصرف (সাতজন ছাড়া)। নিম্নের شِعر দুটিতে উক্ত নামগুলো উল্লেখ করা হয়েছে। যথা–

گرهمى خواهىْ كه دانى نام هر پيغمبرى * تاكدام است آئے برادر نزد نحو مُنْصَرِفُ

صَالِح وهُوْد ومُحَمَّدٌ وشُعَيْب ونوح ولوط * مُنْصَرِف داں و ديگر باقى همه لا يَنْصَرِفُ

আরেকজন হলেন شِيْث ع –

قوله اَمَّا الْجَمْعُ الخ ঃ এখানে جمع দ্বারা جَمْعِيَّتْ (মাসদারী) অর্থ উদ্দেশ্য অর্থাৎ جمع হওয়া। এ সবাবের জন্য শর্ত হল مُنْتَهٰى الْجُمُوْعُ (جمع এর সর্বশেষ ওযনে) হওয়া।

جَمْعُ مُنْتَهٰى الْجُمُوْعُ এর গঠন পদ্ধতি ঃ ১. اَلِف جمع এর পরে এক হরফ থাকা। যথা– مساجد ২. الف جمع এর পর তাশদীযুক্ত হরফ থাকা। যথা– دَوَابٌّ ৩. الف جمع এর পরে ৩ হরফ থেকে মধ্যাক্ষর সাকিন হওয়া। যথা– مَفَاتِيْح

قوله غَيْرُ قَابِلٍ لِلْهَاءِ ঃ এটা প্রথম يَكُوْنَ এর ফায়েলের যমীর থেকে حال অর্থাৎ جمع টা غير منصرف এর সবাব হওয়ার জন্য শর্ত হল ২টি। ১. مُنْتَهٰى الْجُمُوْع এর ওযনে হওয়া, ২. শেষে تائے تانيث না থাকা যা وقف এর সময় ة হয়ে যায়।

كَمَصَابِيْحَ فَصَيَاقِلَةٌ وَفَرَازِنَةٌ مُنْصَرِفٌ لِقُبُوْلِهِمَا الْهَاءَ وَهُوَ اَيْضًا قَائِمٌ مُقَامَ السَّبَبَيْنِ اَلْجَمْعِيَّةُ وَلُزُوْمُهَا وَامْتِنَاعُ اَنْ يُجْمَعَ مَرَّةً اُخْرٰى جَمْعَ التَّكْسِيْرِ فَكَاَنَّهُ جُمِعَ مَرَّتَيْنِ - اَمَّا التَّرْكِيْبُ فَشَرْطُهُ اَنْ يَكُوْنَ عَلَمًا بِلَا اِضَافَةٍ وَلَا اِسْنَادٍ كَبَعْلَبَكَّ

অনুবাদ ॥ যেমন- مَصَابِيْحُ -সুতরাং صَيَاقِلَةٌ ও فَرَازِنَةٌ শব্দ দু'টি مُنْصَرِف - কেননা উভয়টি هَا কবূল করেছে। আর এটাও দু'টি সবাবের স্থলাভিষিক্ত। সবাব দু'টি হচ্ছে- (১) বহুবচন হওয়া (২) বহু-বচন হওয়া অপরিহার্য হওয়া তথা পুনরায় তার جَمْعِ تَكْسِيْر করা নিষিদ্ধ হওয়া। কেমন যেন প্রথমেই দু'বার বহুবচন করা হয়েছে। تركيب -এর শর্ত এই যে, তা اضافت, ও إسْنَاد বিহীন علم (নামবাচক বিশেষ্য) হবে। যেমন- بَعْلَبَكٌّ (একটি শহরের নাম)।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَهُوَ اَيْضًا قَائِمٌ الخ ঃ যমীরের مرجع হল اَلْجَمْعُ আর اَيْضًا - فعلِ مُقَدَّرْ এর মূলত مفعولِ مُطْلَقْ - اَضَ اَيْضًا - رَجَعَ الْكَلَامُ رُجُوْعًا এর অর্থে, (বক্তব্য পূর্বের কথার হুকুমে ফিরে এল) অর্থাৎ جمع টা ও تانيث এর উভয় আলিফের ন্যায় দু'সবাবের قائم مقام - এক হল جمع تكسير হওয়ার কারণে, আর দ্বিতীয় হল পূনরায় এর আর جمع না হওয়ার কারণে। যদিও جمع سالم হওয়া জায়েয। যেমন صَاحِبَةٌ এর جمع হল صَوَاحِبُ এর جمع سالم - صَوَاحِبَاتٌ দ্বারা মুসান্নিফ (র.) এদিকেই এশারা করেছেন যে, কেমন যেন এটাকে দু'বার جمع বানান হয়েছে।

قوله اَمَّا التَّرْكِيْبُ الخ ঃ تركيب অর্থ সংযুক্ত করা, পরিভাষায় কোন হরফ উহ্য না রেখে দুই বা দুয়ের অধিক শব্দ মিলে এক শব্দে পরিণত হওয়া। কোন হরফ তার অংশ হওয়া ছাড়া কথার দ্বারা اَلنَّجْم ، بَصْرِى ইত্যাদি مُرَكَّبْ থেকে বের হয়ে গেল, কারণ প্রথমটি حرفِ تَعْرِيف - আর দ্বিতীয়টির ى হল يَاءُ نِسْبِى

উল্লেখ্য যে, তারকীবের এ সংজ্ঞাটি যে তারকীব مَنْعِ صَرْف এর সবাব কেবল তার জন্য খাছ। কেননা সাধারণ مُرَكَّبْ এর সংজ্ঞা আগে উল্লেখ করা হয়েছে যে, যার অংশ অর্থের অংশ বুঝায় তাকে مُرَكَّبْ বলে। مُرَكَّبْ ৬ প্রকার। যথা-১.اِضَافِى যথা- غُلَامُ زَيْدٍ ২. تَوْصِيْفِى যথা। رَجُلٌ عَالِمٌ ৩. مَزْجِى যথা- بَعْلَبَكٌّ ৪. اِسْنَادِى যথা- زَيْدٌ قَائِمٌ ৫. تَعْدَادِى-(بِنَائِى) যথা- اَحَدَ عَشَرَ ও ৬. صَوْتِى যথা- سِيْبَوَيْهِ কবির ভাষায়-

بُوَد تُرْكِيْبُ بِنَزْدِ نَحْوِيَاں شَشْ * بِيَادَشْ گِيْر وَگُرْخَائِفْ زِفُوْتِى

اِضَافِى ذَا ى وَتَوْصِيْفِى وَمَزْجِى * هُمْ اِسْنَادِى وَتَعْدَادِى وَصَوْتِى - (مَنْعِ صرف)

قوله فَشَرْطُهُ اَنْ يَكُوْنَ عَلَمًا ঃ অর্থাৎ تركيب টা সবাব হওয়ার জন্য দুটি শর্ত (১) عَلَمْ (নাম) হওয়া। কেননা, علم হলে সেটা অপরিবর্তনীয় থাকবে। ফলে সহজতার দাবিদার হবে। (২) بِلَا اِضَافَةٍ وَلَا اِسْنَادٍ অর্থাৎ تَرْكِيبِ اِضافى ও تَرْكِيبِ اِسْنَادِى না হতে হবে। কারণ اضافت তো غير منصرف কে منصرف বানিয়ে দেয়। সুতরাং তা منع صرف এর মধ্যে কিভাবে ক্রিয়াশীল হবে? আর اِسنادى تركيب টা عَلَمِيَّتْ ছাড়া সবাব হতে পারে না। আর علم হলে তখন তা মবনী হয়ে যায়। অথচ غير منصرف হল مُعْرَبْ -

قوله بَعْلَبَكٌّ ঃ بَعْل এক দেবতার নাম। আর بَكٌّ এক বাদশার নাম। সে একটি শহর স্থাপন করে তার প্রিয় দেবতা ও নিজের নামের সাথে মিলিয়ে উক্ত শহরের নাম রাখে বা'লাবাক্কা শহর। শব্দটি تركيب ও علميت এর কারণে غير منصرف হয়েছে।

فَعَبْدُ اللّٰهِ مُنْصَرِفٌ وَمَعْدِيكَرِبُ غَيْرُ مُنْصَرِفٍ وَشَابَ قَرْنَاهَا مَبْنِيٌّ، اَمَّا الْاَلِفُ وَالنُّوْنُ الزَّائِدَتَانِ اِنْ كَانَتَا فِيْ اِسْمٍ فَشَرْطُهُ اَنْ يَكُوْنَ عَلَمًا كَعِمْرَانَ وَعُثْمَانَ.فَسَعْدَانُ اِسْمُ نَبَتٍ مُنْصَرِفٌ لِعَدَمِ الْعَلَمِيَّةِ وَاِنْ كَانَتَا فِيْ صِفَةٍ فَشَرْطُهُ اَنْ لَّايَكُوْنَ مُؤَنَّثُهُ عَلٰى فَعْلَانَةٍ كَسَكْرَانَ فَنَدْمَانُ مُنْصَرِفٌ لِوُجُوْدِ نَدْمَانَةٍ

অনুবাদ॥ অতএব عَبْدُ اللّٰهِ মুনসারিফ ও مَعْدِيكَرِبُ গায়রে মুনসারিফ এবং شَابَ قَرْنَاهَا মবনী। اَلِفْ وَ نُوْن زَائِدَتَان – (শব্দের শেষে আলিফ ও নূন অতিরিক্ত হওয়া)। এমনটা যদি ইসমের মধ্যে হয় তবে তা علم (নামবাচক) হওয়া শর্ত। যেমন– عِمْرَان – عُثْمَان কিন্তু سَعْدَانُ মুনসারিফ। কারণ তা علم নয়। আর যদি তা صفت বা গুণবাচক ইসমের মধ্যে হয় তবে তার জন্য শর্ত হল তার স্ত্রীলিঙ্গ فعلانة এর ওযনে না হওয়া। যেমন– سَكْرَانُ – কিন্তু نَدْمَانٌ মুনসারিফ। কেননা তার স্ত্রীলিঙ্গ হয় نَدْمَانَةٌ–

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله فَعَبْدُ اللّٰهِ مُنْصَرِفٌ ঃ عَبْدُ اللّٰهِ এর মধ্যে تَرْكِيبِ اِضَافِى এর কারণে مُنْصَرِف হয়েছে। আর مَعْدِيكَرِبُ (এক ব্যক্তির নাম) غَيْرِ مُنْصَرِف কারণ এতে اسنادى বা تَرْكِيبِ اِضَافِى কোনটি হয়নি।

قوله شَابَ قَرْنَاهَا الخ ঃ شَابَ قَرْنَاهَا এটা দ্বিতীয় শর্তের ব্যাখ্যা সংশ্লিষ্ট। জনৈক মহিলার নাম। شَابَ قَرْنَاهَا অর্থ তার উভয় বেনী সাদা হয়েগেছে। মহিলার সামনে দুপাশের চুল সাদা হয়ে গিয়েছিল। অধিক আলোচিত হতে হতে এটি তার নামে পরিণত হয়ে যায়। এর মধ্যে تركيب ও علم পাওয়া সত্ত্বে মবনী, কারণ تَرْكِيبِ اِسْنَادِى পাওয়া গেছে।

قوله اَمَّا الْاَلِفُ وَالنُّوْنُ الخ ঃ এর মধ্যে فَشَرْطُهُ এর যমীরটি مُفْرَد আর এর مَرْجِع তথা اَلْاَلِفُ وَالنُّوْنُ الزَّائِدَتَانِ হল দুটি বস্তু, অতএব উভয়ের মাঝে تَطَابُقْ (সামঞ্জস্য) হয় না। এ কারণে যমীরটি হয় (ক) اسم এর দিকে ফিরবে। কেননা এ সব ইসমেরই আলোচনা অর্থাৎ فَشَرْطُ الْاِسْمِ الَّذِىْ فِيْهِ الْاَلِفُ وَالنُّوْنُ হবে। অথবা (খ) الف ও نون মিলে যেহেতু এক সবাব। এ কারণে معطوف عليه ও معطوف কে এক ধরে তার দিকে ফিরবে। (গ) অথবা شرط এর পরে تاثير শব্দ উহ্য আছে। অর্থাৎ– شَرْطُ تَاثِيْرِ الْاَلِفِ

★ اَلِفْ ونُون زَائِدَاتَانِ এর জন্য علم হওয়া শর্ত এ জন্য যে, الف ونون শব্দের শেষে অতিরিক্ত হয়, আর শব্দের শেষাংশ হল পরিবর্তনের স্থান। এ কারণে পরিবর্তন থেকে রক্ষার জন্য علم হওয়া শর্ত স্থির করা হয়েছে। যেমন– عِمْرَانُ ও عُثْمَانُ

★ উল্লেখ্য যে, এ দুটি উদাহরণ দ্বারা মুসান্নিফ র. اَلِفْ وَنُون زَائِدَاتَانُ এর ওযন দুটি হওয়ার প্রতি ইশারা করেছেন। سَعْدَانُ এক ধরনের ঘাস। এটা علم নয় বরং اسم جنس এ কারণে منصرف

قوله اِنْ كَانَ فِىْ صِفَةٍ الخ ঃ অর্থাৎ যদি সিফাতের ছীগায় الف ونون অতিরিক্ত হয় তাহলে তার মুয়ান্নাছ فَعْلَانَةٌ এর ওযনে না হওয়া শর্ত। যেমন سَكْرَانُ (মাতাল) শব্দটি غير منصرف –কারণ এর মুয়ান্নাছ আসে سَكْرٰى – سَكْرَانَةٌ আসে না। অপরদিকে ندمان (সবাসদ, সাথী) এর মুয়ান্নাছ যেহেতু ندمانة আসে, এ কারণে এটি منصرف তবে نَدْمَانٌ যদি نَدَامَةٌ (লজ্জা পাওয়া) থেকে গঠিত হয় তাহলে সবার মতে এটা منصرف হবে। কারণ তখন তার মুয়ান্নাছ হবে نَدْمٰى - এভাবে حَسَّان শব্দটি حُسْن (সৌন্দর্য) হতে গঠিত হলে منصرف হবে। আর حِسٌّ (অনুভূতি) হতে গঠিত হলে غير منصرف হবে না। কারণ তখন এটা فَعْلَانٌ এর ওযনে হবে।

اَمَّا وَزْنُ الْفِعْلِ فَشَرْطُهُ اَنْ يَخْتَصَّ بِالْفِعْلِ وَلَايُوْجَدُ فِي الْاِسْمِ اِلَّا مَنْقُوْلًا عَنِ الْفِعْلِ كَشَمَّرَ وَضَرَبَ وَاِنْ لَمْ يَخْتَصَّ بِهِ فَيَجِبُ اَنْ يَكُوْنَ فِيْ اَوَّلِهِ اِحْدٰى حُرُوْفِ الْمُضَارِعَةِ وَلَا يَدْخُلَهُ الْهَاءُ كَاَحْمَدَ وَيَشْكُرَ وَتَغْلِبَ وَنَرْجِسَ فَيَعْمَلٌ مُنْصَرِفٌ لِقُبُوْلِهِمَا الْهَاءَ كَقَوْلِهِمْ نَاقَةٌ يَعْمَلَةٌ ـ اِعْلَمْ اَنَّ كُلَّ مَا شُرِطَ فِيْهِ الْعَلَمِيَّةُ وَهُوَ الْمُؤَنَّثُ بِالتَّاءِ وَالْمَعْنَوِيُّ وَالْعُجْمَةُ وَالتَّرْكِيْبُ وَالْاِسْمُ الَّذِيْ فِيْهِ الْاَلِفُ وَالنُّوْنُ الزَّائِدَتَانِ اَوْ لَمْ يُشْتَرَطْ فِيْهِ ذَالِكَ وَلَاكِنْ اِجْتَمَعَ مَعَ سَبَبٍ وَاحِدٍ فَقَطْ وَهُوَ الْعَلَمُ الْمَعْدُوْلُ وَوَزْنُ الْفِعْلِ اِذَا نُكِّرَ صُرِفَ - اَمَّا فِي الْقِسْمِ الْاَوَّلِ فَلِبَقَاءِ الْاِسْمِ بِلَاسَبَبٍ وَاَمَّا فِي الثَّانِيْ فَلِبَقَائِهِ عَلٰى سَبَبٍ وَاحِدٍ تَقُوْلُ جَائَنِيْ طَلْحَةٌ وَطَلْحَةٌ اٰخَرُ وَقَامَ عُمَرُ وَعُمَرٌ اٰخَرُ وَضَرَبَ اَحْمَدُ وَاَحْمَدٌ اٰخَرُ وَكُلُّ مَا لَايَنْصَرِفُ اِذَا اُضِيْفَ اَوْ دَخَلَهُ اللَّامُ فَدَخَلَهُ الْكَسْرَةُ نَحْوُ مَرَرْتُ بِاَحْمَدِكُمْ وَبِالْاَحْمَدِ ـ

অনুবাদ ॥ وَزْنِ فِعْل (কোন ইসম ফে'লের গঠনে হওয়া) ঃ এটা গায়রে মুনসারিফের সবাব হওয়ার জন্য শর্ত হল, উক্ত ওযনটি ফে'লের ওযনের সাথে নির্দিষ্ট হওয়া এবং ফে'ল হতে নকল করে আনা ছাড়া তা ইসমের মধ্যে পাওয়া না যাওয়া। যেমন– ضَرَبَ ও شَمَّرَ -আর যদি উক্ত ওযনটি ফে'লের সাথে নির্দিষ্ট না হয়, তবে তার শুরুতে مُضَارِع -এর যেকোন একটি আলামত থাকা এবং তার শেষে تَاء মুক্ত না হওয়া অপরিহার্য। যেমন– اَحْمَدُ، يَشْكُرَ ও نَرْجِسُ - অতএব يَعْمَلٌ শব্দটি مُنْصَرِف কারণ তা هَا অর্থাৎ تَاءِ تَانِيث কবূল করে। যেমন– আরবরা বলে থাকে نَاقَةٌ يَعْمَلَةٌ (কর্মক্ষম উষ্ট্রী।) تَانِيْث

জেনে রেখো যে, غَيْر مُنصرف -এর যেসব সবাবের জন্য عَلَمِيَّةٌ শর্ত করা হয়েছে, তা হল– (৫টি যথা) (১) مُؤَنَّث بِالتَّاء (২) مؤنثِ مَعْنوِى, (৩) عُجْمَة, (৪) تركيب, (৫) اَلْاِسْمُ الَّذِىْ فِيْهِ الْاَلِفُ وَالنُّوْنُ الزَّائِدَتَانِ (অতিরিক্ত আলিফ ও নূন বিশিষ্ট বিশেষ্য) অথবা عَلَمِيَّة শর্ত নয় তবে অন্য সবাবের সাথে একত্রিত হয়, আর তা হল ২টি– علم ও وَزْنِ فِعْل – যখন علم কে نَكِرَة করা হবে তখন منصرف হয়ে যাবে। প্রথম প্রকারেরটি (যার মধ্যে علمية শর্ত করা হয়েছে) منصرف হবে ইসমটি সবাব বিহীন হওয়ার কারণে। আর দ্বিতীয় প্রকারেরটি (যার মধ্যে علمية শর্ত করা হয় নি) এক সবাব থাকার কারণে। যেমন– তুমি বলবে– جَاءَنِىْ طَلْحَةٌ وَ طَلْحَةٌ اٰخَرُ - ضَرَبَ اَحْمَدُ وَ اَحْمَدٌ اٰخَرُ - غَيْر مُنصرف শব্দটি مضاف হলে, বা তাতে ال দাখিল হলে, তাতে যের দাখিল হয়। যেমন– مَرَرْتُ بِاَحْمَدِكُمْ وَ بِالْاَحْمَدِ -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله اَمَّا وَزْنُ الْفِعْلِ الخ ঃ وَزْنِ فِعْل -এর জন্য দুটি শর্ত। ১. فعل এর সাথে খাছ হওয়া, ২. অথবা শুরুতে মুযারের কোন আলামত থাকা।

قوله وَلَايُوْجَدُ فِى الْاِسْمِ الخ ঃ অর্থাৎ ওযনটি اسم এর মধ্যে مشترك হবে না, তবে اسم হিসেবে ব্যবহৃত হলে তা فعل থেকে مَنْقُوْل (নকলকৃত) হতে হবে। যেমন– شمر ঘোড়ার নাম ماضى مَجْهُول এর ছীগা হতে নকল করে ঘোড়ার নাম রাখা হয়েছে। এভাবে ضَرَبَ দ্বারা কোন মানুষের নাম রাখা হল এগুলো এখন علم তথা اسم হিসেবে ব্যবহৃত। আর وزن فعل ও علم এর কারণে غير منصرف -এভাবে اِسْتَخْرَجُ ও اِقْتَدَرُ এর বেলায়ও। এসব ওযন فعل এর সাথে খাছ।

قوله اِحْدٰى حُرُوْفِ الْمُضَارِع ঃ এটা দ্বিতীয় শর্ত সংশ্লিষ্ট। অর্থাৎ যদি ওযনটি فعل এর সাথে খাছ না হয় তাহলে কমপক্ষে শুরুতে মুযারের কোন একটি আলামত থাকতে হবে এবং শেষে ة না থাকতে হবে।

★ এ শর্তের কারণ এই যে, শুরুতে এ حرف থাকা فعل এর বৈশিষ্ট্য, অতএব এর দ্বারা ওযনটা فعل এর সাথে খাছ হয়ে যাবে এবং اسم ও فعل এর মাঝে مشترك থাকবে না। আর ة না থাকার শর্ত এই জন্য যে, فعل এর ওযনটি যাতে اسم-এর ওযনের মধ্যে দাখিল না হয় এবং فعل এর জন্য খাছ হওয়া বাতিল না হয়। কেননা হরকতযুক্ত تائے تانيث টা اسم এর বৈশিষ্ট্য لَهَاءُ। لَايَدْخُلُهُ এটা أَنْ يَكُوْنَ এর যমীর থেকে حال

قوله أَحْمَدُ وَيَشْكُرُ الخ ঃ প্রথম তিনটি মানুষের নাম। আর نَرْجِس হলে ফুলের নাম। এভাবে - أَسْبَاط يَعْقُوْبُ - يُوْنُسُ - يُوْسُف ইত্যাদি সবগুলোর শুরুতে আলামতে মুযারে রয়েছে। এগুলো وزن فعل ও علم এর কারণে غير منصرف -

قوله وَاعْلَمْ أَنَّ كُلَّ مَاشُرِطَ الخ ঃ উল্লেখ্য যে, غير منصرف এর নয় সবাবের মধ্যে কেবল وصف এর সাথে عَلَمِيَّت জমা হয় না। বাকীগুলোর মধ্যে জমা হয়, তবে এগুলো দু'ধরনের (ক) عَلَمِيَّت শর্ত হিসেবে পাওয়া যায়, এ ধরনের সবাব ৪টি। যথা ১. تانيث بِالتَّاء ৩. تانيثِ مَعْنوى ২. عُجْمَه ৩. تركيب ৪. الف ونون زَائِدَتَان হওয়া। এ ধরনের সবাব ২টি- ১. عدل ও ২. وزنِ فعل (খ) عَلَمِيَّت শর্ত হিসেবে নয়, বরং শর্তহীনভাবে পাওয়া যায়।

قوله إِذَا نُكِّرَ صُرِفَ ঃ উপরোক্ত উভয় প্রকার سبب গুলো থেকে عَلَمِيَّتْ দূর হয়ে نكره (অনির্দিষ্ট) হয়ে গেলে তখন منصرف হয়ে যাবে।

★ দু'উপায়ে علم কে نَكِرَه করা যায় (ক) এক জামাতের লোককে একই নামে নাম করণ করা (খ) علم দ্বারা ব্যক্তির গুণ উদ্দেশ্য নেয়া। যথা- لكل فرعون موسى (প্রত্যেক মূসার জন্য ফেরাউন আছে) এখানে فِرْعَوْن ও مُوْسٰى দ্বারা প্রাচীন কালের নবী মূসা ও আল্লাহ দাবীকারী মিশরের বাদশাহ ফেরাউন উদ্দেশ্য নয়। বরং مُحِقّ ও مُبْطِل তথা হক ও বাতিল পন্থী উদ্দেশ্য। অর্থাৎ এটা لِكُلِّ مُبْطِلٍ مُحِقٌّ অর্থে। আর এক্ষেত্রে নির্দিষ্টতা বা عَلَمِيَّت না পাওয়া যাওয়ার কারণে উভয়টি منصرف -

قوله أَمَّا فِى الْقِسْمِ الخ ঃ এখান থেকে معرفه কে نكره স্থির করলে منصرف হয়ে যাওয়ার দলিল বর্ণনা করছেন। যথা- প্রথম প্রকারে যেহেতু غير منصرف হওয়ার জন্য علميت শর্ত ছিল। نكره বানানোর দ্বারা তা আর থাকলনা, আর শর্ত না পাওয়া গেলে হুকুম (مشروط) ও পাওয়া যায় না (إِذَافَاتَ الشَّرْطُ فَاتَ الْمَشْرُوْطُ)

উদাহরণ- قَامَ عُمَرُ وَعُمَرٌ اٰخَرُ ও جَائَنِيْ طَلْحَةُ وَطَلْحَةٌ اٰخَرُ ইত্যাদি। এগুলোতে প্রথম নামটি নির্দিষ্ট বুঝাচ্ছে। কিন্তু দ্বিতীয়টি বুঝাচ্ছে অনির্দিষ্ট। কেননা- অন্য এক তালহা বা অন্য এক উমর কে শ্রোতার সামনে তা নির্দিষ্ট হচ্ছে না। এ কারণে পরের নামটি منصرف হিসেবে তানভীন যুক্ত হয়েছে।

قوله وَكُلُّ مَالَايَنْصَرِفُ الخ ঃ غير منصرف **শব্দে** كسره **আসা প্রসঙ্গ ঃ** দু'কারণে গায়রে মুনছারিফ শব্দে كسره হয়, ১. مضاف হলে, যথা- مَرَرْتُ بِاَحْمَدِكُمْ এখানে احمد শব্দটি كُمْ যমীরের দিকে মুযাফ হয়েছে।

২. শুরুতে لامِ تعريف আসলে। যথা- مَرَرْتُ بِالْاَحْمَدِ এর احمد শব্দের পূর্বে।

التمرين (অনুশীলনী)

১. غير منصرف কাকে বলে? উহার হুকুম (বিধান) কি এবং এর সবাব কয়টি ও কি কি?

২. عدل কাকে বলে? উহা কত প্রকার ও কি কি? হুকুমসহ বিশদভাবে লিখ।

৩. تانيث কত প্রকার ও কি কি? হুকুম ও উদাহরণসহ বুঝিয়ে দাও।

৪. إِذَا نُكِّرَ صُرِفَ ইবারতটির বিশদভাবে ব্যাখ্যা কর।

৫. غير منصرف শব্দে কখন كسره ও تنوين দাখিল হয়? غير منصرف এর কয়টি সবাবে عَلَمِيَّت শর্ত ও কয়টিতে শর্ত নয় সবাব উল্লেখসহ লিখ।

اَلْمَقْصَدُ الْاَوَّلُ فِي الْمَرْفُوْعَاتِ

اَلْاَسْمَاءُ الْمَرْفُوْعَاتُ ثَمَانِيَةُ اَقْسَامٍ ـ اَلْفَاعِلُ وَمَفْعُوْلُ مَالَمْ يُسَمَّ فَاعِلُهُ وَالْمُبْتَدَاءُ وَالْخَبَرُ وَ خَبَرُاِنَّ وَاَخَوَاتِهَا وَاِسْمُ كَانَ وَاَخَوَاتِهَا وَاِسْمُ مَاوَلَا الْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ وَخَبَرُ لَا الَّتِيْ لِنَفْيِ الْجِنْسِ ـ

প্রথম মাকসাদ ঃ মারফূআত প্রসঙ্গ

অনুবাদ ॥ مَرْفُوْعَاتْ -এর প্রকাভেদ ঃ পেশবিশিষ্ট ইসম আট প্রকার। যথা– (১) فَاعِل (২) مَفْعُوْلُ مَالَمْ يُسَمَّ فَاعِلُهُ (৩) مُبْتَدَا (৪) خَبَر (৫) خَبَرانَّ وَ اَخَوَاتِهَا (৬) اِسْم كَانَ وَاَخَوَاتِهَا (৭) اِسْم مَا وَلَاالْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ (৮) خَبَر لَاالَّتِىْ لِنَفْيِ الْجِنْسِ

প্রাসঙ্গিক আলোচনা ঃ মুসান্নিফ (র.) اَلْبَابُ الْاَوَّلُ তথা প্রথম অধ্যায়ের শুরুতে এর অধীনে ১টি ভূমিকা, ৩টি মাকসাদ ও ২টি পরিশিষ্ট থাকার কথা বলেছিলেন। ভূমিকা শেষ হওয়ার পর এখান থেকে প্রথম মাকসাদের বর্ণনা শুরু করেছেন।

قَوْلُهُ اَلْمَقْصَدُ الْاَوَّلُ ঃ অত্র মাকসাদের অধীনে তিনি اسماء مرفوعات **তথা যে সকল** اسم বিভিন্ন আমিলের কারণে مرفوع (حالتِ رَفْعِىْ বিশিষ্ট) হয়। তার বিবরণ এনেছেন।

★ مَرْفُوْعَاتْ এর বর্ণনা শুরুতে আনার কারণ ঃ مَنْصُوْبات ও مَجْرُوْرَاتْ এর তুলনায় مَرْفُوْعَاتْ-এর স্থান উর্ধ্বে, কারণ এগুলো বাক্যের উত্তম অংশ তথা فاعل ও مبتدا ইত্যাদি হয়। এ কারণে مرفوعات কে প্রথমে উল্লেখ করা হয়েছে।

★ مَقْصَد শব্দটি مَقْصُوْد অর্থে ব্যবহৃত। কারণ مَقْصَدْ শব্দটি اسمِ ظرف হলে তার অর্থ হবে উদ্দেশ্যস্থল, অথবা মীমটি মাসদারিয়া হলে অর্থ হবে উদ্দেশ্য করা। অথচ এখানে এর কোন অর্থই যথার্থ হয় না। এজন্য এটা مَقْصُوْد (اسم مفعول) অর্থে ব্যবহৃত। যেমন– مَضْرُبٌ অর্থ مَضْرُوْبٌ এবং هٰذَا ضَرْبُ الْاَمِيْرِ টা هٰذَا مَضْرُوْبُ الْاَمِيْرِ অর্থে।

قوله اَلْاَسْمَاءُ الْمَرْفُوْعَةُ ঃ اَلْمَرْفُوْعَاتْ শব্দটি اَلْاَسْمَاءِ এর সিফত, নিয়ম আছে যে, সিফত ও মওসূফের মধ্যে تَطَابُقْ জরুরী, অথচ اَلْاَسْمَاء বহুঃ আর اَلْمَرْفُوْعَة একবচন – এর কারণ এই যে, মওসূফ غَيْرِ ذَوِى الْعُقُوْلِ হলে সিফত واحد مؤنث বা جمع مؤنث উভয় হতে পারে। কেননা اَلْجَمْعُ فِيْ حُكْمِ التَّانِيْثِ (جمع টি مونث এর হুকুমে গণ্য হয়।) যেমন – اَلْاَيَّامُ الْخَالِيَةُ ও اَلْاَيَّامُ الْخَالِيَات

★ পরিভাষায় مرفوع ঐ اسم কে বলে যা فاعل হওয়ার আলামত বিশিষ্ট হয় (هُوَ مَااشْتَمَلَ عَلٰى عَلَمِ الْفَاعِلِيَّةِ) - আর فاعل এর আলামত হল ضمه ، واو ـ الف যেমন– جَاءَنِىْ زَيْدٌ وَاَبُوْهُ وَرَجُلَانِ এর মধ্যে তিনোটি একত্রিত হয়েছে।

★ মুসান্নিফ র. সহজতার প্রতি লক্ষ রেখে مرفوع এর সংজ্ঞা বর্ণনা করে তার اقسام (প্রকারভেদ) উল্লেখ করেছেন।

قوله ثَمَانِيَةٌ ঃ مرفوع কে ৮ ভাগে সীমিত করা হয়েছে। কারণ– مرفوع হয় مسند اليه হবে, না হয় مسند হবে, خَبَرانّ واَخَوَاتِها এবং خبر لائے نفى جنس হল مسند - বাকী ৬টি مسند اليه - এ ছাড়া কোন ইসম مرفوع হয় না।

فَصْلٌ - اَلْفَاعِلُ كُلُّ اِسْمٍ قَبْلَهُ فِعْلٌ اَوْصِفَةٌ اُسْنِدَ اِلَيْهِ عَلٰى مَعْنَى اَنَّهُ قَامَ بِهِ لَاوَقَعَ عَلَيْهِ نَحْوُ قَامَ زَيْدٌ وَزَيْدٌ ضَارِبٌ اَبُوْهُ عَمْرًوا وَمَاضَرَبَ زَيْدٌ عَمْرًوا وَكُلُّ فِعْلٍ لَا بُدَّ لَهُ مِنْ فَاعِلٍ مَرْفُوْعٍ مُظْهَرٍكَذَهَبَ زَيْدٌ اَوْمُضْمَرٍ بَارِزٍ كَضَرَبْتُ زَيْدًا اَوْمُسْتَتِرٍ كَزَيْدٌ ذَهَبَ وَاِنْ كَانَ الْفِعْلُ مُتَعَدِّيًا كَانَ لَهُ مَفْعُوْلٌ بِهِ اَيْضًا نَحْوُ ضَرَبَ زَيْدٌ عَمْرًوا

পরিচ্ছেদ-১ ঃ فَاعِل প্রসঙ্গ

অনুবাদ ॥ فَاعِل-এর সংজ্ঞা ঃ فاعل এমন সব ইসমকে বলে যার পূর্বে فعل বা একটি (شِبْهِ فعل) صِفَة (গুণবাচক বিশেষ্য) থাকে এবং فعل বা صفة টি প্রতিষ্ঠিত বা সংঘটিত হওয়ার দিক দিয়ে উক্ত ইস-মের সাথে সম্বন্ধযুক্ত থাকে। এ অর্থে নয় যে, উক্ত فعل বা صفة টি ঐ ইসমের উপর পতিত হয়েছে। যেমন– قَامَ زَيْدٌ (যায়েদ দণ্ডায়মান হয়েছে), زَيْدٌ ضَارِبٌ اَبُوْهُ عَمْرًوا (যায়েদের পিতা আমরের প্রহারকারী), مَا ضَرَبَ زَيْدٌ عَمْرًوا (যায়েদ আমরকে প্রহার করে নি)।

فاعل-এর প্রকারভেদ ঃ প্রত্যেক فعل-এর জন্য রফা'বিশিষ্ট একটি فاعل অপরিহার্য। হয়ত তা (১) اسم مظهر বা প্রকাশ্য ইসম হবে। যেমন– ذَهَبَ زَيْدٌ অথবা, (২) مُضْمَرِبَارِزٌ বা প্রকাশ্য সর্বনাম হবে। যেমন– ضَرَبْتُ زَيْدًا অথবা, (৩) مُضْمَرِ مُسْتَتِرٌ বা উহ্য সর্বনাম হবে। যেমন– زَيْدٌ ذَهَبَ আর فعل টি যদি مُتَعَدِّى (সকর্মক) হয় তাহলে তার জন্য একটি مفعولِ بِهِ ও থাকতে হবে, যেমন– ضَرَبَ زَيْدٌ عَمْرًوا

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله اَلْفَاعِلُ كُلُّ اِسْمٍ الخ ঃ অধিকাংশ নাহবীদের মতে مرفوع এর মধ্যে فاعل টি اصل হওয়ায় মুসান্নিফ (র.) فاعل কে আগে এনেছেন। কারণ فاعل হল جملهٔ فعليه এর অংশ, আর جملہ فِعْلِيه হল অন্যান্য جمله এর মধ্যে اصل

★ فاعل এর সংজ্ঞার মধ্যে উল্লিখিত كُلُّ اِسْمٍ হল جِنْس এটা اسمِ حَقِيْقِىْ (যেমন যায়েদ) ও اسمِ حُكْمِى বা تَاوِيْلِىْ (যথা اَعْجَبَنِىْ اَنْ تَضْرِبَ زَيْدًا বাক্যটি اَعْجَبَنِىْ ضَرْبُكَ زَيْدًا অর্থে) উভয়কে শামিল করে। قَبْلَهُ فِعْلٌ اَوْصِفَةٌ হল প্রথম فصل এর দ্বারা زَيْدٌ ضَرَبَ এর زَيْدٌ বের হয়ে গেছে)।

قوله اُسْنِدَ اِلَيْهِ এটা দ্বিতীয় فصل - এর দ্বারা যেসব اسم এর দিকে সরাসরি فعل এর সম্বন্ধ করা হয়নি সেগুলো বের হয়ে গেছে। যেমন– ضَرَبَ زَيْدٌ زَيْدٌ এর দ্বিতীয় زَيْدٌ -

قوله عَلٰى مَعْنَى اَنَّهُ قَامَ بِهِ الخ ঃ এটা তৃতীয় فصل এর দ্বারা যে اسم এর উপর فعل বা صفت পতিত হয় যথা– مفعول ইত্যাদি বের হয়ে গেল। অতএব সংজ্ঞাটি جامع ও مانع হয়ে পূর্ণাঙ্গ হয়ে গেল।

قوله وَكُلُّ فِعْلٍ لَابُدَّ الخ ঃ অর্থাৎ প্রত্যেক فعل এর জন্য فاعل আবশ্যক। কেননা فعل হল مسند আর مسند اليه বা فاعل ছাড়া مسند এর অস্তিত্ব অসম্ভব। উক্ত فاعل টি ৩ ধরনের হতে পারে। ১. اسمِ مُظْهَرْ যেমন– زَيْدٌ ضَرَبَ ২. مُضْمَرِ بَارِزٌ (প্রকাশ্য যমীর) যেমন– ضَرَبْتُ زَيْدًا ৩. مُضْمَرِ مُسْتَتِرٌ (উহ্য যমীর) যেমন ضَرَبَ زَيْدٌ

★ উল্লেখ্য যে, لَابُدَّ এর মধ্যে بُدَّ (উপায়) শব্দটি যবরের উপর মবনী। কেননা এটা لائے نفى جنس এর اسم। ইবারতটি মূলত لَامُخْلَصَ مَوْجُوْدٌ لِذَالِكَ الْفِعْلِ ছিল –

قوله مِنْ فَاعِلٍ الخ ঃ فاعل এর পরবর্তী তিনোটি শব্দ فاعل এর সিফত, এর মধ্যে مرفوع সিফতটি বস্তুত زِيَادَتِ تَقْرِيْر তথা فاعل এর অবস্থান দৃঢ় করার জন্য আনা হয়েছে। কেননা فاعل মাত্রই مرفوع হয়. অতএব এর প্রয়োজন পড়ে না।

وَإِنْ كَانَ الْفَاعِلُ مُظْهَرًا وُحِّدَ الْفِعْلُ اَبَدًا نَحْوُ ضَرَبَ زَيْدٌ وَضَرَبَ الزَّيْدَانِ وَضَرَبَ الزَّيْدُوْنَ وَإِنْ كَانَ مُضْمَرًا وُحِّدَ لِلْوَاحِدِ نَحْوُ زَيْدٌ ضَرَبَ وَثُنِّيَ لِلْمُثَنّٰى نَحْوُ اَلزَّيْدَانِ ضَرَبَا وَجُمِعَ لِلْجَمْعِ نَحْوُ اَلزَّيْدُوْنَ ضَرَبُوْا وَإِنْ كَانَ الْفَاعِلُ مُؤَنَّثًا حَقِيْقِيًّا وَهُوَ مَا بِإِزَائِهِ ذَكَرٌ مِّنَ الْحَيَوَانِ اُنِّثَ الْفِعْلُ اَبَدًا اِنْ لَمْ تُفْصَلْ بَيْنَ الْفِعْلِ وَالْفَاعِلِ نَحْوُ قَامَتْ هِنْدٌ .

অনুবাদ ॥ فَاعِلُ -এর সাথে فِعل এর ব্যবহার বিধি ঃ فاعل যদি প্রকাশ্য ইসম হয় তবে فعل সর্বদা واحد হবে। যেমন- ضَرَبَ زَيْدٌ - ضَرَبَ الزَّيْدَانِ এবং ضَرَبَ الزَّيْدُوْنَ - আর فاعل যদি যমীর বা সর্বনাম হয় তাহলে একবচন فاعل এর জন্য একবচন فعل নিতে হবে। যেমন- زَيْدٌ ضَرَبَ এবং দ্বিবচন فاعل - এর জন্য দ্বিবচন فعل নিতে হবে। যেমন- اَلزَّيْدَانِ ضَرَبَا এবং বহুবচন فاعل -এর জন্য বহুবচন فعل নিতে হবে। যেমন- اَلزَّيْدُوْنَ ضَرَبُوْا - فاعل যদি مؤنث حَقِيْقِى হয়, مؤنث حقيقى ঐ স্ত্রীলিঙ্গকে বলা হয় যার বিপরীতে কোন পুংলিঙ্গ প্রাণী থাকে- তবে فعل - সর্বদা স্ত্রীলিঙ্গ হবে, যদি فعل ও فاعل -এর মধ্যে অন্য কোন শব্দ দ্বারা বিচ্ছেদ না ঘটে। যেমন- قَامَتْ هِنْدٌ -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وُحِّدَ الْفِعْلُ اَبَدًا ঃ অর্থাৎ فاعل প্রকাশ্য اسم হলে فعل সর্বদা একবচন আনতে হবে চাই فاعل টি একবচন, দ্বিচন বা বহুবচন যাই হোক। এর কারণ ২টি- ১. فاعل এর অবস্থা বুঝানোর জন্য فعل কে تثنيه বা جمع আনা হয়। আর فاعل যেহেতু প্রকাশ্যে আছে, সুতরাং এর জন্য অন্য কোন আলামত উল্লেখ নিষ্প্রয়োজন।

২. فاعل প্রকাশ্য ইসম হওয়া সত্ত্বে فعل টি দ্বিচন বা বহুবচন আনলে দু'টি অসুবিধা সৃষ্টি হয়। (ক) تعدد فاعل (فاعل একাধিক বার উল্লেখ করা।)

(খ) إِضْمَارُ قَبْلَ الذِّكْرِ (مرجع এর পূর্বে যমীর উল্লেখ করা) কারণ প্রকাশ্য ফায়েল তো পরে উল্লেখ রয়েছে।

قوله وَإِنْ كَانَ مُضْمَرًا الخ ঃ فاعل টি যমীর হলে সে অনুযায়ী فعل দ্বিবচন, বহুবচন আনা জরুরী। কারণ এটি মূল فاعل এর অবস্থা বুঝাবে।

قوله وَإِنْ كَانَ الْفَاعِلُ مُؤَنَّثًا ঃ فاعل যদি مؤنث حُقِيْقِى হয় এবং فاعل ও فعل এর মধ্যে অন্য শব্দের ব্যবধান না থাকে তাহলে فعل কে مؤنث আনা জরুরী, কেননা এই আলামতটি ফায়েলের লিঙ্গ বুঝাবে।

★ **ফায়েদা ঃ** (১) مؤنث দু'প্রকার (ক) مؤنث حقيقى যার বিপরীতে পুরুষ প্রাণী থাকে (খ) مؤنث غير حقيقى যার বিপরীতে পুরুষ প্রাণী থাকে না। যেমন- عين (চোখ) نخلة (খেজুর গাছ)

(২) ৩ শর্তে فاعل কে مؤنث আনা জরুরী, ১. فعل রূপান্তর যোগ্য হওয়া, অন্যথায় مذكر ও مؤنث উভয় জায়েয। যথা- نِعْمَتِ الْمَرْأَةُ هِنْدٌ ও وَنِعْمَ الْمَرْأَةُ هِنْدٌ ২. مؤنث টি প্রাণী জাতীয় হওয়া, ৩. فعل ও فاعل এর মাঝে فاصله বা ব্যবধান থাকা। فاعل এর مؤنث শক্তিশালী হওয়ায় فعل এর مؤنث হওয়ার মধ্যে আছর বা প্রভাব সৃষ্টি করে। আর فاعل যদি مونثِ غيرِ حُقِيْقِى হয় তাহলে فعل টা مذكر আনা জায়েয, কারণ, এ فاعل এর تانيث টা ত্রুটি পূর্ণ (কেননা حقيقى নয়) এ কারণে فعل এর মধ্যে فاعل এর আছর ক্রিয়াশীল হওয়া জরুরী নয়।

وَاِنْ فُصِلَتْ فَلَكَ الْخِيَارُ فِي التَّذْكِيْرِ وَالتَّانِيْثِ نَحْوُ ضَرَبَ الْيَوْمَ هِنْدٌ وَاِنْ شِئْتَ قُلْتَ ضَرَبَتِ الْيَوْمَ هِنْدٌ وَكَذٰلِكَ فِي الْمُؤَنَّثِ الْغَيْرِ الْحَقِيْقِيْ نَحْوُ طَلَعَتِ الشَّمْسُ وَاِنْ شِئْتَ قُلْتَ طَلَعَ الشَّمْسُ وَهٰذَا اِذَا كَانَ الْفِعْلُ مُسْنَدًا اِلَى الْمُظْهَرِ وَاِنْ كَانَ مُسْنَدًا اِلَى الْمُضْمَرِ اُنِّثَ اَبَدًا نَحْوُ اَلشَّمْسُ طَلَعَتْ وَجَمْعُ التَّكْسِيْرِ كَالْمُؤَنَّثِ الْغَيْرِ الْحَقِيْقِيْ تَقُوْلُ قَامَ الرِّجَالُ وَاِنْ شِئْتَ قُلْتَ قَامَتِ الرِّجَالُ وَالرِّجَالُ قَامَتْ وَيَجُوْزُ فِيْهِ الرِّجَالُ قَامُوْا وَيَجِبُ تَقْدِيْمُ الْفَاعِلِ عَلَى الْمَفْعُوْلِ اِذَا كَانَا مَقْصُوْرَيْنِ وَخِفْتَ اللُّبْسَ نَحْوُ ضَرَبَ مُوْسٰى عِيْسٰى

অনুবাদ ॥ আর যদি বিচ্ছেদ ঘটে তবে فعل কে পুংলিঙ্গ বা স্ত্রীলিঙ্গ ব্যবহার করার ক্ষেত্রে এখতিয়ার থাকবে। যেমন– ضَرَبَ الْيَوْمَ هِنْدٌ - আর ইচ্ছা করলে ضَرَبَتِ الْيَوْمَ هِنْدٌ - ও বলা যায়। مُؤَنَّثْ غَيْرِ حَقِيقِى -এর মধ্যে অনুরূপ হুকুম। যেমন– طَلَعَتِ الشَّمْسُ – আবার ইচ্ছা করলে طَلَعَ الشَّمْسُ ও বলতে পার। উপরোক্ত হুকুম কেবল সেক্ষেত্রেই প্রযোজ্য যখন فعل কোন প্রকাশ্য ইসমের সাথে সম্পর্কিত হবে। আর যদি ضمير বা সর্বনামের সাথে সম্পর্কিত হয় তবে فعل টি সর্বদা স্ত্রীলিঙ্গ ব্যবহৃত হয়। যেমন– اَلشَّمْسُ طَلَعَتْ – جمع تكسير টা مؤنث غير حقيقى -এর ন্যায়। যেমন– তুমি বলবে قَامَ الرِّجَالُ -এবং ইচ্ছা করলে (فعل কে স্ত্রীলিঙ্গ ব্যবহার করে) বলবে قَامَتِ الرِّجَالُ – اَلرِّجَالُ قَامَتْ - তবে اَلرِّجَالُ قَامَتْ -এর ক্ষেত্রে اَلرِّجَالُ قَامُوْا বলাও বৈধ। **فاعل কে مفعول -এর উপর مقدم করার ক্ষেত্র ঃ** فاعل ও مفعول উভয়ই اسم مقصور হলে এবং পরস্পর মিলে যাওয়ার আশংকা দেখা দিলে তখন فاعل -কে مفعول -এর উপর مقدم করা ওয়াজিব। যেমন– ضرب موسى عيسى -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَاِنْ فُصِلَتْ الخ ঃ فعل ও فاعل এর মাঝে فاصله (ব্যবধানকারী) আসলে فعل কে مذكر ও مؤنث উভয় আনা যায়, কারণ মাঝে فاصله আসায় فاعل এর مؤنث হওয়ার আছর (প্রভাব) فعل এর মধ্যে ক্রিয়াশীল হওয়া জরুরী থাকে না।

قوله كَذٰلِكَ فِى الْمُؤَنَّثِ الخ ঃ অর্থাৎ فاعل টি مؤنث غير حقيقى হলে فعل কে مذكر ও مؤنث উভয়ই আনা যায়। তবে فصل এর ক্ষেত্রে مذكر আনা উত্তম। কারণ فاصله আসলে مؤنث حقيقى এর ক্ষেত্রে যখন مذكر আনা জায়েয তাহলে غير حقيقى এর ক্ষেত্রে আরো উত্তমরূপে জায়েয। কেননা حقيقى এর তুলনায় غير حقيقى নিম্নমানের। অতএব উত্তম না হলে উভয়ের মাঝে মানের সমতা প্রমাণিত হয়। আর এটা উচিত নয়।

قوله جَمْعُ التَّكْسِيْرِ الخ ঃ فاعل টা جمع تكسير হয়ে ذَوِى الْعُقُوْلِ হৌক বা غَيْرِ ذَوِى الْعُقُوْلِ হৌক উভয় ক্ষেত্রে فاعل কে مذكر ও مؤنث যে কোনটি আনা যায়।

★ ফায়েদা ঃ (ক) فاعل টা جمع مكسر হয়ে যদি مؤنث حقيقى হয় তথাপি ফে'লকে مذكر ও مؤنث উভয় আনা যায়। যেমন– وَقَالَ نِسْوَةٌ فِى الْمَدِيْنَةِ আবার وَقَالَتْ نِسْوَةٌ ও বলা যায়। (খ) ফায়েল جمع مؤنث سالم হওয়ার ক্ষেত্রেও فعل কে مذكر ও مؤنث আনা জায়েয। যেমন– اِذَا جَاءَكَ الْمُؤْمِنَاتُ ও اٰمَنَتْ بَنُوْ اِسْرَائِيْلَ (গ) اِثْنَانِ -আর اَرْضُوْنَ ، سِنُوْنَ -এর বহুবচন ون দ্বারা হলে তার فعل কে مذكر বা مؤنث আনা যায়। যেমন– مؤنث ও قُلَّتَانِ এ হুকুমে শামিল।

قوله وَيَجِبُ تَقْدِيْمُ الْفِعْلِ الخ ঃ উল্লেখ্য যে, فاعل এর اصل হল مفعول এর উপর مقدم হওয়া। কারণ বাক্যের প্রধান অঙ্গগুলোর মধ্যে فاعل সবচেয়ে শক্তিশালী। তাই বলে সর্বক্ষেত্রে مقدم হওয়া ওয়াজিব নয়, কতিপয় ক্ষেত্রে ওয়াজিব। আর তাহল যে ক্ষেত্রে فاعل ও مفعول এর মাঝে প্রভেদ করার উপায় না থাকে। যেমন– فاعل ও مفعول উভয়টি اسم مقصور হলে এবং পরস্পর মিশে যাওয়ার ভয় থাকলে। যেমন– ضَرَبَ مُوْسٰى وعِيْسٰى এর মধ্যে উভয়টিতে اعراب জাহির না হওয়ার দরুন কোন্‌টা ফায়েল কোন্‌টা মাফউল বুঝা মুশকিল। অতএব এমন ক্ষেত্রে ফায়েলের مقدم ওয়াজিব হওয়ার দ্বারা বুঝা যাবে যে, প্রথমটা ফায়েল, আর দ্বিতীয়টা মাফউল।

وَيَجُوزُ تَقْدِيمُ الْمَفْعُولِ عَلَى الْفَاعِلِ إِنْ لَمْ تَخَفِ اللُّبْسَ نَحْوُ أَكَلَ الْكُمَّثْرَى يَحْيَى وَضَرَبَ عَمْرًوا زَيْدٌ وَيَجُوزُ حَذْفُ الْفِعْلِ حَيْثُ كَانَتْ قَرِينَةٌ نَحْوُ زَيْدٌ فِي جَوَابِ مَنْ قَالَ: أَ قَامَ زَيْدٌ؟ وَقَدْ يُحْذَفُ الْفَاعِلُ وَأُقِيمَ الْمَفْعُولُ مَقَامَهُ إِذَا كَانَ الْفِعْلُ مَجْهُولًا نَحْوُ ضُرِبَ زَيْدٌ وَهُوَ الْقِسْمُ الثَّانِي مِنَ الْمَرْفُوعَاتِ -

---

অনুবাদ ॥ আর যদি পরস্পর মিলে যাওয়ার আশংকা না থাকে তাহলে مفعول -কে পূর্বে আনা বৈধ। যেমন– أَكَلَ الْكُمَّثْرَى يَحْيَى এবং ضَرَبَ عَمْرًوا زَيْدٌ –

فاعل ও فعل – কে حذف (লুপ্ত) করার ক্ষেত্র ঃ قرينة বা ইংগিত পাওয়া গেলে فعل -কে হযফ করা বৈধ। যেমন– কোন ব্যক্তি বলল مَنْ ضَرَبَ (কে প্রহার করেছে?), উত্তরে বলা হল زَيْدٌ (অর্থাৎ ضَرَبَ زَيْدٌ), অনুরূপভাবে فعل ও فاعل উভয়কে একত্রে লুপ্ত করা বৈধ। যেমন– কেউ বলল– قَامَ زَيْدٌ (যায়েদ কি দাঁড়িয়েছে?) উত্তরে বলা হলো نَعَمْ (হ্যাঁ)। কোন কোন সময় فاعل -কে হযফ করে مفعول কে তার স্থলাভিষিক্ত করা হয়, তখন فعل টি মাজহুল বা অকর্মক হয়। যেমন– ضُرِبَ زَيْدٌ (যায়েদ প্রহৃত হয়েছে)। এটা مرفوعات -এর দ্বিতীয় প্রকার।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَيَجُوزُ تَقْدِيمُ الْفَاعِلِ الخ ঃ অপর দিকে উভয়টি اسم مقصور হওয়া সত্বে যদি إِلْتِبَاسٌ (মিশে যাওয়া) এর ভয় না থাকে তাহলে ফায়েল কে مقدّم করা জরুরী নয় বরং জায়েয। যেমন– أَكَلَ الْكُمَّثْرَى يَحْيَى (ইয়াহয়া আপেল খেয়েছে) এখানে আপেলে যেহেতু ইয়াহয়াকে খেতেপারে না, সুতরাং বুঝা যাবে যে كُمَّثْرَى ই মাফউল যদিও তা আগে এসেছে। এভাবে ضَرَبَ عَمْرًوا زَيْدٌ এর মধ্যে عَمْرًوا এর نصب ও زَيْدٌ এর رفع হল ফায়েল ও মাফউলের পরিচায়ক বা قرينه। এ কারণে এখানেও ফায়েলকে مقدم করা ওয়াজিব নয়।

★ ফায়েদা ঃ উপরের উদাহরণ দুটি দ্বারা বুঝা গেল যে, ফায়েল ও মাফউলের পরিচায়ক বা قرينه দু ধরনের। ১. قرينهٔ مَعْنَوِيَّهٔ (প্রথম উদাহরণে) ও ২. قَرِيْنَهٔ لَفْظِيَّهٔ (দ্বিতীয় উদাহরণে)।

قوله وَيَجُوزُ حَذْفُ الْفَاعِلِ الخ ঃ উল্লেখ্য যে, যেসব ক্ষেত্রে কোন শব্দ উল্লেখ না করা সত্বে তার অর্থ বুঝতে অসুবিধে সৃষ্টি না হয় সে সব ক্ষেত্রে শব্দ উহ্য রাখা জায়েয। বরং সহজ ও নিষ্প্রয়োজনীয়তার কারণে উত্তমও বটে। মুসান্নিফ (র.) এ কথাই বুঝাতে চেয়েছেন وَيَجُوزُ حَذْفُ الخ বলে। তিনি প্রথমে فعل উহ্য রাখার উদাহরণ দিয়েছেন যথা– مَنْ ضَرَبَ এর উত্তরে শুধু زَيْدٌ বলা জায়েয। এখানে উত্তরে ضَرَبَ বলার প্রয়োজন নেই। কারণ প্রশ্নটাই এখানে قرينه যে, زَيْد এর পূর্বে ضَرَبَ ফে'ল উহ্য আছে। এভাবে فعل ও فاعل উভয়কে বিলোপ করা জায়েয যেমন– اقام زيد এ জাতীয় প্রশ্নের উত্তরে কেবল– হা বা না বলা জায়েয অর্থাৎ এটা মূলত نَعَمْ قَامَ زَيْدٌ বা مَاقَامَ زَيْدٌ এর পর্যায়ে গণ্য।

★ قَوْلُهُ مَعًا ঃ এটা جُمْعًا এর অর্থে, অর্থাৎ فعل ও ফায়েল একত্রে حذف করা জায়েয।

★ ফায়েল কে ৫ জায়গা ছাড়া অন্য কোথাও حذف করা জায়েয নেই। যথা– ১. مَاقَامَ الاَّزَيْدٌ এ জাতীয় বাক্যে। ২. مَصْدَرْ এর মধ্যে যেমন إِطْعَامٌ فِي يَوْمٍ ذِي مَسْغَبَةٍ ৩. تَعَجُّبْ এর মধ্যে যেমন أَسْمِعْ بِهِمْ وَأَبْصِرْ ৪. فعلِ مَجْهول এর মধ্যে যেমন ضُرِبَ زَيْدٌ ৫. تَنَازُعِ فِعْلَيْنِ এর মধ্যে।

فَصْلٌ ـ اِذَا تَنَازَعَ الْفِعْلَانِ فِيْ اِسْمٍ ظَاهِرٍ بَعْدَ هُمَا اَيْ اَرَادَ كُلٌّ وَاحِدٍ مِّنَ الْفِعْلَيْنِ اَنْ يَّعْمَلَ فِيْ ذٰلِكَ الْاِسْمِ فَهٰذَا اِنَّمَا يَكُوْنُ عَلٰى اَرْبَعَةِ اَقْسَامٍ ـ اَلْاَوَّلُ اَنْ يَّتَنَازَعَا فِي الْفَاعِلِيَّةِ فَقَطْ نَحْوُ ضَرَبَنِيْ وَاَكْرَمَنِيْ زَيْدٌ،

পরিচ্ছেদ- ২ ঃ দু'ফেলের দ্বন্দ্ব প্রসঙ্গ

অনুবাদ ॥ দু'ফেলের দ্বন্দ্ব ঃ যখন দুটি فعل তাদের পরবর্তী কোন একটি প্রকাশ্য ইসমকে কেন্দ্র করে দ্বন্দ্বে লিপ্ত হয় অর্থাৎ প্রত্যেকটি ফে'লই ঐ ইসমের মধ্যে আমল করতে চায় তখন এর চারটি অবস্থা হতে পারে। প্রথমঃ উভয় ফে'লই উক্ত ইসমকে فاعل বানাতে চায়। যথা- ضَرَبَنِيْ وَ اَكْرَمَنِيْ زَيْدٌ-

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهٗ اِذَا تَنَازَعَ الْفِعْلَانِ الخ ঃ মুসান্নিফ র. فاعل এর বিভিন্ন বিষয়াদি বর্ণনার পর এখান থেকে এক مَعْمُوْل নিয়ে দু'ফে'লের আমলের দ্বন্দ্ব ও তা নিরসনের উপায় বর্ণনা করেছেন। تَنَازُعٌ অর্থ পরস্পর টানা-হেচঁড়া করা, দ্বন্দ্বে লিপ্ত হওয়া, এ প্রসঙ্গটি بَحْثِ تَنَازُعٌ নামে খ্যাত।

★ উল্লেখ্য যে, تَنَازُعٌ শুধু فعل এর সাথে খাছ নয় বরং اسم فاعل، اسم مفعول ইত্যাদির মধ্যেও হতে পারে। اسم فاعل এর মধ্যে- যেমন زَيْدٌ مُعَلِّمٌ وَمُؤَدِّبٌ

★ اسم مفعول যেহেতু আমলের দিক দিয়ে اصل ফে'ল, এ কারণে মুসান্নিফ فعل এর تَنَازُعٌ উল্লেখ করেছেন।

★ تنازع দু'ফেলের মধ্যে সীমিত নয় এবং অনেক ফে'লের মধ্যেও হতে পারে। এখানে নিম্নতম সংখ্যা বর্ণনা করা হয়েছে। যেমন- كَمَا صَلَّيْتَ وَسَلَّمْتَ وَبَارَكْتَ وَتَبَارَكْتَ وَرَحِمْتَ وَتَرَحَّمْتَ

এর মধ্যে ছয়টি ফে'ল عَلٰى اِبْرَاهِيْمَ কে مَعْمُول বানাতে চায়।

★ মাসদার اسمِ مُشْتَقٌّ এর ন্যায় আমল করে তবে বসরী ও কূফী নাহবীগণের মতে মাসদারের مَعْمُول ফায়েলকে حذف করা জায়েয নেই। এ কারণে তার تنازع (দ্বন্দ্ব) মিটান সম্ভব নয়।

قوله فِيْ اِسْمٍ ظَاهِرٍ ঃ اسمِ ظاهر বলার কারণ হল যমীর কে বাদ দেয়া, কেননা যমীর হয়তো متصل হবে, নয়তো مُنْفَصِل হবে। ضميرِ مُنْفَصِل এর মধ্যে تَنَازُعٌ হতে পারে না। কারণ ضميرِ مُتَّصِل যে ফে'লের সাথে মিলিত থাকে তারই معمول হয়। যেমন ضَرَبْتُ وَاَكْرَمْتُ এর মধ্যে تُ যমীর এবং ضَرَبَكَ وَاَكْرَمَكَ এর মধ্যে كَ যমীর। এগুলো মিলিত ফে'ল থেকে বিচ্ছিন্ন করা দূরস্ত নয় বরং নিজ নিজ আমিলের সাথে রাখা ওয়াজিব। তবে مَاضَرَبَ وَمَااَكْرَمَ اِلَّا اَنَا জাতীয় বাক্যের মধ্যে যদিও تنازع সম্ভব কিন্তু বসরী ও কূফীগণের মতে এ জাতীয় تَنَازُع মিটান সম্ভব নয়; এ কারণে ضميرِ مُنفصل ও تنازع থেকে বেরিয়ে গেল।

قوله بَعْدَ هُمَا الخ ঃ এটা وَاقِعٌ এর সাথে مُتَعَلِّق হয়ে اسم এর দ্বিতীয় সিফত। এর দ্বারা ফে'লের পূর্বে উল্লিখিত বা দু'ফেলের মাঝে উল্লিখিত اسم বের হয়ে গেল। যেমন- ضَرَبْتُ زَيْدًا এবং زَيْدًا ضَرَبْتُ وَاَكْرَمْتُ وَاَكْرَمْتُ ইত্যাদি। কেননা এ ধরনের اسم তার পূর্বের ফে'লের معمول হবে।

قوله وَاَرَادَ كُلٌّ وَاحِدٍ الخ ঃ মুসান্নিফ (র.) এখান থেকে تَنَازُعِ الْفِعْلَانِ এর বিবরণ দিচ্ছেন যে, এখানে تَنَازُعٌ দ্বারা প্রকৃত দ্বন্দ্ব উদ্দেশ্য নয়। কারণ তা হল ذِيْ رُوْح তথা প্রাণীর বৈশিষ্ট্য। ফে'লের মধ্যে তা কল্পনা করাই অসম্ভব। সুতরাং এখানে تَنَازُعٌ দ্বারা উদ্দেশ্য হল ফে'লের আমলের চাহিদা।

قوله فَهٰذَا اِنَّمَا يَكُوْنُ الخ ঃ تنازع **এর প্রকারভেদ ঃ** মুসান্নিফ (র.) বলেন- দু' ফে'লের দ্বন্দ্বের মোট ৪টি ছুরত (অবস্থা) হতে পারে। কেননা হয়তো উভয় ফে'ল فاعل নিয়ে দ্বন্দ্ব করবে, নতুবা ২. مفعول নিয়ে দ্বন্দ্ব করবে ৩. অথবা প্রথম ফে'ল فاعل চাইবে, আর দ্বিতীয় ফে'ল مفعول চাইবে ৪. অথবা প্রথম ফে'ল مفعول চাইবে, আর দ্বিতীয় ফে'ল فاعل চাইবে। সুতরাং এ ৪ ছুরতের মধ্যে تنازع সীমিত হল (প্রত্যেকটির উদাহরণ কিতাবে দ্রষ্টব্য)

اَلثَّانِىْ اَنْ يَّتَنَازَعَا فِى الْمَفْعُوْلِيَّةِ فَقَطْ نَحْوُ ضَرَبْتُ وَاَكْرَمْتُ زَيْدًا ، اَلثَّالِثُ اَنْ يَّتَنَازَعَا فِى الْفَاعِلِيَّةِ وَالْمَفْعُوْلِيَّةِ وَيَقْتَضِى الْاَوَّلُ الْفَاعِلَ وَالثَّانِى الْمَفْعُوْلَ نَحْوُ ضَرَبَنِىْ وَاَكْرَمْتُ زَيْدًا ، اَلرَّابِعُ عَكْسُهُ نَحْوُ ضَرَبْتُ وَاَكْرَمَنِىْ زَيْدٌ وَاعْلَمْ اَنَّ فِىْ جَمِيْعِ هٰذِهِ الْاَقْسَامِ يَجُوْزُ اِعْمَالُ الْفِعْلِ الْاَوَّلِ وَاِعْمَالُ الْفِعْلِ الثَّانِىْ خِلَافًا لِلْفَرَّاءِ فِى الصُّوْرَةِ الْاُوْلٰى وَالثَّالِثَةِ اَنْ يَّعْمَلَ الثَّانِىْ وَدَلِيْلُهُ لُزُوْمُ اَحَدِ الْاَمْرَيْنِ اِمَّا حَذْفُ الْفَاعِلِ اَوِ الْاِضْمَارُ قَبْلَ الذِّكْرِ وَكِلَاهُمَا مَحْظُوْرَانِ وَهٰذَا فِى الْجَوَازِ

অনুবাদ ॥ দ্বিতীয়ঃ উভয় ফে'ল ইসমটিকে مفعول বানাতে চায়। যথা– ضَرَبْتُ وَاَكْرَمْتُ زَيْدًا **তৃতীয়ঃ** ফে'ল দু'টি উক্ত ইসমকে فاعل ও مفعول বানানোর ব্যাপারে দ্বন্দ্ব করে,প্রথমটি চায় فاعل আর দ্বিতীয়টি চায় مفعول। যথা– ضَرَبَنِىْ وَ اَكْرَمْتُ زَيْدًا – **চতুর্থ ঃ** হল তৃতীয় অবস্থার বিপরীত। যথা– ضَرَبْتُ وَاَكْرَمَنِىْ زَيْدٌ-

দ্বন্দ্বের সমাধান ঃ জেনে রেখো যে, অত্র চারো ছুরতে প্রথম ও দ্বিতীয় فعل এর যে কোন একটির আমল দেয়া বৈধ। তবে ইমাম ফাররা র. প্রথম ও তৃতীয় অবস্থায় দ্বিতীয় ফেলে'র আমল দেয়ার ক্ষেত্রে মতভেদ করেন। তাঁর দলীল হল, এতে (১) حذف فاعل (ফায়েল বিলুপ্ত হওয়া) ও (২) اِضْمَارُ قَبْلَ الذِّكْرِ (مرجع উল্লেখের পূর্বে যমীর উল্লেখ করা) এর যে কোন একটি অপরিহার্য হয়ে পড়ে। আর এ দু'টো বিষয়ই নিষিদ্ধ। এ মতভেদ হল জায়েয হওয়া (না হওয়া)-এর ব্যাপারে।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَاعْلَمْ اَنَّ فِىْ جَمِيْعِ الخ ঃ فِعْل এর تَنَازُعْ এর ছুরত বর্ণনার পর মুসান্নিফ র. উভয় ফে'লের আমলের ছুরত বর্ণনা করছেন। এ ব্যাপারে সারকথা এই যে, উপরোক্ত চারো ছুরতে অনির্দিষ্টভাবে যে কোন فعل এর আমল দেয়া সবার মতে জায়েয (একমাত্র ইমাম ফাররা র -এর মতে প্রথম ও তৃতীয় প্রকারের মধ্যে দ্বিতীয় ফে'লের আমল দেয়া জায়য নেই) তবে মতভেদ হল আমল দেয়া উত্তম হওয়ার ব্যাপারে। বসরীগণ দ্বিতীয় ফে'লের আমল দেয়াকে প্রাধান্য দেন। আর কূফীগণ প্রথম ফে'লের আমল দেয়াকে প্রাধান্য দেন।

قوله خِلَافًا لِلْفَرَّاءِ الخ ঃ ইমাম ফাররা (র.) এর মতে ১ম ও ৩য় ছূরতে (তথা প্রথম فعل যদি فاعل চায় তাহলে উল্লিখিত اسم কে তারই معمول বানাতে হবে। এর কারণ এই যে, অন্যথায় দুটি অসুবিধা সৃষ্টি হয়।

(ক) اِضْمَارُ قَبْلَ الذِّكْرِ (مرجع উল্লেখ না করে যমীর ব্যবহার)

(খ) অথবা حَذْفُ الْفَاعِلِ (ফায়েল বিলোপ করা) আর নাহুর মূলনীতিতে উভয়ট নিষিদ্ধ। কেননা فاعل হল বাক্যের বিশেষ অংশ। সুতরাং তার স্থলাভিষিক্ত শব্দ ছাড়া তাকে حذف করার অর্থ হল বাক্য কে পঙ্গু বানান। যেমন– ضَرَبَنِىْ وَاَكْرَمَنِىْ زَيْدٌ এর زيد কে اَكْرَمَنِىْ ফায়েল বানালে ضَرَبَنِىْ এর ফায়েল হয় محذوف বলতে হয় নতুবা ضمير ফায়েল বলতে হয়। অথচ পূর্বে কোন مرجع নেই।

وَاَمَّا الْاِخْتِيَارُ فَفِيْهِ خِلَافُ الْبَصْرِيِّيْنَ فَاِنَّهُمْ يَخْتَارُوْنَ اِعْمَالَ الْفِعْلِ الثَّانِىْ اِعْتِبَارًا لِلْقُرْبِ وَالْجِوَارِ وَالْكُوْفِيُّوْنَ يَخْتَارُوْنَ اِعْمَالَ الْفِعْلِ الْاَوَّلِ مُرَاعَاةً لِلتَّقْدِيْمِ وَالْاِسْتِحْقَاقِ ـ

অনুবাদ ॥ তবে পসন্দনীয় হওয়ার ব্যাপারে বসরী নাহভীদের ভিন্নমত রয়েছে। তারা নিকটবর্তী ও প্রতিবেশী হওয়ার কারণে দ্বিতীয় فعل কে আমল দেয়া উত্তম মনে করেন। আর কুফী নাহভীগণ আগে আসা ও অগ্রাধিকারের বিবেচনায় আমল দেয়া উত্তম মনে করেন।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَاَمَّا فِى الْاِخْتِيَارِ الخ অর্থাৎ বসরী ও কূফীগণের মধ্যে মতভেদ কেবল পছন্দনীয় অপছন্দনীয় হওয়ার ব্যাপারে। বসরীগণ দ্বিতীয় فعل এর আমল দেয়াকে প্রাধান্য দেন। কয়েকটি কারণে। ১. দ্বিতীয় فعل টি প্রথম معمول এর তুলনায় فعل এর নিকটতম প্রতিবেশী। অতএব আগে তার চাহিদা পূরণ করাই যুক্তিযুক্ত।

২. প্রথম فعل কে عامل বানালে عامل ও معمول এর মধ্যে فاصله (ব্যবধান) হয়ে যায়, পক্ষান্তরে ২য় فعل এর ক্ষেত্রে এমনটি হয় না।

৩. কুরআন মজীদে এ ধরনের জায়গায় দ্বিতীয় فعل এর عمل দেয়া হয়েছে যেমন– فَيَقُوْلُ هَاؤُمُ اقْرَءُوْا كِتَابِيَهْ এখানে كِتَاب কে اِقْرَؤُوْا ফে'লের معمول বানান হয়েছে। কেননা এটি পূর্বের فعل এর معمول হলে اِقْرَءُوْهُ হত।

৪. فصيح সাহিত্যিকগণের বাক্যে দ্বিতীয় فعل এর আমল দেয়া হয়েছে। যথা–

قَضٰى كُلُّ ذِىْ دَيْنٍ فَوَفّٰى غَرِيْمَهٗ * وَعِزَّةُ مَمْطُوْلٍ مُعَنًّى غَرِيْمُهَا

এখানে شعر এর উভয় পংক্তিতে দ্বিতীয় فعل এর আমল দেয়া হয়েছে। অন্যথায় فوقاه ও غريمها হত।

قوله وَالْكُوْفِيُّوْنَ يَخْتَارُوْنَ الخ ঃ কুফীগণের মতে প্রথম فعل এর আমল দেয়া উত্তম হওয়ার কারণ এই যে,

১. যে আগে আসে তার অধিকার বেশী থাকে।

২. দ্বিতীয় فعل এর আমল দিলে اِضْمَارُ قَبْلَ الذِّكْرِ জরুরী হয়ে পড়ে। আর এটা দোষণীয়।

اَفْصَحُ الشُّعَرَاءِ উপাধীতে ভূষিত কবি ইমরাউল কায়েসের কবিতায় প্রথম فعل এর আমল দেয়া হয়েছে। যথা- وَلَوْ اَنَّمَا اَسْعٰى لِاَدْنٰى مَعِيْشَةٍ * كَفَانِىْ وَلَمْ اَطْلُبْ قَلِيْلٌ مِّنَ الْمَالِ এর মধ্যে قليل কে كَفَانِىْ এর فاعل ফায়েল বানান হয়েছে।

★ বসরীগণ এর জবাব দেন যে, এ শে'রটি بَابِ تَنَازُعٌ এর অন্তর্ভুক্ত নয়। বরং قَلِيْلٌ শব্দটি كَفَانِىْ এর ফায়েল, আর وَلَمْ اَطْلُبْ এর مفعول (الْعِزُّ وَالْمَجْدُ) উহ্য রয়েছে। এর পরবর্তী শে'র –

وَلٰكِنَّمَا اَسْعٰى لِمَجْدٍ مُؤَثَّلٍ * وَقَدْ يُدْرِكُ الْمَجْدَ الْمُؤَثَّلَ اَمْثَالِىْ এর قرينة দ্বারা বুঝা যায়। কেননা প্রথম শে'রে لو শর্ত রয়েছে। এটি شرط ও جزاء মিলে مثبت কে منفى ও منفى কে مثبت বানিয়ে দেয়। আর এর উপর কোন কিছুকে عطف করলে তার মধ্যেও এ অবস্থা হয়। সুতরাং اَنَّمَا اَسْعٰى হল شرط আর كَفَانِىْ হল جزاء উভয়টি مثبت (হ্যাঁ বাচক) অর্থ হল– সাধারণ জীবন যাপনের জন্য যদি আমার প্রচেষ্টা হত, তাহলে সামান্য সম্পদ আমার জন্য যথেষ্ট হত। এখানে কায়েদা অনুযায়ী উভয় ফে'ল منفى হলে অর্থ হবে। আমি সাধারণ জীবন-যাপনের চেষ্টা করিনা, আর সামান্য সম্পদ আমার জন্য যথেষ্টও নয়। একইভাবে পরবর্তী অংশ لَمْ اَطْلُبْ এর অর্থ হবে وَاَطْلُبُ (আর আমি কামনা করি) এখন এটা যদি قَلِيْلٌ مِّنَ الْمَالِ নিয়ে كَفَانِىْ এর সাথে تَنَازُعْ করে তাহলে অর্থ হবে "আমি সামান্য সম্পদ কামনা করি" এতে পূর্বের ও পরের অর্থের মধ্যে تَنَاقُضْ তথা বৈপরিত্ব প্রমাণিত হয়। বস্তুত এর মাফউল হল اَلْمَجْدُ الْمُؤَثَّلُ (সম্মান প্রতিপত্তি) যা পরবর্তী শে'র দ্বারা বুঝা যায়। এতে অর্থ ও সঠিক হয়।

فَإِنْ أَعْمَلْتَ الثَّانِيَ فَانْظُرْ إِنْ كَانَ الْفِعْلُ الْأَوَّلُ يَقْتَضِي الْفَاعِلَ أَضْمَرْتَهُ فِي الْأَوَّلِ كَمَا تَقُولُ فِي الْمُتَوَافِقَيْنِ ضَرَبَنِيْ وَأَكْرَمَنِيْ زَيْدٌ وَضَرَبَانِيْ وَأَكْرَمَنِي الزَّيْدَانِ وَضَرَبُوْنِيْ وَأَكْرَمَنِي الزَّيْدُوْنَ وَفِي الْمُتَخَالِفَيْنِ ضَرَبَنِيْ وَأَكْرَمْتُ زَيْدًا وَضَرَبَانِيْ وَأَكْرَمْتُ الزَّيْدَيْنِ وَضَرَبُوْنِيْ وَأَكْرَمْتُ الزَّيْدِيْنَ وَإِنْ كَانَ الْفِعْلُ الْأَوَّلُ يَقْتَضِي الْمَفْعُوْلَ وَلَمْ يَكُنِ الْفِعْلَانِ مِنْ أَفْعَالِ الْقُلُوْبِ حُذِفَتِ الْمَفْعُوْلُ مِنَ الْفِعْلِ الْأَوَّلِ كَمَا تَقُوْلُ فِي الْمُتَوَافِقَيْنِ ضَرَبْتُ وَأَكْرَمْتُ زَيْدًا وَضَرَبْتُ وَأَكْرَمْتُ الزَّيْدَيْنِ وَضَرَبْتُ وَأَكْرَمْتُ الزَّيْدِيْنَ وَفِي الْمُتَخَالِفَيْنِ ضَرَبْتُ وَأَكْرَمَنِيْ زَيْدٌ ضَرَبْتُ وَأَكْرَمَنِي الزَّيْدَانِ وَضَرَبْتُ وَأَكْرَمَنِي الزَّيْدُوْنَ وَإِنْ كَانَ الْفِعْلَانِ مِنْ أَفْعَالِ الْقُلُوْبِ يَجِبُ إِظْهَارُ الْمَفْعُوْلِ لِلْفِعْلِ الْأَوَّلِ كَمَا تَقُوْلُ حَسِبَنِيْ مُنْطَلِقًا وَحَسِبْتُ زَيْدًا مُنْطَلِقًا إِذْ لَا يَجُوْزُ حَذْفُ الْمَفْعُوْلِ مِنْ أَفْعَالِ الْقُلُوْبِ وَإِضْمَارُ الْمَفْعُوْلِ قَبْلَ الذِّكْرِ هٰذَا هُوَ مَذْهَبُ الْبَصْرِيِّيْنَ ـ

অনুবাদ ॥ যদি তুমি (বসরীদের মতানুযায়ী) দ্বিতীয় ফে'লকে عَامِلْ বানাতে চাও তবে দেখতে হবে যে, প্রথম فعلটি যদি فاعل চায় তাহলে তার মধ্যে فاعل -এর একটি যমীর বা সর্বনাম আন। সুতরাং উভয় ফে'লের চাহিদা এক হওয়া অবস্থায় তুমি বলবে (এক বচনে) ضَرَبَنِيْ وَ أَكْرَمَنِيْ زَيْدٌ - (দ্বিবচনে) ضَرَبَانِيْ وَ أَكْرَمَنِي الزَّيْدَانِ - আর (বহুবচনে) ضَرَبُوْنِيْ وَأَكْرَمَنِي الزَّيْدُوْنَ - চাহিদার ক্ষেত্রে উভয় ফে'ল ভিন্ন হওয়ার অবস্থায় তুমি বলবে (একবচনে) ضَرَبَنِيْ وَ أَكْرَمْتُ زَيْدًا - (দ্বিবচনে) ضَرَبَانِيْ وَ أَكْرَمْتُ الزَّيْدَيْنِ - (বহুবচনে) ضَرَبُوْنِيْ وَ أَكْرَمْتُ الزَّيْدِيْنَ-

আর যদি প্রথম ফে'লে মাফউল চায় এবং فعل দু'টি أَفْعَالِ قُلوبْ এর অন্তর্ভুক্ত না হয়, তাহলে প্রথম فعل এর মাফউলকে বিলুপ্ত করা হবে। যেমন চাহিদার ক্ষেত্রে উভয় فعل এক হওয়া অবস্থায় তুমি বলবে- (একবচনে) ضَرَبْتُ وَ أَكْرَمْتُ زَيْدًا - (দ্বিবচনে) ضَرَبْتُ وَ أَكْرَمْتُ الزَّيْدَيْنِ - (বহুবচনে) ضَرَبْتُ وَ أَكْرَمْتُ الزَّيْدِيْنَ - এবং চাহিদার ক্ষেত্রে উভয় ফে'ল ভিন্ন হওয়ার অবস্থায় বলবে- (একবচনে)- ضَرَبْتُ وَ أَكْرَمَنِيْ زَيْدٌ - (দ্বিবচন), ضَرَبْتُ وَ أَكْرَمَنِي الزَّيْدَانِ (বহুবচনে) ضَرَبْتُ وَ أَكْرَمَنِي الزَّيْدُوْنَ - কিন্তু যদি উভয় ফে'ল افعالِ قُلوبْ -এর অন্তর্ভুক্ত হয় তবে প্রথম ফে'লের মাফউলকে প্রকাশ করা ওয়াজিব। যেমন তুমি বলবে- حَسِبَنِيْ مُنْطَلِقًا وَحَسِبْتُ زَيْدًا مُنْطَلِقًا, কেননা أَفْعَالِ قلوب -এর মাফউলকে বিলুপ্ত করা এবং مرجع উল্লেখের পূর্বে যমীর উল্লেখ করা বৈধ নয়। এটা বসরী নাহভীদের অভিমত।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله فَإِنْ أَعْمَلْتَ ঃ এর দ্বারা মুসান্নিফ (র.) তার পসন্দনীয় বিসরিয়ীনের মাযহাবের বর্ণনা দিচ্ছেন, কেননা পূর্বে তাদের অভিমতকেই আগে উল্লেখ করেছেন, সুতরাং ব্যাখ্যার ক্ষেত্রে ও তাদেরটা আগে আসা সমীচীন। (পরিভাষায় একে لَفّ نَشْرُ مُرَتَّبُ বলে) তিনি বলেন- দ্বিতীয় ফে'লের আমল দিতে চাইলে পূর্বোক্ত

৪ ছূরতের প্রথম ছূরত তথা উভয় ফে'ল যদি ফায়েল চায় তাহলে (১) প্রথম ফে'লের মধ্যে اسم ظاهر অনুযায়ী واحد، تثنيه ، جمع ও مذكر، مؤنث এর যমীর আনতে হবে। যেমন–

১. ضَرَبَنِي وَأَكْرَمَنِي زَيْدٌ এর মধ্যে উহ্য هُوَ ফায়েল

২. ضَرَبَانِي وَأَكْرَمَنِي الزَّيْدَانِ - ضَرَبَانِيْ এর মধ্যে উহ্য الف যমীর ফায়েল।

৩. ضَرَبُوْنِيْ وَأَكْرَمَنِي الزَّيْدُوْنَ - ضَرَبُوْا এর মধ্যে উহ্য واو যমীর ফায়েল।

مؤنث এর ক্ষেত্রে যেমন–

ضَرَبَتْنِي وَأَكْرَمَتْنِي الْفَاطِمَةُ - ضَرَبَتَانِيْ وَأَكْرَمَتَانِي الْفَاطِمَتَانِ - ضَرَبْتَنِيْ وَأَكْرَمَتْنِي الْفَاطِمَاتُ .

(২) যদি চাহিদার দিক দিয়ে প্রথম ফে'ল ফায়েল চায় আর দ্বিতীয়টি মাফউল চায় তাহলে বলা হবে–

১. ضَرَبَنِيْ وَأَكْرَمْتُ زَيْدًا – زَيْدًا হল أَكْرَمْتُ এর مفعول আর ضَرَبَنِيْ এর فَاعِل হল যমীর।

২. ضَرَبَانِيْ وَأَكْرَمْتُ الزَّيْدَيْنِ - الزَّيْدَيْنِ হল أَكْرَمْتُ এর مَفْعول – আর ضَرَبَانِيْ এর যমীর হল فاعِل ।

৩. ضَرَبُوْنِيْ وَأَكْرَمْتُ الزَّيْدِيْنَ - اَلزَّيْدِيْنَ হল اكرمتُ এর مفعول, আর ضربونِيْ এর যমীর হল فاعِل

উপরোক্ত ছূরতে যদিও إِضْمَار قَبْلَ الذِكر হয় কিন্তু فاعل বাক্যের শক্তিশালী অঙ্গ হিসেবে জায়েয।

قوله وَإِنْ اَعْمَلْتَ الْفِعْلَ الْأَوَّلَ ঃ এ দ্বারা মুসান্নিফ র. বিসরিয়্যীনের মাযহাব মতে তৃতীয় ও চতুর্থ ছূরতের ব্যাখ্যা দিচ্ছেন যে, প্রথম فعل যদি مفعول চায় আর কোন فعل - افعال قلوب এর অন্তর্গত না হয় তাহলে مفعول কে فضله (অতিরিক্ত) হিসেবে বিলোপ করবে, আর اسم ظاهر কে দ্বিতীয় فعل এর معمول বানাবে। এক্ষেত্রে مفعول কে উল্লেখ করার বা যমীর নিয়ে আসার কোন উপায় নেই। مفعول কে উল্লেখ করলে تَكْرَارِ مَفْعُوْل (একাধিকবার উল্লেখ করা) আর যমীর আনলে فَضْلَة এর ক্ষেত্রে إِضْمَارُ قَبْلَ الذِّكْرُ আবশ্যিক হয়। আর উভয়টিই দোষণীয়, অতএব حذف করাই উত্তম। আর দ্বিতীয় فعل টি فاعل চাইলে যমীর فاعل হবে। যেমন নিম্নের চিত্রে লক্ষ কর–

উভয় ফে'ল مفعول চায়	ضَرَبْتُ وَأَكْرَمْتُ زَيْدًا	ضَرَبْتُ وَأَكْرَمْتُ الزَيْدَيْنِ	ضَرَبْتُ وَأَكْرَمْتُ الزَّيْدِيْنَ
প্রথমটি مفعول ও ২য়টি فاعل চায়	ضَرَبْتُ وَأَكْرَمَنِيْ زَيْدٌ	ضَرَبْتُ وَاكرمنِي الزيدَانِ	ضَرَبْتُ واكرمَنِيْ الزيدُوْنَ

قوله وَإِنْ كَانَ الْفِعْلَانِ الخ ঃ আর উভয় فعل যদি أَفْعَالِ قُلُوبْ থেকে হয় তাহলে বসরীগণের মতে দ্বিতীয় فعل এর আমল দিতে হলে প্রথম فعل এর مفعول কে উল্লেখ করা দু' কারণে জরুরী। (ক) افعالِ قُلوب এর দু' مفعول এর কোন একটিকে حذف করা জায়েয নেই। (খ) আর যমীর আনাও জায়েয নেই। কারণ ২য় فعل এর আমল দিলে প্রথম فعل এর مفعول এর যমীর পরবর্তী اسم এর দিকে ফিরবে। ফলে إِضْمَارُ قَبْلَ الذِّكر লাযেম আসবে, আর মাফউল فُضْلَه হওয়ার কারণে তার জন্য إِضْمَارُ قَبْلَ الذِّكْر আনা জায়েয নেই। সুতরাং মাফউল উল্লেখ করা জরুরী সাব্যস্ত হল। যেমন– ১. حَسِبَنِيْ مُنْطَلِقًا وَحَسِبْتُ زَيْدًا مُنْطَلِقًا যায়েদ আমাকে চলন্ত মনে করেছে, আর আমিও যায়েদ কে চলন্ত ভেবেছি। এখানে ও পরবর্তী উদাহরণদ্বয়ে حَسِبَنِيْ এর فاعل হল هُوَ যমীর টি পরে উল্লিখিত زيدا এর দিকে ফিরেছে। ى متكلم এক মাফউল, আর مُنْطَلِقٌ আরেক মাফউল। আর পরবর্তী حَسِبْتُ এর تُ যমীর ফায়েল এবং زَيْدًا ও مُنْطَلِقًا হল দুই মাফউল (অতএব এ উদাহরণে تَنَازُعْ ছিল زَيْدًا সম্পর্কে, তা মিটে গেল।)

وَأَمَّا إِنْ أَعْمَلْتَ الْفِعْلَ الْأَوَّلَ عَلَى مَذْهَبِ الْكُوفِيِّيْنَ فَانْظُرْ إِنْ كَانَ الْفِعْلُ الثَّانِيْ يَقْتَضِي الْفَاعِلَ أَضْمَرْتَ الْفَاعِلَ فِي الْفِعْلِ كَمَا تَقُوْلُ فِي الْمُتَوَافِقَيْنِ ضَرَبَنِيْ وَأَكْرَمَنِيْ زَيْدٌ وَضَرَبَنِيْ وَأَكْرَمَانِي الزَّيْدَانِ وَضَرَبَنِيْ وَأَكْرَمُوْنِي الزَّيْدُوْنَ وَفِي الْمُتَخَالِفَيْنِ ضَرَبْتُ وَأَكْرَمَنِيْ زَيْدًا وَضَرَبْتُ وَأَكْرَمَانِي الزَّيْدَيْنِ وَضَرَبْتُ وَأَكْرَمُوْنِي الزَّيْدِيْنَ وَإِنْ كَانَ الْفِعْلُ الثَّانِيْ يَقْتَضِي الْمَفْعُوْلَ وَلَمْ يَكُنِ الْفِعْلَانِ مِنْ أَفْعَالِ الْقُلُوْبِ جَازَ فِيْهِ الْوَجْهَانِ حَذْفُ الْمَفْعُوْلِ وَالْإِضْمَارُ وَالثَّانِيْ هُوَ الْمُخْتَارُ لِيَكُوْنَ الْمَلْفُوْظُ مُطَابِقًا لِلْمُرَادِ

অনুবাদ ॥ আর কূফীদের মাযহাব অনুযায়ী প্রথম فعل এর আমল দিলে দ্বিতীয় فعل যদি فاعل চায় তাহলে দ্বিতীয় فعل এর মধ্যে فاعلএর যমীর আনবে। যেমন– উভয় ফে'লের চাহিদা এক হওয়ার ক্ষেত্রে তুমি বলবে– ضَرَبَنِيْ وَ أَكْرَمَنِيْ زَيْدٌ ، ضَرَبَنِيْ وَ أَكْرَمَانِي الزَّيْدَانِ، ضَرَبَنِيْ وَ أَكْرَمُوْنِي الزَّيْدُوْنَ এবং উভয় فعل এর চাহিদা ভিন্ন হওয়া অবস্থায় বলবে–

ضَرَبْتُ وَ أَكْرَمُوْنِي الزَّيْدِيْنَ - ضَرَبْتُ وَ أَكْرَمَانِي الزَّيْدَيْنِ - ضَرَبْتُ وَ أَكْرَمَنِيْ زَيْدًا -

আর যদি দ্বিতীয় فعل মাফউল চায় এবং فعل দু'টি أَفْعَالِ قُلُوْبُ -এর অন্তর্ভুক্ত না হয় তবে এ ক্ষেত্রে দু'টি অবস্থা জায়েয। যথা– (১) مفعول বিলুপ্ত করা। (২) مفعول এর যমীর আনা। তবে যমীর আনাই পসন্দনীয়। কেননা তা উদ্দেশ্যের অনুকূলে হয়।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَأَمَّا إِنْ أَعْمَلْتَ الخ ঃ এখান থেকে কূফীগণের মতের বিবরণ শুরু করা হয়েছে। তাঁদের মতে প্রথম فعل এর আমল দেয়া পসন্দনীয়। সুতরাং প্রথম ও তৃতীয় ছূরত (অর্থাৎ প্রথম فعل যদি فاعل চায় তাহলে اسم ظاهر কে তার ফায়েল বানাতে হবে। আর দ্বিতীয় فعل টিও فاعل চায় তাহলে ضمير তার فاعل হবে এবং مفعول হযফ হবে। কেননা এক্ষেত্রে শব্দগতভাবে যদিও اضمار قبل الذكر হয় কিন্তু স্থান ও মর্যাদার দিক দিয়ে তা আগেই উল্লেখ হচ্ছে। কারণ অর্থগতভাবে তা প্রথম ফে'লেরই معمول হচ্ছে। আর শাস্ত্র মতে এটা দোষণীয় নয়। যেমন–

চাহিদা	اسم ظاهر একবচন হলে	اسم ظاهر দ্বিবচন হলে	اسم ظاهر বহুবচন হলে
১. উভয়টি فاعل চায়	ضَرَبَنِيْ وَأَكْرَمَنِيْ زَيْدًا	ضَرَبَنِيْ وَأَكْرَمَانِي الزَّيْدَانِ	ضَرَبَنِيْ وَاكرمُوني الزَّيْدُوْنَ
২. ১মটি فاعل ২য়টি مفعول	ضَرَبَنِيْ وَأَكْرَمْتُ زيدٌ	ضَرَبَنِيْ واكرمتُ الزَّيدَانِ	ضَرَبَنِي وَاكرمْتُ الزَّيدُوْنَ

প্রথম উদাহরণে زَيْدٌ হল ضَرَبَنِيْ এর ফায়েল, اكرمَنِيْ এর ফায়েল হল যমীর, نونِ وقايه يائے متكلم হল উভয়টির মাফউল। আর দ্বিতীয় উদাহরণে ضَرَبْتُ এর مفعول হল زَيْدًا আর أَكْرَمَنِيْ এর যমীর হল فاعل যা শাব্দিক দিক দিয়ে পরে কিন্তু ضَرَبْتُ এর মাফউল সে হিসেবে আগে।

قوله وَإِنْ كَانَ الْفِعْلُ الثَّانِيْ الخ ঃ দ্বিতীয় فعل যদি اسم ظاهر কে مفعولবানাতে চায় আর কোনটি فعل قلب না হয় এক্ষেত্রে কূফীগণের মতে প্রথম ফে'লের আমল দিতে চাইলে দ্বিতীয় ফে'লের মাফউলকে حذف করা বা মাফউলের যমীর আনা উভয়ই জায়েয, তবে যমীর আনাই উত্তম, যাতে اسم ظاهر টি তার مرجع হয়ে مفعول স্পষ্টাকরে বুঝায়। উপরন্তু যমীর আনাটাই تَنَازُعْ এর দলিল হবে যে, উক্ত اسم ظاهر নিয়েই تنازع –

أَمَّا الْحَذْفُ فَكَمَا تَقُوْلُ فِي الْمُتَوَافِقَيْنِ ضَرَبْتُ وَأَكْرَمْتُ زَيْدًا وَضَرَبْتُ وَأَكْرَمْتُ الزَّيْدَيْنِ وَضَرَبْتُ وَأَكْرَمْتُ الزَّيْدِيْنَ وَفِي الْمُتَخَالِفَيْنِ ضَرَبَنِيْ وَأَكْرَمْتُ زَيْدٌ وَضَرَبَنِيْ وَأَكْرَمْتُ الزَّيْدَانِ وَضَرَبَنِيْ وَأَكْرَمْتُ الزَّيْدُوْنَ ـ وَأَمَّا الْإِضْمَارُ فَكَمَا تَقُوْلُ فِي الْمُتَوَافِقَيْنِ ضَرَبْتُ وَأَكْرَمْتُهُ زَيْدًا وَضَرَبْتُ وَاكْرَمْتُهُمَا الزَّيْدَيْنِ وَضَرَبْتُ وَأَكْرَمْتُهُمْ الزَّيْدِيْنَ وَفِي الْمُتَخَالِفَيْنِ ضَرَبَنِيْ وَأَكْرَمْتُهُ زَيْدٌ وَضَرَبَنِيْ وَأَكْرَمْتُهُمَا الزَّيْدَانِ وَضَرَبَنِيْ وَأَكْرَمْتُهُمْ الزَّيْدُوْنَ ـ

অনুবাদ ॥ বিলুপ্ত করার ক্ষেত্রে উভয় فعل-এর চাহিদা এক হওয়া অবস্থায় তুমি বলবে–
ضَرَبْتُ وَ أَكْرَمْتُ زَيْدًا - ضَرَبْتُ وَ أَكْرَمْتُ الزَّيْدَيْنِ - ضَرَبْتُ وَ أَكْرَمْتُ الزَّيْدِيْنَ এবং উভয় فعل এর চাহিদা পরস্পর বিরোধী হওয়া অবস্থায় তুমি বলবে–
ضَرَبَنِيْ وَ أَكْرَمْتُ زَيْدٌ - ضَرَبَنِيْ وَ أَكْرَمْتُ الزَّيْدَانِ - ضَرَبَنِيْ وَ أَكْرَمْتُ الزَّيْدُوْنَ
যমীর আনার ক্ষেত্রে উভয় فعل -এর চাহিদা এক হলে তুমি বলবে–
ضَرَبْتُ وَ أَكْرَمْتُهُ زَيْدًا - ضَرَبْتُ وَ أَكْرَمْتُهُمَا الزَّيْدَيْنِ ـ ضَرَبْتُ وَ أَكْرَمْتُهُمْ الزَّيْدِيْنَ এবং উভয় فعل -এর চাহিদা পরস্পর বিরোধী হলে তুমি বলবে–
ضَرَبَنِيْ وَ أَكْرَمْتُهُ زَيْدٌ - ضَرَبَنِيْ وَ أَكْرَمْتُهُمَا الزَّيْدَانِ - ضَرَبَنِيْ وَ أَكْرَمْتُهُمْ الزَّيْدُوْنَ ـ

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهُ أَمَّا الْحَذْفُ الخ দ্বিতীয় ফে'লের মাফউল حذف করার উদাহরণ নিম্নরূপ–

চাহিদা	اسم ظاهر একঃ হলে	اسم ظاهر দ্বিঃ হলে	اسم ظاهر বহুঃ হলে
১. উভয় فعل - مفعول চায়	ضَرَبْتُ وَأَكْرَمْتُ زَيْدًا	ضَرَبْتُ وَأَكْرَمْتُ الزَّيْدَيْنِ	ضَرَبْتُ وَأَكْرَمْتُ الزَّيْدِيْنَ
২. ১মটি فاعل ২য়টি مفعول চায়	ضَرَبَنِيْ وَأَكْرَمْتُ زَيْدٌ	ضَرَبَنِيْ وَأَكْرَمْتُ الزَّيْدَانِ	ضَرَبَنِيْ وَأَكْرَمْتُ الزَّيْدُوْنَ

উপরের উদাহরণগুলোতে زَيْدٌ - اسم ظاهر টি ضَرَبْتُ এর مفعول ও أَكْرَمْتُ এর مفعول বিলুপ্ত।
নিচের উদাহরণ গুলোতে زَيْدٌ - اسم ظاهر টি ضَرَبَنِيْ এর فاعل ও اكرمتُ এর مفعول বিলুপ্ত।
قَوْلُهُ وَأَمَّا الْإِضْمَارُ ঃ اسم ظاهر এ প্রথম فعل- এর আমল দিয়ে দ্বিতীয় فعل এর যমীর আনার উদাহরণ

চাহিদা	اسم ظاهر একঃ হলে	اسم ظاهر দ্বিঃ হলে	اسم ظاهر বহুঃ হলে
উভয় فعل ، مفعول চায়	ضَرَبْتُ وَأَكْرَمْتُهُ زَيْدًا ـ	ضَرَبْتُ وَأَكْرَمْتُهُمَا الزَّيْدَيْنِ	ضَرَبْتُ وَأَكْرَمْتُهُمْ الزَّيْدِيْنَ
১মটি فاعل ২য়টি مفعول চায়	ضَرَبَنِيْ وَأَكْرَمْتُهُ زَيْدٌ	ضَرَبَنِيْ وَأَكْرَمْتُهُمَا الزَّيْدَانِ	ضَرَبَنِيْ وَأَكْرَمْتُهُمْ الزَّيْدُوْنَ

উপরের প্রথম ছূরত সমূহে زيد হল ضَرَبْتُ এর মাফউল, আর أَكْرَمْتُهُ এর মাফউল হল যমীর। নিচের উদাহরণসমূহে زيد হল ضَرَبَنِيْ এর فاعل. আর أَكْرَمْتُهُ এর মাফউল হল যমীর।

وَأَمَّا إِذَا كَانَ الْفِعْلَانِ مِنْ أَفْعَالِ الْقُلُوبِ فَلَا بُدَّ مِنْ إِظْهَارِ الْمَفْعُولِ كَمَا تَقُولُ حَسِبَنِيْ وَحَسِبْتُهُمَا مُنْطَلِقَيْنِ الزَّيْدَانِ مُنْطَلِقًا وَذٰلِكَ لِأَنَّ حَسِبَنِيْ وَحَسِبْتُهُمَا تَنَازَعَا فِيْ مُنْطَلِقًا وَأَعْمَلْتَ الْأَوَّلَ هُوَ حَسِبَنِيْ وَأَظْهَرْتَ الْمَفْعُولَ فِي الثَّانِيْ فَإِنْ حَذَفْتَ مُنْطَلِقَيْنِ وَقُلْتَ حَسِبَنِيْ وَحَسِبْتُهُمَا الزَّيْدَانِ مُنْطَلِقًا يَلْزَمُ الْإِقْتِصَارُ عَلٰى أَحَدِ الْمَفْعُولَيْنِ فِيْ أَفْعَالِ الْقُلُوبِ وَهُوَ غَيْرُ جَائِزٍ وَإِنْ أَضْمَرْتَ فَلَا يَخْلُوْ مِنْ أَنْ تُضْمِرَ مُفْرَدًا وَتَقُولُ حَسِبَنِيْ وَحَسِبْتُهُمَا إِيَّاهُ الزَّيْدَانِ مُنْطَلِقًا وَحِيْنَئِذٍ لَا يَكُونُ الْمَفْعُولُ الثَّانِيْ مُطَابِقًا لِلْمَفْعُولِ الْأَوَّلِ وَهُوَ هُمَا فِيْ قَوْلِكَ حَسِبْتُهُمَا وَلَا يَجُوزُ ذٰلِكَ أَوْ أَنْ تُضْمِرَ مُثَنًّى وَتَقُولُ حَسِبَنِيْ وَحَسِبْتُهُمَا إِيَّاهُمَا الزَّيْدَانِ مُنْطَلِقًا وَحِيْنَئِذٍ يَلْزَمُ عَوْدُ الضَّمِيْرِ الْمُثَنّٰى إِلَى اللَّفْظِ الْمُفْرَدِ وَهُوَ مُنْطَلِقًا الَّذِيْ وَقَعَ فِيْهِ التَّنَازُعُ وَهٰذَا أَيْضًا لَا يَجُوزُ وَإِذَا لَمْ يَجُزِ الْحَذْفُ وَالْإِضْمَارُ كَمَا عَرَفْتَ وَجَبَ الْإِظْهَارُ ـ

অনুবাদ॥ আর যদি উভয় ফে'লই أَفْعَالِ قُلُوْبٌ -এর অন্তর্ভুক্ত হয়, তবে مفعول -কে প্রকাশকরা অপরিহার্য। যেমন তুমি বলবে– حَسِبَنِيْ وَ حَسِبْتُهُمَا مُنْطَلِقَيْنِ الزَّيدانِ مُنطلِقًا – এখানে দ্বিতীয় মাফউল (مُنْطَلِقًا) কে প্রকাশ করার কারণ এই যে, حَسِبَنِيْ ও حَسِبْتُهُمَا - উভয় ফে'লে - مُنْطَلِقًا এর মধ্যে ঝগড়া করছে। আর তুমি প্রথম فعل অর্থাৎ حَسِبَنِيْ-কে আমল করার সুযোগ দিয়েছ এবং দ্বিতীয়টির মধ্যে مفعول প্রকাশ করেছ। (উক্ত উদাহরণে) যদি তুমি مُنْطَلِقَيْنِ -কে বিলুপ্ত করে حَسِبَنِيْ وَ حَسِبْتُهُمَا الزَّيْدَانِ مُنْطَلِقًا বল, তবে افعالِ قُلوب -এর মধ্যে দু' মাফউলের এক মাফউলের উপর সংক্ষেপ করা অপরিহার্য হয়ে পড়ে। অথচ তা না জায়েয।

আর যদি যমীর আন তাহলে (তা দু' অবস্থা হতে মুক্ত নয়) হয়ত একবচনের যমীর আনবে এবং এরূপ বলবে حَسِبَنِيْ وَ حَسِبْتُهُمَا إِيَّاهُ الزَّيْدانِ مُنْطَلِقًا -এমতাবস্থায় দ্বিতীয় মাফউল প্রথম মাফউলের অনুযায়ী হয় না। আর তা হল حَسِبْتُهُمَا এর মধ্যকার هُمَا সর্বনামটি। অথচ এরূপ সিদ্ধ নয়। অথবা, দ্বিবচনের যমীর (নর্বনাম) আনবে এবং বলবে - حَسِبَنِيْ وَحَسِبْتُهُمَا إِيَّاهُمَا الزَّيدانِ مُنْطلِقًا এমতাবস্থায় দ্বিবচনের যমীর একবচনের দিকে প্রত্যাবর্তন অপরিহার্য হয়ে পড়ে। আর তাহল منطلقا -আর এর মধ্যেই দ্বন্দ্ব। এটাও সিদ্ধ নয়। সুতরাং যখন মাফউলকে হযফ করা বা তার যমীর আনা কোনটাই বৈধ নয়, যেমন তুমি জানতে পারলে, সুতরাং তা প্রকাশ করাই ওয়াজিব।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَأَمَّا إِذَا كَانَ الْفِعْلَانِ الخ ঃ উভয় فعل যদি افعال قلوب এর অন্তর্গত হয় এবং যমীর আনার কোন প্রতিবন্ধক থাকে, আর দ্বিতীয় ফে'ল اسم ظاهر কে مفعول বানাতে চায় তাহলে কূফীগণের মতানুযায়ী প্রথম ফে'লের আমল দিলে দ্বিতীয় ফে'লের মাফউল উল্লেখ করা জরুরী। এক্ষেত্রে মাফউল حذف করা বা যমীর আনা কোনটিই দুরস্ত নয়। যেমন– حَسِبَنِيْ وَحَسِبْتُهُمَا الزَّيْدَانِ مُنْطَلِقًا উভয় فعل প্রথমত الزَّيْدَانِ

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

فَصْلٌ ـ مَفْعُوْلُ مَالَمْ يُسَمَّ فَاعِلُهٗ وَهُوَكُلُّ مَفْعُوْلٍ حُذِفَ فَاعِلُهٗ وَاُقِيْمَ هُوَ مَقَامَهٗ نَحْوُ ضُرِبَ زَيْدٌ وَحُكْمُهٗ فِىْ تَوْحِيْدِ فِعْلِهٖ وَتَثْنِيَتِهٖ وَجَمْعِهٖ وَتَذْكِيْرِهٖ وَتَانِيْثِهٖ عَلٰى قِيَاسِ مَاعَرَفْتَ فِى الْفَاعِلِ ـ

পরিচ্ছেদ ৩ ঃ مَفْعُوْلِ مَالَمْ يُسَمَّ فَاعِلُهٗ প্রসঙ্গ

অনুবাদ ॥ مَفْعُوْلِ مَالَمْ يُسَمَّ فَاعِلُهٗ - **এর সংজ্ঞা ঃ** مَفْعُوْلِ مَالَمْ يُسَمَّ فَاعِلُهٗ (কর্তার স্থলাভিষিক্ত কর্ম পদ বা نائب فاعل) এমন সব مفعول কি বলে যার فاعل কে বিলুপ্ত করে مفعول -কে তার স্থলাভিষিক্ত করা হয়। যেমন– ضُرِبَ زَيْدٌ (যায়েদকে প্রহার করা হয়েছে।)

مفعولِ مَالَمْ يُسَمَّ فاعِلُهٗ **-এর হুকুম ঃ** ফে'লটি একবচন, দ্বি-বচন, পুংলিঙ্গ ও স্ত্রলিঙ্গ আনার ব্যাপারে ঐ বিধানই কার্যকর যা ফায়েলের আলোচনায় অবগত হয়েছে।

প্রাসঙ্গিক আলোচনা ঃ মুসান্নিফ (র.) ফায়েলের আলোচনার পর তার قائمُ مقام (স্থলাভিষিক্ত) اسم مرفوع এর আলোচনা এনেছেন।

قَوْلُهٗ مَالَمْ يُسَمَّ الخ ঃ এখানে لَمْ يُسَمَّ টা لَمْ يُذْكَرْ অর্থে। অর্থাৎ এমন فعل এর مفعول যার فاعل উল্লেখ করা হয়নি।

قوله حُذِفَ فَاعِلُهٗ الخ ঃ দ্বারা প্রশ্ন জাগে যে, حذف দ্বারা আগে বিদ্যমান থাকা জরুরী হয়, সুতরাং فاعل কি আগে উল্লেখ ছিল? এর উত্তর এই যে, لم يسم দ্বারা لم يذكر উদ্দেশ্য।

قوله وَاُقِيْمَ هُوَ ঃ هُوَ এর مرجع হল مفعول অর্থাৎ فاعل কে উল্লেখ না করে তার স্থলে مفعول উল্লেখ করা হয়েছে।

قَوْلُهٗ وَحُكْمُهٗ الخ ঃ অথাৎ ফে'ল একবচন, দ্বিবচন, বহুবচন ও মুযাক্কার, মুয়ান্নাছ আনার ব্যাপারে فاعل এর ক্ষেত্রে যে বিধান, নায়েবে ফায়েলের ক্ষেত্রে একই বিধান প্রযাজ্য। সুতরাং فاعل যদি اسم ظاهر হয় তাহলে فعل সর্বদা واحد আনতে হবে। ফায়েল যমীর হলে مرجع অনুযারী تثنيه এর জন্য تثنيه এবং جمع এর জন্য جمع আনতে হবে। যেমন– اَلزَّيْدَانِ ضُرِبَا ، اَلزَّيْدَانِ ضُرِبُوْا ـ فَاعل نائب – যদি مؤنث حقيقى হয় তাহলে مفعول ও فعل এর মাঝে فاصله না আসলে فعل কে مؤنث আনতে হবে, আর فاصله আসলে উভয় রকমের اِخْتِيَار থাকবে। যেমন– ضُرِبَتِ الْيَوْمَ هِنْدٌ ، ضُرِبَ الْيَوْمَ هِنْدٌ ইত্যাদি।

(পূর্বের বাকী অংশ) কে নিয়ে تَنَازُعْ করছে। প্রথম ফে'ল একে ফায়েল বানাতে চায়, আর দ্বিতীয় ফে'লে মাফউল বানাতে চায়, এখন আমল দেয়া হল প্রথম ফে'লের আর দ্বিতীয় ফে'লে هُمَا যমীর মাফউল আনা হল। আর مُنْطَلِقًا কে حَسِبَنِىْ এর মাফউল বানান হল। এখন শুধু حُسِبْتُهُمَا এর দ্বিতীয় مفعول দরকার। যদি حذف করা হয় তা নাজায়েয হয়ে যায়। আর যমীর আনলে তাতেও অসুবিধা দেখা দেয়। কারণ واحد এর যমীর আনলে যমীর ও (مُنْطَلِقًا) مرجع) এর মধ্যে মিল থাকে; কিন্তু هُمَا যমীর এর সাথে মিল থাকে না। অর্থাৎ উভয় মাফউলের মধ্যে تَطَابُقْ হয় না। আবার تثنيه এর যমীর আনলে مرجع (منطلقا) এর সাথে تَوَافُقْ বা মিল থাকে না। অতএব مُنْطَلِقَيْن মাফউল উল্লেখ করাই জরুরী হল। সুতরাং বলতে হবে ـ حَسِبَنِىْ وَحَسِبْتُهُمَا مُنْطَلِقَيْنِ الزَّيْدَانِ مُنْطَلِقًا

★ কেউ প্রশ্ন করতে পারে যে, এতে তো تَنَازُعْ থাকল না, কারণ এর জন্য পর্যায়ক্রমে একই اسم এর মধ্যে উভয়ের আমল সহীহ হওয়া শর্ত, আর এক্ষেত্রে তা থাকছে না? এর জবাব এই যে, اسم দ্বারা শুধু منطلقا উদ্দেশ্য নয় বরং (চলার গুণ) এর সাথে গুণান্বিত হওয়া উদ্দেশ্য চাই তা (وصف اِنْطِلَاقْ) চাই তা واحد হোক বা تثنيه –

فَصْلٌ ـ اَلْمُبْتَدَأُ وَالْخَبَرُ هُمَا اِسْمَانِ مُجَرَّدَانِ عَنِ الْعَوَامِلِ اللَّفْظِيَّةِ اَحَدُهُمَا مُسْنَدٌ اِلَيْهِ وَيُسَمَّى الْمُبْتَدَأُ وَالثَّانِيْ مُسْنَدٌ بِهِ وَيُسَمَّى الْخَبَرُ نَحْوُ زَيْدٌ قَائِمٌ

পরিচ্ছেদ-৪ ঃ مُبْتَدَا ও خبر (উদ্দেশ্য ও বিধেয়) প্রসঙ্গ

অনুবাদ॥ مبتدا ও خبر-এর সংজ্ঞা ঃ مبتدا ও خبر এমন দু'টি ইসম কে বলে যা প্রকাশ্য عامل হতে মুক্ত হয় এবং তন্মধ্যে একটি হল مسند اليه যাকে মুবতাদা বলা হয় এবং দ্বিতীয়টি مُسْنَدٌ بِهٖ একে خبر বলা হয়। যেমন– زَيْدٌ قَائِمٌ -

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله فَصْلٌ اَلْمُبْتَدَأُ وَالْخَبَرُ ঃ এটা প্রকৃতপক্ষে দুটি فصل - দু'কারণে একত্রে উল্লেখ করা হয়েছে। ১. উভয়টি পরস্পরে مُتَلَازِمٌ তথা অঙ্গাঙ্গিভাবে জড়িত। একটা আরেকটা থেকে কখনো বিচ্ছিন্ন হয় না। ২. عامل এর দিক দিয়েও উভয়ে একই আমিলের অধীনে। অর্থাৎ عامِل مَعْنَوِىْ এর মধ্যে শরীক।

উল্লেখ্য যে, মুবতাদা দু'ধরনের ১. مبتدا টা مسنداليه হবে এখানে এটার আলোচনা করেছেন ২. মুবতাদাটা مسند اليه নয় বরং مسند তথা সিফতের ছীগা। সামনে وَاعْلَمْ اَنَّ لَهُمْ এর পরে তার আলোচনা আসছে।

قوله هُمَا اِسْمَانِ مُجَرَّدَانِ الخ ঃ অর্থাৎ مبتدا ও خبر এমন দুটি اسم যা عامل لفظي হতে খালি।

★ ফায়েদা ঃ (ক) এখানে দু'টি اسم কথাটি عام (ব্যাপকতা সম্পন্ন।) অর্থাৎ حقيقى হোক বা حكمى নতুবা আল্লাহ তাআলার বাণী– وَاَنْ تَصَدَّقُوا فَهُوَ خَيْرٌ لَّكُمْ দ্বারা প্রশ্ন জাগে, কেননা এতে تَصَدَّقُوا ফে'লটি تَصَدُّقُكُمْ এর অর্থে হয়ে مبتدا, আর خَيْرٌلَّكُمْ হল خبر - এভাবে اَنْ تَسْمَعُوْا بِالْمُعَيْدِىْ خَيْرٌ مِّنْ اَنْ تَرَاهُ (মুআয়দীকে দেখার চেয়ে তোমাদের জন্য তার কথা শোনাই উত্তম - কারণ সে অতি কদাকার) এটা سَمْعُكُمْ بِالْمُعَيْدِىْ এর অর্থ হয়ে مبتدا - আর خَيْرٌ مِّنْ اَنْ تَرَاهُ হল তার خبر - একইভাবে زَيْدٌ يَضْرِبُ এ জাতীয় বাক্যে زيد হল مبتدا আর يَضْرِبُ ـ ضَارِبُ-এর অর্থে হয়ে خبر অতএব اسم حكمى বা تاويلى হিসেবে সংজ্ঞা সঠিক।

★ مُحَقِّقِيْنِ نُحَاةْ এর মতে جمله টি تاويل ছাড়াই خبر হতে পারে, এ কারণে অনেকে خبرএর পরিচয়ের ক্ষেত্রে اسم কে বাদ দিয়েছেন।

★ شيخ ابن حاجب رح ও অন্যান্য নাহবীগণের মতে جمله টা تاويل হয়ে ইসম। সে হিসেবে খবরের পরিচয়ে اسم বলা দোষণীয় নয়। আমাদের মুসান্নিফ (র.) ও সম্ভবত এ মাযহাবের অনুসারী।

★ প্রশ্ন ঃ مجرد অর্থ খালিকৃত। আর খালি করতে হলে আগে বিদ্যমান থাকা জরুরী। সুতরাং مبتدا ও خبر এর আগে কি عامل لَفْظِىْ ছিল?

উত্তর ঃ এখানে اِحْتِمَالِ وُجُوْدْ ও امكانِ وُجود (তথা থাকার সম্ভাবনা)কে বিদ্যমান থাকার পর্যায়ে গণ্য করে مُجَرَّدَانِ বলা হয়েছে।

★ عَوَامِلُ শব্দটি বহুবচন হিসেবে যদিও তিনের অধিক বুঝায় তবে مَافَوْقَ الْوَاحِدِ এর ক্ষেত্রেও جمع ব্যবহার করা হয়। সুতরাং দুই অমলি থাকার সম্ভাবনা দূর হয়ে যায়, তবে এক আমিল থেকে খালি হওয়া বুঝায় না। এক্ষেত্রে প্রশ্ন নিরসন কল্পে বলা যায় যে, جمع শব্দের উপর الف ولام এলে اِسْتِغْرَاقْ এর অর্থ দেয়। আর তখন সমস্ত সংখ্যাকে বেষ্টন করে নেয়। অতএব আর কোন প্রশ্নই উঠতে পারে না।

قوله اَحَدُهُمَا الخ ঃ অর্থাৎ عامِل থেকে খালি দু'ইসমের মধ্যে একটি مسند اليه হবে তাকে مبتدا বলে। আর আপরটি হবে مسند তাকে خبر বলে; মুসান্নিফ (র.) অত্র সংজ্ঞায় مبتدا ও خبر কে একত্রে এনেছেন; বস্তুত ভিন্ন ভিন্ন আনাই উচিত ছিল। কাফিয়া গ্রন্থকার প্রত্যেকটির ভিন্ন ভিন্ন সংজ্ঞা দিয়েছেন। মুসান্নিফ (র.) এর বক্তব্য দ্বারা প্রত্যেকটির ভিন্ন ভিন্ন সংজ্ঞা এই– (ক) اَلْمُبْتَدَأُ هُوَ الْاِسْمُ الْمُجَرَّدُ عَنِ الْعَوَامِلِ اللَّفْظِيَّةِ مُسْنَدًا اِلَيْهِ আর خبر এর সংজ্ঞা হল اَلْخَبَرُ هُوَ الْاِسْمُ الْمُجَرَّدُ عَنِ الْعَوَامِلِ اللَّفْظِيَّةِ مُسْنَدًا بِهٖ অত্র সংজ্ঞায় উল্লিখিত– اَلْاِسْمَانِ এর মধ্যে সব দাখিল রয়েছে اَلْمُجَرَّدَانِ দ্বারা ঐসব اسم বের হয়ে গেল যার মধ্যে عامل পাওয়া যায়, যেমন– اِنَّ، كَانَ প্রভৃতি مسند اليه এর قيد দ্বারা خبر ও مبتدا এর দ্বিতীয় প্রকার খারিজ হয়ে সংজ্ঞাটি جَامِع مَانِع হয়ে গেল।

وَالْعَامِلُ فِيهِمَا مَعْنَوِيٌّ وَهُوَالْإِبْتِدَاءُ وَأَصْلُ الْمُبْتَدَاءِ اَنْ يَّكُوْنَ مَعْرِفَةً وَأَصْلُ الْخَبَرِ اَنْ يَّكُوْنَ نَكِرَةً ، وَ النَّكِرَةُ إِذَا وُصِفَتْ جَازَ اَنْ تَقَعَ مُبْتَدًأ نَحْوُ قَوْلَهُ تَعَالٰى وَلَعَبْدٌ مُّؤْمِنٌ خَيْرٌمِّنْ مُشْرِكٍ وَكَذَا إِذَاتُخُصِّصَتْ بِوَجْهٍ اٰخَرَ نَحْوُ اَرَجُلٌ فِى الدَّارِ اَمْ إِمْرَأَةٌ وَمَا اَحَدٌ خَيْرٌ مِّنْكَ وَشَرٌّ اَهَرَّ ذَانَابٍ وَفِى الدَّارِ رَجُلٌ وَسَلَامٌ عَلَيْكَ ـ

অনুবাদ ॥ মুবতাদা ও খবর উভয়েরই عامل উহ্য, আর তা হল اِبْتِدَاء (অর্থাৎ প্রকাশ্য আমেল মুক্ত হওয়া।) **مبتدا ও خبر -এর اصل বা মূল ঃ** مبتدا -এর اصل হলো মা'রেফা হওয়া এবং خبر-এর اصل হলো নাকেরা হওয়া। তবে যখন نكرة এর صفت আনা হয় তখন তা مبتدا হতে পারে। যেমন– আল্লাহর বাণী وَلَعَبْدٌ مُّؤْمِنٌ خَيْرٌ مِّنْ مُّشْرِكٍ (অবশ্যই মুমিন বান্দা মুশরিক হতে উত্তম) অনুরূপভাবে نكرة কে যখন অন্য কোন উপায়ে খাস বা নির্দিষ্ট করা হয় তখনও তা মুবতাদা হতে পারে। যেমন– أَرَجُلٌ فِى الدَّارِ أَمْ إِمْرَأَةٌ (ঘরে কি পুরুষ রয়েছে না মহিলা?), وَمَا اَحَدٌ خَيْرٌ مِّنْكَ (তোমার চেয়ে উত্তম কেউ নেই), شَرٌّ أَهَرَّ ذَا نَابٍ (অতি অনিষ্ট কর কিছুই কুকুরটিকে খেপিয়ে তুলেছে), فِى الدَّارِ رَجُلٌ (ঘরে এক ব্যক্তি আছে), سَلَامٌ عَلَيْكَ (তোমার উপর শান্তি বর্ষিত হৌক)।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَالْعَامِلُ فِيهِمَا الخ ঃ مبتدا ও خبر এর عامل এর ব্যাপারে মতভেদ রয়েছে।

১. বসরীগণের মতে উভয়ের মধ্যে عامِل مَعْنَوِيٌّ আর তা হল اِبْتِدَا

২. কোন কোন নাহবীর মতে مُبْتَدَا এর عامل হল اِبْتِدَا আর خبر এর عامل হল مبتدا

৩. কারো কারো মতে مُبْتَدَا ও خبر এর প্রত্যেকটি অন্যটির عامل (সুতরাং উভয়টির عامل হল لفظى

قوله وَأَصْلُ الْمُبْتَدَاءِ الخ ঃ مبتدا এর জন্য দু'টি মূলনীতি রয়েছে, মুসান্নিফ (র.) সামনে তার আলোচনা করছেন। اصل অর্থ মূল, গোড়া, পরিভাষায় اصل বলে– مَايُبْتَنٰى عَلَيْهِ غَيْرُهٗ কে। এখানে حَالَتِ مُنَاسَبَة (উত্তম অবস্থা) উদ্দেশ্য। مبتدا এর اصل হল (ক) مبتدا টি معرفه হওয়া। কেননা যার বিষয়ে কোন সংবাদ দেয়া হয় সেটি নির্দিষ্ট হলে তা দ্বারা উপকার পূর্ণাঙ্গ হয়।

قَوْلُهٗ وَأَصْلُ الخ ঃ خبر এর اصل হল نكره হওয়া, কারণ খবর محكوم به হয়। আর محكوم به এর اصل হল نره হওয়া।

قوله وَالنَّكِرَةُ إِذَا الخ ঃ اسم نَكِرَه এর মধ্যে কোন উপায়ে تخصيص সৃষ্টি হলে তাকে مبتدا বানান জায়েয। কারণ এতে اسم টি مَعْرِفَه এর নিকটবর্তী হয়ে যায়। বিভিন্ন উপায়ে اسم এর মধ্যে تخصيص সৃষ্টি হয়।

১. نكره এর صفت উল্লেখ করলে, যথা وَلَعَبْدٌ مُّؤْمِنٌ خَيْرٌ مِّنْ مُّشْرِكٍ এর মধ্যে عبد হল نكره – موصوف আর مؤمن হল সিফত। এর দ্বারা عبد مشرك থেকে খাছ হয়ে গেল। সে হিসেবে موصوف ، صفت মিলে مبتدا হয়েছে।

قوله وَكَذَا إِذَا تُخُصِّصَتْ الخ ঃ অর্থাৎ সিফতের দ্বারা যেভাবে موصوف খাছ হয়ে مبتدا হতে পারে। তদরূপ অন্যান্য যে কোন উপায়ে খাছ হলে তা مبتدا হতে পারে। (মুসান্নিফ র. এ প্রসঙ্গে صفت সহ মোট ৬টি উপায় বর্ণনা করেছেন। এগুলো ছাড়া আরো বিভিন্ন উপায়ে খাছ হয়। এ অংশের শেষে তা উল্লেখ করা হবে اِنْشَاءَ اللّٰهُ

★ উল্লেখ্য যে, تخصيص বা খাছ হওয়াটা حقيقى বা حكمى উভয় রকম হতে পারে।

قوله رَجُلٌ فِى الدَّارِ ঃ এখানে رَجُلٌ - نكره টি حرفِ اِسْتِفْهَامْ এর পরে আসায় খাছ হয়ে গেছে। কারণ متكلم জানে যে, ঘরে মানুষ আছে, অন্য কোন প্রাণী নয়, তবে পুরুষ নাকি মহিলা এ ব্যাপারে সে অনবহিত। এ কারণে প্রশ্ন করেছে।

قوله وَمَا اَحَدٌ خَيْرٌ مِنْكَ ঃ (তোমার চেয়ে ভাল কেউ নেই) এখানে اَحَدٌ শব্দটি مَاحرف نفى এর পরে আসায় এর মধ্যে تخصيص হয়েছে। কেননা কায়েদা আছে যে, نفى এর পরে نكره আসলে তা সমস্ত افراد কে শামিল করে নেয়। আর محكوم টা عام হিসেবে নির্দিষ্ট হয়ে গেল যে, কেউ এর বাইরে নয়। সুতরাং সমস্ত افراد মিলে তা شَيْئٍ وَاحِدٌ (একই বস্তু) এর পর্যায়ে গণ্য হয়।

قوله وَشَرٌّ اَهَرَّ ذَانَابٍ ঃ (বিশেষ কোন অনিষ্টে কুকুরকে ঘেউ ঘেউ করিয়েছে) এখানে شر শব্দটি تنوين تَعْظِيْمِىْ দ্বারা تخصيص হয়েছে। অর্থাৎ شَرٌّ এর تنوين টি عَظِيْمٌ এর পরিবর্তে এসেছে। সে হিসেবে تخصيص হয়ে مبتدا হয়েছে। অথবা نكره এর পরে فعل আসায় ফায়েল যেরূপ خاص হয়ে যায় তদরূপ এখানেও পরে فعل আসায় এটি খাছ হয়ে গেছে। অতএব তা مبتدا হতে পারে। যেমন ضرب বললে বুঝা যায় যে, এরপরে যে اسم আসবে সেটি এর ফায়েল হবে। তদরূপ এখানেও شَرٌّ টা ফায়েলের সাথে مُشَابَهْ রাখে। কেননা شَرٌّاَهَرَّذَانَابٍ বাক্যটি مَااَهَرَّ ذَانَابٍ اِلَّا شَرٌّ বাক্যের স্থলে ব্যবহৃত হয়। এর মধ্যে شر টা فاعل এর بدل - আর بدل টা فاعِلِ حُكْمِى গণ্য হয়। সে হিসেবে فعل এর পরে তার স্থান, কিন্তু فعل এর আগে আসায় তার মধ্যে تخصيص এর ফায়েদা পাওয়া গেছে। কেননা تَقْدِيْمُ مَاحَقُّهُ التَّاخِيْرُ يُفِيْدُ الْحَصْرَ (যার স্থান আগে তাকে পরে আনার দ্বারা حصر এর ফায়েদা দেয়) অতএব مبتدا বানাতে কোন অসুবিধে নেই।

قوله وَفِى الدَّارِ رَجُلٌ ঃ এখানে فِى الدَّارِ উহ্য موجود এর সাথে متعلق হয়ে خبرِ مُقَدَّمْ - আর رَجُلٌ হল مبتدائے مؤخر, مبتدا টা مؤخر হওয়ায় তার মধ্যে تخصيص সৃষ্টি হয়েছে। কেননা فى الدار বলা মাত্র শ্রোতা বুঝে যে, এর পরের শব্দটি صفت استقرار (ঘরে অবস্থান) এর সাথে গুণন্বিত। সুতরাং تقديم টা تخصيص بالصفت এর পর্যায় হল, অতএব مبتدا হওয়া দোষণীয় নয়।

قوله وَسَلامٌ عَلَيْكَ الخ ঃ এখানে نِسْبَتْ بِسُوئے متكلّم (متكلم এর প্রতি সম্বন্ধ হওয়ার) দ্বারা تخصيص হয়েছে। কেননা এটা মূলত سَلَامٌ مِنْ قِبَلِىْ عَلَيْكَ এর অর্থে سَلَامٌ۔ جملهٔ دُعَائيه শব্দটিকে مِنْ قِبَلِىْ এর সাথে সম্বন্ধ করার দ্বারা تخصيص হয়েছে। অথবা এটা سَلَّمْتُ سَلَامًا عَلَيْكَ ছিল। فعل কে حذف করে دَوَامْ وَاِسْتِمْرَارْ এর জন্য سَلَامًا এর نصب কে رفع দ্বারা পরিবর্তন করা হয়েছে। সুতরাং মূলে سَلَّمْتُ ফে'ল থাকায় متكلم এর প্রতি সম্বন্ধিত হয়ে تخصيص হয়েছে।

★ **ফায়েদা** ঃ মুসান্নিফ (র.) উদাহরণের মাধ্যমে تخصيص এর মোট ৬টি পদ্ধতির প্রতি ইশারা করেছেন। تخصيص এর আরো অনেক পদ্ধতি আছে। নিম্নে আরো কতিপয় পদ্ধতি উল্লেখ করা হল–

৭. نكره টি مضاف হলে। যথা خَمْسُ صَلَوٰاتٍ اِفْتَرَضَهُنَّ
৮. نكره টি دعا এর জন্য এলে যথা– وَيْلٌ لِّلْمُطَفِّفِيْنَ
৯. نكره দ্বারা বিভাজন (تقسيم) বুঝালে যথা– يَوْمٌ لَّكَ وَيَوْمٌ لِّىْ
১০. نكره দ্বারা عموم বুঝালে যথা– كُلٌّ لَهُ قَانِتُوْنَ
১১. نكره দ্বারা প্রশংসা উদ্দেশ্য হলে। যথা– خَطِيْبٌ عَلَى الْمِنْبَرِ
১২. لامِ ابتداء এর পরে এলে, যথা– لَرَجُلٌ نَافِعٌ
১৩. فائے جزائيه এর পরে এলে। যথা– اِنْ تَيَسَّرَ بَعْضٌ فَبَعْضٌ لَايَتَيَسَّرُ
১৪. نكره টি لولا-এর পর হলে। যথা– لَوْلَا صَبْرٌ وَ اِيْمَانٌ لَقَتَلَ الْحَزِيْنُ نَفْسَهُ
১৫. معرفه এর পরে عطف হলে যথা– خَالِدٌ وَخَادِمٌ ذَاهِبَانِ
১৬. كم خبريه এর পরে এলে। যথা– كَمْ صَدِيْقٍ زُرْتُهُ
১৭. নিন্দাসূচক অর্থে ব্যবহৃত হলে جَاسُوْسٌ مُقْبِلٌ : جَبَانٌ مُدْبِرٌ ইত্যাদি।

وَاِنْ كَانَ اَحَدُ الْاِسْمَيْنِ مَعْرِفَةً وَالْاٰخَرُ نَكِرَةً فَاجْعَلِ الْمَعْرِفَةَ مُبْتَدَأً وَالنَّكِرَةَ خَبَرًا اَلْبَتَّةَ كَمَا مَرَّ وَاِنْ كَانَا مَعْرِفَتَيْنِ فَاجْعَلْ اَيَّهُمَا شِئْتَ مُبْتَدَأً وَالْاٰخَرَ خَبَرًا نَحْوُ اَللّٰهُ اِلٰهُنَا وَمُحَمَّدٌ نَبِيُّنَا وَاٰدَمُ اَبُوْنَا وَقَدْ يَكُوْنُ الْخَبَرُ جُمْلَةً اِسْمِيَّةً نَحْوُ زَيْدٌ اَبُوْهُ قَائِمٌ اَوْفِعْلِيَّةً نَحْوُ زَيْدٌ قَامَ اَبُوْهُ اَوْ شَرْطِيَّةً نحوُ زيدٌ اِنْ جَاءَنِيْ فَاكْرَمْتُهُ اَوْظَرْفِيَّةً نَحْوُ زَيْدٌ خَلْفَكَ وَعَمْرٌو فِى الدَّارِ۔

অনুবাদ ॥ مبتدا ও خبر -এর বিধান ঃ যদি ইসম দু'টোর একটি معرفة এবং অপরটি نكرة হয় তবে معرفة কে مبتدا এবং نكرة কে خبر বানাবে, যেমন উপরে বর্ণিত হয়েছে, আর যদি উভয় ইসমই معرفة হয় তবে তোমার ইচ্ছা অনুযায়ী যে কোন একটিকে مبتدا এবং অপরটিকে خبر বানাবে। যেমন- اَللّٰهُ اِلٰهُنَا - مُحَمَّدٌ نَبِيُّنَا - اٰدَمُ اَبُوْنَا

কোন কোন সময় খবর جملهُ اسمية হয়। যেমন- زَيْدٌ اَبُوْهُ قَائِمٌ - অথবা جملهُ فعلية যেমন- زَيْدٌ قَامَ اَبُوْهُ - অথবা جملهُ شرطية যেমন- زَيْدٌ اِنْ جَاءَنِيْ فَاَكْرَمْتُهُ অথবা جملهُ ظرفية যেমন- زَيْدٌ خَلْفَكَ ও عَمْرٌو فِى الدَّارِ -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَاِنْ كَانَ اَحَدُالْاِسْمَيْنِ الخ ঃ কেননা مبتدا এর اصل হল معرفه - আর خبر এর اصل হল نكره যেমন- زَيْدٌ قَائِمٌ এর মধ্যে, আর উভয়টি معرفه হলে যে কোনটি مبتدا বা خبر হতে পারে

قوله قَدْيَكُوْنُ الْخَبَرُ الخ ঃ এর দ্বারা মুসান্নিফ (র.) خبر এর প্রকারভেদের প্রতি ইশারা করেছেন।

★ قد (কখনো) বলার দ্বারা বুঝা গেল যে, خبر এর اصل হল مفرد হওয়া, কারণ مفرد হলে অপর শব্দ তথা مبتدا এর সাথে সম্পর্কটা অনায়াসে বুঝা যায়। কেননা جمله তো تام (পরিপূর্ণ) হয়ে থাকে। এ কারণে তার সংশ্লিষ্টতা অতটা স্পষ্ট নয়।

৬. حال এর পরিচয় দাও ও উহার حكم বর্ণনা কর।
৭. حال এর সংজ্ঞা লিখ। فاعل এর অবস্থা এবং কখন حال কে ذوالحال এর উপর مقدم করা ওয়াজিব বিস্তারিত লিখ।
৮. مستثنى এর সংজ্ঞা লিখ। اعراب এ দিক দিয়ে উহা কত প্রকার ও কি কি? বিস্তারিত লিখ।

اَلْمَقْصَدُ الثَّالِثُ فِي الْمَجْرُوْرَاتِ

اَلْأَسْمَاءُ الْمَجْرُوْرَةُ هِيَ الْمُضَافُ إِلَيْهِ فَقَطْ وَهُوَ كُلُّ إِسْمٍ نُسِبَ إِلَيْهِ شَيْئٌ بِوَاسِطَةِ حَرْفِ الْجَرِّ لَفْظًا نحوُ مررتُ بزيدٍ ويُعَبَّر عنْ هٰذا التَّرْكِيْبِ فِي الْإِصْطِلَاحِ بِأَنَّهُ جَارٌّ وَمَجْرُوْرٌ اَوْ تَقْدِيْرًا نحوُ غلامُ زيدٍ تقديرُهُ غلامٌ لِزَيْدٍ ويُعَبَّرُ عَنْهُ فِي الْإِصْطِلَاحِ بِأَنَّهُ مُضافٌ ومضافٌ إِلَيْهِ

তৃতীয় মাকসাদ – যের বিশিষ্ট পদ প্রসঙ্গ

অনুবাদ ॥ যের বিশিষ্ট ইস্‌ম শুধু مضاف اليه আর তা এমন ইসম কে বলে যার সাথে حرف جر (যেরদাতা বর্ণ) এর মাধ্যমে কোন বস্তুর সম্বন্ধ স্থাপন করা হয়। হরফে জারটি প্রকাশ্য হতে পারে, যেমন– مَرَرْتُ بِزَيْدٍ, এ ধরনের তারকীব কে পরিভাষায় جار ও مجرور নামে অভিহিত করা হয়। অথবা حرف جر উহ্য থাকবে, যেমন– غُلَامُ زَيْدٍ এ উহ্যরূপ হলো غُلَامٌ لِزَيْدٍ -এ ধরনের তারকীব বা সংযোজনকে পরিভাষায় مضاف ও مضاف اليه নামে আখ্যায়িত করা হয়।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهُ اَلْمَجْرُوْرَاتُ ঃ مَجْرُوْرَات শব্দটি مَجْرُوْرٌ এর جمع, مجرورة এর جمع নয়, কারণ এটি اسم এর সিফত, আর اسم হল مذكر غير عاقل এর ন্যায় مؤنث এর مذكر غَيْرِ عَاقِل এর সিফও ت দ্বারা আসে, যেমন مرفوعات ও منصوبات এর মধ্যে আলোচিত হয়েছে। এটি الجر টানা, আকর্ষণ করা হতে গঠিত। مجرور এর শাব্দিক অর্থ আকর্ষিত তথা যাকে টানা হয়েছে। যেহেতু حرف جر তার مدخول (পরবর্তী) اسم কে فعل বা شبه فعل এর প্রতি সম্মন্ধযুক্ত করে এ কারণে এ নাম রাখা হয়েছে।

مجرور এর পারিভাষিক অর্থ হলো– هُوَ مَا اشْتَمَلَ عَلٰى عَلَمِ الْمُضَافِ إِلَيْهِ যা مضاف اليه এর আলামত বিশিষ্ট হয়। মুসান্নিফ র. এর মতে هُوَ كُلُّ إِسْمٍ نُسِبَتْ إِلَيْهِ شَيْئٌ بِوَاسِطَةِ حَرْفِ الْجَرِّ لَفْظًا أَوْ تَقْدِيْرًا

অর্থাৎ مضاف اليه এমন اسم কে বলে যার প্রতি কোন বিষয়কে প্রকাশ্য বা উহ্য হরফে জারের মাধ্যমে সম্বন্ধ করা হয়।

قَوْلُهُ هِيَ الْمُضَافُ إِلَيْهِ ঃ مَجْرُوْرَاتُ কেবল একটা আর তা হল مضاف اليه. প্রশ্ন জাগে যে, مجرورات একটি হওয়া সত্বে বহুবচন আনা হল কেন? এর উত্তর এই যে, মুসান্নিফ (র.) এর দ্বারা اسم مجرور এর انواع ও اَقْسَام এর প্রতি ইশারা করেছেন, কেননা ব্যবহারিক ক্ষেত্রে তা অনেক।

قوله فَقَطْ ঃ এ শব্দটি অতিরিক্ত মনে হয়, কারণ هِيَ الْمُضَافُ إِلَيْهِ দ্বারা مجروات একটা হওয়া বুঝে আসে।

قوله لَفْظًا মুসান্নিফ র. এর এ কথা দ্বারা বুঝা গেল যে, مضاف اليه দু'প্রকার। ক. প্রকাশ্য حرف جر এর মাধ্যমে। سيبويه এর মত এটাই, তবে জমহুরের মতে এটি مضاف اليه নয়। খ. উহ্য حرف جر এর মাধ্যমে, পরিভাষায় এটা جار مجرور নামে প্রসিদ্ধ নয়।

★ সংজ্ঞার মধ্যে لفظ না বলে اسم বলা হয়েছে এ জন্য, যাতে স্পষ্ট বুঝা যায় যে, مضاف اليه সবসময় اسم হয়ে থাকে। চাই حقيقى হোক বা تاويلى - আর نسبت اليه شيئ বলার উদ্দেশ্য হল যাতে বুঝা যায় যে, مضاف টা اسم বা فعل যে কোনটি হতে পারে। بِوَاسِطَةِ حرفِ الْجَرِّ বলার দ্বারা যার দিকে بِلَا واسطةُ حرف মুযাফ হয় তা খারিজ হয়ে গেল। যেমন– فاعل বা مفعول এর প্রতি فعل এর সম্বন্ধ প্রভৃতি। لفظًا শব্দটি উহ্য كان এর خبر - تَقْدِيْرًا এর عطف হল لفظًا এর উপর, অথবা এটি حال ও হতে পারে।

وَيَجِبُ تَجْرِيْدُ الْمُضَافِ عَنِ التَّنْوِيْنِ اَوْ مَا يَقُوْمُ مَقَامَهُ وَهُوَ نُوْنُ التَّثْنِيَةِ وَالْجَمْعِ نَحْوُ جَائَنِيْ غُلَامُ زَيْدٍ وَغُلَامَا زَيْدٍ وَمُسْلِمُوْ مِصْرٍ ـ وَاعْلَمْ اَنَّ الْاِضَافَةَ عَلٰى قِسْمَيْنِ مَعْنَوِيَّةٌ وَلَفْظِيَّةٌ اَمَّا الْمَعْنَوِيَّةُ فَهِيَ اَنْ يَّكُوْنَ الْمُضَافُ غَيْرَ صِفَةٍ مُضَافَةٍ اِلٰى مَعْمُوْلِهَا وَهِيَ اِمَّا بِمَعْنَى اللَّامِ نَحْوُ غُلَامُ زَيْدٍ اَوْ بِمَعْنٰى مِنْ نَحْوُ خَاتَمُ فِضَّةٍ اَوْ بِمَعْنٰى فِيْ نَحْوُ صَلٰوةُ اللَّيْلِ

অনুবাদ ॥ مُضَافْ কে তানভীন বা তার স্থলাভিষিক্ত বস্তু যথা দ্বি-বচন বা বহুবচনের নূন থেকে খালি করা অপরিহার্য। যেমন– جَاءَنِيْ غُلَامُ زَيْدٍ (غلام মুযাফকে তানভীনমুক্ত করা হয়েছে), جَاءَنِيْ غُلَامَا زَيْدٍ (غُلَامَا মুযাফকে দ্বি-বচনের নূন মুক্ত করা হয়েছে) এবং مُسْلِمُوْ مِصْرٍ (مُسْلِمُوْ মুযাফকে বহুবচনের নূনমুক্ত করা হয়েছে)।

জ্ঞাতব্য ঃ اِضَافَةٌ এর প্রকারভেদ ঃ اِضَافَةٌ দু'প্রকার–(১) مَعْنُوِيْ (অর্থগত), (২) لَفْظِيْ (শব্দগত)।

اِضَافَةِ مَعْنُوِيْ-এর সংজ্ঞা ঃ اِضَافَةِ مَعْنُوِيَّة ঐ اِضَافَة কে বলা হয় যার মধ্যে مضاف এমন সিফাতের সীগাহ হয় না, যা স্বীয় معمول (অর্থাৎ فاعل বা مفعول) এর দিকে مضاف হয় আর اضافة مَعْنُوِيَّة টি হয়ত لام অর্থে হয়ে থাকে, যেমন– غُلَامُ زَيْدٍ অথবা مِنْ অর্থে, যেমন– خَاتَمُ فِضَّةٍ কিংবা فِيْ অর্থে যেমন– صَلٰوةُ اللَّيْلِ

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَيَجِبُ تَجْرِيْدُ الخ ঃ অর্থাৎ اِضَافَتْ এর কারণে مُضَاف এর তানভীন বা তানভীনের স্থলাভিষিক্ত যথা نون جمع ও نون تثنيه থেকে খালি হওয়া জরুরী। এভাবে اِضَافَتْ এর সময় মুযাফটি الف لام থেকে খালি হওয়া ও জরুরী। কারণ এগুলো اسم تَامّ হওয়ার আলামত। আর ইসম تام হলে তা অন্যের প্রতি মুযাফ হয় না।

وَاعْلَمْ اَنَّ الْاِضَافَةَ الخ পূর্বের আলোচনা দ্বারা বুঝা গেছে যে, اضافت দু'প্রকার। যথা– بحرف جر لفظي ও بِحَرْفِ جَرٍّ مَعْنُوِيْ প্রথম প্রকারের ইযাফতে যেহেতু حرف جر এর মাধ্যমে مجرور হয় এ কারণে এর আলোচনা করেননি বরং بَحثِ حرف এর মধ্যে এর আলোচনা আসবে। এখানে দ্বিতীয় প্রকার কে দু'ভাগে বিভক্ত করেছেন। যথা– ক. اِضَافَتِ مَعْنُوِيْ ও اِضَافَتِ لَفْظِيْ

قَوْلُهُ اَمَّا الْمَعْنُوِيَّةُ الخ ঃ اَمَّا শব্দটি পূর্বের اِجْمَال এর تَفْصِيْل এর জন্য আসে। صِفَةٌ مُضَافَةٌ হল এর সিফত। اِضَافَةِ معنوية এর পরিচয় হল যার মধ্যে مضاف টি صيغهُ صفت হয়ে তার معمول এর দিকে মুযাফ হয়। এখানে صيغهُ صفت দ্বারা اسم فاعل ، اسم مفعول ، اسم تفضيل ও صفتِ مُشَبَّه উদ্দেশ্য। আর معمول দ্বারা উদ্দেশ্য হল فاعل বা مفعول - সুতরাং বুঝা গেল যে, مضاف টি হয় اسمِ جامد হবে যেমন– غُلَام. زيد অথবা صيغه صفت হবে তবে তার معمول এর প্রতি مضاف হবে না। যেমন– كَرِيْمُ الْبَلَدِ এর মধ্যে كَرِيْم শব্দটি صيغهُ صفت এবং اَلْبَلَد এর দিকে مضاف হয়েছে তবে এটি তার فاعل বা مفعول নয়। বরং ظرف -

قوله غَيْرُ صِفَةٍ مُضَافَةٍ ঃ দ্বারা ضَارِبُ زَيْدٍ এর ন্যায় তারকীব বের হয়ে গেল।

قوله هِيَ اِمَّا بِمَعْنَى اللَّامِ ঃ একথার অর্থাৎ اضافتِ مَعْنُوِيَّة ৩ প্রকার। ১. بِمَعْنَى اللَّامِ অর্থাৎ مضاف এর পূর্বে لام حرف جر উহ্য থাকবে। একে اضافتِ لِمِّي বলে। এর মধ্যে مضاف اليه টি مضاف এর جنس (জাতিগত) হয় না, বরং ভিন্ন বস্তু হয়। এবং مضاف এর ظرف ও হয় না। যেমন غلامُ زيد এটা غلامٌ لِزَيْدٍ এর অর্থে ২. بِمَعْنٰى مِنِ بَيَانِيَه (অর্থাৎ من بيانيه উহ্য থাকে।) যেমন– خاتمُ حديد এটা خَاتَمٌ مِّنْ حَدِيْدٍ এর অর্থে। ৩. بِمَعْنٰى فِيْ যখন مضاف اليه টি مضاف এর ظرف হবে। যেমন– صَلٰوةُ اللَّيْلِ ـ صَلٰوةٌ فِي اللَّيْلِ অর্থে, এটাকে اضافتِ فِيْ বা ظرفيه বলে।

وَفَائِدَةُ هٰذِهِ الْإِضَافَةِ تَعْرِيْفُ الْمُضَافِ إِنْ أُضِيْفَ إِلٰى مَعْرِفَةٍ كَمَا مَرَّ أَوْ تَخْصِيْصُهُ إِنْ أُضِيْفَ إِلٰى نَكِرَةٍ كَغُلَامِ رَجُلٍ وَأَمَّا اللَّفْظِيَّةُ فَهِيَ أَنْ يَكُوْنَ الْمُضَافُ صِفَةً مُضَافَةً إِلٰى مَعْمُوْلِهَا وَهِيَ فِيْ تَقْدِيْرِ الْإِنْفِصَالِ نَحْوُ ضَارِبُ زَيْدٍ وَحَسَنُ الْوَجْهِ وَفَائِدَتُهَا تَخْفِيْفٌ فِي اللَّفْظِ فَقَطْ ـ

অনুবাদ ॥ اضافةِ مَعْنَوِيَّة এর উপকারিতা ঃ এ প্রকার إِضَافَةٌ এর উপকারিতা এই যে, এটি মুযাফকে معرفه বানিয়ে দেয় যদি তাকে কোন معرفة এর দিকে اضافة করা হয়। যেমন– পূর্বে উল্লেখ করা হয়েছে। আর মুযাফটিকে খাস করে দেয় যদি তাকে কোন نكرة এর দিকে اضافة করা হয়। যেমন– غُلَامُ رَجُلٍ

اِضَافَةِ لَفْظِيَّة -এর সংজ্ঞা ঃ اضافةِ لَفْظِيَّة ঐ اضافة -কে বলা হয় যার মধ্যে مضاف টি এমন সিফাতের সীগা হয় যা স্বীয় معمول -এর দিকে مضاف হয়। প্রকৃতপক্ষে এ اضافة টি সম্পর্কহীন। যেমন– ضَارِبُ زَيْدٍ ও حَسَنُ الْوَجْه – **اضافةِ لفظية এর উপকারিতা ঃ** এ প্রকার اضافة -এর উপকারিতা হলো শুধু শব্দের উচ্চারণ সহজ করা।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهُ فَائِدَةُ هٰذِهِ الْإِضَافَةِ الخ ঃ إِضَافَتِ مَعْنَوِيَه এর উপকারীতা ২টি। ক. تعريف তথা এর দ্বারা مضاف টি معرفه হয়ে যায়। চাই সরাসরি (بلاواسطه) হোক যেমন– غلام زيد বা অন্য শব্দের মাধ্যমে (بواسطه) হোক। যেমন– وَجْهُ فَرَسِ غُلَامِ زَيْدٍ

★ উল্লেখ্য যে, اضافت দ্বারা مضاف টি معرفه হওয়ার জন্য ২টি শর্ত। ১. مضاف اليه টি معرفه হওয়া. ২. مضاف টি غير ، مثل ، شبه ، نَحْوُ ও نظير বা এ জাতীয় শব্দ না হওয়া। (কারণ এগুলো এতই অস্পষ্ট যে, مَعْرِفَه এর দিকে مضاف হওয়া সত্ত্বে ও معرفه হয় না। ২. تخصيص তথা এর দ্বারা مضاف টা খাছ হয়ে معرفه এর কাছাকাছি হয়ে যায় যখন তা نكره এর দিকে اضافت হয়। (تخصيص অর্থ قِلَّتُ إِشْتِرَاكُ তথা তার أَفْرَادْ পূর্বের তুলনায় সীমিত হয়ে যায়) যেমন– غُلَامُ رَجُلٍ এর দ্বারা غلام امرأة থেকে খাছ হয়ে গেল।

قوله أَمَّا اللَّفْظِيَّةُ ঃ যদি তার معمول অর্থাৎ فاعل বা مفعول এর দিকে مضاف হয় তাকে إِضَافَتِ لَفْظِيَّه বলে। যেমন– ضَارِبُ زَيْدٍ এর মধ্যে زيد হল مضاف اليه কিন্তু প্রকৃতপক্ষে এটি ضارب এর مفعول (অর্থ যায়েদের প্রহৃত) حَسَنُ الْوَجْه এর মধ্যে حسن টি হল সিফতের ছীগা, الوجه মুযাফ ইলায়হিটি প্রকৃতপক্ষে তার فاعل এভাবে هُوَ مَضْرُوْبُ عَمْرٍو - هُوَ أَكْرَمُ النَّاسِ ইত্যাদি।

قوله وَهِيَ فِيْ تَقْدِيْرِ الْإِنْفِصَال ঃ إِضَافَت এর চাহিদা হল إِتِّصَال তথা দুশব্দের মাঝে যোগসূত্র সৃষ্টি করা বা সংযুক্ত করা। অথচ إِضَافَتِ لَفْظِيَه এর মধ্যে হয় إِنْفِصَال (সম্পর্কহীন) কারণ اضافت এর পূর্বে عامل ও معمول যেরূপ ছিল اضافت এরপরও তদরূপ রয়ে গেছে। অর্থের দিক দিয়েও পূর্বের অর্থই বহাল থাকে। এ কারণেই বলা হয়েছে وَهِيَ تَقْدِيْرُ الْإِنْفِصَال অর্থাৎ প্রকৃত পক্ষে এটি সম্পর্কহীন اضافت - مَجْرُوْرٌ بِإِضَافَتْ শব্দটি فاعل হলে অর্থের দিক দিয়ে مرفوع হয় এবং مفعول হলে منصوب হয়।

قوله وَفَائِدَتُهَا ঃ اضافتِ لفظى টি কেবল শব্দের মধ্যে تخفيف এর ফায়েদা দেয়। تعريف বা تخصيص এর ফায়েদা দেয় না। এ تخفيف (সহজতা) টা কয়েক ধরনের হতে পারে। ১. مضاف থেকে تنوين বা তার قائم مقام যথা– نون تثنيه বা نون جمع বিলোপের দ্বারা। যেমন– ضَارِبُ زَيْدٍ ـ ضَارِبَا عَمْرٍو ، ضَارِبُوالْقَوْمِ ইত্যাদি ২. অথবা مضاف اليه থেকে যমীর বিলোপ হয়ে সিফতের ছীগার মধ্যে উহ্য থাকার দ্বারা تخفيف হবে। যেমন– اَلْقَائِمُ الْغُلَامِ এটা মূলত اَلْقَائِمُ غُلَامُهُ ছিল। غُلَامُهُ এর যমীরকে حذف করে اَلْقَائِمُ এর মধ্যে উহ্য মানা হয়েছে।

৩. অথবা مضاف ও مضاف اليه উভয় থেকে تخفيف হবে। যেমন– حَسَنُ الْوَجْه -এর মধ্যে–এটা মূলত حَسَنٌ وَجْهُهُ ছিল। اضافت এর কারণে حسن এর تنوين পড়ে গেছে, আর وجهه এর যমীর বিলোপ করে তার পরিবর্তে الف لام আনা হয়েছে।

★ উল্লেখ্য যে, এ اضافت দ্বারা কেবল لفظ এর মধ্যে تخفيف হয় বিধায় একে اضافت لفظيه বলে। আর উপরেরটির মধ্যে বিশেষভাবে معنى তথা অর্থের মধ্যে তার আছর পড়ে বিধায় اضافت معنويه বলে।

وَاعْلَمْ اَنَّكَ اِذَا اَضَفْتَ الْاِسْمَ الصَّحِيْحَ اَوِ الْجَارِىْ مَجْرَى الصَّحِيْحِ اِلَى يَاءِ الْمُتَكَلِّمِ كَسَرْتَ اٰخِرَهٗ وَاَسْكَنْتَ الْيَاءَ اَوْفَتَحْتَهَا كَغُلَامِىْ وَدَلْوِىْ وَظَبْيِىْ وَاِنْ كَانَ اٰخِرُ الْاِسْمِ اَلِفًا تُثْبَتُ كَعَصَاىَ وَرَحَاىَ خِلَافًا لِلْهُذَيْلِ كَعَصَىَّ وَرَجِىَّ وَاِنْ كَانَ اٰخِرُ الْاِسْمِ يَاءً مَكْسُوْرًا مَاقَبْلَهَا اُدْغِمَتِ الْيَاءُ فِى الْيَاءِ وَفُتِحَتِ الْيَاءُ الثَّانِيَةُ لِئَلَّايَلْتَقِىَ السَّاكِنَانِ تَقُوْلُ فِىْ قَاضِىْ قَاضِىَّ وَاِنْ كَانَ اٰخِرُهٗ وَاوًا مَضْمُوْمًا مَاقَبْلَهَا قَلَبْتَهَا يَاءً وَعَمِلْتَ كَمَا عَمِلْتَ اَلْاٰنَ تَقُوْلُ جَائَنِىْ مُسْلِمِىَّ

অনুবাদ ॥ يـاء مـتـكـلم -এর দিকে اضـافـة করার পদ্ধতি ঃ জেনে রেখ যে, কোন صَحِيْح বা جَارِىْ مَجْرِىْ صَحِيْح ইসমকে يـاء مـتـكـلـم -এর দিকে اِضَافَـة করলে তার শেষ বর্ণটিকে যের দিবে এবং يـاء টিকে সাকিন করবে অথবা يـاء -এর উপর যবর দিবে। যেমন– غُلَامِىْ বা غُلَامِىَ (সহীহের উদাহরণ) এবং دَلْوِىْ বা دَلْوِىَ ও ظَبْيِىْ বা ظَبْيِىَ (এটা جَارِىْ مَجْرَى صَحِيْح -এর উদাহরণ)।

আর যদি ইসমটির শেষ বর্ণ আলিফ হয় তবে তা ঠিক থাকবে। যেমন– عَصَاىَ (আমার লাঠি) ও رَحَاىَ (আমার চাক্কি), তবে এটা হুযাইল গোত্রের মতের বিপরীত। (তাদের মতে উক্ত আলিফকে ইয়া দ্বারা পরিবর্তন করে উভয় ইয়াকে ঈদগাম করতে হবে।) যথা عَصَىَّ ও رَجِىَّ -যদি ইসমটির শেষ বর্ণ يـاء এবং তার পূর্ববর্ণ যেরবিশিষ্ট يـاء হয় তবে يـاء কে অপর يـاء -এর সাথে যুক্ত করে দ্বিতীয় يـاء কে যবর দিবে যাতে দু'টি সাকিন একত্রিত না হয়। যেমন– قَاضِىْ -এর মধ্যে বলবে قَاضِىَّ। আর যদি ইসমটির শেষ বর্ণ واو এবং তার পূর্ববর্ণ পেশবিশিষ্ট হয় তবে واو কে يـاء দ্বারা পরিবর্তন করতঃ উল্লেখিত রূপে কার্য করবে। (অর্থাৎ يـاء কে يـاء -এর সাথে যুক্ত করবে) যেমন তুমি বলবে جَائَنِىْ مُسْلِمِىَّ

প্রাসঙ্গিক আলোচনা ঃ قـولـه وَاعْلَمْ اَنَّكَ اِذَا اَضَفْتَ الخ ঃ যদি اسم مـضـاف . جـارى مَجْرَاىْ صـحـيـح বা اسم معنوى صحيح হয়ে واوى বা يائى হয় তাহলে اضـافـت কালে তার তানভীন বা نون বিলুপ্ত হওয়া ছাড়াও আরো কিছু বিধান রয়েছে। এ জন্য ভিন্নভাবে এটাকে উল্লেখ করেছেন। صحيح বা صحيح এর قـائم مقـام কোন اسم কে يـائے مـتـكـلـم এর দিকে اضـافـت করলে তখন يـاء এর مـنـاسبت এর দরুন তার ডানে যের দিতে হয়। আর يـاء এর মধ্যে ২ ছুরত জায়েয। ক. সাকিন করা যায়, কারণ সাকিন করার মধ্যে تـخـفـيـف পাওয়া যায়। খ. অথবা اَخَفُّ الْحَرَكَاتُ হিসেবে যবরও দেয়া যায়। আর এটা এজন্য যে, এক হরফ বিশিষ্ট শব্দে হরফ পড়াই যুক্তিযুক্ত। যাতে সাকিন হওয়ার দরুন পড়তে সমস্যা না হয়, এ মতটাকে প্রথমে আনার দ্বারা বুঝা যায় যে, মুসান্নিফ র. এর মত হল সাকিন হওয়া। যেমন– غُلَامِىْ ও دَلْوِىْ প্রভৃতি।

قـولـه وَاِنْ كَانَ اٰخِرُ الْاِسْمِ الخ ঃ যদি اسم এর শেষে الف হয়। চাই তা تـثـنـيـه এর আলিফ হোক যেমন– غُلَامَا বা মাদ্দার আলিফ হোক যেমন عَصَاىَ، رَحَاىَ তাহলে বিশুদ্ধ মতানুযায়ী আলিফ কে اضـافـت এর সময় বহাল রাখা হবে। কারণ তাকে পরিবর্তন করার কারণ (واو ও يـاء একত্রে আসা) পাওয়া যায় না। তবে হুযাইল গোত্রের ভাষা মতে تـثـنـيـه এর আলিফ না হলে তা يـاء দ্বারা পরিবর্তন হয়ে يـاء مـتـكـلـم এর মধ্যে ইদগাম হয়ে যায়। যেমন– عَصَىَّ ، رَجِىَّ তাদের দলিল এই যে, يـاء مـتـكـلـم এর পূর্বে যেভাবে যবর হলে তা যের দ্বারা পরিবর্তন হয়ে যায় এভাবে يـائے مـتـكـلم এর পূর্বে আলিফ হলেও তা يـاء দ্বারা পরিবর্তন হয়ে যায়। আর تـثـنـيـه এর আলিফকে এজন্য পরিবর্তন করা হয় না যাতে حالتِ رَفْعِىْ এর تـثـنـيـه টি نَصْبِى ও جَرِّىْ এর সাথে মিশে না যায়। •

وَفِيْ الْاَسْمَاءِ السِّتَّةِ مُضَافَةً اِلٰى يَاءِ الْمُتَكَلِّمِ تَقُوْلُ اَخِيْ وَاَبِيْ وَحَمِيْ وَهَنِيْ وَفِيْ عِنْدَ الْاَكْثَرِ وَفَمِيْ عِنْدَ قَوْمٍ وَذُوْ لَايُضَافُ اِلٰى مُضْمَرٍ اَصْلًا وَقَوْلُ الْقَائِلِ ع اِنَّمَا يَعْرِفُ ذَا الْفَضْلِ مِنَ النَّاسِ ذَوُوْهُ شَاذٌّ وَاِذَا قُطِعَتْ هٰذِهِ الْاَسْمَاءُ عَنِ الْاِضَافَةِ قُلْتَ اَخٌ وَاَبٌ وَحَمٌ وهَنٌ وفَمٌ وذُوْ لَايُقْطَعُ عَنِ الْاِضَافَةِ اَلْبَتَّةَ، هٰذَا كُلُّهُ بِتَقْدِيْرِ حَرْفِ الْجَرِّ اَمَّا مَا يُذْكَرُ فِيْهِ حَرْفُ الْجَرِّ لَفْظًا فَسَيَاْتِيْكَ فِى الْقِسْمِ الثَّالِثِ اِنْ شَاءَ اللّٰهُ تَعَالٰى -

---

অনুবাদ ॥ (৫) اَسْمَائےسِتَّهُ مُكَبَّرَهْ যদি يـاء مـتـكـلـم-এর দিকে মুযাফ হয় তাহলে বলবে, اَخِـيْ، اَبِـيْ، حَمِيْ، هَنِيْ ও فِـيْ অধিকাংশ নাহুবিদদের মতে, আর অন্য একদল নাহুবিদদের মতে فَمِيْ পড়া হয়। ذو শব্দটি কখনও যমীরের দিকে মুযাফ হয় না। তবে কবির উক্তি اِنَّمَا يَعْرِفُ ذَا الْفَضْلِ مِنَ النَّاسِ ذَوُوْهُ (অর্থাৎ সম্মানিত লোককে সম্মানিত লোকেরাই চিনতে পারে।) এখানে ذُوْ শব্দটি যদিও যমীরের দিকে মুযাফ হয়েছে, তবে এটা বিরল।

★ উক্ত ছ'টি ইসমকে اضافة হতে ছিন্ন করলে তখন এভাবে বলবে– اَخٌ – اَبٌ – حَمٌ – هَنٌ ও فَمٌ. ذُوْ – শব্দটি কখনও اِضَافَةْ শুন্য হয় না। اضافة -এর উক্ত বিধানসমূহ حرفِ جار উহ্য থাকা অবস্থায় হয়ে থাকে। আর যে اضافة -এর মধ্যে حرفِ جار উল্লেখ করা হয় তার বিধান তৃতীয় প্রকরণে আসবে ইন্‌শা-আল্লাহ।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله عِنْدَ الْاَكْثَرِ ঃ অর্থাৎ فَمٌ এর মধ্যে فِيْ পড়াটা مُخْتَلَفْ فِيْهِ কেননা مُبَرَّدْ এর মতে اَبٌ واَخٌ টা يائے متكلم এর দিক মুযাফ হলে اَبِيْ ও اَخِيْ হয়। আর فَمٌ এর মধ্যে কারো মতে فَمِيْ হয়।

قَوْلُهٗ اِنَّمَا يَعْرِفُ ذَا الْفَضْلِ الخ ঃ ذُوْ যমীরের দিকে স্বভাবত মুযাফ হয় না। তবে খুবই বিরলভাবে দু'এক জায়গায় দেখা যায়। যেমন এ শে'রের মধ্যে। সুতরাং এটা شاذ আর اَلشَّاذُّ كَالْمَعْدُوْمِ সুতরাং তা ধর্তব্য নয়।

قوله هٰذَا كُلُّهٗ بِتَقْدِيْرِ الخ ঃ অর্থাৎ উপরে اِضَافَتِ لَفْظِيَه ও اِضَافَتِ مَعْنُوِيَّه সম্পর্কে যা আলোচনা করা হল তা সব اضافتِ معنوى তথা হরফে জার উহ্য থাকা প্রসঙ্গে ছিল। হরফে জার উল্লেখের মাধ্যমে যে ইযাফত হয় بَحْثِ حُرُوف এর মধ্যে তা আলোচিত হবে।

التمرين (অনুশীলনী)

১. مجرورات এর অর্থ ও উহার প্রকারভেদ উল্লেখ কর এবং مضاف اليه এর পরিচয় ও مضاف কে কি কি থেকে খালি করা জরুরী লিখ।

২. اضافت কাকে বলে উহা কত প্রকার ও কি কি? প্রত্যেক প্রকারের উপকারীতাসহ বর্ণনা কর।

৩. اسم কে يائے متكلم এর দিকে اضافت করার নিয়মাবলী উদাহরণসহ লিখ।

اَلْخَاتِمَةُ فِى التَّوَابِعِ

اِعْلَمْ اَنَّ الَّتِىْ مَرَّتْ مِنَ الْاَسْمَاءِ الْمُعْرَبَةِ كَانَ اِعْرَابُهَا بِالْاَصَالَةِ بِاَنْ دَخَلَتْهَا الْعَوَامِلُ مِنَ الْمَرْفُوْعَاتِ وَالْمَنْصُوْبَاتِ وَالْمَجْرُوْرَاتِ فَقَدْ يَكُوْنُ اِعْرَابُ الْاِسْمِ بِتَبْعِيَّةِ مَا قَبْلَهُ فِى الْاِعْرَابِ وَهُوَ كُلُّ ثَانٍ مُعْرَبٌ بِاِعْرَابِ سَابِقِهِ مِنْ جِهَةٍ وَاحِدَةٍ وَالتَّوَابِعُ خَمْسَةُ اَقْسَامٍ: اَلنَّعْتُ وَالْعَطْفُ بِالْحُرُوْفِ وَالتَّاكِيْدُ وَالْبَدَلُ وَعَطْفُ الْبَيَانِ ـ

পরিশিষ্ট ঃ تَوَابِعُ (অনুগামী পদ) প্রসঙ্গ

অনুবাদ॥ জেনে রাখ, যে ইসমে মু'রাব সম্পর্কে ইতিপূর্বে যে আলোচনা করা হয়েছে তার اِعْرَابُ ছিল মূলগত আসল তথা (ও আমিলের) হিসেবে। সেগুলোর পূর্বে রফা, নসব ও জরদাতা আমেল আসার ভিত্তিতে اِعْرَابُ হয়েছিল। তবে কোন কোন সময় ইসমের اِعْرَابُ তার পূর্ববর্তী শব্দের অনুকরণেও হয়ে থাকে। (ঐ ইসমকে تَابِع বলা হয়। কারণ তার اعراب -এর মধ্যে পূর্ববর্তী শব্দের অনুকরণ করে থাকে।)

تَابِعْ -এর সংজ্ঞা ঃ تابع এমন দ্বিতীয় শব্দকে বলে যার اعراب একই কারণে তার পূর্বে বর্ণিত শব্দের اعراب অনুযায়ী হয়।

تابع -এর প্রকারভেদ ঃ تَابِعْ পাঁচ প্রকার। যথা–(১) اَلنَّعْتُ, (২) اَلْعَطْفُ بِالْحُرُفِ, (৩) اَلتَّاكِيْدُ, (৪) اَلْبَدَلُ ও (৫) عَطْفُ الْبَيَانِ

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهُ اَلْخَاتِمَةُ ঃ মুসান্নিফ র. مَقَاصِد ثَلَاثَهُ এর বর্ণনা শেষে তাঁর ওয়াদা অনুযায়ী خَاتِمَةُ এর আলোচনা শুরু করেছেন। পূর্বের তিন মাকসাদে مُعْرَبْ بِالْاَصَالَةُ (মৌলিক মু'রাব) এর বর্ণনা ছিল। আর خَاتِمَه বা পরিশিষ্ট مُعْرَبْ بِالتَّبْعِيَّةُ (তথা অন্যের অনুগামী হওয়ার ভিত্তিতে مُعْرَبْ এর) বিভিন্নমুখী আলোচনা করা হবে।

قَوْلُهُ اَلتَّوَابِعُ ঃ تَوَابِعُ – تَابِعُ এর বহুবচন অর্থ অনুগামী, অনুসারী। এর অধীনের শব্দগুলে اِعْرَابُ এরে দিক দিয়ে مَتْبُوْعْ এর অনুগামী হওয়ায় এনাম রাখা হয়েছে। পরিভাষায় تَابِعْ ঐ পরবর্তী শব্দকে বলে যা তার পূর্ববর্তী শব্দের اعراب এর সহিত একই কারণে اعراب বিশিষ্ট হয়। যেমন– جَاءَ رَجُلٌ عَالِمٌ এখানে عالم শব্দটি رجل এর تابع এটি ফায়েল হওয়ার কারণে مرفوع হয়েছে। আর عالم তার সাথে فاعل হওয়ার কারণেই مرفوع হয়েছে ভিন্ন ফায়েল হওয়ার কারণে নয়।

قَوْلُهُ وَ التَّوَابِعُ خَمْسَةُ اَقْسَامٍ ঃ تَابِعْ ৫ প্রকারে সীমিত। এর কারণ বা وَجْهِ حَصْر এই যে, تَابِع দু'অবস্থা থেকে খালি নয়। ক. হয়তো حكم কে দৃঢ় করবে, কিংবা খ. দৃঢ় করবেনা। হুকুম কে দৃঢ় করলে তাকে تاكيد বলে। আর দৃঢ় না করলে তা আবার দু'প্রকার হয় مَتْبُوْعْ এর বয়ানের জন্য আসবে নতুবা না। বয়ানের জন্য আসলে বা مُبَيِّنْ হলে তা আবার দু ধরনের مُشْتَقْ বা مَعْنَى مُشْتَقْ হবে নতুবা নয়, প্রথমটি সিফত, দ্বিতীয়টি متبوع . عطف এর بَيَان না হলে (বা غير مُبَيِّن হলে) তা আবার দু প্রকার حرف عطف এর মাধ্যমে হবে বা না। حرف عطف এর মাধ্যমে হলে عطف بِالْحُرُوْفُ আর তা না হলে بدل –

فَصْلٌ - اَلنَّعْتُ تَابِعٌ يَدُلُّ عَلٰى مَعْنًى فِىْ مَتْبُوْعِهٖ نَحْوُ جَائَنِىْ رَجُلٌ عَالِمٌ اَوْ فِىْ مُتَعَلِّقِ مَتْبُوْعِهٖ نَحْوُ جَائَنِىْ رَجُلٌ عَالِمٌ اَبُوْهُ وَيُسَمّٰى صِفَةً اَيْضًا وَالْقِسْمُ الْاَوَّلُ يَتْبَعُ مَتْبُوْعَهٗ فِىْ عَشَرَةِ اَشْيَاءَ فِى الْاِعْرَابِ وَالتَّعْرِيْفِ وَالتَّنْكِيْرِ وَالْاِفْرَادِ وَالتَّثْنِيَةِ وَالْجَمْعِ وَالتَّذْكِيْرِ وَالتَّانِيْثِ نَحْوُجَائَنِىْ رَجُلٌ عَالِمٌ وَرَجُلَانِ عَالِمَانِ وَزَيْدُنِ الْعَالِمُ وَ اِمْرَأَةٌ عَالِمَةٌ -

---

পরিচ্ছেদ – ১ ঃ نَعْتٌ বা صِفَتٌ প্রসঙ্গ

অনুবাদ॥ نَعْت এর সংজ্ঞা ঃ نَعْتٌ (বিশেষণ) ঐ تَابِعٌ (অনুগামী) কে বলে যা مُتْبُوْعٌ (অনুসৃত) এর অর্থ প্রকাশ করে, যেমন– جَاءَنِىْ رَجُلٌ عَالِمٌ (আমার নিকট এক বিজ্ঞ ব্যক্তি এসেছেন), অথবা مُتْبُوْعٌ এর সংশ্লিষ্ট বিষয়ের অর্থ প্রকাশ করে। যেমন– جَاءَنِىْ رَجُلٌ عَالِمٌ اَبُوْهُ (আমার নিকট এমন এক ব্যক্তি এসেছেন যার পিতা বিজ্ঞ) نَعْتٌ কে صِفَةٌ নামেও অভিহিত করা হয়।

مَنْعُوْتٌ ও نَعْتٌ তথা مَوْصُوْف ও صِفَتٌ এর মধ্যে مطابقة ঃ প্রথম প্রকার تابع দশটি বিষয়ে مُتْبُوْعٌ-এর অনুসরণ করে থাকে। اعراب তথা– (১) রফা, (২) নসব ও (৩) জার হওয়া, (৪) মা'রেফা হওয়া, (৫) নাকেরা হওয়া, (৬) একবচন হওয়া, (৭) দ্বি-বচন হওয়া, (৮) বহুবচন হওয়া, (৯) পুংলিঙ্গ হওয়া, ও (১০) স্ত্রীলিঙ্গ হওয়া। যেমন–

جَاءَنِىْ رَجُلٌ عَالِمٌ - رَجُلَانِ عَالِمَانِ - رِجَالٌ عَالِمُوْنَ - زَيْدُنِ الْعَالِمُ - اِمْرَأَةٌ عَالِمَةٌ

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهٗ اَلنَّعْتُ ঃ কোন বাক্যে এক বা একাধিক تَابِعٌ মিলিত হলে প্রথমে نَعْت অতঃপর عَطْفِ بَيَانٌ তারপর تَاكِيْد এরপর بَدَل এবং সর্বশেষ عَطْفِ نَسْق উল্লেখ করার রীতি প্রচলিত আছে। উপরন্তু এটা كَثِيْرُ الْفَوَائِدْ ও كَثِيْرُ الْاِسْتِعْمَالْ ও বটে। এসব কারণে মুসান্নিফ র. نَعْت এর আলোচনা আগে এনেছেন।

نعت এর সংজ্ঞা ঃ মুসান্নিফ র. এর ভাষায়– نَعْتٌ এমন تابع যা তার متبوع এর অর্থ বা তার সংশ্লিষ্টের অর্থ– প্রকাশ করে, ১মটিকে صفت بحال مَوْصُوْف ও পরেরটিকে صِفَتْ بِحَالِ مُتَعَلِّقِ مَوْصُوْف বলে। نعت এর অপর নাম صفت -

قوله وَالْقِسْمُ الْاَوَّلُ ঃ প্রথম প্রকারের نَعْت (صِفَتْ بِحَالِ مَوْصُوْف বা نعت حقيقى) ১০ দিক দিয়ে তার متبوع এর অনুকরণ করে (অবশ্য ১০টিই একত্রে পাওয়া যায় না বরং ৪টি একত্রে পাওয়া যায়, যথা– ১. বচনের দিক দিয়ে صفت ও موصوف এক হবে, ২. লিঙ্গের দিক দিয়ে এক হবে। ৩. اعراب এর দিক এক হবে ও ৪. تنكير - تعريف এর দিক দিয়ে এক হবে। যেমন– جَائَنِىْ رَجُلٌ عَالِمٌ ইত্যাদির মধ্যে লক্ষ্য কর।

ফায়েদা ঃ ক্ষেত্র বিশেষ লিঙ্গ ও বচনের দিক দিয়ে ব্যতিক্রম ও হয়। যেমন ১. সিফতটি যদি এমন ছীগা হয় যাতে مذكر و مؤنث উভয় সমান। আর তা হল فَعِيْلٌ . فَعُوْلٌ . فَعَالَةٌ এর ওযনে হলে। যথা– جَائَنِىْ رَجُلٌ جَرِيْحٌ ও جَائَنِىْ اِمْرَأَةٌ جَرِيْحٌ

২. অথবা مذكر শব্দটি مؤنث এ জন্য নির্দিষ্ট হলে, যেমন– جَاءَ اِمْرَأَةٌ حَائِضٌ

৩. অথবা مصدر হলে। যথা– جَائَنِىْ رَجُلٌ عَدْلٌ ও جَائَنِىْ رِجَالٌ عَدْلٌ প্রভৃতি

وَالْقِسْمُ الثَّانِىْ إِنَّمَا يَتْبَعُ مَتْبُوْعَهُ فِى الْخَمْسَةِ الْأَوَّلِ فَقَطْ أَعْنِى الْإِعْرَابَ وَالتَّعْرِيْفَ وَالتَّنْكِيْرَ كَقَوْلِهِ تَعَالٰى "مِنْ هٰذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ أَهْلُهَا" وَفَائِدَةُ النَّعْتِ تَخْصِيْصُ الْمَنْعُوْتِ إِنْ كَانَا نَكِرَتَيْنِ نَحْوُ جَائَنِىْ رَجُلٌ عَالِمٌ وَتَوْضِيْحُهُ إِنْ كَانَا مَعْرِفَتَيْنِ نَحْوُ جَائَنِىْ زَيْدُنِ الْفَاضِلُ وَقَدْ يَكُوْنُ لِمُجَرَّدِ الثَّنَاءِ وَالْمَدْحِ نَحْوُ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ وَقَدْ يَكُوْنُ لِلذَّمِّ نَحْوُ أَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطٰنِ الرَّجِيْمِ وَقَدْ يَكُوْنُ لِلتَّاكِيْدِ نَحْوُ نَفْخَةٌ وَاحِدَةٌ ـ

অনুবাদ ॥ দ্বিতীয় প্রকার (অর্থাৎ যা متبوع এর সংশ্লিষ্ট বিষয়ের অর্থ প্রকাশ করে) শুধু প্রথমোক্ত পাঁচটি বিষয়ের মধ্যে অর্থাৎ (তিন ধরনের) ই'রাব এবং মা'রেফা ও নাকেরার মধ্যে متبوع -এর অনুসরণ করবে। যেমন– আল্লাহ তাআলার বাণী رَبَّنَا أَخْرِجْنَا مِنْ هٰذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ أَهْلُهَا (হে আল্লাহ আমাদেরকে এ গ্রাম হতে বের করে নাও যে গ্রামের অধিবাসীরা অত্যাচারী)।

نعت এর উপকারিতা ঃ نَعْت এর উপকারিতা হচ্ছে এই যে, (১) نَعْت (বিশেষণ) ও مَنْعُوْت (বিশেষিত) উভয় যদি নাকেরা হয় তবে তা مَنْعُوْت-কে কোন এক বিশেষ গুণের সাথে নির্দিষ্ট করে দেয়। যেমন– جَائَنِىْ رَجُلٌ عَالِمٌ (আমার নিকট এক বিজ্ঞ ব্যক্তি এসেছেন)। (২) نَعْت ও مَنْعُوْت উভয় যদি মা'রেফা হয়, তবে তা منعوت কে অধিকতর স্পষ্ট করে দেয়। যেমন– جَائَنِىْ زَيْدُنِ الْفَاضِلُ (সম্মানিত যায়েদ আমার নিকট এসেছে)। (৩) কখনো نَعْت শুধু প্রশংসার জন্যও আসে। যেমন– بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ (দাতা ও দয়ালু আল্লাহর নামে)। (৪) কখনো নিন্দার জন্যও ব্যবহৃত হয়। যেমন– نَفْخَةٌ وَاحِدَةٌ (একটি মাত্র ফুৎকার)।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله اَلْقِسْمُ الثَّانِىْ إِنَّمَا الخ ঃ অর্থাৎ نعت বা صِفَتْ بِحَالِ مُتَعَلِّق موصوف এর জন্য غَيْر حَقِيْقِى এর দিক দিয়ে مَتْبُوْع এর সাথে মিল থাকা জরুরী, যেমন– تَنْكِيْر، تَعْرِيْف ও إِعْرَاب এর জন্য ... مِنْ هٰذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ أَهْلُهَا এর মধ্যে اَلْقَرْيَة হল موصوف আর اَلظَّالِمُ হল صفت কিন্তু প্রকৃত সিফত হল أَهْلِ قَرْيَة কেননা قَرْيَة (গ্রাম) ظَالِمُ হতে পারে না। অতএব এটি صِفَتْ بِحَالِ مُتَعَلِّقِ مَوْصُوْف হল। এখানে বচন ও লিঙ্গের দিক দিয়ে দুটি ভিন্ন। কারণ اَلْقَرْيَة হল مؤنث আর اَلظَّالِمُ হল مذكر -এভাবে বচনের দিক দিয়েও এক হওয়া জরুরী নয়।

مسند এর দিকে اسم ظاهر যখন فعل ও فاعل এর ন্যায় হবে। فعل টি صيغةُ صفت এর সাথে موصوف হয় তখন তাকে واحد আনা হয় চাই اسمِ ظاهر টি مذكر হোক বা مؤنث এবং واحد হোক বা تثنيه বা جمع তদরূপ এক্ষেত্রেও। কেননা এ صيغةُ صفت টি فعل এর স্থলে বসে। যেমন– جَائَنِىْ رَجُلٌ عَالِمٌ أَبُوْهُ এর মধ্যে عَالِمٌ টা عَلَّمَ এর স্থলে। আর أَبُوْهُ তার فاعل - এভাবে جَائَنِىْ رَجُلٌ مُرْتَفِعَةٌ دَارُهُ ও جَائَنِىْ رَجُلٌ مُرْتَفِعٌ دَارُهُ উভয় রকম শুদ্ধ। কারণ دار টা مؤنث غَيْر حَقِيْقِى আর فاعل টা غَيْر حَقِيْقِى مؤنث হলে তার فعل কে مؤنث، مذكر যে কোন রকম আনা যায়।

وَاعْلَمْ أَنَّ النَّكِرَةَ تُوْصَفُ بِالْجُمْلَةِ الْخَبَرِيَّةِ نَحْوُ مَرَرْتُ بِرَجُلٍ أَبُوْهُ عَالِمٌ أَوْقَامَ أَبُوْهُ وَالْمُضْمَرُ لَايُوْصَفُ وَلَا يُوْصَفُ بِهِ ـ

فَصْلٌ ـ اَلْعَطْفُ بِالْحُرُوْفِ تَابِعٌ يُنْسَبُ إِلَيْهِ مَانُسِبَ إِلَى مَتْبُوْعِهِ وَكِلَاهُمَا مَقْصُوْدَانِ بِتِلْكَ النِّسْبَةِ وَيُسَمّٰى عَطْفُ النَّسَقِ وَشَرْطُهُ أَنْ يَكُوْنَ بَيْنَهُ وَبَيْنَ مَتْبُوْعِهِ أَحَدُ حُرُوْفِ الْعَطْفِ وَسَيَأْتِىْ ذِكْرُهَا فِى الْقِسْمِ الثَّالِثِ إِنْ شَاءَ اللّٰهُ تَعَالٰى نَحْوُ قَامَ زَيْدٌ وَعَمْرٌو وَإِذَا عُطِفَ عَلَى الضَّمِيْرِ الْمَرْفُوْعِ الْمُتَّصِلِ يَجِبُ تَاكِيْدُهُ بِالضَّمِيْرِ الْمُنْفَصِلِ نَحْوُ ضَرَبْتُ أَنَا وَزَيْدٌ إِلَّا إِذَا فُصِلَ نَحْوُ ضَرَبْتُ الْيَوْمَ وَزَيْدٌ وَإِذَا عُطِفَ عَلَى الضَّمِيْرِ الْمَجْرُوْرِ يَجِبُ إِعَادَةُ حَرْفِ الْجَرِّ نَحْوُ مَرَرْتُ بِكَ وَبِزَيْدٍ ـ

অনুবাদ ॥ জেনে রাখ যে, جُمْلَةٌ خَبَرِيَّةٌ দ্বারা নাকেরা এর সিফত আনা যায়। যেমন– مَرَرْتُ بِرَجُلٍ أَبُوْهُ عَالِمٌ أَوْ قَامَ أَبُوْهُ (আমি এমন এক ব্যক্তিকে অতিক্রম করলাম যার পিতা জ্ঞানী বা যার পিতা দণ্ডায়মান রয়েছে)। যমীর موصوف ও صفة কোনটিই হয় না।

পরিচ্ছেদ– ২ : عَطْف بِحُرُوف

عَطْفُ بِحُرُوف-এর সংজ্ঞা : عَطْفُ بِحُرُوف এমন تابع কে বলে যার সাথে ঐ বিষয়ের সম্বন্ধ স্থাপন করা হয় যে বিষয়ের সম্বন্ধ তার متبوع এর সাথে করা হয় এবং সম্বন্ধের দিক দিয়ে (تابع ও متبوع) উভয়টি উদ্দেশ্য হয়। একে عَطْفُ النَّسَقِ নামেও অভিহিত করা হয়।

শর্ত : عطف بحروف -এর জন্য শর্ত হল, تابع ও متبوع -এর মধ্যে حروفِ عطف (সংযোগকারী অব্যয়) -এর যে কোন একটি থাকতে হবে। حروفِ عطف -এর বর্ণনা ইনশাআল্লাহ তৃতীয় প্রকরণে আসবে। যেমন– قَامَ زَيْدٌ وَعَمْرٌو (যায়েদ ও আমর দাঁড়িয়েছে।

عطف-এর ব্যবহার বিধি : (১) ضمير مَرْفوع مُتَّصِل-এর উপর কোন শব্দের عطف করা হলে অন্য একটি ضمير مُنْفَصِل দ্বারা উক্ত যমীরের তাকীদ আনা ওয়াজিব। যেমন– ضَرَبْتُ أَنَا وَزَيْدٌ (আমি ও যায়েদ প্রহার করেছি)। (২) তবে معطوف ও معطوف عليه -এর মাঝখানে যদি বিচ্ছেদ সৃষ্টিকারী কোন শব্দ থাকে (তাহলে ضمير مُنْفَصِل দ্বারা তাকীদ আনার প্রয়োজন হবে না) যেমন– ضَرَبْتُ الْيَوْمَ وَزَيْدٌ (আমি ও যায়েদ অদ্য প্রহার করেছি)। (৩) আর যখন ضمير مجرور এর উপর কোন শব্দের عطف করা হয় তখন حرفِ جر কে পুনরুল্লেখ করা ওয়াজিব। যেমন– مَرَرْتُ بِكَ وَبِزَيْدٍ (আমি তোমাকে ও যায়েদকে অতিক্রম করলাম)।

প্রাসঙ্গিক আলোচনা : قوله وَاعْلَمْ أَنَّ النَّكِرَةَ الخ : অর্থাৎ موصوف টি نكره হলে তার صفت টি جمله خبريه হতে পারে। কিন্তু معرفه হলে তার সিফত جمله হতে পারে না। কারণ جمله টা نكره এর হুকুমে গণ্য হয়। সুতরাং معرفه এর সিফত نكره হতে পারে না। যেমন– مَرَرْتُ بِرَجُلٍ عَالِمٍ أَبُوْهُ এর মধ্যে رَجُلٌ হল نكره ও موصوف – আর أَبُوْهُ عَالِمٌ মুবতাদা খবর মিলে رَجُلٌ এর সিফত, তবে جُمْلَةٌ إِنْشَائِيَه হতে পারে না। কারণ انشاء কে حال ، صله ، صفت ইত্যাদি বানানো صحيح নয়।

قَوْلُهُ اَلْمُضْمَرُ لَايُوْصَفُ الخ ঃ যমীর সিফত বা মওসুফ কোনটি হতে পারে না। কারণ যমীর হল أَعْرَفُ الْمَعَارِفِ তথা সর্বোচ্চ معرفه সুতরাং তাকে সিফতের দ্বারা স্পষ্ট করার কোন প্রয়োজন পড়ে না। আর সিফত হতে পারে না এ কারণে যে, যমীর কখনো متبوع এর অর্থ বুঝায় না বরং জাত বুঝায়।

قَوْلُهُ الْعَطْفُ تَابِعٌ ঃ অর্থাৎ عطف بحروف ঐ তাবে' কে বলে যার متبوع এর দিকে যে বিষয়টি সম্বন্ধিত হয় তার দিকেও তা সম্বন্ধিত হয় এবং উক্ত সম্বন্ধের দিক দিয়ে উভয়টি উদ্দেশ্যগত হয়।

মুসান্নিফ র. এর বর্ণিত تابع টা جِنْس সকল تابع এর মধ্যে শামিল। আর كِلَاهُمَا مَقْصُوْدَانِ হল فصل -এর দ্বারা অন্যান্য সকল تابع বের হয়ে গেল। نعت، تاكيد ও عطفِ بيان এ কারণে বেরিয়ে গেল যে, সম্বন্ধের মধ্যে এগুলো উদ্দেশ্য হয় না বরং متبوع উদ্দেশ্য হয়ে থাকে। আর بدل এ জন্য বেরিয়ে গেল যে, এর মধ্যে متبوع নয় বরং بدل টিই উদ্দেশ্য হয়ে থাকে।

★ প্রশ্ন জাগতে পারে যে, উপরোক্ত সংজ্ঞার দ্বারা لَا ، بَلْ ، لٰكِنْ ، اَمْ ، اَمَّا ও اَوْ - عطفُ بِحَرْف থেকে খারিজ হয়ে যায়, কারণ এগুলোর দ্বারা তার আগে পরের কোন একটি উদ্দেশ্য হয় উভয়টি নয়। এর উত্তর এই যে متبوع ও تابع উভয়টি উদ্দেশ্য হওয়ার অর্থ এই যে, تابع এর জন্য متبوع টা ভূমিকা স্বরূপ হবে না, আর সম্বন্ধের দ্বারা উদ্দেশ্যগত হওয়ার অর্থ হল تابع টা متبوع এর মোকাবেলায় فرع বা শাখা হবে না। সুতরাং প্রমাণিত হল যে, এসব হরফের দ্বারা যে معطوف ও معطوف عليه হয় এ অর্থে উভয়টি উদ্দেশ্যগত হয়।

قَوْلُهُ اَلنَّسَقُ : نَسَق অর্থ সুবিন্যস্ত হওয়া, বরাবর হওয়া, حروفِ عطف এসে معطوف ও معطوف عليه কে اعراب এর দিক দিয়ে এক বরাবর এবং পরস্পর একাধিক শব্দকে সুশৃংখল করে বিধায় এ কে عطف نسق বলে।

قوله وشَرْطُهُ الخ অর্থাৎ عطف এর শর্ত এই যে, تابع ও متبوع এর মাঝে حرف عطف থাকতে হবে।

قوله وَاِذَا عُطِفَ الضَّمِيْرُ الخ ঃ অর্থাৎ ضميرِ مرفوع متصل এর ওপর عطف করলে তখন ضميرمُنْفصل দ্বারা তার تاكيد আনা জরুরী। কারণ مرفوع متصل এর যমীরটা শব্দ ও অর্থ উভয় দিক দিয়ে جزء كلمه বা শব্দের অঙ্গ গণ্য হয়। সুতরাং تاكيد আনা ছাড়াই তার ওপর عطف করলে একই শব্দের কিছু অংশের উপর ভিন্ন শব্দকে عطف করা হয় যা নাজায়েয।যেমন ضَرَبْتُ اَنَا وَزَيْدٌ এর মধ্যে লক্ষ কর।

★ মুসান্নিফ র. ضمير مرفوع বলেছেন কারণ ضمير منصوب ও مجرور এর উপর عطف করা تاكيد ছাড়া জায়েয, যেমন- ضَرَبْتُكَ وَزَيْدٌ - এভাবে متّصل এ জন্য বলেছেন যে, مرفوع مُنْفَصِل এর عطف করাও تاكيد ছাড়াই জায়েয, কারণ এসবগুলোর সাথে কোন শব্দের এতটা شِدَّتِ اِتِّصَال নেই।

قوله اِلَّا اِذَا فُصِلَ الخ ঃ অর্থাৎ ضمير مرفوع متصل ও معطوف এর মাঝে فَاصِلَةٌ আসলে তখন تاكيد ছাড়াই عطف করা জায়েয, কারণ এ فاصله টিই تاكيد এর قائم مقام হয়ে যায়।

قوله وَاِذَا عُطِفَ عَلَى الضَّمِيْرِ الخ অর্থাৎ ضَمِيْرِمَجْرُوْرْ এর উপর عطف করলে معطوف এর উপর পুনরায় حرف جر নিয়ে আসা জরুরী। কারণ جار ও ضميرِ مَجْرُور টা شِدَّتِ اِتِّصَالُ এর কারণে একই শব্দের পর্যায়ভুক্ত। সুতরাং خافض বা جر দানকারীকে পূণঃ উল্লেখ না করলে একই শব্দের কিছু অংশের উপর عطف সাব্যস্ত হয়। আর তা না জায়েয। যেমন- مَرَرْتُ بِكَ وَبِزَيْدٍ

★ اِعَادَةُ الْخَافِضِ বলে حَرْفُ الْجَرِّ বলার কারণ হল যাতে اسم مضاف এ থেকে বের হয়ে যায়। কেননা কারো কারো মতে শুধু مضاف اليه এর উপর আতফ করা দোষণীয় নয়।

وَاعْلَمْ اَنَّ الْمَعْطُوْفَ فِىْ حُكْمِ الْمَعْطُوْفِ عَلَيْهِ اَعْنِىْ اِذَا كَانَ الْاَوَّلُ صِفَةً لِشَيْءٍ اَوْ خَبَرًا لِاَمْرٍ اَوْ صِلَةً اَوْ حَالًا فَالثَّانِىْ كَذٰلِكَ اَيْضًا وَالضَّابِطَةُ فِيْهِ اَنَّهُ حَيْثُ يَجُوْزُ اَنْ يُقَامَ الْمَعْطُوْفُ مُقَامَ الْمَعْطُوْفِ عَلَيْهِ جَازَ الْعَطْفُ وَحَيْثُ لَا فَلَا وَالْعَطْفُ عَلٰى مَعْمُوْلَىْ عَامِلَيْنِ مُخْتَلِفَيْنِ جَائِزٌ اِنْ كَانَ الْمَعْطُوْفُ عَلَيْهِ مَجْرُوْرًا مُقَدَّمًا وَالْمَعْطُوْفُ كَذٰلِكَ نَحْوُ فِى الدَّارِ زَيْدٌ وَالْحُجْرَةِ عَمْرٌو

অনুবাদ॥ জেনে রাখ যে, معطوف টি معطوف عليه -এর হুকুমে অন্তর্ভুক্ত হয়। অর্থাৎ- প্রথমটি (معطوف عليه) যদি কোন বিষয়ের صفة বা خبر অথবা صلة কিংবা حال হয় তবে দ্বিতীয়টি (معطوف) ও তদ্রূপ হবে। এক্ষেত্রে বিধান এই যে, যেখানে معطوف -কে معطوف عليه -এর স্থলে স্থাপন করা বৈধ সেখানে আতফ বৈধ। আর যেখানে এরূপ করা বৈধ নয়, সেখানে আতফও বৈধ নয়।

দু'টি ভিন্ন ধরনের عامل -এর দুটি معمول-এর উপর (একই হরফে আতফ দ্বারা) আতফ করা তখনই বৈধ যখন معطوف عليه টি مجرور এবং তার উপর مقدم হবে ও যের শূন্য শব্দের পূর্বে হবে, আর معطوف ও অনুরূপ হবে। যেমন- فِى الدَّارِ زَيْدٌ وَالْحُجْرَةِ عَمْرٌو

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَالْمَعْطُوْفُ الخ ঃ معطوف টা معطوف عليه এর হুকুমে গণ্য হয়। সুতরাং معطوف عليه টি صفت বা صله বা حال হলে معطوف টাও তাই হবে। যেমন- قَامَ زَيْدُنِ الْعَالِمُ وَالْعَاقِلُ ইত্যাদি।

قَوْلُهُ وَحَيْثُ لَافَلَا الخ ঃ অর্থাৎ যেখানে معطوف কে معطوف عليه এর স্থলে বসান জায়েয নেই, সেখানে عطف ও জায়েয নয়, সুতরাং مَازَيْدٌ قَائِمًا وَلَا ذَاهِبٌ عَمْرٌو এর মধ্যে ذَاهِبٌ টা عمر মুবতাদার খবর হওয়ার কারণে مرفوع হয়েছে। আর لَا ذَاهِبٌ عَمْرٌو এর عطف হয়েছে مَازَيْدٌ قَائِمًا বাক্যের উপর। এখন ذَاهِبٌ কে যদি قائما এর উপর عطف করে منصوب পড়া হয় তাহলে এটা ما এর খবর হবে এবং এ বাক্যটি এভাবে হবে مَازَيْدٌ ذَاهِبًا عُمَرٌو এ বাক্যটি না জায়েয। কারণ قائما হল معطوف عليه - এর মধ্যে যে যমীর রয়েছে সেটি زَيْدٌ (ما এর اسم) এর দিকে ফিরছে। আর اسم এর দিকে ফেরার জন্য خبر এর মধ্যে যমীর থাকা আবশ্যক। কিন্তু ذاهبا (معطوف) এর মধ্যে কোন যমীর নেই যা زيد এর দিকে ফিরবে। এ কারণে قَائِمًا ذَاهِبٌ عَمْرٌو অংশটি قائما এর স্থলে বসতে পারে না। ফলে عطف জায়েয হয় না।

قَوْلُهُ وَالْعَطْفُ عَلٰى مَعْمُوْلِ الخ ঃ অর্থাৎ একই حرف عطف এর সাহায্যে ভিন্ন ভিন্ন দুই আমিলের معمول এর উপর عطف করা জায়েয। তবে এর জন্য শর্ত হল معطوف عليه টা مجرور এবং তা مرفوع ও منصوب এর উপর مقدم হতে হবে এবং معطوف এর মধ্যে ও مرفوع ও منصوب টি مجرور এর উপর مقدّم হতে হবে। যেমন- فِى الدَّارِ زَيْدٌ وَالْحُجْرَةِ عَمْرٌو এর মধ্যে الحجرة এর عطف হয়েছে الدار এর উপর। এখানে عامل হল فى আর عمرو এর عطف হয়েছে زيد এর উপর এর عامل হল ابتدا ، واؤ এর মাধ্যমে এ عطف টি করা হয়েছে। সুতরাং عامل ও معمول সম্পূর্ণ ভিন্ন ভিন্ন হল এবং مجرور টা مرفوع এর উপর مقدم হওয়ার শর্ত ও পাওয়া গেল।

مجرور টা منصوب এর উপর مقدم হওয়ার উদাহরণ যেমন- اِنَّ فِى الدَّارِ زَيْدًا وَالْحُجْرَةِ عَمْرًوا এর মধ্যে الحجرة এর عطف হয়েছে اَلدَّار এর উপর। এর আমিল হল فى, আর عمرو এর عطف হয়েছে زيد এর উপর এর আমিল হল اِنَّ এখানে معطوف عليه ও معطوف উভয়টির মধ্যে مجرور টা منصوب এর উপর مقدم হয়েছে। حرف عطف যয়ীফ হওয়া সত্ত্বে দুটি আমিলের স্থলাভিষিক্ত হওয়াটা যদিও কিয়াসের পরিপন্থি। তথাপি আরবী ভাষায় বহুল প্রচলিত হেতু এটি জায়েয।

وَفِيْ هٰذِهِ الْمَسْئَلَةِ مَذْهَبَانِ اٰخَرَانِ وَهُمَا اَنْ يَّجُوْزَ مُطْلَقًا عِنْدَ الْفَرَّاءِ وَلَايَجُوْزُ مُطْلَقًا عِنْدَ سِيْبَوَيْهِ ـ

فَصْلٌ ـ اَلتَّاكِيْدُ تَابِعٌ يَدُلُّ عَلٰى تَقْرِيْرِ الْمَتْبُوْعِ فِيْ مَانُسِبَ اِلَيْهِ اَوْ عَلٰى شُمُوْلِ الْحُكْمِ لِكُلِّ فَرْدٍ مِّنْ اَفْرَادِ الْمَتْبُوْعِ وَالتَّاكِيْدُ عَلٰى قِسْمَيْنِ لَفْظِيٌّ وهُوَ تَكْرِيْرُ اللَّفْظِ الْاَوَّلِ نحوُ جَائَنِيْ زيدٌ زيدٌ و جَاءَ جَاءَ زَيْدٌ ومَعْنَوِيٌّ وَهُوَ بِاَلْفَاظٍ مَعْدُوْدَةٍ وَهِيَ النَّفْسُ وَالْعَيْنُ لِلْوَاحِدِ وَالْمُثَنّٰى وَالْمَجْمُوْعِ بِاِخْتِلَافِ الصِّيْغَةِ وَ الضَّمِيْرِ نحوُ جَائَنِيْ زيدٌ نَفْسُهُ والزَّيْدانِ اَنْفُسُهما اوْ نَفْسَاهُمَا والزَّيْدُونَ اَنْفُسُهم وكَذٰلِكَ عَيْنُهُ وَاَعْيُنُهُمَا اَوْ عَيْنَاهُمَا واَعْيُنُهُمْ وجَائَتْنِيْ هِنْدُ نَفْسُهَا وجَائَتْنِي الْهِنْدَانِ اَنْفُسُهُمَا اَوْ نَفْسَاهُمَا وجَائَتْنِي الْهِنْدَاتُ اَنْفُسُهُنَّ ـ وَكِلَا وكِلْتَا لِلْمُثَنّٰى خَاصَّةً نحوُ قَامَ الرَّجُلَانِ كِلَاهُمَا وقَامَتِ الْمَرْأتَانِ كِلْتَاهُمَا وَكُلٌّ واَجْمَعُ واَكْتَعُ واَبْتَعُ واَبْصَعُ لِغَيْرِ الْمُثَنّٰى بِاِخْتِلَافِ الضَّمِيْرِ فِيْ كُلٍّ وَالصِّيْغَةِ فِي الْبَوَاقِيْ

অনুবাদ ॥ এ ব্যাপারে আরও দু'টো অভিমত রয়েছে। তা এই যে, ইমাম ফাররার এর মতে বিনা শর্তে عطف বৈধ। আর সীবওয়াইহের মতে কোন অবস্থাতেই عطف বৈধ নয়।

পরিচ্ছেদ – ৩ : تاكيد (দৃঢ়তা সৃষ্টিকারী পদ)

تاكيد -এর সংজ্ঞা : تاكيد এমন تابع কে বলে যা متبوع এর প্রতি সম্বন্ধকৃত বস্তুর মধ্যে متبوع এর সম্বন্ধ কে শক্তিশালী করা অথবা متبوع এর একক সংখ্যাগুলোর প্রত্যেকটিকে হুকুমের অন্তর্ভুক্ত করার জন্য ব্যবহৃত হয়। যেমন– جَائَنِيْ زَيْدٌ زَيْدٌ (যায়েদই আমার নিকট এসেছে) ও جَائَنِيْ الْقَوْمُ كُلُّهُمْ (সম্প্রদায়ের সব লোকই আমার নিকট এসেছে)।

تاكيد-এর প্রকারভেদ : تاكيد দু'প্রকার। যথা– (ক) تاكيد لفظى (শব্দগত তাকীদ।) এটা শব্দকে পুনরুল্লেখ করার দ্বারা হয়ে থাকে। যেমন– جَائَنِيْ زَيْدٌ زَيْدٌ এবং جَاءَ جَاءَ زَيْدٌ (খ) تاكيد معنوى (অর্থগত তাকীদ)। এটা নির্দিষ্ট কয়েকটি শব্দ দ্বারা হয়ে থাকে। আর তা হল (ব্যবহার বিধিঃ)। (১) نَفْسٌ ও عَيْنٌ শব্দদ্বয়। সীগা ও যমীরের রূপভেদে একবচন, দ্বি-বচন ও বহুবচনের (তাকীদের) জন্য ব্যবহৃত হয়। যেমন– جَائَنِيْ زَيْدٌ نَفْسُهُ، وَالزَّيْدَانِ اَنْفُسُهُمَا اَوْ نَفْسَاهُمَا، وَالزَّيْدُوْنَ اَنْفُسُهُمْ– অনুরূপভাবে عَيْنٌ শব্দের মধ্যে বলা হবে– جَائَنِيْ زيدٌ عَيْنُهُ وَالزَّيْدَانِ اَعْيُنُهُمَا اَوْ عَيْنَاهُمَا وَالزَّيْدُوْنَ اَعْيُنُهُمْ (এবং স্ত্রী লিঙ্গের ক্ষেত্রে বলা হবে)। جَائَتْنِي الْهِنْدَاتُ اَنْفُسُهُنَّ - جَائَتْنِي الْهِنْدَاتُ اَنْفُسُهُمَا اَوْ نَفْسَاهُمَا-جَائَتْنِيْ هِنْدُ نَفْسُهَا -

كِلَا ও كِلْتَا শুধু দ্বি-বচনের (তাকীদের) জন্য ব্যবহৃত হয়। (كلا পুংলিঙ্গের জন্য এবং كِلْتَا স্ত্রীলিঙ্গের জন্য) যেমন– قَامَ الرَّجُلَانِ كِلَاهُمَا (উভয় ব্যক্তিই দণ্ডায়মান হয়েছে)

كُلٌّ - اَجْمَعُ - اَكْتَعُ - اَبْتَعُ ও اَبْصَعُ দ্বি-বচন ছাড়া অন্যান্য শব্দের জন্য ব্যবহৃত হয়, তবে كُلٌّ শব্দটি যমীরের পরিবর্তনের সাথে এবং অবশিষ্টগুলো সীগার পরিবর্তনের সাথে ব্যবহৃত হয়।

প্রাসঙ্গিক আলোচনা : قوله وَفِيْ هٰذَا الْمَسْئَلَةِ الخ : অর্থাৎ ভিন্ন ভিন্ন দু'আমিলের معمول এর উপর عطف করার ব্যাপারে আরো দুটি মত রয়েছে। ১. ইমাম ফাররা (র.)) বলেন– এটা শর্তহীনভাবে জায়েয। তিনি এটাকে একই আমিলের দু'মামূলের উপর عطف জায়েয হওয়ার উপর কিয়াস করেন। ২. আর ইমাম সীবওয়াইহি (র.) বলেন– এটা কোন ক্ষেত্রেই জায়েয নেই। কারণ حرف عطف একটা আমিলের قائم مقام হতে পারে। কিন্তু দুই আমিলের قائم مقام হওয়ার শক্তি রাখে না। সুতরাং তিনি ঐ সকল উদাহরণের মধ্যে তাবীল করে বলেন– এখানে معطوف এর মধ্যে خافض (جار) উহ্য আছে। তখন এক جملہ এর عطف হবে আরেক جملہ এর উপর। যেমন– فِي الدَّارِ زَيْدٌ وَفِي الْحُجْرَةِ عَمْرٌو ইত্যাদি

قَوْلُهُ اَلتَّاكِيْدُ لَفْظُ الخ : تاكيد শব্দটি توكيد রূপেও ব্যবহৃত হয়। অর্থ– মজবুত করা, দৃঢ় করা। عطف এর পরে تاكيد উল্লেখ করা হয়েছে এ জন্য যে, ثم ও فاء এ দুটোও تاكيد এর জন্যও ব্যবহৃত হয়। যেমন– ثم كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ ثُمَّ كَلَّا ও وَاللّٰهِ فَوَ اللّٰهِ ইত্যাদি।

قَوْلُهُ تَابِعٌ يَدُلُّ الخ : অর্থাৎ تاكيد এমন تابع কে বলে যা متبوع এর প্রতি সম্বন্ধিত বিষয়কে দৃঢ় করাও متبوع এর প্রত্যেক فرد এর জন্য বাক্যের হুকুমকে শামিল করা বুঝায়। অতএব বুঝায় গেল যে, تاكيد উপরোক্ত দু উদ্দেশ্যে ব্যবহৃত হয়। সংজ্ঞায় উল্লিখিত تابع টা جنس ، عَلٰى تَقْرِيْرِ الْمَتْبُوْعِ এর দ্বারা بدل ও عطف بحروف বের হয়ে গেল, فِيْمَا نُسِبَ দ্বারা نعت ও عطفِ بَيَانٌ বের হয়ে গেল, কারণ এ দুটো যদিও متبوع কে দৃঢ় করে কিন্তু তা فِيْمَا نُسِبَ হিসেবে নয় বরং তা কেবল متبوع এর জাত-সত্ত্বাকে দৃঢ় করে। عَلٰى شُمُوْلِ الْحُكْمِ দ্বারা كل ۔ اجمع ও এর অনুগামী শব্দগুলো দাখিল হয়ে গেল।

قَوْلُهُ اَلتَّاكِيْدُ عَلٰى قِسْمَيْنِ : অর্থাৎ تاكيد দু'প্রকার ১. تاكيد لفظى যা لفظ একাধিকবার উল্লেখ দ্বারা হাসিল হয়। যথা– اِنَّ زَيْدًا قَائِمٌ প্রভৃতি।

২. تاكيد مَعْنَوِىْ যা নির্দিষ্ট শব্দাবলী ব্যবহারে হাসিল হয়। যথা– كُلٌّ ، عَيْنٌ ، نَفْسٌ প্রভৃতি।

★ উল্লেখ্য যে, تاكيد لَفْظِىْ টা عام তথা اسم ، فعل ، حرف এমনকি جملہ ও একাধিকবার উল্লেখ করা যেতে পারে। যেমন– جَائَنِىْ زَيْدٌ زَيْدٌ ، اِنَّ اِنَّ زَيْدًا قَائِمٌ ۔ زَيْدٌ قَائِمٌ زَيْدٌ قَائِمٌ প্রভৃতি।

قوله وَهِيَ النَّفْسُ الخ : অর্থাৎ نفس ، عين দ্বারা تاكيد এর ক্ষেত্রে مؤكد (যার تاكيد করা হয় বা متبوع) অনুপাতে শব্দ ও যমীরের মধ্যে ও লিঙ্গ ও বচনের ক্ষেত্রে পরিবর্তন হবে। অর্থাৎ مؤكد واحد হলে تاكيد টি واحد হবে। যেমন– جَائَنِىْ زَيْدٌ نَفْسُهٗ ، جَائَنِىْ فَاطِمَةُ نَفْسُهَا

مؤكد বহুঃ হলে تاكيد ও বহুঃ হবে। যেমন– جَائَنِى زَيْدُوْنَ اَنْفُسُهُمْ ইত্যাদি। তবে مثنى এর ক্ষেত্রে মতভেদ রয়েছে। ক. জমহুরের মতে مؤكد দ্বিবচন হলে সে ক্ষেত্রে تاكيد বহুবচন হবে। আর যমীরটি দ্বিচন হবে।

খ. কিছু সংখ্যকের মতে مؤكد দ্বিবচন হলে تاكيد ও দ্বিবচন হবে।

قَوْلُهُ وَكِلَا وَكِلْتَا الخ : অর্থাৎ এ দুটো শুধু تثنيه এর তাকীদের জন্য আসে, واحد বা جمع এর জন্য এ শব্দ ব্যবহৃত হয় না।

قَوْلُهُ لِغَيْرِ الْمُثَنّٰى : অর্থাৎ كُلٌّ থেকে اَبْصَعُ পর্যন্ত ৫টি শব্দ واحد ও جمع এর تاكيد এর জন্য ব্যবহৃত হয়। চাই مذكر হোক বা مؤنث তবে পার্থক্য এই যে, كل শব্দের মধ্যে কোন পরিবর্তন হয় না। এর সাথে মিলিত যমীরের মধ্যে পরিবর্তন হয়। আর বাকীগুলোর ছীগার মধ্যে পরিবর্তন হয়, যমীরের মধ্যে নয়। যথা– ক. اَكْتَعُ, اَبْصَعُ ও اَبْتَعُ আসে واحد مذكر এর জন্য। খ. واحد مؤنث এর জন্য আসে جَمْعَاءُ ، كَتْعَاءُ ، بَتْعَاءُ ও بَصْعَاءُ গ. جمع مذكر এর জন্য আসে اَجْمَعُوْنَ ، اَكْتَعُوْنَ ، اَبْتَعُوْنَ ও اَبْصَعُوْنَ ঘ. جمع مؤنث عاقل এর জন্য بُتَعُ ، جُمَعُ ، كُتَعُ ও بُصَعُ ۔

تَقُولُ جَائِنِيْ الْقَوْمُ كُلُّهم أَجْمعُوْنَ اَكْتَعُوْنَ اَبْتَعُوْنَ اَبْصَعُوْنَ وقامَتِ النِّسَاءُ كُلُّهنَّ جُمَعُ كُتَعُ بُتَعُ بُصَعُ وَاِذَا اَرَدْتَّ تَاكِيدَ الضَّمِيرِ الْمَرفوعِ الْمُتَّصِلِ بِالنَّفْسِ وَالْعَيْنِ يُجبُ تاكيدُهُ بِالضَّمِيْرِ الْمُنْفصلِ نحوُ ضَرَبْتَ اَنْتَ نَفْسَكَ وَلاَيُؤَكَّدُ بِكُلٍّ وَاَجْمَعَ اِلاَّ مَالَهُ اَجْزَاءٌ وَاَبْعَاضٌ يَصِحُّ اِفْتِراقُهَا حِسًّا كَالْقَوْمِ اَوْ حُكْمًا كَمَا تقولُ اِشْتَرَيْتُ الْعَبْدَ كُلَّهُ ولاَتقولُ اكرمتُ الْعَبْدَ كُلَّهُ، واعْلَمْ اَنَّ اَكْتَعَ وَاَبْتَعَ وابصعَ اَتْبَاعٌ لِاَجْمَعَ ولَيْسَ لَهَا مَعْنًى هٰهُنَا بِدُوْنِهِ فَلاَ يَجُوزُ تَقْدِيْمُهَا عَلٰى اَجْمَعَ وَلاَ ذِكْرُها بِدونِهِ ـ

অনুবাদ ॥ যেমন– তুমি বলবে– جَائِنِى الْقَوْمُ كُلُّهُمْ اَجْمَعُوْنَ اَكْتَعُوْنَ اَبْتَعُوْنَ اَبْصَعُوْنَ (সম্প্রদায়ের সকলেই আমার নিকট এসেছে) এবং قَامَتِ النِّسَاءُ كُلُّهُنَّ جُمَعُ كُتَعُ بُتَعُ بُصَعُ (সকল স্ত্রীলোকই দণ্ডায়মান হয়েছে)। যখন তুমি مرفوع متصل এর যমীরকে نَفْسٌ ও عَيْنٌ দ্বারা তাকীদ করার ইচ্ছা করবে তখন ضمير منفصل দ্বারা তার তাকীদ নেয়া ওয়াজিব। যেমন– ضَرَبْتَ اَنْتَ نَفْسَكَ – كُلٌّ ও اَجْمَعُ শব্দদ্বয় দ্বারা শুধু এমন শব্দের تاكيد আনা হয় যার এমন অনেক অংশ ও অঙ্গ থাকে। যাকে বাহ্যিক দৃষ্টিতে বিভক্ত করা শুদ্ধ হয়। যেমন– قَوْمٌ (সম্প্রদায়) অথবা হুকুমের দৃষ্টিতে বিভক্ত করা শুদ্ধ হয়, যেমন- তুমি বলবে– اِشْتَرَيْتُ الْعَبْدَ كُلَّهُ তবে اَكْرَمْتُ الْعَبْدَ كُلَّهُ বলতে পারবে না।

জ্ঞাতব্য ঃ اَكْتَعُ - اَبْتَعُ ও اَبْصَعُ (এ তিনটি) শব্দ اَجْمَعُ -এর অনুগামী। اَجْمَعُ ছাড়া এগুলোর কোন অর্থ হয় না। অতএব এগুলোকে اَجْمَعُ -এর পূর্বে ব্যবহার করা এবং اَجْمَعُ ছাড়া উল্লেখ করা বৈধ নয়।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَاِذَا اَرَدْتَّ تَاكِيْدَ الضَّمِيْرِ الخ ঃ অর্থাৎ ضمير مرفوع দ্বারা نَفْسٌ وَعَيْنٌ ও عين نفس এর তাকীদ আনতে হলে আগে যমীরে মুনফাসিল দ্বারা তার তাকীদ আনতে হবে। কারণ مُتَّصِل অধিকাংশ ক্ষেত্রে ফায়েল হয়, যেমন زَيْدٌ ضَرَبَ نَفْسُهُ ও بِشْرٌ جَاءَ عَيْنُهُ এক্ষেত্রে যমীরে মুনফাসিল দ্বারা তাকীদ আনা ছাড়াই যদি এর দ্বারা তাকীদ আনা হয় তাহলে ফায়েলের সাথে তাকীদ মিশে যাওয়ার ভয় থাকে। যেমন– زَيْدٌ اَكْرَمَنِىْ نَفْسُهُ এর মধ্যে اَكْرَمَنِىْ এর ফায়েল نَفْسُهُ, নাকি ضمير مستتر তা বুঝা যায় না। এ কারণে মিশে যাওয়ার ভয় থেকে বাঁচার জন্য আগে ضمير منفصل দ্বারা ضمير متصل এর তাকীদ আনা জরুরী। যেমন– زَيْدٌ ضَرَبَ نَفْسُهُ এর মধ্যে ضَرَبَ এর هُوَ যমীরের তাকীদ আগে ضمير مُنْفَصِل দ্বারা আনা হয়েছে অতঃপর نفسه দ্বারা তার তাকীদ আনা হয়েছে। তবে কোথাও তাকীদের সাথে ফায়েলের মিশে যাওয়ার ভয় না থাকলেও নিয়মের সাথে মিলে রাখার জন্য (طَرْدًا لِلْبَابِ) সেখানে ও তাকীদ আনা জরুরী যথা– ضَرَبْتَ اَنْتَ نَفْسُكَ এর মধ্যে- মুসান্নিফ র. ضمير مرفوع এ জন্য বলেছেন যে, ضمير منصوب ও مجرور এর তাকীদ আনার জন্য সরাসরি نَفْسٌ ও عَيْنٌ দ্বারা আনা জায়েয। ضمير منفصل দ্বারা আগে তার তাকীদ আনতে হয় না। যেমন– مَرَرْتُ بِكَ نَفْسِكَ - ও ضَرَبْتَ نَفْسَكَ متصل বলার কারণ হল منفصل এর ক্ষেত্রে তার তাকীদ আনার প্রয়োজন পড়ে না। যেমন– اَنْتَ نَفْسُكَ قَائِمٌ

قَوْلُهُ لاَيُؤَكَّدُ بِكُلٍّ الخ ঃ এর মধ্যে حِسًّا শব্দটি হয়তো يَصِحُّ এর فاعل থেকে تميز অথবা كَانَ এর خبر محذوف অর্থাৎ প্রকাশ্য বা যা স্বচক্ষে দেখা যায়, আর حُكْمًا যা প্রকাশ্য নয়, অর্থাৎ ভিন্ন ভিন্ন পৃথক করা বাহ্যিকভাবে সম্ভব নয়। যেমন غُلَامٌ এর মালিকানা যৌথ হতে পারে। এ হিসেবে এর অংশ বা جُزْءٌ থাকা ধর্তব্য হয়।

فَصْلٌ - اَلْبَدَلُ تَابِعٌ يُنْسَبُ إِلَيْهِ مَا نُسِبَ إِلَى مَتْبُوْعِهٖ وَهُوَ الْمَقْصُوْدُ بِالنِّسْبَةِ دُوْنَ مَتْبُوْعِهٖ، وَاَقْسَامُ الْبَدَلِ اَرْبَعَةٌ: بَدَلُ الْكُلِّ مِنَ الْكُلِّ وَهُوَ مَا مَدْلُوْلُهٗ مَدْلُوْلُ الْمَتْبُوْعِ نَحْوُ ضَرَبْتُ زَيْدًا رَأْسَهٗ وبَدَلُ الْاِشْتِمَالِ وَهُوَ مَامَدْلُوْلُهٗ مُتَعَلِّقُ الْمَتْبُوْعِ كَسُلِبَ زَيْدٌ ثَوْبُهٗ

পরিচ্ছেদ – ৪ : بَدَل (স্থলবর্তী পদ)

অনুবাদ ॥ بدل -এর সংজ্ঞা ঃ بدل এমন تابع কে বলে যার সাথে ঐ বিষয়ের সম্বন্ধ স্থাপন করা হয়, যে বিষয়ের সম্বন্ধ তার متبوع -এর সাথে করা হয়েছে। আর সম্বন্ধের দ্বারা উক্ত تابع টিই উদ্দেশ্য হয়। متبوع উদ্দেশ্য নয়।

بدل -এর প্রকারভেদ ঃ بدل চার প্রকার। যথা–

(১) بَدَلُ الْكُلِّ مِنَ الْكُلِّ (পূর্ণ স্থলবর্তী)। যে تابع হুবহু متبوع এর অর্থ বুঝায়। যেমন– جَاءَنِى زَيْدٌ اَخُوْكَ (তোমার ভাই যায়েদ আমার নিকট এসেছে)।

(২) بَدَلُ الْبَعْضِ مِنَ الْكُلِّ (আংশিক স্থলবর্তী)। যে تابع টি متبوع এর অর্থের অংশ বিশেষ হয়। যেমন– ضَرَبْتُ زَيْدًا رَاْسَهٗ (আমি যায়েদকে তার মাথায় আঘাত করেছি)।

(৩) بَدَلُ الْاِشْتِمَالِ (সংশ্লিষ্ট স্থলবর্তী) ঃ যে تابع তার متبوع -এর সংশ্লিষ্ট বিষয় বুঝায়। যেমন– سُلِبَ زَيْدٌ ثَوْبُهٗ (যায়েদ তার কাপড় ছিনিয়ে নেয়া হয়েছে)।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهٗ اَلْبَدَلُ تَابِعٌ الخ ঃ অর্থাৎ بدل এমন تابع কে বলে যার দিকে متبوع এর প্রতি সম্বন্ধিত হুবহু বিষয়টি সম্বন্ধিত হয়। এবং উক্ত সম্বন্ধের দ্বারা تابع টিই উদ্দেশ্য হয়। متبوع টি কেবল ভূমিকা স্বরূপ উল্লেখ করা হয়। সংজ্ঞায় تابع শব্দটি جنس - সকল تابع এর মধ্যে শামিল هُوَ الْمَقْصُوْدُ بِالنِّسْبَةِ হল فصل এর দ্বারা نعت، تاكيد ও عطفِ بيان খারিজ হয়ে গেল, কেননা, نعت وتاكيد এগুলোর মধ্যে متبوع উদ্দেশ্য হয়। আর دون متبوع এর দ্বারা عطف بالحروف খারিজ হয়ে গেল। কেননা এর মধ্যে تابع ও متبوع উভয় উদ্দেশ্য হয়, শুধু تابع নয়।

قَوْلُهٗ اَقْسَامُ الْبَدَلِ الخ ঃ بدل ৪ প্রকার। কারণ بدل দু অবস্থা থেকে খালি নয় হয়তো তার مدلول (উদ্দেশ্য) হুবহু مُبْدَل مِنْه- এর مدلول হবে বা নয়। প্রথমটি بَدَلُ الْكُلِّ আর ২য়টি দু'অবস্থা থেকে খালী নয়। তার مَدْلُوْل টি مبدل منه এর অংশ বিশেষ হবে বা না। প্রথমটি بدل البعض ২য়টি আবার পুনরায় দু'প্রকার– হয়তো بدل ও مبدل منه এর মধ্যে كُلِّيَّتْ وَبَعْضِيَّتْ (সম্পূর্ণ বা আংশিক) এর বাইরের কোন সম্পর্ক হবে বা না, ১মটি بَدَلُ الْاِشْتِمَالِ ২য়টি بَدَلُ الْغَلَطِ

قَوْلُهٗ هُوَ مَدْلُوْلُ الخ ঃ অর্থাৎ تابع ও متبوع এর অর্থ প্রকৃত পক্ষে একই হবে। যেমন– جَاءَ زَيْدٌ اَخُوْكَ এর মধ্যে زَيْدٌ ও اَخُوْكَ এর একই সত্ত্বা বা জাত উদ্দেশ্য।

قَوْلُهٗ بَدَلُ الْاِشْتِمَالِ ঃ এ নাম করণের কারণ এই যে, مبدل منه টি সংক্ষিপ্তাকারে بدل এর অর্থ বুঝায় সুতরাং بدل এর জন্য مُبْدَل منه যেন সে হিসেবে مُشْتَمِلْ হল।

وَبَدَلُ الْغَلَطِ وهُوَمَا يُذْكَرُ بعدَ الْغَلَطِ نحوُ جَائِنِيْ زيدٌ جَعْفَرٌ ورَأَيْتُ رجلاً حِمَارًا والبَدَلُ اِنْ كَانَ نَكِرَةً مِنْ مَعْرِفَةٍ يَجِبُ نَعْتُهُ كَقَوْلِهِ تَعَالٰى "بِالنَّاصِيَةِ نَاصِيَةٍ كَاذِبَةٍ" وَلَا يَجِبُ ذٰلِكَ فِيْ عَكْسِهِ وَلَا فِى الْمُتَجَانِسَيْنِ ـ

فَصْلٌ : عَطْفُ الْبَيَانِ تَابِعٌ غيرُصِفَةٍ يُوَضِّحُ متبوعَهُ وهوَ اَشْهَرُ اِسْمَىْ شَيْءٍ نحوُ قَامَ اَبُوحفصٍ عُمَرُ (رض) وقامَ عبدُ اللّٰهِ بنُ عُمَرَ (رض) وَلَا يَلْتَبِسُ بِالْبَدَلِ لَفْظًا فِىْ مثلِ قولِ الشَّاعِرِ شِعْر: اَنَا ابْنُ التَّارِكِ الْبَكْرِيِّ بِشْرٍ + عَلَيْهِ الطَّيْرُ تَرْقُبُهُ وُقُوْعًا ـ

পরিচ্ছেদ – ৫ : عطف بيان

অনুবাদ ॥ (৪) بَدَلُ الْغَلَطِ (ভ্রম স্থলবর্তী)। এটা ঐ تابع যে ভুল ক্রমে متبوع এর স্থলে উল্লেখ করা হয়। যেমন– جَاءَنِىْ زَيْدٌ جَعْفَرٌ (আমার নিকট যায়েদ (না) জা'ফর এসেছে, ও رَاَيْتُ رجلاً حِمَارًا (আমি এক ব্যক্তিকে (না) একটি গাধাকে দেখেছি।

যদি بدل টি নাকেরা হয় এবং مُبْدَلُ مِنْهُ মা'রেফা হয় তবে বদলের صفت উল্লেখ করা ওয়াজিব। যেমন– আল্লাহর বাণী – بِالنَّاصِيَةِ نَاصِيَةٍ كَاذِبَةٍ-এর বিপরীত অবস্থায় এবং উভয়টি এক জাতীয় হওয়া অবস্থায় এটা ওয়াজিব নয়।

عطفِ بيان -এর সংজ্ঞা : عطفِ بَيَان এমন تابع কে বলে যা সিফাত না হয়ে متبوع কে স্পষ্ট করে দেয় এবং এটা কোন বস্তুর দুটি নামের মধ্যে প্রসিদ্ধতম নাম হয়। যেমন– قَامَ اَبُوْ حَفْصٍ عُمَرُ (আবূ হাফস উমর দাঁড়িয়েছে) ও قَامَ عَبْدُ اللّٰهِ بْنُ عُمَرَ (উমরের পুত্র আবদুল্লাহ দাঁড়িয়েছে) عطفِ بيان টি শাব্দিকভাবে بدل-এর সাথে কবির এ জাতীয় উক্তির ক্ষেত্রে মিশে যায় না। যেমন–

اَنَا ابْنُ التَّارِكِ الْبَكْرِيِّ بِشْرٍ ✱ عَلَيْهِ الطَّيْرُ تَرْقُبُهُ وُقُوْعٌ

প্রাসঙ্গিক আলোচনা : قَوْلُهُ وَالْبَدَلُ اِنْ كَانَ نَكِرَةً الخ : অর্থাৎ مُبْدَل مِنْه যদি معرفه হয় আর بدل টা نكره হয় তাহলে بدل এর একটি صفت আনতে হবে। যেমন– بالناصية ناصية كاذبة কারণ نكره টি معرفه এর তুলনায় انقص (নিম্ন মানের) হয়। অতএব তার সিফত আনার দ্বারা مقصود (بدل) টা غير (مبدل منه) থেকে انقص প্রমাণিত হবে না। আর مبدل منه টি نكره ও بدل টি হলে বা উভয়টি نكره বা معرفه হলে এ তিন ক্ষেত্রে بدل এর نعت উল্লেখ করা জরুরী নয়। কারণ এসব ক্ষেত্রে مقصود টা নিম্ন মানের হয় না।

قَوْلُهُ يُوَضِّحُ مَتْبُوْعَهُ الخ : অর্থাৎ صفت না হয়ে ও তার متبوع কে স্পষ্ট করে দিবে। صفت না হওয়ার অর্থ হল صفت এর ন্যায় তার متبوع এর সত্ত্বার অর্থ বুঝাবে না। (এর দ্বারা صفت ও عطفِ بيان এর মাঝে পার্থক্য হয়ে গেল।)

قَوْلُهُ وَهُوَ اَشْهَرُ اِسْمَىْ الخ : অর্থাৎ কারো দু'নামের মধ্যে যে নামটি অধিক প্রসিদ্ধ সে নামটিই عطف بيان হবে। এটা মুফাসসাল গ্রন্থকারের ভাষ্য। অন্যান্য গ্রন্থকারের মতে এটা জরুরী নয়। অজীয গ্রন্থে উল্লেখ আছে যে, উভয় নাম মিলে متبوع টা স্পষ্ট হওয়াই যথেষ্ট। যেমন– قَامَ اَبُوْ حَفْصٍ عُمَرُ – اَبُوحَفْص হল হযরত উমর রা. এর কুনিয়াত (উপনাম) কিন্তু তা عمر এর তুলনায় প্রসিদ্ধ নয় বরং নামটিই বেশী প্রসিদ্ধ। উভয়টি মিলে শুধু عمر এর তুলনায় আরো স্পষ্ট হয়ে গেছে।

★ সংজ্ঞায় غَيْرُ صِفَتٍ দ্বারা صفت এবং يُوَضِّحُ مَتْبُوْعَهُ দ্বারা অন্যান্য সকল تابع বের হয়ে গেল।

قَوْلُهُ وَلَا يَلْتَبِسُ بِالْبَدَلِ الخ ঃ কোন কোন নাহভীর মতে تَوَابِعْ মোট ৪ প্রকার। তারা عطف بَيَان কে ভিন্ন কোন تابع মানেন না; বরং তাকে بدل এর অন্তর্ভুক্ত মনে করেন। তাঁরা উভয়ের মাঝে কোন পার্থক্যও স্বীকার করেন না। আমাদের মুসান্নিফ র. জমহুরের অনুকরণে توابع কে মোট ৫ প্রকার বলেছেন এবং بدل ও عطف بيان এর মাঝে পার্থক্য বর্ণনা করছেন যে, عطف ও بدل এর সাথে শাব্দিক দিক দিয়ে أَنَا ابْنُ التَّارِكِ জাতীয় বাক্যের সাথে মিশে যাওয়ার কোন ভয় নেই। আর অর্থের দিক দিয়ে পার্থক্যতো সুস্পষ্ট। কেননা بدل এর মধ্যে বাক্যের সম্মন্ধ দ্বারা بدل টিই উদ্দেশ্য হয়। আর عطف بيان এর মধ্যে উদ্দেশ্য হয় কেবল متبوع কে বয়ান বা স্পষ্ট করা।

قَوْلُهُ لَفْظًا ঃ এর দ্বারা এটা স্পষ্টাকারে বুঝান উদ্দেশ্য যে, শাব্দিক দিয়ে উভয়ের মাঝে পার্থক্যটা অস্পষ্ট হলেও নিম্নের شعر এর মধ্যে তা অস্পষ্ট নয়।

قوله فِي مِثْلِ قَوْلِ الشَّاعِرِ ঃ এখানে مثل দ্বারা এমন বাক্য উদ্দেশ্য যার মধ্যে عطفِ بيان এর متبوع এমন مُعَرَّفٌ بِاللَّامِ হবে যা معرب باللام সিফতের ছীগার مضاف اليه হবে। যেমন- اَلضَّارِبُ الرَّجُلِ زَيْدٌ এ ধরনের বাক্যে عطفِ بيان জায়েয কিন্তু بدل নাজায়েয। শে'রের মধ্যে بشر হলاَلْبَكْرِى এর عطف بيان আর بدل اَلْبَكْرِى এর مضاف اليه টি এর صيغهُ صفت، اَلتَّارِكُ এক্ষেত্রে কোন অসুবিধা নেই তবে بِشْرٍ কে যদি اَلْبَكْرِى এর بدل স্থির করা হয় তাহলে এ অসুবিধা দেখা দেয় যে, بدل টা تَكْرِيْرِ عَامِلِ (ভিন্ন আমিল) এর হুকুমে হয়। আর اَلتَّارِكُ শব্দটি اَلْبَكْرِى এর দিকে مضاف হয়েছে। সুতরাং بِشْرِ কে তার থেকে بدل মানলে বাক্যটি التارك بشر এর ন্যায় হয়, অথচ এ ধরনের বাক্য সহীহ নয়। যেমন- اَلضَّارِبُ زَيْدٍ সহীহ নয়। পক্ষান্তরে عطفِ بيان এর আমিল যেহেতু مُكَرَّرٌ হয় না। এ কারণে বাক্যটি التارك بشر এর ন্যায় হবে না বরং اَلتَّارِكُ الْبَكْرِيِّ بِشْرٍ হবে যা জায়েয। কারণ এটা اَلضَّارِبُ الرَّجُلِ এর মত হয়, আর এটা দোষণীয় নয়।

তারকীব ঃ শে'রের মধ্যে اَلطَّيْرُ হল مبتدا - عليه টা كَانَ মাহযূফের সাথে متعلق হয়ে خبر - مبتدا ও خبر মিলে اَلْبَكْرِى এর حال - تَرْقُبُهُ টা عليه এর ضميرمجرور থেকে حال - وُقُوْعًا - وَاقِعٌ এর বহুবচন, এটা ترقبه এর ফায়েলের যমীর থেকে حال অর্থাৎ বাক্যটা হবে فَوْقَهُ الطَّيْرُ فِي الْهَوَاءِ يَنْتَظِرُ خُرُوْجَ رُوْحِهِ

শে'রের অর্থঃ আমি এমন ব্যক্তির পুত্র যে বিশরের মত বীর পুরুষকে রণাঙ্গনে এমনভাবে হত্যা করে ছেড়ে দেয় যার মাথার উপর পাখী ঘোরা ফেরা করে তার প্রাণ বের হওয়ার অপেক্ষায়।

চিত্রে توابع এর প্রকার ভেদ-

التمرين (অনুশীলনী)

১. تابع এর পরিচয় দাও, تابع কত প্রকার ও কি কি? প্রত্যেকটির উদাহরণ দাও।

২. نعت কাকে বলে? উহা কত প্রকার ও কি কি? এবং نعت এর জন্য কি কি শর্ত লিখ?

৩. تاكيد কাকে বলে উহা কত প্রকার ও কি কি? تاكيد এর শব্দ ব্যবহারের নিয়ম কি?

৪. بدل কাকে বলে? উহা কত প্রকার ও কি কি ? এবং নিম্নের শে'রটির অর্থ ও উল্লেখের কারণ বিস্তারিত লিখ- أَنَا ابْنُ التَّارِكِ الْبَكْرِيِّ بِشْرٍ + عَلَيْهِ الطَّيْرُ تَرْقُبُهُ وُقُوْعًا

اَلْبَابُ الثَّانِىْ فِى الْاِسْمِ الْمَبْنِىْ

وَهُوَ اِسْمٌ وَقَعَ غَيْرَ مُرَكَّبٍ مَعَ غَيْرِهٖ مِثْلُ ا ب ت ث وَ مِثْلُ وَاحِدْ وَاِثْنَانِ وَثَلٰثَةٌ وَكَلَفْظَةِ زَيْدٌ وَحْدَهٗ فَاِنَّهٗ مَبْنِىٌّ بِالْفِعْلِ عَلٰى السُّكُوْنِ وَمُعْرَبٌ بِالْقُوَّةِ اَوْ شَابَهَ مَبْنِىَّ الْاَصْلِ بِاَنْ يَكُوْنَ فِى الدَّلَالَةِ عَلٰى مَعْنَاهُ مُحْتَاجًا اِلٰى قَرِيْنَةٍ كَالْاِشَارَةِ نَحْوُ هٰؤُلَآءِ وَنَحْوِهَا اَوْ يَكُوْنَ عَلٰى اَقَلَّ مِنْ ثَلٰثَةِ اَحْرُفٍ اَوْ تَضَمَّنَ مَعْنَى الْحَرْفِ نَحْوُ ذَا وَمَنْ اَحَدَ عَشَرَ اِلٰى تِسْعَةَ عَشَرَ وَهٰذَا الْقِسْمُ لَايَصِيْرُ مُعْرَبًا اَصْلًا ـ وَحُكْمُهٗ اَنْ لَّا يَخْتَلِفَ اٰخِرُهٗ بِاخْتِلَافِ الْعَوَامِلِ،

দ্বিতীয় অধ্যায় ঃ মবনী ইসম প্রসঙ্গ

অনুবাদ॥ اِسْمِ مَبْنِى-এর সংজ্ঞা ঃ اسم مَبْنِى ঐ اسم কে বলে যা অন্যের সাথে সংযুক্ত নয়। যেমন– ا. ب. ت. ث এবং وَاحِدْ، اِثْنَانِ، ثَلٰثَةٌ ও শুধু زَيْدٌ ইত্যাদি। কেননা তা কার্যত سُكُوْنْ এর উপর মবনী। তবে মু'রাব হওয়ার ক্ষমতা রাখে। অথবা যা مَبْنِى اَصْل -এর সাথে সাদৃশ্য রাখে। অর্থাৎ ইসমটি স্বীয় অর্থ প্রকাশে কোন قَرِيْنَة এর মুখাপেক্ষী হয়। যেমন– ইসমে ইশারা। যথা–هٰؤُلَآءِ ইত্যাদি কিংবা তার অক্ষর তিনের চেয়ে কম হয়। যেমন– مَنْ ও ذَا ইত্যাদি অথবা যা হরফের অর্থ বিশিষ্ট হয়। যেমন– اَحَدَ عَشَرَ হতে تِسْعَةَ عَشَرَ পর্যন্ত। এ প্রকার মবনী কোন সময়ই মু'রাব হয় না।

মবনীর হুকুম ঃ মবনীর হুকুম এই যে, عامل -এর বিভিন্নতায় তার শেষ বর্ণের اعراب পরিবর্তন হবে না।

প্রাসঙ্গিক আলোচনা ঃ মুসান্নিফ র. اسم معرب এর বিভিন্নমুখী আলোচনা শেষ করে مبنى এর আলোচনা শুরু করেছেন। مبنى শব্দটি বাবে ضرب -এর اسم مفعول, মাদ্দা بناء অটল ও স্থির থাকা, পরিবর্তন না হওয়া। মূলতঃ مبنوى ছিল : مرمى- এর কায়দায় তা'লীল হয়েছে। আমিলের পরিবর্তনে শেষে পরিবর্তন হয় না বিধায় এ নাম রাখা হয়েছে।

قوله هو اسم الخ অর্থাৎ مبنى এমন اسم কে বলে যা অন্যের সাথে সংযুক্ত না হয়ে বাক্যে ব্যবহৃত হয় তথা مبنى اصل এর সাথে সামঞ্জস্য রাখে।

قوله غَيْرِ مُرَكَّب ঃ দ্বারা উদ্দেশ্য হল আমিলের অধীনে আসা সত্ত্বে যা অন্য শব্দের সহিত সংযুক্ত না হয়ে ব্যবহৃত হয়, যেমন– ب ـ ت ث প্রভৃতি। উল্লেখ্য যে, এসব বর্ণ দ্বারা এগুলোর নাম উদ্দেশ্য। مُسَمّٰى উদ্দেশ্য নয় কারণ এটা بحث اسم তথা اسم এর আলোচনা। আর مُسَمّٰى গুলো اسم নয় বরং حرف যেভাবে اَسْمَاءِ اَعْدَادْ তথা وَاحِد ـ اِثْنَان ـ ثَلٰثَةٌ ইত্যাদি এবং زيد ـ عمر ـ بكر ইত্যাদি আমিলের সাথে না থাকা অবস্থায় مبنى এগুলোও তদরূপ।

★ **ফায়েদা ঃ** ক. উপরের আলোচনা দ্বারা বুঝা গেল যে, মবনী দু'প্রকার। ক. এমন اسم যা অন্যের সাথে সংযুক্ত নয়, অপর কথায় যে ইসম আমিলমুক্ত অবস্থায় ব্যবহৃত হয়, এটা ৩ ধরনের হতে পারে।

১. اَسْمَاءِ حُرُوفِ تَهَجِّى যেমন ا ب ت ث ইত্যাদি। (অবশ্য এর নাম উদ্দেশ্য মূল বর্ণ নয়।) যেমন– زيد হল اسم আর ব্যক্তি زيد হল مُسَمّٰى তদরূপ। الف হল নাম, আর বর্ণটি হল مُسَمّٰى -

২. اَسْمَاء عدد অর্থাৎ সংখ্যাবাচক পদসমূহ। যথা– وَاحِدٌ ، اِثْنَانِ ، ثَلٰثَةٌ প্রভৃতি।

৩. اَسْمَاء তথা বিশেষ্য পদসমূহ।

★ উল্লেখ্য যে, এ সবগুলো مركب তথা বাক্যে ব্যবহৃত হলে مُعْرَب নতুবা মবনী। এ হিসেবে مَبْنِي بِالْفِعْل অর্থাৎ বর্তমানে (غير مُرَكَّب অবস্থায়) মবনী, তবে معرب হওয়ার ও যোগ্যতা রাখে (مركب হলে)। وَمُعْرَبٌ بِالْقُوَّةِ

খ. দ্বিতীয় প্রকারের مبنى হল যা مبنى اصل এর সাথে বিশেষ সামঞ্জস্য রাখে। مبنيٌ اصل হল তিনটি– ১ جمله حروف (সমস্ত অব্যয় পদ) ২. فعل ماضى ও ৩. امر حاضر معروف উল্লেখ্য যে, مُفَصَّل প্রণেতার মতে مبنيٌ اصل টা جمله

★ مُشَابَهَتْ দ্বারা এমন مُنَاسَبَتْ উদ্দেশ্য যা مُؤَثِّرْ بِالْبِنَاء হয়। এ কয়েদ দ্বারা যে مُشَابَهَتْ এর মধ্যে দুর্বলতা আছে যথা– اسم فاعل ইত্যাদি বেরিয়ে গেল। কারণ এটা ক্ষেত্র বিশেষ ماضى معروف এর অর্থে ব্যবহৃত হয়। এ হিসেবে مبنى হওয়ার দাবিদার। কিন্তু تَعْدَادِ حُرُوْف ও حَرَكَاتْ، سَكَنَات এবং অর্থের দিক দিয়ে مضارع এর সাথে মিল রাখে, এ দিক দিয়ে مضارع এর ন্যায় معرب হওয়ারও দাবিদার। সুতরাং এতে যমীর সাথে এর সাথে مشابهت দুর্বলতা পয়দা হওয়ায় مبنى হয়নি।

قوله بِاَنْ يَكُوْنَ فِى الدَّلاَلَةِ الخ ঃ এখান থেকে মুসান্নিফ র. مَبْنيُ اصل এর সাথে সামঞ্জস্যের ৩টি ধরন আলোচনা করছেন।

১. اسم টি নিজ অর্থ প্রকাশে স্বনির্ভর না হওয়া অর্থাৎ কোন قرينه বা ইঙ্গিতের মুখাপেক্ষী হওয়া। যেমন– اسم اشارة টা اِشَارَةْ حِسِّيْ (বাস্তব আঙ্গুল নির্দেশ)-এর দিকে, اسم موصول তার صله এর দিকে অন্যের মুখাপেক্ষী হওয়ার কারণে حرف -এর সাথে মিল রাখে বিধায় এগুলো মবনী।

২. তিন অক্ষরের কম অক্ষর বিশিষ্ট হওয়া। যেমন– ذا ـ من ইত্যাদি এগুলো فى ـ عن ও ইত্যাদির সাথে মিল রাখে বিধায় মবনী।

৩. حرف এর অর্থ উহ্য থাকা। যথা– اَحَدَ عَشَرَ হতে تِسْعَةَ عَشَرَ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে واو হরফ উহ্য রয়েছে। কেননা اَحَدَ عَشَرَ মূলে اَحَدٌ وَّ عَشَرٌ ছিল। এগুলো ছাড়া আরো ৪ দিক দিয়ে مُشَابَه হতে পারে।

৪. কোন مَبْنيُ اَصْل ـ اسم- এর স্থলে ব্যবহৃত শব্দের ওযনে আসা বা তার আকৃতি বিশিষ্ট হওয়া। যথা– فَجَارِ (اَلْفُجُوْر অর্থে) نَزَالِ (اِنْزِلْ অর্থে) এর ওযনে হওয়ায় মবনী হয়েছে।

৫. مُبْنيُ اصل এর সাথে مشابه রাখে এমন কোন اسم এর স্থলে বসা, যেমন– يازيد এর মধ্যে زيد শব্দটি (اُدْعُوْكَ এর) كَ যমীরের স্থলে বসেছে।

৬. مُبْنيُ اصل ـ اسم এর দিকে مضاف হওয়া চাই তা بَاْوَاسِطَةْ (মাধ্যম ভিত্তিক) হৌক বা بِلاَوَاسِطَةْ (মাধ্যম বিহীন) যথা– يَوْمَئِذٍ এর يَوْم টা اِذْ كَانَ كَذَا এর দিকে مضاف হয়েছে।

৭. اسم টি مبنيُ اصل এর স্থলে ব্যবহৃত হওয়া। যথা– نَزَالِ ـ اِنْزِلْ অর্থে।

قوله وَهٰذَا الْقِسْمُ لاَيَصِيْرُ الخ ঃ অর্থাৎ مشابهُ مبنى টা কোন সময় معرب হয় না।
بِالْفِعْل এ নয় بِالْقُوَّةِ ও নয়।

قوله وَحُكْمُهُ اَنْ لاَّيَخْتَلِفَ الخ ঃ অর্থাৎ مشابهُ مبنى এর হুকুম হল আমিলের পরিবর্তনে তার শেষে প্রকাশ্য ও উহ্য কোনভাবেই পরিবর্তন হবে না। (কারণ এটা معرب এর সম্পূর্ণ বিপরীত) حُكْمُهُ এর যমীরটি ২য় প্রকার মবনী (مشابهُ مبنى) এর দিকে ফিরেছে। কেননা উভয় প্রকার مبنى এ হুকুমে শামিল হলে যে ইসম مركب না হওয়ার কারণে মবনী তারকীবের পর ও তা মবনী থাকা জরুরী হয়। অথচ مركب হওয়ার পর তা معرب -

قوله بِاخْتِلاَفِ الْعَوَامِلِ الخ ঃ আমিলের পরিবর্তনের কথা এ জন্য বলা হয়েছে যে, কোন কোন মবনীর শেষে আমিলের পরিবর্তন ছাড়াই পরিবর্তন হয়। যথা– مِنَ الرَّجل ، مَنِ الْمَرْءُ ইত্যাদির مَنْ (استفهامي) এর শেষে পরিবর্তন হচ্ছে তবে তা আমিলের কারণে নয়।

وَحَرَكَاتُهُ تُسَمّٰى ضَمًّا وَفَتْحًا وَكَسْرًا وَسُكُوْنُهُ وَقْفًا وَهُوَ عَلٰى ثَمَانِيَةِ أَنْوَاعٍ : اَلْمُضْمَرَاتُ وَأَسْمَاءُ الْإِشَارَاتِ وَالْمَوْصُوْلَاتِ وَأَسْمَاءُ الْأَفْعَالِ وَالْأَصْوَاتِ وَالْمُرَكَّبَاتُ وَالْكِنَايَاتُ وَبَعْضُ الظُّرُوْفِ ـ

অনুবাদ ॥ মবনীর হরকতকে ضَمَّةٌ - فَتْحَةٌ ও كَسْرَةٌ নামে অভিহিত করা হয় এবং سُكُوْن-কে وَقْف বলা হয়।

মবনীর প্রকারভেদ ঃ মবনী আট প্রকার। যথা- (১) مُضْمَرَاتٌ (২) أَسْمَاءِ إِشَارَاتٌ (৩) مَوْصُوْلَاتٌ (৪) أَسْمَاءُ أَفْعَالٌ (৫) أَسْمَاءِ أَصْوَاتٌ (৬) مُرَكَّبَاتٌ (৭) كِنَايَاتٌ ও (৮) بَعْضِ ظُرُوْف

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَحَرَكَاتُهُ الخ ঃ অর্থাৎ মবনীর হরকতসমূহ। মবনীর হরকতগুলোকে القاب ও বলা হয়। যেমন কাফিয়াতে وَأَلْقَابُهُ বলা হয়েছে এবং أَنْوَاعٌ ও বলা হয়েছে।

★ উল্লেখ্য যে, مُعْرَبٌ ও مَبْنِيٌّ এর হরকতের ভিন্ন ভিন্ন এ নাম বসরীগণের পরিভাষা মতে কূফীগণের পরিভাষায় একটি অপরটির ক্ষেত্রে ব্যবহৃত হয়।

قوله وَهُوَ عَلٰى ثَمَانِيَةِ الخ : هُوَ যমীরের مَرْجِع হল اسم مَبْنِي চাই তা غَيْر مُرَكَّبٌ হৌক বা غَيْر مُشَابَهُ مَبْنِي الْأَصْل হৌক। সুতরাং মোট اسم مَبْنِي আট প্রকার। ; যমীরটি যদি إِسْم مُشَابَهُ مَبْنِي الْأَصْل এরদিকে ফিরে তাহলে أَسْمَاءِ أَصْوَات এ প্রকারভেদ থেকে বের হয়ে যায়। কেননা এর মবনী হওয়াটা مشابه হওয়ার কারণে নয়। বরং অন্যের সাথে مركب না হওয়ার কারণে।

★ أَسْمَائِے مَبْنِيَّة আট প্রকারে সীমাবদ্ধের দলিল (وَجْهِ حَصْر) এই যে, اسم مَبْنِي এর মবনী হওয়াটা مُرَكَّب না হওয়ার কারণে হবে, অথবা مُشَابَهُ بِمَبْنِي أَصْل এর কারণে হবে। প্রথমটি اسماء اصوات ২য় প্রকারটি হয় فعل এর সাথে مُشَابَه রাখবে নতুবা حرف এর সাথে। ১মটি أَسْمَائِے أَفْعَال - ২য়টি হয়তো গঠন প্রকৃতির দিক দিয়ে مشابه হবে নতুবা অর্থের দিক দিয়ে। ১মটি أَسْمَائِے كِنَايَات - ২য়টি হয়তো حرف এর অর্থ বিশিষ্ট হবে, নতুবা পরমুখাপেক্ষীতার দিক দিয়ে حرف এর مُشَابَه হবে। ১মটি مركبات - ২য়টি আবার جمله এর দিকে মুখাপেক্ষী হবে অথবা مبنى এর দিকে مُشَابَه হবে। ১মটি اسمائے مَوصولات ২য়টি হয়তো مُحْتَاجُ إِلَيْه উল্লেখ্য থাকবে বা না, ২য়টি أَسْماءِ ظُرُوْف -১মটি হয়তো إِشارهٔ حِسِّيَّه এর প্রতি مُحْتَاج হবে অথবা حاضر ، غائب বা متكلم হওয়ার قرينه এর প্রতি محتاج হবে। ১মটি اسمائے اشارات আর ২য়টি مضمرات -

قوله الْأَصْوَاتُ الخ ঃ أَصْوَات শব্দটি হয়তো بدل হিসেবে مجرور হবে অথবা اسماء এর উপর عطف হয়ে مرفوع হবে।

قوله بَعْضُ الظُّرُوْف ঃ بعض الظروف বলার কারণ এই যে, সমস্ত ظرف মবনী নয়। এখন প্রশ্ন জাগে যে,, তাহলে بعض الموصولات বলেন নি কেন? (যেমন أَيٌّ وَأَيَّةٌ) এভাবে بَعْضُ الْكِنَايَاتُ ও বলেননি কারণ কি? اسم كِنَايَه) অথচ فُلَانٌ ও فُلَانَةٌ (إِسْم كِنَايَه) মবনী নয়।

উত্তর এই যে. لِلْأَكْثَرِ حُكْمُ الْكُلِّ হিসেবে এগুলোতে بَعْض বলেন নি। আর ظرف এর মধ্যে তো বেশীর ভাগই معرب -

فَصْلٌ ـ اَلْمُضْمَرُ اِسْمٌ وُضِعَ لِيَدُلَّ عَلٰى مُتَكَلِّمٍ اَوْ مُخَاطَبٍ اَوْ غَائِبٍ تَقَدَّمَ ذِكْرُهُ لَفْظًا اَوْ مَعْنًى اَوْ حُكْمًا وَهُوَعَلٰى قِسْمَيْنِ مُتَّصِلٌ وَهُوَ مَالَا يُسْتَعْمَلُ وَحْدَهُ اِمَّا مَرْفُوْعٌ نَحْوُ ضَرَبْتُ اِلٰى ضَرَبْنَ اَوْ مَنْصُوْبٌ نَحْوُ ضَرَبَنِىْ اِلٰى ضَرَبَهُنَّ وَاِنَّنِىْ اِلٰى اِنَّهُنَّ اَوْ مَجْرُوْرٌ نَحْوُ غُلَامِىْ وَلِىْ اِلٰى غُلَامُهُنَّ وَلَهُنَّ وَمُنْفَصِلٌ وَهُوَ مَا يُسْتَعْمَلُ وَحْدَهُ اِمَّا مَرْفُوْعٌ نَحْوُ اَنَا اِلٰى هُنَّ اَوْ مَنْصُوْبٌ نَحْوُ اِيَّاىَ اِلٰى اِيَّاهُنَّ فَذٰلِكَ سِتُّوْنَ ضَمِيْرًا ـ وَاعْلَمْ اَنَّ الْمَرْفُوْعَ الْمُتَّصِلَ خَاصَّةً يَكُوْنُ مُسْتَتِرًا فِى الْمَاضِىْ لِلْغَائِبِ وَالْغَائِبَةِ كَضَرَبَ اَىْ هُوَ وَضَرَبَتْ اَىْ هِىَ وَفِى الْمُضَارِعِ الْمُتَكَلِّمِ مُطْلَقًا نَحْوُ اَضْرِبُ اَىْ اَنَا وَ نَضْرِبُ اَىْ نَحْنُ وَالْمُخَاطَبِ كَتَضْرِبُ اَىْ اَنْتَ

পরিচ্ছেদ – ১ ঃ ضمير (সর্বনাম পদ)

অনুবাদ ॥ ضمير -এর সংজ্ঞা ঃ ضمير (সর্বনাম) এমন ইসম কে বলে যাকে উত্তম পুরুষ বা মধ্যম পুরুষ অথবা এমন নাম পুরুষ বুঝানোর জন্য গঠন করা হয়েছে যার উল্লেখ তার পূর্বে শব্দগতভাবে বা অর্থগতভাবে অথবা বিধানগতভাবে অতীত হয়ে গিয়েছে।

ضمير -এর প্রকারভেদ ঃ ضمير প্রধানতঃ দু'প্রকার। ১. مُتَّصِل (সংযুক্ত), ২. مُنْفَصِل (পৃথক)। ضمير مُتَّصِل ঐ যমীরকে বলে যা একাকী বা পৃথকভাবে ব্যবহৃত হয় না। এটা তিন প্রকার। যথা– (ক) مَرْفوع (কর্তৃবাচক)। যেমন– ضَرَبْتُ হতে ضَرَبْنَ পর্যন্ত।

(খ) مَنْصُوب (কর্মবাচক)। যেমন– ضَرَبَنِىْ হতে ضَرَبَهُنَّ পর্যন্ত এবং اِنَّنِىْ হ'তে اِنَّهُنَّ পর্যন্ত।

(গ) مَجْرُور (সম্বন্ধবাচক)। যেমন– غُلَامِىْ হতে غُلَامُهُنَّ পর্যন্ত এবং لِىْ হতে لَهُنَّ পর্যন্ত।

★ ضَمِير مُنْفَصِل ঐ যমীরকে বলা হয় যা একাকী বা পৃথকভাবে ব্যবহৃত হয়। উভয়টি হয়ত–

(ক) مَرْفُوْع (কর্তৃকারক) হবে। যেমন– اَنَا হ'তে هُنَّ পর্যন্ত।

(খ) مَنْصُوب (কর্মকারক) হবে। যেমন– اِيَّاىَ হতে اِيَّاهُنَّ পর্যন্ত। অতএব যমীরের সংখ্যা হল সর্বমোট ৬০ (ষাট)টি। مَرْفُوْع مُتَّصِل -এর যমীর মাযীর واحد مذكرغائب ও واحد مونث غائب এর মধ্যে উহ্য থাকে। যেমন– ضَرَبَ এর মধ্যে هُوَ এবং ضَرَبَتْ এর মধ্যে هِىَ - আর مضارع مُتَكَلِّم এর মধ্যে সাধারণ ভাবে (উভয়টিতে) উহ্য থাকে। যেমন– اضرب এর মধ্যে انا এবং نضرب এর মধ্যে نحن, واحد مذكرحاضر যথা تَضْرِبُ এর মধ্যে اَنْتَ

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله اَلْمُضْمَرُ اِسْمٌ الخ ঃ مُضْمَرٌ শব্দটি বাবে اِفْعَال হতে اسم مفعول অর্থ লুকায়িত, লুপ্ত। অন্যান্য সকল مَبْنِى এর মধ্যে مُضْمَرَات কে আগে আনার কারণ এই যে, সব যমীর সর্বৈক্য মতে মবনী। যমীর তার অর্থ প্রকাশে حرف এর সামঞ্জস্যশীল, غائب এর যমীর تَقَدُّمِ ذِكْر তথা পূর্বোল্লেখের প্রতি মুখাপেক্ষী যেমন ضَرَبَ زَيْدٌ غُلَامَهُ ـ حاضر বা متكلم এর যমীর تَكَلُّم বা خِطَاب এর প্রতি মুখাপেক্ষী। পরিভাষায় যমীর এমন اسم কে বলে যা متكلم ، مخاطب বা غائب সত্বা বুঝানোর জন্য গঠিত। পূর্বে যার উল্লেখ হয়েছে। চাই প্রকাশ্য উহ্য বা বিধানগতভাবে।

قوله تَقَدَّمَ ذِكْرُهُ ঃ এটা غائب এর সিফত, اسم বলার দ্বারা ذَالِكَ . ذَيْنِكَ ইত্যাদির كاف خِطَابْ বের হয়ে গেল। কেননা এগুলো اسم নয় বরং حرف

قوله لِيَدُلَّ ঃ এখানে دَلَالَتْ দ্বারা উদ্দেশ্য হল ছীগার দিক দিয়ে নয় বরং মাদ্দাগতভাগে অর্থ বুঝানো। সুতরাং متكلم বা مخاطب শব্দটি যে متكلم বা مخاطب সত্ত্বাকে বুঝায় তা খারিজ হয়ে গেল। কেননা এগুলো ছীগা হিসেবে এ অর্থ বুঝায় মাদ্দা হিসেবে নয়।

قوله تَقَدَّمِ ذِكْرُ الخ ঃ এ দ্বারা اسمائے ظَاهِرَه খারিজ হয়ে গেল। কেননা এগুলো غائب এর জন্য গঠিত হলেও পূর্বে তার আলোচনা থাকা শর্ত নয়।

قوله لَفْظًا ঃ এটা চাই حقيقى হোক যথা ضَرَبَ زَيْدٌ غُلَامَهُ অথবা تقديرى যথা ضَرَبَ غُلَامَهُ زَيْدٌ এর মধ্যে زَيْد ফায়েল টি যদিও পরে এসেছে কিন্তু এর স্থান মূলত مفعول এর আগে।

قوله مَعْنًى ঃ অর্থের দিক দিয়ে তার مرجع আগে আসবে শব্দের দিক দিয়ে নয়। যথা- اِعْدِلُوْا هُوَ اَقْرَبُ لِلتَّقْوٰى এর هُوَ যমীরটি اِعْدِلُوْا এর মাসদার عَدْل এর দিকে ফিরেছে।

قوله حُكْمًا ঃ حُكْمِى দ্বারা উদ্দেশ্য হল বিধানগতভাবে মেনে নেয়া, ضمير شان ও مذكر হলে এটাকে ضمير قصه মুؤنث হলে বলা হয়। যথা- قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ এখানে هُوَ যমীরের مرجعটি مَاحَضَرَ فِى الذِّهْنِ এর দিকে ফিরেছে। বাক্যে حُقِيْقَةً বা تَقْدِيْرًا এর উল্লেখ নেই। حُكْمًا উল্লেখ আছে এভাবে যে, বাক্যের বিষয়বস্তু (مضمونِ جُمْلَه) কে আগে স্মৃতিতে কল্পনা করা হয়েছে, অতঃপর তার খবর দেয়া হয়েছে। এ দ্বারা কারো মর্যাদা বা মহত্ত্ব ও গুরুত্ব বুঝানো উদ্দেশ্য হয়। বাক্যের প্রথমেই যমীর এনে শ্রোতার মনযোগ আকৃষ্ট করা হয় যাতে পরবর্তী অংশ অন্তরে বদ্ধমূল হয়ে যায়।

قوله وَهُوَ قِسْمَيْنِ ঃ যমীর প্রধানত দু'প্রকার। ক. مُتَّصِلْ খ مُنْفَصِلْ - مُتَّصِلْ অর্থ মিলিত (وَصْل মাদ্দা হতে বাবে اِفْتِعَال এর اسم فاعل মূলত مُوْتَصِلٌ ছিল। বাবে اِفْتِعَال এর শুরুতে واو আসায় تا দ্বারা পরিবর্তন হয়ে অপর تاء এর মধ্যে ইদগাম হয়েছে) অর্থাৎ যা অন্য শব্দের সাথে মিলিত ছাড়া ব্যবহৃত হয় না। مُتَّصِلْ আবার তিন প্রকার- ১. مرفوع (حالتِ رفعى বিশিষ্ট) فاعل বা نائبِ فاعل এর যমীর। যথা- ضَرَبْتُ ضَرَبْتَ ২. مَنْصُوب (حالتِ نَصْبِى বিশিষ্ট) مفعول বা عاملِ ناصِب এর সাথে মিলিত যমীর। যথা- اِنَّنِىْ، اِنَّنَا، ضَرَبَنِىْ ضَرَبَنَا ৩. مجرور (حالتِ جَرِّى বিশিষ্ট) حرفِ جار বা مضاف এর সাথে মিলিত যমীর। যথা- غُلَامِىْ، غُلَامُنَا، لِىْ، لَنَا প্রভৃতি। ★ ২. مُنْفَصِلْ অর্থ পৃথক فَصْل মাদ্দা হতে বাবে اِنْفِعَال এর اسمِ فاعل অর্থাৎ যে যমীর পৃথক বা এককভাবে ব্যবহৃত হয়।

এভাবে مُنْفَصِلْ দুপ্রকার- ১. مرفوع مُنْفَصِلْ (حالتِ رَفعى বিশিষ্ট) فعل থেকে পৃথক فاعل এর যমীর। যথা- اَنَا . نَحْنُ ২. مَنْصُوبِ مُنْفَصِلْ

(حالتِ نَصْبِى বিশিষ্ট) فعل থেকে পৃথক مفعول এর যমীর যথা-ضَرَبْنَا، ضَرَبَنِىْ ইত্যাদি। অতএব মোট ৫ প্রকার যমীর হল -مُتَّصِلْ এর তিন ও مُنْفَصِلْ এর দুই।

قوله فَذَالِكَ سِتُّوْنَ ضَمِيْرًا ঃ ৫ প্রকার যমীরের প্রত্যেকটিতে هُمَا ও كُمَا এর تَكْرَارْ (পুণঃ উল্লেখ) বাদ দিলে ১২টি করে যমীর হলে ১২ × ৫ = ৬০টি যমীর হয়।

قوله وَاعْلَمْ اَنَّ الْمَرْفُوْعُ الخ ঃ মুসান্নিফ র. এখান থেকে যমীরের বিধান বর্ণনা করছেন। যে, ضمير مرفوع متصل এর واحد مذكر غائب ও واحد مؤنث غائب এর মধ্যে কেবল যমীর مُسْتَتِرْ (উহ্য) থাকে। তবে শর্ত হল যখন তার পরে فاعل উল্লেখ না থাকবে। যেমন- زَيْدٌ ضَرَبَ এর মধ্যে هُوَ ও هِنْدٌ ضَرَبَتْ এর মধ্যে هِىَ লুকায়িত। ماضى এর বাকী সকল ছীগার মধ্যে যমীরটা بارِز (প্রকাশ্য) যথা ضَرَبَا এর মধ্যে الف ـ ضَرَبُوْا এর মধ্যে واو ইত্যাদি।

وَالْغَائِبِ وَالْغَائِبَةِ كَيَضْرِبُ اَىْ هُوَ وَتَضْرِبُ اَىْ هِىَ وَفِى الصِّفَةِ اَعْنِىْ اِسْمَ الْفَاعِلِ وَالْمَفْعُوْلِ وَغَيْرِهِمَا مُطْلَقًا وَلَايَجُوْزُ اِسْتِعْمَالُ الْمُنْفَصِلِ اِلَّا عِنْدَ تَعَذُّرِ الْمُتَّصِلِ كَاِيَّاكَ نَعْبُدُ وَمَا ضَرَبَكَ اِلَّا اَنَا وَاَنَا زَيْدٌ وَمَا اَنْتَ اِلَّا قَائِمًا ۔

অনুবাদ ॥ এবং واحد مذكر غائب যথা– يَضْرِبُ এর মধ্যে هُوَ এবং واحد مونث غائب যথা تَضْرِبُ এর মধ্যে هِىَ যমীর উহ্য রয়েছে। সিফাতের সীগা অর্থাৎ اسم فاعل ও اسم مفعول ইত্যাদির মধ্যে সর্বাবস্থায়ই যমীর উহ্য থাকে। যমীরে মুত্তাসিলের ব্যবহার অসম্ভব হওয়া অবস্থায়ই শুধু যমীরে মুনফাসিলের ব্যবহার বৈধ। যেমন–

اِيَّاكَ نَعْبُدُ - مَاضَرَبَكَ اِلَّا اَنَا - اَنَا زَيْدٌ - مَا اَنْتَ اِلَّا قَائِمًا -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ ★ ফায়েদা ঃ ضَرَبَتْ ـ واحد مونث غائب এর মধ্যে যে تاء সাকিন থাকে তা যমীর নয় বরং فاعل টি مؤنّث হওয়ার আলামত মাত্র।

★ مضارع এর ৫টি ছীগায় যমীর مُسْتَتِرْ (উহ্য) ১. واحد متكلم ২. جمع متكلم ৩. واحد مذكر غائب ৪. واحد مؤنث غائب ৫. واحد مذكر حاضر এর বাকী ৯টি ছীগায় যমীর হল بَارِز

★ اسم فاعل ـ اسم مفعول ، صِفَتِ مُشَبَّه ইত্যাদির সকল ছীগার যমীর مُسْتَتِرْ -

উল্লেখ্য যে, ضَارِبَانِ এর ان ، ضَارِبُوْنَ এর ون ইত্যাদি যমীর নয় বরং تثنيه ، جمع ইত্যাদির আলামত, যমীর হলে তা কোন অবস্থায় পরিবর্তন হত না। কেননা সকল যমীর মবনী।

★ উল্লেখ্য যে, اسم فعل ، فعل تعجب ـ فعل ناقص ، نهى ، امر এগুলোর ماضى বা مضارع এর فرع -সে হিসেবে এগুলোতেও اصل এর ন্যায় সেসব ছীগাতে যমীর مستتر থাকে। যেমন– اَمِيْنَ ، مَااَحْسَنَهٗ ، اِضْرِبْ ، لِيَضْرِبْ ، لَيْسَ ، لَايَكُوْنُ প্রভৃতি।

قوله وَلَا يَجُوْزُ اِسْتِعْمَالُ الخ ঃ অর্থাৎ যেখানে ضمير مُنْفَصِل ব্যবহার জায়েয নেই বা অসম্ভব একমাত্র সেখানেই ضمير منفصل ব্যবহার জায়েয। যেমন–১. اِيَّاكَ نَعْبُدُ ২. وَمَا ضَرَبَكَ اِلَّا اَنَا ـ ইত্যাদি একাধিক উদাহরণের দ্বারা মুসান্নিফ র. অসম্ভব বা تَعَذُّر হওয়ার বিভিন্ন কারণের দিকে ইশারা করেছেন। যথা–

১. حصر বা সীমিত করণের উদ্দেশ্যে। যেমন– اِيَّاكَ نَعْبُدُ (তোমারই ইবাদত করি।)

২. ضمير متصل ও তার عامل এর মাঝে فاصله আসলে। যেমন مَاضَرَبْتَ اِلَّا اَنَا ـ مَااَنْتَ اِلَّا قَائِمًا -

৩. ضمير উহ্য হলে। যেমন– اَنَا زَيْدٌ

৪. ضمير এর عامل টি হরফ হলে। যেমন– مَا اَنْتَ قَائِمًا

وَاعْلَمْ اَنَّ لَهُمْ ضَمِيْرًا يَقَعُ قَبْلَ جُمْلَةٍ تُفَسِّرُهُ وَيُسَمّٰى ضَمِيْرَ الشَّانِ فِي الْمُذَكَّرِ وَضَمِيْرَ الْقِصَّةِ فِي الْمُؤَنَّثِ نَحْوُ قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ وَاِنَّهَا زَيْنَبُ قَائِمَةٌ وَيَدْخُلُ بَيْنَ الْمُبْتَدَأِ وَالْخَبَرِ صِيْغَةُ مَرْفُوْعٍ مُنْفَصِلٍ مُطَابِقٍ لِلْمُبْتَدَأِ اِذَا كَانَ الْخَبَرُ مَعْرِفَةً اَوْ اَفْعَلَ مِنْ كَذَا وَيُسَمّٰى فَصْلًا لِاَنَّهُ يَفْصِلُ بَيْنَ الْخَبَرِ وَالصِّفَةِ نَحْوُ زَيْدٌ هُوَ الْقَائِمُ وَكَانَ زَيْدٌ هُوَ اَفْضَلَ مِنْ عَمْرٍو وَقَالَ اللّٰهُ تَعَالٰى كُنْتَ اَنْتَ الرَّقِيْبَ عَلَيْهِمْ ۔

অনুবাদ ॥ ضَمِيْرِ شَانْ ও ضَمِيْرِ قِصَّة -এর সংজ্ঞা ঃ জেনে রাখ যে, আরবী ভাষাবিদদের মতে আর একটি যমীর (সর্বনাম) আছে যা এমন একটি বাক্যের পূর্বে বসে যে বাক্যটি ঐ যমীরের ব্যাখ্যা করে থাকে। এ যমীরকে পুংলিঙ্গের ক্ষেত্রে ضَمِيْرِشَانْ (মর্যাদাজ্ঞাপক সর্বনাম) এবং স্ত্রীলিঙ্গের ক্ষেত্রে ضمير قِصَّة (ঘটনাসূচক সর্বনাম) বলা হয়। যেমন– قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ (যমীরে শানের উদাহরণ) এবং اِنَّهَا زَيْنَبُ قَائِمَةٌ (যমীরে কেচ্ছার উদাহরণ)।

ضَمِيْرِ فَصْل -এর সংজ্ঞা ঃ খবর যখন মা'রেফা হয় অথবা مِنْ দ্বারা ব্যবহৃত اِسْمِ تَفْضِيْل হয়, তখন মুবতাদা ও খবরের মাঝে বচন ও লিঙ্গভেদে মুবতাদা অনুযায়ী مرفوع منفصل এর যমীর আনতে হয়। একে ضمير فصل (প্রভেদ সৃষ্টিকারী সর্বনাম) বলা হয়। কারণ এটি খবর ও সিফতের মধ্যে প্রভেদ করে দেয়। যেমন– زَيْدٌ هُوَ الْقَائِمُ – كَانَ زَيْدٌ هُوَ اَفْضَلَ مِنْ عَمْرٍو ও মহান আল্লাহর বাণী– كُنْتَ اَنْتَ الرَّقِيْبَ عَلَيْهِمْ (তুমিই তাদের একমাত্র রক্ষক)।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَاعْلَمْ اَنَّ لَهُمْ ضَمِيْرًا الخ ঃ অর্থাৎ বাক্যের পূর্বে কখনো ضمير ব্যবহার করা হয়, আর বাক্যটি তার تفسير হয়। واحد مذكر غائب এর যমীর হলে তাকে ضَمِيْرِ شَانْ আর واحِد مُؤنث غائب এর যমীর হলে তাকে ضَمِيرِ قِصّه বলে। যেমন– قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ ও هِيَ هِنْدٌ مَلِيْحَةٌ ইত্যাদি। কেননা এ যমীরটি مَاحَضَرَ فِي الذِّهْنِ এর মর্যাদা ও গুরুত্ব বা কোন ঘটনার প্রতি ইশারা করে।

قوله وَلَايَدْخُلُ بَيْنَ الْمُبْتَدَاِ الخ ঃ অর্থাৎ মুবতাদা ও খবরের মাঝে مرفوع متصل এর ছীগা ব্যবহৃত হয়। যা বচন, লিঙ্গ ও পুরুষ غائب ، حاضر ، متكلم হওয়ার দিক দিয়ে মুবতাদার সাথে সামঞ্জস্যপূর্ণ (موافق) হয়।

★ ফায়েদা ঃ মুসান্নিফ র. ضمير مرفوع না বলে صيغه مرفوع متصل বলেছেন এ কারণে যে, কেউ কেউ ضمير مرفوع কে অসম্পূর্ণ نسبت (সম্বন্ধ) বুঝানোর কারণে হরফ বলেন। আর কারো কারো মতে এগুলো اسم এ কারণে তিনি ছীগা শব্দ ব্যবহার করেছেন।

قوله اَوْ اَفْعَلَ مِنْ كَذَا ঃ অর্থাৎ خبر টি اسم تفضيل এর ছীগা হবে যা مِنْ এর সাথে ব্যবহৃত হয়। যেমন– زَيْدٌ هُوَ اَفْضَلُ مِنْ عَمْرٍو

قوله زَيْدٌ هُوَالْقَائِمُ ঃএটা মুবতাদা ও খবরের মাঝে هُوَ যমীর মুনফাসিল আসার উদাহরণ। এখানে هُوَ যমীর এসে اَلْقَائِمُ কে زَيْد এর সিফত হওয়া সম্ভবনা দূর করেছে। কেননা মওসূফ ও সিফতের মাঝে فاصله আসেনা। এভাবে দ্বিতীয় উদাহরণে زيد মুবতাদা এবং পরে اَفْضَلَ مِنْ এর মাঝে هُوَ যমীর মুনফাসিল এবং كُنْتَ اَلرَّقِيْبَ এর মাঝে اَنْتَ যমীরে মুনফাসিল এসেছে।

فَصْلٌ - اَسْمَاءُ الْإِشَارَةِ مَاوُضِعَ لِيَدُلَّ عَلٰى مُشَارٍ اِلَيْهِ وَهِيَ خَمْسَةُ اَلْفَاظٍ لِسِتَّةِ مَعَانٍ وَذٰلِكَ ذَا لِلْمُذَكَّرِ وَذَانِ وَذَيْنِ لِمُثَنَّاهُ وَتَا وَتِيْ وَذِيْ وَتِهٖ وَذِهٖ وَتِهِيْ وَذِهِيْ لِلْمُؤَنَّثِ وَتَانِ وَتَيْنِ لِمُثَنَّاهُ وَاُولَاءِ بِالْمَدِّ وَالْقَصْرِ لِجَمْعِهِمَا وَقَدْ يَلْحَقُ بِاَوَائِلِهَا هَاءُ التَّنْبِيْهِ نَحْوُ هٰذَا وَهٰذَانِ وَهٰؤُلَاءِ وَيَتَّصِلُ بِاَوَاخِرِهَا حَرْفُ الْخِطَابِ وَهُوَ اَيْضًا خَمْسَةُ اَلْفَاظٍ لِسِتَّةِ مَعَانٍ نَحْوُ كَ كُمَا كُمْ كِ كُمَا كُنَّ فَذٰلِكَ خَمْسَةٌ وَّعِشْرُوْنَ اَلْحَاصِلُ مِنْ ضَرْبِ خَمْسَةٍ فِيْ خَمْسَةٍ وَهِيَ ذَاكَ اِلٰى ذَاكُنَّ وَذَانِكَ اِلٰى ذَانِكُنَّ وَكَذٰلِكَ الْبَوَاقِيْ- وَاعْلَمْ اَنَّ ذَا لِلْقَرِيْبِ وَذَالِكَ لِلْبَعِيْدِ وَذَاكَ لِلْمُتَوَسِّطِ -

---

পরিচ্ছেদ – ২ ঃ اَسْمَاءِ اِشَارَةْ (ইংগিত সূচক বিশেষ্য)

অনুবাদ॥ সংজ্ঞা ঃ اَسْمَاءِ اِشَارَةْ ইংগিত সূচক বিশেষ্য এমন ইসম কে বলে যা ইংগিতযোগ্য বস্তু বুঝানোর উদ্দেশ্যে গঠিত।

اَسْمَاءِ اِشَارَةْ -এর সংখ্যা ঃ اسماء اشارة পাঁচটি, যা ছয়টি অর্থে ব্যবহৃত হয়। যথা– (১) ذَا واحد مذكر এর জন্য। (২) ذَانِ ও ذَيْنِ تثنيه مذكر -এর জন্য। (৩) تَا - تِيْ - ذِيْ - تِهٖ - ذِهٖ - تِهِيْ ও ذِهِيْ واحد مونث এর জন্য। (৪) تَانِ ও تَيْنِ - تثنيه مؤنث এর জন্য। (৫) اُولَاءِ ও ممدوده مقصوره উভয় লিঙ্গের বহুবচনের জন্য।

কোন কোন সময় اسماء اشارة -এর শুরুতে هائے تنبيه যুক্ত হয়। যেমন– هذا - هذان ও هؤلاء এবং শেষভাগে حرفِ خِطاب মিলিত হয়। حرفِ خِطاب পাঁচটি যা ছয় অর্থের জন্য ব্যবহৃত হয়। যেমন– كَ - كُمَا - كُمْ - كِ - كُنَّ পাঁচকে পাঁচ দ্বারা গুণ করাতে মোট পঁচিশটি হল এবং তা হচ্ছে ذَاكَ হতে ذَاكُنَّ পর্যন্ত এবং ذَانِكَ হতে ذَانِكُنَّ পর্যন্ত। অবশিষ্টগুলোকে এভাবেই ধরে নিতে হবে।

জ্ঞাতব্য ঃ ذَا নিকটবর্তী বিষয়ের প্রতি ইংগিত করার জন, ذَالِكَ দূরবর্তী বিষয়ের প্রতি ইংগিত করার জন্য, আর ذَاكَ মধ্যবর্তী বিষয়ের প্রতি ইংগিত করার জন্য ব্যবহৃত হয়।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله مَاوُضِعَ لِيَدُلَّ الخ ঃ অর্থাৎ যে সকল ইসমকে কোন বস্তুর প্রতি حِسِّىْ তথা প্রতক্ষভাবে ইশারা করার জন্য গঠন করা হয়েছে সে সকল ইসমকে اسم اشارہ বা বহুবচনে اسماء اشارة বলে। যে বস্তুর প্রতি ইশারা করা হয় তাকে مُشَارٌاِلَيْه বলে। সুতরাং ইশারার জন্য مشاراليه টা حِسِّى বস্তু বা বিষয় হওয়াই এর اصل – যার দিকে اِشارةٌ حِسِّيَّه সম্ভব নয় তা مَجاز বা রূপক বিবেচিত হবে। যেমন– ذَالِكُمُ اللّٰهُ رَبُّكُمْ এখানে ذَالِكُمْ দ্বারা اللّٰه এর প্রতি اشاره করা হয়েছে। অথচ তিনি اشارةٌ حسيه থেকে পবিত্র। مَا হল جنس আর لِيَدُلَّ عَلٰى হল فصل –এর দ্বারা اسم اشاره ছাড়া সব খারিজ হয়ে গেল। আর ব্যাখ্যায় حِسيه এর কয়েদ দ্বারা غائب এর যমীর ও لامِ ذِهْنِى খারিজ হয়ে গেল।

★ উল্লেখ্য যে, النحو الوافى এর গ্রন্থকার اسم اشارة এর সংজ্ঞা এভাবে উল্লেখ করেছেন– هُوَاِسْمٌ يُعَيِّنُ مَدْلُوْلَهٗ تَعْيِيْنًا مَقْرُوْنًا بِاِشَارَةٍ حِسِّيَّةٍ

قوله وَهِيَ خَمْسَةُ اَلْفَاظٍ ঃ অর্থাৎ মূল اسم اشارة ৫টি যথা– ১. ذَا ২. ذَانِ (বা ذَيْنِ) ৩. تَا ৪. تَانِ (বা تَيْنِ) ৫. اُولَاءِ (বা اُوْلٰى) এ ৫টি مذكر ও مؤنث উভয়ে জন্য আসে সে হিসেবে ৫টি ৬ অর্থে হল। ★

قَوْلُه وَيَلْحَقُ بِاَوَاخِرِهَا ঃ কখনো اسم اشاره এর শুরুতে هَائے تَنْبِيْه যুক্ত হয় যাতে مُخَاطَبْ (সম্বোধিত ব্যক্তি) এর مُشَارٌاِلَيْه(مُشَارٌالَهُ) এর প্রতি অধিক মনোযোগী হয়।

قوله وَيَتَّصِلُ بِاَوَاخِرِهَا الخ ঃ অর্থাৎ اسم اشاره এর শেষে حرفِ خِطاب (সম্বোধন সূচক অব্যয়) যুক্ত হয় যাতে مذكر ও مؤنث এবং جمع ، تثنيه ـ واحد টি اسم اشاره মূল। এক্ষেত্রে مخاطب এক বা একাধিক হওয়া বুঝা যায়। সবই হতে পারে। আর حرفِ خِطَاب ৫টি যথা– كَ كُمَا كُمْ كِ كُنَّ -

★ উল্লেখ্য যে, اسم اشاره এর শেষে حرفِ خطاب যুক্ত হওয়ার সময় كافِ اِسْمِي ও كافِ حَرْفِي এর মা প্রভেদের জন্য حرف خطاب এর পূর্বে لام যুক্ত হয়। যথা– ذالك ، تلك ইত্যাদি।

قوله فَذٰلِكَ خَمْسَةٌ وَّعِشْرُوْنَ الخ ঃ অর্থাৎ اسم اشاره ৫টি, আর حرفِ خِطاب ও ৫টি। সুতরাং মোট ৫ × ৫ = ২৫ টি ছুরত হল। যেমন– ذَاكَ، ذَاكُمَا، ذَاكُمْ، ذَاكِ ـ ذَاكُنَّ এভাবে اُولَآئِكَ ، اُولَآءِكُمَا ..... ذَانِكَ، اِنِكُمَا ..... مؤنث এর ক্ষেত্রে تَاكَ ـ تَاكُمَا ، تَاكُمْ ..... এবং تَانِكَ،تَانِكُمَا ، تَانِكُمْ ..... হবে।

قوله وَاعْلَمْ اَنَّ ذَا لِلْقَرِيْبِ الخ ঃ উল্লেখ্য যে, ব্যবহারিক ক্ষেত্রে اسم اشاره তিন প্রকার–

১. قَرِيْب (নিকটবর্তী) এর জন্য كافِ خِطاب ও لام বিহীন অবস্থায় ব্যবহৃত হয়। যথা– ذا ، هذا ইত্যাদি।

২. مُتَوَسِّط (মধ্যবর্তী)-এর জন্য كافِ خِطاب এর সাথে ব্যবহৃত হয় যথা– ذاك ـ ذانك ......

৩. بَعِيْد (দূরবর্তী) এর জন্য كافِ خِطاب ـ لام(বা لام এর স্থলাভিষিক্ত (نون مُشَدَّدْ) যুক্ত হয়য় যথা– ذَانِّكَ، ذَالِكَ ইত্যাদি।

ছকের মাধ্যমে اسم اشاره এর ব্যবহারিক ক্ষেত্র –

جمع	تثنيه	واحد	جنس	اَسْمَاءُ الْاِشَارَةِ
اُوْلَاءِ	ذَانِ، ذَيْنِ	ذَا	مذكر	لِلْقَرِيْبِ
اُولَآءِ	تَانِ، تَيْنِ	تَا	مؤنث	
هٰؤُلَآءِ	هٰذَانِ، هٰذَيْنِ	هٰذَا	مذكر	
هٰؤُلَآءِ	هٰتَانِ، هَاتَيْنِ	هٰذِهٖ	مؤنث	
اُولٰئِكَ	ذَانِكَ، ذَيْنِكَ	ذَاكَ	مذكر	لِلْمُتَوَسِّطِ
اُولَآئِكَ	تَانِكَ، تَيْنِكَ	تَاكَ	مؤنث	
اُولَآئِكَ	ذَانِكَ، ذَيْنِكَ	ذَالِكَ	مذكر	لِلْبَعِيْدِ
اُولَآئِكَ	تَانِكَ، تَيْنِكَ	تِلْكَ	مؤنث	

★ **ফায়েদা** ঃ ثَمَّ ، هِنَا ও هُنَا এ ৩টি শব্দ اسم اشاره এর অন্তর্গত, তবে مَكَانْ তথা স্থান বুঝানোর ক্ষেত্রে অধিক ব্যবহৃত, مَجَازًا (রূপকভাবে) زَمَانْ এর জন্য ও ব্যবহৃত হয়।

فَصْلٌ ـ اَلْمَوْصُوْلُ اِسْمٌ لَايَصْلُحُ اَنْ يَّكُوْنَ جُزْءًا تَامًّا مِنْ جُمْلَةٍ اِلَّا بِصِلَةٍ بَعْدَهُ وَالصِّلَةُ جُمْلَةٌ خَبَرِيَّةٌ وَلَابُدَّ مِنْ عَائِدٍ فِيْهَا يَعُوْدُ اِلَى الْمَوْصُوْلِ مِثَالُهُ الَّذِىْ فِىْ قَوْلِنَا جَاءَ الَّذِىْ اَبُوْهُ قَائِمٌ اَوْقَامَ اَبُوْهُ وَالَّذِىْ لِلْمُذَكَّرِ وَاللَّذَانِ وَاللَّذَيْنِ لِمُثَنَّاهُ وَالَّتِىْ لِلْمُؤَنَّثِ وَاللَّتَانِ وَاللَّتَيْنِ لِمُثَنَّاهَا وَالَّذِيْنَ وَالْاُوْلٰى لِجَمْعِ الْمُذَكَّرِ وَاللَّاتِىْ وَاللَّوَاتِىْ وَاللَّاءِ وَاللَّائِىْ لِجَمْعِ الْمُؤَنَّثِ ـ

পরিচ্ছেদ–৩ ঃ مَوْصُوْل (সম্বন্ধবাচক পদ)

অনুবাদ ॥ مَوْصُوْل-এর সংজ্ঞা ঃ مَوْصُوْل এমন ইসম (কে বলে) যা তার পরে উল্লিখিত صِلَة -এর সাথে যুক্ত হওয়া ছাড়া বাক্যের পূর্ণ অংশ হতে পারে না। صِلَة টি جُمْلَةٌ خبرية হয়ে থাকে এবং তার মধ্যে موصول -এর প্রতি ফেরার জন্য একটি যমীর থাকা অপরিহার্য। যেমন– اَلَّذِىْ যা আমাদের উক্তি جَاءَ الَّذِىْ اَبُوْهُ قَائِمٌ اَوْ قَامَ اَبُوْهُ এর মধ্যে দ্রষ্টব্য।

واحد مذكر - اَلَّذِىْ -এর জন্য, اَللَّذَانِ ও اَللَّذَيْنِ - تثنيه مذكر -এর জন্য এবং اَلَّتِىْ হল واحد مونث এর জন্য, আর اَللَّتَانِ ও اَللَّتَيْنِ হল تثنيه مونث এর জন্য, اَلَّذِيْنَ ও اُوْلٰى جمع مذكر এর জন্য এবং اَللَّاتِىْ اَللَّوَاتِىْ - اَللَّاءِ ও اَللَّائِىْ جمع مونث এর জন্য।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله اَلْمَوْصُوْلُ ঃ مَوْصُوْل শব্দটি বাবে ضَرَبَ হতে اسم موصول - মাদ্দা - وَصْلٌ - অর্থ মিলিত হওয়া। পরিভাষায় যে اسم তার পরবর্তী অংশ তথা صِلَة ছাড়া বাক্যের পূর্ণ جُزْء বা অঙ্গ হতে পারে না তাকে اسم موصول বলে। আর اسم موصول এর পরবর্তী অংশকে صِلَة বলে। এটা ও বাবে ضَرَبَ এর মাসদার وَصَلَ يَصِلُ صِلَةً হতে মূলত وَصْلٌ ছিল। واو কে حذف করে তার পরিবর্তে ة যুক্ত হয়েছে।

কাফিয়া গ্রন্থকারের ভাষায় ইসমে মওসূল হল هُوَ مَالَا يَتِمُّ اِلَّا بِصِلَةٍ عَائِدٍ আর صله -এর পরিচয় হল اَلصِّلَةُ هِىَ الَّتِىْ تُعَيِّنُ مَدْلُوْلَ الْمَوْصُوْلِ وَيُفَصِّلُ مُجْمَلَهُ وَتَجْعَلُهُ وَاضِحَ الْمَعْنٰى كَامِلَ الْاِفَادَةِ

বাক্যের جُزْءِ تَامّ (পূর্ণ অঙ্গ) হওয়ার অর্থ হল– مسند اليه বা مسند তথা فاعل ـ مفعول ـ مبتدا، خبر ـ ইত্যাদি হওয়া।

قوله وَالصِّلَةُ جُمْلَةٌ الخ ঃ অর্থাৎ اسم موصول এর পরের جمله টি সব সময় خَبْرِيَه হয়, اِنْشَائِيَه হতে পারে না। কারণ اِنْشاء কখনো অন্য কারো رَبْط (সংযুক্তি) গ্রহণ করে না। অথচ صله তার موصول এর সাথে مَرْبُوْط (সংযুক্ত) হয়।

قوله وَلَابُدَّ مِنْ عَائِدٍ ঃ عَائِدٌ শব্দটি عَوْدٌ (প্রত্যাবর্তন করা, ফিরা) মাসদার হতে اِسْمِ فَاعِل-صِلَة টি পূর্ণাঙ্গ একটি বাক্য হয়। আর صله তার موصول এর সাথে সম্পৃক্ত থাকে। এ সম্পৃক্ততা বা رَبْط এর জন্য صله এর মধ্যে موصول কে বুঝানোর জন্য একটি যমীর থাকা আবশ্যক। অন্যথায় তা موصول থেকে বিচ্ছিন্ন থাকবে। যেমন– جَاءَ الَّذِىْ اَبُوْهُ قَائِمٌ এর মধ্যে اَلَّذِىْ হল اسم موصول আর اَبُوْهُ قَائِمٌ، مبتدا ও خبر মিলে جُمْلَهْ اِسميه হয়ে صله –অতঃপর موصول صله মিলে جَاءَ ফে'লের ফায়েল (যা বাক্যের একটি বিশেষ অঙ্গ)

এ বাক্যে اَبُوْهُ এর ة যমীরের مرجع হল اَلَّذِىْ-এর দ্বারা اَبُوْهُ قَائِمٌ বাক্যটির সম্বন্ধ সৃষ্টি হয়েছে পূর্বের অংশের সাথে। এভাবে– جَاءَ الَّذِىْ قَامَ اَبُوْهُ বাক্যে اَبُوْهُ এর যমীরের مرجع হল اَلَّذِىْ ـ جَاءَ فعل টি তার ফায়েল মিলে جملهُ فعليه হয়ে اَلَّذِىْ এর صِله হয়েছে।

وَمَا وَمَنْ وَاَىٌّ وَاَيَّةٌ وَذُوْ بِمَعْنَى الَّذِىْ فِىْ لُغَةِ بَنِىْ طَيٍّ كَقَوْلِ الشَّاعِرِ شِعْرٌ: فَاِنَّ الْمَاءَ مَاءُ اَبِىْ وَجَدِّىْ * وَبِئْرِىْ ذُوْ حَفَرْتُ وَذُوْ طَوَيْتُ اَىِ الَّذِىْ حَفَرْتُهٗ وَالَّذِىْ طَوَيْتُهٗ وَالْاَلِفُ وَاللَّامُ بِمَعْنَى الَّذِىْ صِلَتُهٗ اِسْمُ الْفَاعِلِ وَاِسْمُ الْمَفْعُوْلِ نَحْوُ جَائَنِىْ الضَّارِبُ زَيْدًا اَىِ الَّذِىْ يَضْرِبُ زَيْدًا اَوْجَائَنِىْ الْمَضْرُوْبُ غُلَامُهٗ وَيَجُوْزُ حَذْفُ الْعَائِدِ مِنَ اللَّفْظِ اِنْ كَانَ مَفْعُوْلًا نَحْوُ قَامَ الَّذِىْ ضَرَبْتُ اَىِ الَّذِىْ ضَرَبْتُهٗ

وَاعْلَمْ اَنَّ اَيًّا وَاَيَّةً مُعْرَبَةٌ اِلَّا اِذَا حُذِفَ صَدْرُ صِلَتِهَا كَقَوْلِهٖ تَعَالٰى "ثُمَّ لَنَنْزِعَنَّ مِنْ كُلِّ شِيْعَةٍ اَيُّهُمْ اَشَدُّ عَلَى الرَّحْمٰنِ عِتِيًّا" اَىْ هُوَ اَشَدُّ ـ

অনুবাদ ॥ مَا - مَنْ - اَىٌّ ও اَيَّةٌ এবং ذُوْ বনু তাইয়ের (আঞ্চলিক) ভাষায় اَلَّذِىْ অর্থে ব্যবহৃত হয়। যেমন– কবির ভাষায়– فَاِنَّ الْمَاءَ مَاءُ اَبِىْ وَ جَدِّىْ * وَبِئْرِىْ ذُوْ حَفَرْتُ وَذُوْ طَوَيْتُ

এখানে ذُوْ حَفَرْتُ এর অর্থ اَلَّذِىْ حَفَرْتُهٗ এবং ذُوْ طَوَيْتُ এর অর্থ اَلَّذِىْ طَوَيْتُهٗ-

اَلِفْ ও لَامْ ,اَلَّذِىْ অর্থে ব্যবহৃত হয়। এর صِلَة হয় اسم فاعل ও اسم مفعول- যেমন– جَاءَ نِىْ الضَّارِبُ زَيْدًا অর্থাৎ جَاءَ نِى الَّذِىْ يَضْرِبُ زَيْدًا অথবা جَاءَ نِى الْمَضْرُوْبُ غُلَامُهٗ অর্থাৎ جَاءَ نِى الَّذِىْ ضَرَبَ غُلَامُهٗ - صِلة এর দিকে প্রত্যাবর্তনকারী যমীর যদি مفعول হয় তবে তাকে বাক্য হতে বিলুপ্ত করা বৈধ। যেমন– فَاَىٌّ ضَرَبْتُهٗ অর্থাৎ اَلَّذِىْ ضَرَبْتُهٗ-

জ্ঞাতব্য ঃ اَىٌّ ও اَيَّةٌ শব্দ দু'টি মু'রাব, তবে যখন এ দু'টির صَدْرِ صِلَة তথা صِلة -এর প্রথম অংশ উহ্য থাকবে তখন মবনী হবে। যেমন– ثُمَّ لَنَنْزِعَنَّ مِنْ كُلِّ شِيْعَةٍ اَيُّهُمْ اَشَدُّ عَلَى الرَّحْمٰنِ عِتِيًّا (অনন্তর প্রত্যেক দল হ'তে সেই লোকদেরকে পৃথক করে ফেলব যারা তাদের মধ্যে রহমানের সাথে সবচেয়ে অধিক বিরুদ্ধাচরণ করত) অর্থাৎ هُوَ اَشَدُّ

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَمَا مَنْ الخ ঃ مَا ও مَنْ - اَلَّذِىْ অর্থে ব্যবহৃত হয়। শব্দের দিক দিয়ে উভয়টি مُفرد কিন্তু অর্থের দিক দিয়ে مفرد ، تثنيه ، جمع এবং مذكر ও مؤنث সবার জন্য ব্যবহৃত হয়।

مَا ও مَنْ এর মধ্যে পার্থক্য ঃ ক. مَا টা غَيْرِ عَاقِل এর জন্য ব্যবহৃত হয়। যথা– عَرَفْتُ مَا عَرَفْتَهٗ (তুমি যা চিনেছ আমি তা চিনেছি) আর مَنْ টা عَاقِل এর জন্য আসে। তবে কখনো কখনো مَجَازِى ভাবে একটি আরেকটির স্থলে বসে। যেমন– وَالسَّمَاءِ وَمَا بَنَاهَا

★ ফায়েদা ঃ مَا প্রথমত ২ প্রকার– ক. اِسْمِيَّه খ. حَرْفِيَّه

ক اسميه আবার ৬ প্রকার– ১. مَوْصُوْلَةٌ যথা وَمَا بِكُمْ مِنْ نِعْمَةٍ فَمِنَ اللّٰهِ ২. اِسْتِفْهَامِيَّة যথা وَمَا تِلْكَ ৩. تَعَجُّبِيَّة যথা فَمَا اَصْبَرَهُمْ عَلَى النَّارِ ৪. شَرْطِيَة যথা وَمَا تَفْعَلُوْا مِنْ خَيْرٍ يَعْلَمْهُ اللّٰهُ بِيَمِيْنِكَ يَامُوْسٰى ৫. تَامَّة যথা فَنِعِمَّا هِىَ ৬. صِفَتِيَّة যথা اِضْرِبْهُ ضَرْبًا مَّا

খ. مَائے حَرْفِيَّه টি ৩ প্রকার। ১. مَصْدَرِيَّة যথা– وَضَاقَتْ عَلَيْهِمُ الْاَرْضُ بِمَا رَحُبَتْ ২. نَافِيَة টি আবার ২ প্রকার– ১. عامله যথা مَاهٰذَا بَشَرًا খ. غَيْرِ عَامِلَه যথা مَاتُنْفِقُوْنَ اِلَّا ابْتِغَاءَ وَجْهِ اللّٰهِ ৩. زَائِدَة এটা ২ প্রকার– ক. كَافَّة যথা اِنَّمَا يَخْشَى اللّٰهَ مِنْ عِبَادِهِ الْعُلَمَاءُ খ. غَيْرِ كَافَّة যথা فَبِمَا رَحْمَةٍ مِّنَ اللّٰهِ لِنْتَ لَهُمْ

اَىٌّ - اَلَّذِىْ অর্থে ও اَيَّةٌ - اَلَّتِىْ (مؤنث) অর্থে, যেমন اِضْرِبْ اَيَّتَهُنَّ فِى الدَّارِ- اَيُّهُمْ اَشَدُّ عَلَى الرَّحْمٰنِ

اَىٌّ ـ ও اَيَّةٌ এ দুটোর اسم موصول হিসেবে ব্যবহারটা বনী তাঈ এর ব্যবহার মতে।

قوله ذُوْ ـ ذُوْ ঃ দু'অর্থে ব্যবহৃত হয়। ১. صَاحِب (মালিক) যথা– ذُوْمَال (সম্পদশালী) এ অর্থে এটা معرب এবং اَسْمَاءِ سِتَّه এর একটি, ২. اَلَّذِىْ বা اَلَّتِىْ অর্থে এটাও বনী তাঈ এর ব্যবহার মোতাবেক। এ অর্থে এটা মবনী

এবং واحد ، تثنيه ، جمع এবং مذكر، مؤنث সবার জন্যে ব্যবহৃত হয়। যথা- رَأَيْتُ ذُوْ قَامَ- جَاءَنِيْ ذُوْقَامَ-مَرَرْتُ بِذُوْ قَامَ ও শে'র ..... فَإِنَّ الْمَاءَ -

قوله اَلْمَاءُ الخ ঃ এর মধ্যেও ذُوْ শব্দটি اَلَّذِيْ অর্থে। শে'রটি সেনান ইবনে ফাহল তাঈ বা কারো মতে খাজা আবদুল মুত্তালিবের রচিত। শে'রের অর্থ- এই যে পানি নিয়ে কলহ দ্বন্দ্ব সৃষ্টি হয়েছে, তা আমার বাপ-দাদার মালিকানাধীন, অর্থাৎ পৈত্রিক সূত্রে আমি তার মালিক। আর যে কূপটি নিয়ে দ্বন্দ্ব হচ্ছে তা আমিই খনন করেছি। আমিই তার পাড় বেঁধেছি -طَوَيْتُ পাড় নির্মাণ অর্থে।

قوله يَجُوْزُ حَذْفُ الْعَائِدِ الخ অর্থাৎ صِلَه যদি مفعول হয় তাহলে صِلَه এর যমীর যা موصول এর দিকে ফিরে তাকে শব্দ থেকে حذف করা জায়েয। কারণ اَلْمَفْعُوْلُ فَضْلَةٌ তবে অর্থের দিক দিয়ে তা উহ্য ধর্তব্য হবে। যথা- قَامَ الَّذِيْ ضَرَبْتُ মূলত ضَرَبْتُهُ ছিল। তবে حَذْف এর কোন প্রতিবন্ধক থাকলে তখন حذف করা জায়েয নেই।

★ **ফায়েদা ঃ** مفعول به ছাড়াও কতিপয় স্থানে عَائِد (যমীর)কে حذف করা জায়েয। যথা-

১. عائِد এমন মুবতাদা হলে যার খবরটি جمله বা ظرف হয় ২. اى এর পরে হলে, ৩. صلة দীর্ঘ হওয়ার ভয় হলে যথা- هُوَ الَّذِيْ فِي السَّمَاءِ اِلٰهٌ وَفِي الْاَرْضِ اِلٰهٌ ৪. عائد টি مجرور হলে যদি حرف ও مجرور নির্দিষ্ট হয়। যথা- اَنَسْجُدُ لِمَا تَأْمُرُنَا এখানে تَأْمُرُنَا بِهِ ছিল ৫. যে যমীরের দিকে صِيْغَةُ صِفت মুযাফ হয় এবং প্রকৃতপক্ষে তা مفعول হলে যথা- اَلَّذِيْ اَنَا ضَارِبُ زَيْدٍ মূলত ضَارِبُهُ زَيْدٌ ছিল।

قوله وَاعْلَمْ اَنَّ اَيًّا وَ اَيَّةً الخ ঃ অর্থাৎ اَيٌّ وَاَيَّةٌ এ দুটি শব্দ معرب তবে এ দুটি যদি মুযাফ হয় আর صَدْرِ صِلَه (صِلَه এর প্রথম অংশ) উহ্য হয় কেবল সেক্ষেত্রে مبنى হয়। যেমন- ثُمَّ لَنَنْزِعَنَّ এর মধ্যে মূলত هواشد ছিল।

★ এসময় مبنى হওয়ার কারণ এই যে, صَدْرِ صله টি حذف হলে সেটি مُحْتَاجُ إِلَى الْغَيْرِ হওয়ার দিক দিয়ে حرف এর مشابه হয়ে যায়, এ কারণে মবনী হয়।

★ উল্লেখ্য যে, اَيٌّ واَيَّةٌ এর ব্যবহারের ৪টি অবস্থা (ছূরত) হতে পারে- কেননা এ দুটি مضاف হয়ে ব্যবহৃত হবে বা না, এবং উভয় ক্ষেত্রে তার صَدْرِ صِلَه উল্লেখ থাকবে বা না। সুতরাং ২ × ২ = ৪ ছূরত হল। যেমন- ১. مضاف হয়ে صدر صِلَه উল্লেখ থাকবে না যথা- جَاءَنِيْ اَيٌّ هُوَ قَائِمٌ ২. مضاف হবে না صدرصله ও উল্লেখ থাকবে না, যথা- جَاءَنِيْ اَيٌّ قَائِمٌ ৩. مُضاف হবে صَدْرِ صِلَه উল্লেখ থাকবে। যথা- جَاءَنِيْ اَيُّهُمْ هُوَ قَائِمٌ ৪. مضاف হবে صَدرصِله উল্লেখ থাকবে না। جَاءَنِيْ اَيُّهُمْ قَائِمٌ এসময় (মবনী)। চিত্রে اَيٌّ ও اَيَّةٌ এর ব্যবহার -

معرب/مبنى	مجرور	منصوب	مرفوع		مضاف/ غيرِ مُضاف	
معرب	مَرَرْتُ بِاَيٍّ هُوَ قَائِمٌ	رَأَيْتُ اَيًّا هُوَ قَائِمٌ	جَاءَنِيْ اَيٌّ هُوَ قَائِمٌ	صُدْرِصِلَه مذكور	غَيْرِ مُضَاف	مذكر/اَيٌّ
	مَرَرْتُ بِاَيٍّ قَائِمٌ	رَأَيْتُ اَيًّا قَائِمٌ	جَاءَ اَيٌّ قَائِمٌ	صدرِ صِلَهٔ غَيْرِ مَذكورْ		
	مَرَرْتُ بِاَيِّهِمْ هُوَ قَائِمٌ	رَأَيْتَ اَيَّهُمْ هُوَ قَائِمٌ	جَاءَنِيْ اَيُّهُمْ هُوَ قَائِمٌ	صدر صله مذكور	مُضاف	
مبنى	مَرَرْتُ بِاَيُّهُمْ قَائِمٌ	رَأَيْتُ اَيُّهُمْ قَائِمٌ	جَاءَنِيْ اَيُّهُمْ قَائِمٌ	صدر صله غير مذكور		
معرب	مررتُ بِاَيَّةٍ هِىَ قائمة	رَأيتُ ايةً هِى قَائمةٌ	جَاءَتْنِي اَيَّةٌ هِىَ قَائمةٌ	صدر صله مذكور	غير مضاف	مؤنث/اَيَّةٌ
	مَرَرْتُ بِاَيَّةٍ قَائِمَةٌ	رَأيتُ اَيَّةً قَائِمَةٌ	جَاءَتْنِيْ اَيَّةٌ قَائِمَةٌ	صدر صله غير مذكور		
	مررتُ بِاَيَّتِهِنَّ هِى قائمةٌ	رَأيتُ ايَّتَهُنَّ هِىَ قائمةٌ	جَاءَتْنِيْ اَيَّتُهُنَّ هِىَ قَائِمَةٌ	صدر صله مذكور	مضاف	
مبنى	مررتُ بِاَيَّتُهُنَّ قائمةٌ	رَأيتُ اَيَّتُهُنَّ قَائِمَةٌ	جَاءَتْنِيْ اَيَّتُهُنَّ قائمةٌ	صدر صله غير مذكور	اى/اية	

فَصْلٌ ـ أَسْمَاءُ الْأَفْعَالِ هُوَ كُلُّ اِسْمٍ بِمَعْنَى الْأَمْرِ أَوِالْمَاضِىْ نَحْوُ رُوَيْدَ زَيْدًا اَىْ أَمْهِلْهُ وَهَيْهَاتَ زَيْدٌ اَىْ بَعُدَ اَوْ كَانَ عَلٰى وَزْنِ فَعَالِ بِمَعْنَى الْاَمْرِ وَهُوَ مِنَ الثُّلَاثِىِّ قِيَاسٌ كَنَزَالِ بِمَعْنَى اِنْزِلْ وَتَرَاكِ بِمَعْنٰى اُتْرُكْ وَيُلْحَقُ بِهٖ فَعَالِ مَصْدَرًا مَعْرِفَةً كَفَجَارِ بِمَعْنَى الْفُجُوْرِ اَوْصِفَةً لِلْمُؤَنَّثِ نَحْوُ يَافَسَاقِ بِمَعْنٰى فَاسِقَةٍ وَيَالَكَاعِ بِمَعْنٰى لَاكِعَةٍ اَوْ عَلَمًا لِلْاَعْيَانِ الْمُؤَنَّثَةِ كَقَطَامِ وَغَلَابِ وَحَضَارِ وَهٰذِهِ الثَّلٰثَةُ لَيْسَتْ مِنْ اَسْمَاءِ الْاَفْعَالِ وَاِنَّمَا ذُكِرَتْ هٰهُنَا لِلْمُنَاسَبَةِ ـ فَصْلٌ ـ اَلْاَصْوَاتُ كُلُّ لَفْظٍ حُكِىَ بِهٖ صَوْتٌ كَغَاقِ لِصَوْتِ الْغُرَابِ اَوْصُوِّتَ بِهِ الْبَهَائِمُ كَنَخْ لِاِنَاخَةِ الْبَعِيْرِ ـ

পরিচ্ছেদ–৪ : اسماء افعال (ক্রিয়াবাচক বিশেষ)

অনুবাদ॥ أَسْمَاءِ افْعَال-এর সংজ্ঞা : أَسْمَاءِ افْعَال এমন সব ইসম বা বিশেষ্যকে বলে যা امر ও ماضى -এর অর্থে ব্যবহৃত হয়। যেমন– رُوَيْدَ زَيْدًا অর্থাৎ أَمْهِلْهُ (তাকে ছেড়ে দাও) ও هَيْهَاتَ زَيْدٌ অর্থাৎ بَعُدَ (দূর হয়েছে) অথবা فَعَالِ এর ওযনে আমরের অর্থবোধক হবে এবং তা তিন অক্ষর বিশিষ্ট ফে'ল হতে কেয়াসের ভিত্তিতে গঠিত হবে। যেমন– نَزَالِ যা اِنْزِلْ (অবতীর্ণ হও) অর্থে ব্যবহৃত হয়েছে এবং تَرَاكِ যা اُتْرُكْ (ছেড়ে দাও) অর্থে ব্যবহৃত হয়েছে।

★ فَعَالِ এর ওযনটিও اسماء افعال এর সাথে যুক্ত যা مَصْدَرِ مَعْرِفه অর্থে ব্যবহৃত। যেমন– فَجَارِ -এর অর্থ اَلْفُجُوْرُ (দূরাচার) অথবা স্ত্রীলিঙ্গের সিফাত হতে রূপান্তরিত। যেমন– يَافَسَاقِ টি يَا فَاسِقَةٍ অর্থে (হে দুষ্কৃতিকারিণী) এবং يَالَكَاعِ টি يَا لَاكِعَةٍ (হে অপমানিতা নারী) অথবা স্ত্রীলিঙ্গের নামবাচক হবে। যেমন– قَطَامِ، غَلَابِ ও حَضَارِ এ (শেষোক্ত) তিনটি শব্দ أَسْمَاءِ افْعَال এর অন্তর্ভুক্ত নয়। তবে ওযনে মিল থাকায় এখানে উল্লেখিত হয়েছে।

পরিচ্ছেদ– ৫ : أَصْوَات (ধ্বনিসূচক পদ)

أَصْوَات এর সংজ্ঞা : اصوات ঐ সকল শব্দকে বলে যদ্বারা কোন ধ্বনি বা আওয়ায নকল করা হয়। যেমন– غاق কাকের আওয়াজ। অথবা যদ্বারা কোন জন্তুকে আওয়াজ দেয়া হয়। যেমন– نخ যা উট বসানোর জন্য বলা হয়।

প্রাসঙ্গিক আলোচনা : أَسْمَاءُ الْأَفْعَالِ : قوله أَسْمَاءُ الْأَفْعَال (ক্রিয়াবাচক বিশেষ্য) : এর তুলনায় اسماء أَصْوَات এর মবনী হওয়ার কারণটি শক্তিশালী হওয়ায় একে اسماء أَصْوَات এর আগে আনা হয়েছে, আর শক্তিশালী এ কারণে যে, এগুলো فعل ماضى বা امر এর সাথে অর্থ ও আমল উভয় দিক দিয়ে মিল রাখে। اسماء أصوات কেবল عَدَمِ تَرْكِيْب এর কারণে حروف এর সাথে مُشَابَه রাখে।

اسماء افعال টা مركب اضافى হয়ে মুবতাদা, যমীরটি فصل স্বরূপ ব্যবহৃত اعراب এর দিক দিয়ে এর কোন স্থান নেই। كُلُّ اِسْمٍ তার পরবর্তী অংশ মিলে খবর। كُلُّ اسْمٍ বলার দ্বারা حقيقى امر ও ماضى খারিজ হয়ে গেল। সংজ্ঞায় بِمَعْنَى الْاَمْرِ وَالْمَاضِى এর সাথে وَضْعًا একটা قيد উহ্য হবে যাতে ضَارِبٌ أَمْسِ এর ضَارِبٌ যা ماضى এর অর্থে ব্যবহৃত হয় তা বের হয়ে যায়। কেননা এটা মাযীর অর্থ দিলেও وضع হিসেবে নয়। বরং أَمْسِ এর قرينه দ্বারা বুঝাচ্ছে।

قوله بِمَعْنَى الْاَمْرِ اَوِ الْمَاضِى : এর দ্বারা اسماء افعال দু প্রকার হওয়ার প্রতি ইঙ্গিত করা হয়েছে। অবশ্য কিছু اسم فعل মুযারের অর্থেও ব্যবহৃত হয়।

১. إِسْمِ فِعْلِ بِمَعْنَى أَمْرٍ - امر অর্থে ব্যবহৃত اسم فعل গুলোর মধ্যে فَعَالِ ওযনটি বিভিন্নরূপে ব্যবহৃত হয়। যথা- ثُلَاثِي مُجَرَّد থেকে قِيَاس ভিত্তিক فَعَالِ এর ওযনে আসলে তা امر এর অর্থ দেয়। যথা- نَزَالِ، تَرَاكِ، كَتَابِ، مَنَاعِ প্রভৃতি। এগুলো সর্বৈক্য মতে মবনী।

২. فَعَالِ এর ওযনে مَعْدُول হয়ে মাসদারের অর্থ দিলে তা মবনী হবে। যথা- فَجَارِ، اَلْفُجُوْر অর্থে حَمَادِ الْمَحْمِدَةُ অর্থে।

৩. فَعَالِ এর ওযনে مؤنث এর সিফত বুঝালে তা মবনী। যথা- فَسَاقِ টি فَاسِقَةٍ অর্থে ও لَكَاعِ টি لَاكِعَةٍ (নিকৃষ্ট) অর্থে।

৪. فَعَالِ এর ওযনের مُؤَنَّثِ مَعْدول এর عَلَم (নাম)-গুলো মবনী। যথা- حَضَارِ (তারকার নাম كُوكَبَةٌ এর তাবীলে (مونث) ও غَلَابِ قَطَامِ (উভয়টি মহিলার নাম) শেষোক্ত তিনটি যদিও اسم فعل নয় তথাপি ওযন ও عَدْل এর ক্ষেত্রে فعل এর সাথে مُنَاسَبَت এর দরুন মবনী। কেননা এগুলোর ওযন হুবহু امر এর অর্থে ব্যবহৃত فَعَالِ এর ওযনে, আর عدل এর দিক দিয়ে مناسبت এর উদ্দেশ্য এই যে, فَعَالِ এর ওযনে امر এর অর্থটা مُبَالَغَة এর জন্য امر থেকেই عدول (পরিবর্তিত) হয়েছে। অর্থাৎ اِنْزِلْ،نَزَالِ থেকে اُتْرُكْ،تَرَاكِ থেকে ইত্যাদি। এভাবে মাসদারের অর্থে ব্যবহৃত فَعَالِ সিফতের অর্থে ব্যবহৃত فَعَالِ এবং নাম বাচক فَعَالِ সবগুলোই مَعْدُول রূপান্তরিত হয়েছে। فَسَاقِ ، فَاسِقَةٍ থেকে لَكَاعِ ، لَاكِعَةٍ থেকে فَجَارِ اَلْفُجُوْر থেকে ইত্যাদি।

★ **ফায়েদা ঃ** ক. امر এর অর্থে ব্যবহৃত কতিপয় اسم فعل নিম্নরূপ-

১. اٰمِيْن - تَقَبَّلْ অর্থে (কবুল করুন), ২. حَيَّ - اَقْبِلْ (আস), ৩. عَلَيْكَ - اِلْزَمْ (আকড়ে ধর), ৪. - اِسْرَعْ هَيَّا (তাড়াতাড়ি এস), ৫. صَهْ - اُسْكُتْ (চুপ কর), ৬. مَهْ - اِنْكَفِفْ (বিরত থাক), ৭. حَيَّهَلْ - اَقْبِلْ (দ্রুত এস), ৮. حَيَّهَلْ - اِيْتِ (দ্রুত এস), ৯. هَا - خُذْ (ধর), ১০. رُوَيْدَ - اَمْهِلْ (ছেড়ে দাও), ১১. هَلُمَّ - اَقْبِلْ (আস). ১২. تَعَيَّدْ - تَبَدَّحْ ، اَمْهِلْ (অবকাশ দাও।) অর্থে।

খ. فعل ماضى এর অর্থে ব্যবহৃত اسمائے افعال

১. هَيْهَاتَ - بَعُدَ (দূরবর্তী হল), ২. شَتَّانَ - اِفْتَرَقَ (বিচ্ছিন্ন হল), ৩. سَرْعَانَ - سَرُعَ (তাড়াতাড়ি করল)

গ. مضارع অর্থে যথা- ১. اُفٍّ - اَتَضَجَّرُ (আমি কষ্ট পাচ্ছি), ২. اَوَّهْ - اَتَاَلَّمُ (আমি ব্যথা পাচ্ছি), ৩. - اَتَعَجَّبُ (আমি অবাক হচ্ছি), ৩. وَائٍ (تَوَجَّعْتُ) (আমি ব্যথা অনুভব করছি) অর্থে।

উল্লেখ্য যে, ৩য় প্রকারটি اِنْشَاء এর জন্য ব্যবহৃত।

قوله الْاَصْوَات الخ ঃ اَصْوَات (ধ্বনিসূচকপদ) صَوْتٌ এর বহুঃ স্বর, আওয়াজ, ধ্বনি, পরিভাষায় যে সব শব্দ দ্বারা কোন স্বর বা ধ্বনি নকল করা হয় বা আওয়াজ দেয়া হয় তাকে اسماء اَصْوَات বলে।

★ এগুলো মবনী হওয়ার কারণ হল مركب না হওয়া বা حرف এর ন্যায় স্বরূপে বিদ্যমান থাকা। কেননা এগুলো معرب হয়ে বিভিন্ন হালতে পরিবর্তন হলে নকল ঠিক থাকবে না।

قوله صَوَّتَ بِهِ الْبَهَائِمُ ঃ بَهَائِم ، بَهِيْمَةٌ-এর বহুঃ অর্থ চতুষ্পদ প্রাণী, এখানে চতুষ্পদ খাছ নয় বরং مُطْلَقْ (স্বাভাবিক) প্রাণী উদ্দেশ্য। এমনকি অজ্ঞান-অবুঝ শিশুদের উদ্দেশ্যে ব্যবহৃত অর্থহীন শব্দও এতে শামিল। কোন কোন ব্যাখ্যাকার সকল ধ্বনিকে শামিল করার জন্য بَهَائِم এর পরে وَغَيْرِه শব্দ যোগ করেছেন।

কতিপয় ব্যবহৃত اَسْمائے اَصْوَاتْ নিম্নরূপ-

১. উটকে বসানোর জন্য نَخٌ، بَخٌ
২. উটকে পানি পান করানোর জন্য جِىْ - جُوْتَ
৩. উটের গতি থামানোর জন্য هَدَعْ
৪. গাধাকে পানি পান করাতে নেয়ার জন্য تَشْوُءْ - شَاءْ
৫. মুরগীর খাদ্য দেয়ার সময় ডাকার জন্য دَجْ ، قَوْسْ
৬. ভেড়াকে খাদ্যের দিকে ডাকার জন্য عَاحَا ، حَاحَا
৭. ধীর গতি সম্পন্ন উটকে হাকানোর জন্য هِيْلَ ، هَادْ ، جِهْ - প্রভৃতি।

فَصْلٌ - اَلْمُرَكَّبَاتُ كُلُّ اِسْمٍ رُكِّبَ مِنْ كَلِمَتَيْنِ لَيْسَتْ بَيْنَهُمَا نِسْبَةٌ فَاِنْ تَضَمَّنَ الثَّانِى حَرْفًا يَجِبُ بِنَاؤُهُمَا عَلَى الْفَتْحِ كَاَحَدَ عَشَرَ اِلَى تِسْعَةَ عَشَرَ اِلَّا اِثْنَى عَشَرَ فَاِنَّهَا مُعْرَبَةٌ كَالْمُثَنَّى وَاِنْ لَمْ يَتَضَمَّنْ ذٰلِكَ فَفِيْهَا لُغَاتٌ اَفْصَحُهَا بِنَاءُ الْاَوَّلِ عَلَى الْفَتْحِ وَاِعْرَابُ الثَّانِى غَيْرَ مُنْصَرِفٍ كَبَعْلَبَكُّ نَحْوُ جَائَنِى بَعْلَبَكُّ وَرَاَيْتُ بَعْلَبَكَّ وَمَرَرْتُ بِبَعْلَبَكَّ ـ

فَصْلٌ - اَلْكِنَايَاتُ هِىَ اَسْمَاءٌ تَدُلُّ عَلَى عَدَدٍ مُبْهَمٍ وَهِىَ كَمْ وَكَذَا اَوْحَدِيْثٍ مُبْهَمٍ وَهُوَ كَيْتَ وَذَيْتَ،

পরিচ্ছেদ- ৬ ঃ مُرَكَّبَاتُ (যুক্ত পদ)

অনুবাদ॥ مُرَكَّبَاتُ এর সংজ্ঞা ঃ مُرَكَّبَاتُ ঐ সকল ইসমকে বলে যা এমন দু'টি শব্দ দ্বারা গঠিত যার মধ্যে পরস্পর কোন সম্বন্ধ নেই। যদি দ্বিতীয় শব্দটি কোন حرف উহ্য রাখে তবে তা فتح এর উপর مَبْنِى হবে। যেমন– اَحَدَ عَشَرَ হতে تِسْعَةَ عَشَرَ পর্যন্ত; اِثْنَا عَشَرَ ছাড়া। কেননা এটি দ্বি-বচনের ন্যায় মু'রাব। আর যদি দ্বিতীয় শব্দটি কোন বর্ণ উহ্য না রাখে তবে সে ব্যাপারে কয়েকটি অভিমত রয়েছে। তন্মধ্যে বিশুদ্ধ অভিমত এই যে, প্রথমটি فتح এর উপর মবনী হবে এবং দ্বিতীয়টিতে غَيْرِ مُنْصَرِف -এর اِعراب হবে। যেমন– جَاءَنِى بَعْلَبَكُّ - رَاَيْتُ بَعْلَبَكَّ - مَرَرْتُ بِبَعْلَبَكَّ

পরিচ্ছেদ – ৭ ঃ كِنَايَاتُ (সংকেতসূচক পদ)

كِنَايَاتُ এর সংজ্ঞা ঃ كِنَايَاتُ এমন ইসমকে বলে যা কোন অনির্দিষ্ট সংখ্যা বুঝায়। যেমন– كَمْ (কত) ও كَذَا (এত) অথবা অস্পষ্ট কথা বুঝায়, যেমন– كَيْتَ (এরূপ) ও ذَيْتَ (যেরূপ)।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله اَلْمُرَكَّبَاتُ كُلُّ الخ ঃ اَلْمُرَكَّبَاتُ এর الف ولام টি جِنْس এর জন্য, এতে কম-বেশী সবই শামিল। অন্যথায় المركبات মুবতাদা বহুঃ এর উপর كل اسم খবর একবচন-এর حَمْل সহীহ হয় না। (উপরে اَلْاَصْوَاتُ كُلُّ اِسْمٍ এর মধ্যে الف لام টি جِنْس এর জন্য) অতএব جَمْعِيَّت বাতিল হয়ে অর্থ হবে اَلْمُرَكَّبُ كُلُّ اِسْمٍ

قوله لَيْسَتْ بَيْنَهُمَا الخ ঃ এ বাক্যটি كَلِمَتَيْنِ এর সিফত, অর্থাৎ مركب এমন সব اسم কে বলে যা এমন দুটি حَقِيْقِى বা حُكْمِى শব্দ দ্বারা গঠিত যে দুটির মাঝে تركيب এর আগে পরে কোন نِسْبَتُ বা সম্বন্ধ থাকে না। এর দ্বারা مُرَكَّبِ اِسْنَادِىْ ، مُرَكَّبِ صَوْتِىْ ও مركب مَنْع صَرْف، بِنَائِى توَصِيْفِى ও اِضَافِىْ বের হয়ে গেল। আর রয়ে গেল।

সংজ্ঞায় মুনান্নিফ র. مِنْ اِسْمَيْنِ না বলে مِنْ كَلِمَتَيْنِ বলেছেন এ কারণে যাতে দু ইসম বা একটি ইসম ও একটি فِعْل দ্বারা গঠিত উভয় مُرَكَّب এর অন্তর্ভূক্ত হয়। যথা– بَعْلَبَكُّ ও حَضَرَ مَوْتُ، بُخْتَ نَصَرَ -এভাবে একটি اسم ও একটি لَفْظ صَوْت দ্বারা مُرَكَّب যথা سِيْبَوَيْهِ، نِفْطَوَيْهِ ইত্যাদি শামিল হয়।

قوله فَإِنْ تَضَمَّنَ الثَّانِيْ الخ ঃ مُرَكَّبٌ এর দ্বিতীয় جُزْء যদি কোন حَرْف কে তার মধ্যে লুকায়িত রাখে তাহলে উভয় جزء (শব্দ) যবরের উপর মবনী হবে। যেমন- اَحَدَ عَشَرَ থেকে تِسْعَةَ عَشَرَ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে একটি واو হরফ লুকায়িত আছে। যথা اَحَدٌ وَّعَشَرٌ ইত্যাদি। তবে إِثْنَا عَشَرَ এর প্রথম অংশ إِثْنَا টি مُعْرَبٌ -

★ উপরোক্ত সংখ্যাগুলো مُبْنِى হওয়ার কারণ এই যে,, حرف যেহেতু মবনী সুতরাং তার মধ্যে কোন শব্দে উহ্য থাকলে তার আছরে সেটিও মবনী হয়ে যাবে। সুতরাং واو টি عَشَرَ তথা দ্বিতীয় অংশের মধ্যে উহ্য থাকায় মবনী হয়েছে। আর প্রথম অংশ মবনী এ জন্য যে, উভয় শব্দ মিলে এক শব্দে পরিণত হয়েছে। আর শব্দের মাঝে কোন পরিবর্তন হয় না বিধায় প্রথম অংশটিও মবনী। যবর যেহেতু اَخَفُّ الْحَرَكَاتِ এ কারণে যবরের উপরই মবনী হয়েছে।

★ আর إِثْنَا عَشَرَ এর মধ্যে إِثْنَا টা মূলত إِثْنَانِ ছিল। إِضَافَتْ এর সময় যেরূপ تثنيه বা جمع এর নূন পড়ে যায় তদরূপ এখানেও نون বিলুপ্ত হয়েছে। এ হিসেবে اسم معرب তথা مضاف এর সাথে এর مُشَابَهَاتُ (সামঞ্জস্য) শক্তিশালী হওয়ায় معرب রয়ে গেছে। কেননা مضاف টা مبنى হওয়াকে জরুরী করে না।

قوله وَاِنْ لَمْ يَتَضَمَّنْ الخ ঃ অর্থাৎ مُرَكَّبٌ এর দ্বিতীয় অংশ যদি কোন حرف কে লুকিয়ে না রাখে তাহলে উক্ত অংশটি معرب বা مبنى হওয়ার ব্যাপারে মত নৈক্য রয়েছে। যথা- ১. সর্বাধিক বিশুদ্ধ মতে غير منصرف রূপে معرب হবে। অর্থাৎ তাতে كسره ও تنوين আসবে না। সুতরাং কিছুটা হলেও مبنى এর নিকটবর্তী। আর প্রথম অংশটি যবরের উপর মবনী হবে। যথা- جَائَنِىْ بَعْلَبَكُّ، رَأَيْتُ بَعْلَبَكَّ ও مَرَرْتُ بِبَعْلَبَكَّ -

২. কারো কারো মতে উভয় অংশ معرب - প্রথম অংশটি দ্বিতীয় অংশের দিকে مضاف হবে। সুতরাং দ্বিতীয় অংশ مضاف اليه হিসেবে مجرور হবে। যথা- هٰذَا بَعْلُبَكٍّ، رَأَيْتُ بَعْلَبَكٍّ ও مَرَرْتُ بِبَعْلِبَكٍّ

৩. مُرَكَّبِ بِنَائِى (اَحَدَ عَشَرَ)-এর ন্যায় উভয় অংশ যবরের উপর মবনী।

৪. উভয় অংশ معرب তবে প্রথম অংশ মুযাফ ও দ্বিতীয় অংশ غير منصرف হবে। যথা-، مَرَرْتُ بِبَعْلِبَكٍّ رَأَيْتُ بَعْلَبَكٌّ . هٰذَا بَعْلُبَكٌّ

★ ফায়েদা مُرَكَّبِ صَوْتِى এর ব্যবহার খুবই কম হওয়ায় মুসান্নিফ (র.) এর কথা উল্লেখ করেন নি। مركب টি সবার মতে مبنى যথা- سيبويه প্রভৃতি।

قوله اَلْكِنَايَاتُ ঃ كِنَايَات শব্দটি كِنَايَةٌ এর বহুবচন। كَنٰى يَكْنِى كِنَايَةً অর্থ ইশারা করা, পরিভাষায় যেসব শব্দ অস্পষ্ট কথা বা সংখ্যার প্রতি ইঙ্গিত বুঝায় তাকে اسمائے كِنَايَاتْ বলে। এ ধরনের اسم গুলো মবনী।

সংজ্ঞা দ্বারা বুঝা গেল যে, كِنَايَه দু'প্রকার। ক. كِنَايَةُ لِلْعَدَدْ (সংখ্যা জ্ঞাপক কেনায়া) ও খ. كِنَايَةُ لِلْحَدِيْثْ (কথা জ্ঞাপক কেনায়) এর শব্দ ৩টি كَمْ ،كَذَا ও كَاَيِّنْ, যথা -

كَاَيِّنْ مِّنْ دَابَّةٍ لَاتَحْمِلُ رِزْقَهَا ـ عِنْدِىْ كَذَادِرْهَمًا ـ كَمْ مَالٍ اَنْفَقْتَ

وَاعْلَمْ اَنَّ كَمْ عَلٰى قِسْمَيْنِ: اِسْتِفْهَامِيَّةٌ وَمَا بَعْدَهَا مَنْصُوْبٌ مُفْرَدٌ عَلٰى التَّمْيِيْزِ نَحْوُ كَمْ رَجُلًا عِنْدَكَ وَخَبَرِيَّةٌ وَمَا بَعْدَهَا مَجْرُوْرٌ مُفْرَدٌ نَحْوُ كَمْ مَالٍ اَنْفَقْتَهُ اَوْ مَجْمُوْعٌ نَحْوُ كَمْ رِجَالٍ لَقِيْتُهُمْ وَمَعْنَاهُ اَلتَّكْثِيْرُ وَتَدْخُلُ مِنْ فِيْهِمَا تَقُوْلُ كَمْ مِنْ رَجُلٍ لَقِيْتُهُ وَكَمْ مِنْ مَالٍ اَنْفَقْتُهُ

অনুবাদ॥ كَمْ-এর প্রকারভেদ ঃ জেনে রেখ যে, كَمْ দু'প্রকার– (১) كَمْ اِسْتِفْهَامِيَّة -এর পরবর্তী শব্দটি تَمْيِيْز হিসেবে যবরবিশিষ্ট এবং একবচন হয়। যেমন– كَمْ رَجُلًا عِنْدَكَ (তোমার নিকট কতজন পুরুষ আছে?)

(২) كَمْ خَبَرِيَة -এর পরবর্তী শব্দটি যেরবিশিষ্ট ও একবচন হয়। যেমন– كَمْ مَالٍ اَنْفَقْتُهُ (আমি অনেক সম্পদ খরচ করেছি) অথবা বহুবচন হয়। যেমন–كَمْ رِجَالٍ لَقِيْتُهُمْ (আমি অনেক পুরুষের সাথে সাক্ষাৎ করেছি)। كَمْ خَبَرِية টি আধিক্যের অর্থ বুঝায়। উভয় প্রকার كَمْ এর পরে مِنْ ব্যবহৃত হয়। যেমন তুমি বলবে– كَمْ مِنْ رَجُلٍ لَقِيْتُهُ (তুমি কত লোকের সাথে সাক্ষাৎ করেছ।) ও كَمْ مِنْ مَالٍ اَنْفَقْتُهُ (আমি অনেক সম্পদ খরচ করেছি।)

প্রাসঙ্গিক আলোচনা ঃ ★ كَمْ দু'ধরনের– ক. اِسْتِفْهَامِيه ও খ. خَبَرِيه

★ كَمْ اِسْتِفْهَامِيه এর বিধানসমূহ ঃ (تميز) হিসেবে

ক. كم استفهاميه এর পরের শব্দটি منصوب ও مفرد হয় যথা– كَمْ رَجُلًا ضَرَبْتَ

খ. استفهام সব সময় صُدْرِ كَلَامْ (বাক্যের শুরুতে আসে) সুতরাং এটিও বাক্যের শুরুতে আসবে।

গ. مذكر ، مؤنث এধরনের ক্ষেত্রে অপরিবর্তনীয় থাকবে।

ঘ. قرينة এর ভিত্তিতে تميز কে حذف করা জায়েয।

★ كم خبرية টি অজ্ঞাত সংখ্যক বস্তু নির্দেশ করে।

ক. كم خبرية এর পরের শব্দটি সর্বদা مجرور হয়। যথা– كَمْ مَالٍ اَنْفَقْتُ

খ. كم خبرية এর পরবর্তী اسم টি مفرد ও مجموع উভয়ই হতে পারে। যথা–كَمْ رِجَالٍ لَقِيْتُهُمْ

গ. قرينة এর ভিত্তিতে এর تميز কে حذف করা জায়েয। যথা– كَمْ ضَرْبَةٍ ضَرَبْتَ

ঘ. كم خبرية বাক্যের শুরুতে এসে تَكْثِيْر তথা আধিক্যের অর্থ দেয়।

قَوْلُهُ وَتَدْخُلُ مِنْ فِيْهِمَا ঃ অর্থাৎ كَمِ استفهاميه ও خبريه উভয়ের تميز এর পূর্বে কখনো কখনো مِنْ بَيَانِيَة ব্যবহৃত হয়। তখন উভয়ের تميز টি محرور হয় এবং قرينة দ্বারা كَمِ اِسْتِفْهَامِيه বা خَبَرِية বুঝতে হবে।

★ উল্লেখ্য যে, كَمْ ও তার تميز এর মাঝে কোন فعلِ مُتَعَدِّى আসলে তখন উভয়ের تميز এর মাঝে مِنْ আনা আবশ্যক। যাতে تميز ও مفعول به এর মাঝে اِلْتِبَاسْ না হয় (মিশে না যায়) যেমন– كَمْ اَهْلَكْنَا مِنْ قَرْيَةٍ

★ قَوْلُهُ وَكَذَا ঃ كَذَا শব্দটি মূলত كاف تشبيه ও اسم اشاره ذَا এর সমন্বয়ে গঠিত। এটাও كم خبرية এর ন্যায় অর্থ দেয় তবে পার্থক্য এই যে, ক. এটি কম-বেশী সব ধরনের সংখ্যার প্রতি ইঙ্গিত করে। যেমন– انفقت كَذَا খ. এর تميز সর্বদা منصوب হয়। গ. বাক্যের মাঝে বা শেষে ব্যবহৃত হয়, ঘ. এর সাথে واوِ عاطفه এর مُكَرَّرْ (দিরুক্ত) হয়, ঙ. এর تميز এর পূর্বে مِنْ আসে না।

وَقَدْ يُحْذَفُ التَّمْيِيْزُ لِقِيَامِ قَرِيْنَةٍ نَحْوُكَمْ مَالُكَ اَىْ كَمْ دِيْنَارًا مَالُكَ وَكَمْ ضَرَبْتَ اَىْ كَمْ ضَرْبَةٍ ضَرَبْتَ ـ وَاعْلَمْ اَنَّ كَمْ فِي الْوَجْهَيْنِ يَقَعُ مَنْصُوْبًا اِذَا كَانَ بَعْدَهُ فِعْلٌ غَيْرُ مُشْتَغِلٍ عَنْهُ بِضَمِيْرِهٖ نَحْوُ كَمْ رَجُلًا ضَرَبْتَ وَكَمْ غُلَامٍ مَلَكْتَ مَفْعُوْلًا بِهٖ وَنَحْوُ كَمْ ضَرْبَةً ضَرَبْتَ وَكَمْ ضَرْبَةٍ ضَرَبْتُ مَصْدَرًا وَكَمْ يَوْمًا سِرْتَ وَكَمْ يَوْمٍ صُمْتُ مَفْعُوْلًا فِيْهِ وَمَجْرُوْرًا اِذَا كَانَ قَبْلَهُ حَرْفُ جَرٍّ اَوْ مُضَافٌ نَحْوُ بِكَمْ رَجُلًا مَرَرْتَ وَعَلٰى كَمْ رَجُلٍ حَكَمْتَ وَغُلَامَ كَمْ رَجُلًا ضَرَبْتَ وَمَالَ كَمْ رَجُلٍ سَلَبْتَ وَمَرْفُوْعًا اِذَا لَمْ يَكُنْ شَيْئًا مِنَ الْاَمْرَيْنِ مُبْتَدَأً اِنْ لَمْ يَكُنْ ظَرْفًا نَحْوُ كَمْ رَجُلًا اَخُوْكَ وَكَمْ رَجُلٍ ضَرَبْتُهُ وَخَبَرًا اِنْ كَانَ ظَرْفًا نَحْوُ كَمْ يَوْمًا سَفَرُكَ وَكَمْ شَهْرٍ صَوْمِىْ ـ

অনুবাদ ॥ قرينة বা ইংগিত পাওয়া যাওয়ার কারণে কোন কোন সময় তামীযকে বিলুপ্ত করা হয়। যেমন– كَمْ مَالُكَ অর্থাৎ كَمْ دِيْنَارًا مَالُكَ এবং كَمْ ضَرَبْتَ অর্থাৎ كَمْ ضَرْبَةٍ ضَرَبْتَ–

জেনে রাখ যে, كم উভয় অবস্থাতেই (كم خبرية হোক বা كم استفهامية) منصوب হয় যখন তার পরে এমন কোন فعل থাকে যা তার (كم এর) প্রতি প্রত্যাবর্তনকারী যমীরের কারণে كم এর মধ্যে আমল করা হতে বিরত না থাকে। এ যবর বিশিষ্ট হওয়াটা مفعول به হিসেবে হয়। যেমন– (كم استفهامية) كَمْ رَجُلًا ضَرَبْتَ ও كَمْ غُلَامٍ مَلَكْتَ (كم خبرية) অথবা মাসদার তথা مفعول مطلق হিসেবে। যেমন– كَمْ ضَرْبَةً ضَرَبْتَ (كم استفهامية) ও كَمْ ضَرْبَةٍ ضَرَبْتُ (كم خبرية) অথবা مفعول فيه হিসেবে। যেমন– كَمْ يَوْمًا سِرْتَ (كم استفهامية) ও كَمْ يَوْمٍ صُمْتُ (كم خبرية)

আর كم টি مجرور বা যের বিশিষ্ট হবে যখন তার পূর্বে حرف جر অথবা مضاف হবে। যেমন– بِكَمْ رَجُلًا مَرَرْتَ ও عَلٰى كَمْ رَجُلٍ حَكَمْتُ (হরফে জার আসার উদাহরণ) এবং غُلَامَ كَمْ رَجُلًا ضَرَبْتَ ও مَالَ كَمْ رَجُلٍ سَلَبْتُ (مضاف আসার উদাহরণ)।

আর كَمْ টি مرفوع বা পেশবিশিষ্ট হয় যখন উল্লেখিত বিষয়দ্বয়ের কোনটি না হয়। মুবতাদা হিসেবে مرفوع হবে যদি তা ظرف না হয়। যেমন– كَمْ رَجُلًا اَخُوْكَ ও كَمْ رَجُلٍ ضَرَبْتُهُ এবং খবর হিসেবে مرفوع হবে যদি তা ظرف হয়। যেমন– كَمْ يَوْمًا سَفَرُكَ ও كَمْ شَهْرٍ صَوْمِىْ –

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَقَدْ يُحْذَفُ الخ ঃ অর্থাৎ تميز এর ব্যাপারে বাক্যে কোন قرينة বা আলামত থাকলে كم استفهامية বা كم خبرية এর تميز কে حذف করা জায়েয। যথা– كَمْ مَالُكَ এটা كم استفهاميه এর تميز, حذف করার উদাহরণ। এখানে قرينة এই যে, كم استفهامية কখনো معرفه এর পূর্বে আসে না অথচ এখানে مَالُكَ টা مركب اضافى হয়ে معرفه হয়েছে। অতএব বুঝা গেল যে, এখানে কোন শব্দ তথা تميز উহ্য রয়েছে। আর তা হল دِيْنَارٌ ، دِرْهَمٌ ইত্যাদি মূল্য জ্ঞাপক শব্দ।

قوله كَمْ ضَرَبْتَ الخ ঃ এটা كم خبرية এর تميز কে حذف করার উদাহরণ। এখানে قرينة এই যে, كم خبرية কখনো فعل এর পূর্বে আসে না। অতএব বুঝা গেল যে, ضَرَبْتُ এর পূর্বে নিশ্চয়ই কোন تميز বা اسم উহ্য আছে। আর তাহল ضَرْبَةٌ –

★ **ফায়েদা** ঃ كم استفهامية টি استفهام এর অর্থ বিশিষ্ট হওয়ার কারণে حرف استفهام এর সাথে مشابه হওয়ায় مبني আর كم خبريه কে ও এর সাথে শামিল করা হয়েছে। খ. كَيْتَ وَذَيْتَ উভয়টি মূলত ইয়া তাশদীদযুক্ত ছিল, واو عاطفه এর সাথে উভয়টি مُكَرَّر ব্যবহৃত হয়। যেমন– سَمِعْتُ كَيْتَ وَكَيْتَ আমি এমন এমন শুনেছি। উভয় تاء -এ বসে যবর, যের, পেশ তিনো হরকত হতে পারে।

قوله وَاعْلَمْ أَنَّ كَمْ فِي الْوَجْهَيْنِ الخ ঃ উল্লেখ্য যে, كم استفهامية ও كم خبرية উভয়টি محل (তথা اعراب স্থান) এর দিক দিয়ে منصوب ، مجرور ও مرفوع সবই হতে পারে, মুসান্নিফ র. এখান থেকে তার বিস্তারিত বর্ণনা দিচ্ছেন।

১. উভয় প্রকার كَمْ ، منصوب হয় যখন তার পরে এমন কোন فعل বা شبه فعل থাকে যা كم বা كم এর متعلق এর দিকে ফিরার যমীরের কারণে كم এর মধ্যে আমল করা থেকে প্রতিবন্ধক না হয়। অর্থাৎ فعل বা شبه فعل টি যদি كم এর যমীর বা যমীরের متعلق এর মধ্যে আমল না করে তাহলে তখন كم উল্লিখিত ফে'লের আমলের ন্যায় مَحَلًّا مَنْصُوبٌ হবে। আর ফে'লের এ আমলটি تميز হিসেবে হবে। উদাহরণ স্বরূপ كم এর تميز হওয়ার যোগ্য হলে مفعول به টি উল্লিখিত ফে'লের مفعول به হবে। যদি তার মধ্যে مفعول مطلق হওয়ার যোগ্যতা থাকে তাহলে كم টি উক্ত فعل এর مفعول مطلق হবে। وَعَلَى هٰذَا الْقِيَاسِ যথা–

ক. كَمْ رَجُلًا ضَرَبْتَ এটা كم استفهاميه টি مفعول به হওয়ার উদাহরণ, এখানে كم হল مُمَيِّزْ আর رَجُلًا তার تميز মিলে ضَرَبْتَ ফে'লের مفعول به সুতরাং مَحَلًّا منصوب ، كم–মবনী হওয়ায় اعراب হয়নি।

খ. كَمْ غُلَامٍ مَلَكْتُ এটা كَمِ خَبَرِية এর مفعول به হওয়ার উদাহরণ, এখানেও مميز ، تميز মিলে ملكت ফে'লের مفعول به -এ হিসেবে مَحَلًّا مَنصوب হল। উভয় ফে'লের পরে ، যমীর মাফউল উল্লেখ থাকলে তখন যমীরটিই মাফউল হত। আর كم টি محلا منصوب না হয়ে বরং মুবতাদা হিসেবে محلا مرفوع হত।

গ. كَمْ ضَرْبَةً ضَرَبْتَ قوله ونحو এটা كم استفهامية টি مفعول مطلق হিসেবে محلّا منصوب হওয়ার উদাহরণ।

আর ইসমটি যদি ممدود (আলিফে মামদূদা বিশিষ্ট) হয় এবং তার হামযাটি মৌলিক হয় তবে হামযাটি বহাল থাকবে। যেমন– قُرَّاءٌ -এর দ্বি-বচন قُرَّاءَانِ – আর যদি হামযাটি স্ত্রীলিঙ্গের জন্য হয় তবে তা واو দ্বারা পরিবর্তিত হবে। যেমন–حَمْرَاءُ-এর দ্বি-বচন حَمْرَاوَانِ -তবে যদি তা واو বা ياء -এর পরিবর্তে আসে তাহলে হামযা বহাল রাখা বা واو দ্বারা পরিবর্তন করা উভয় বৈধ। যেমন– كِسَاوَانِ ও كِسَاءَانِ-

اِضَافَة -এর সময় দ্বি-বচনের ن বিলুপ্ত করা ওয়াজিব। যেমন– তুমি বলবে جَاءَنِيْ غُلَامَا زَيْدٍ (যায়েদের দু'জন গোলাম আমার কাছে এসেছে) এবং جَاءَنِيْ مُسْلِمَا مِصْرٍ (শহরের দু'জন মুসলিম আমার কাছে এসেছে)।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَاِنْ كَانَتْ عَنْ يَاءٍ ঃ অর্থাৎ اِسْمِ مَقْصُوْرَة এর আলিফটি যদি واو বা ياء দ্বারা পরিবর্তিত হয় এবং তিনের অধিক অক্ষর বিশিষ্ট হয় অথবা কোন হরফ থেকে পরিবর্তিত না হয় উভয় ক্ষেত্রে الف مقصورة টি تثنيه এর মধ্যে ياء দ্বারা পরিবর্তন হয়ে যায়। যথা– ক. رَحَيَانِ

رَحًى এর (পান চাক্কি) এর تثنيه এটা ياء থেকে পরিবর্তিত الف ও তিনের অধিক হরফ বিশিষ্ট এর উদাহরণ খ. مُلْهَيَانِ এটা مُلْهًى এর تثنية – اِلْهَاءٌ মাসদার হতে اسم مفعول অর্থ অমনোযোগী, উদাসীন গ. حُبَارٰى ، حُبَارَيَانِ (পাখি বিশেষ) حُبْلَيَانِ ، حُبْلٰى এর تثنية (গর্ভবতী নারী) এ দুটো আলিফ কোন হরফ থেকে পরিবর্তিত না হওয়ার এবং তিনের অধিক হরফ বিশিষ্টের উদাহরণ।

উপরোক্ত তিনো ক্ষেত্রে تثنيه এর আলিফকে ياء দ্বারা পরিবর্তন করা হয়েছে যাতে اجتماع ساكنين না হয়ে যায়। প্রথম ছুরতে পরিবর্তন করে আলিফকে মূল ياء এর উপর রাখা হয়েছে। আর ২য় ও ৩য় ছুরতে এর দ্বারা تخفيف লাভ হয়েছে।

قوله كَكِسَاوَانِ الخ ঃ এটি كِسَاءٌ এর تثنيه মূলতঃ كِسَاوٌ ছিল, অর্থ কম্বল। এভাবে رِدَاوَانِ ও رِدَاءَانِ দুভাবে পড়া যায়। এটি رِدَاءٌ এর تثنيه মূলত ছিল رِدَايٌ ছিল (চাদর)।

قوله وَيَجِبُ حَذْفُ نُوْنِهِ الخ ঃ اِضَافَتْ কালে تثنيه এর নূন বিলুপ্তির কারণ تنوين এর ন্যায় تثنيه এর নূনের দ্বারা ও اسم টি تام হয়, আর تام টি مضاف হওয়ার প্রতিবন্ধক, কারণ অন্যের দিকে সম্পর্কিত হওয়া نَقْص (ত্রুটি) এর আলামত। অতএব উভয়ের মাঝে বৈপরিত্ত রয়েছে। সুতরাং اضافت করলে نون বিলোপ করা আবশ্যক।

وَكَذٰلِكَ تُحْذَفُ تَاءُ التَّانِيْثِ فِيْ تَثْنِيَةِ الْخُصْيَةِ وَالْاَلْيَةِ خَاصَّةً تَقُوْلُ خُصْيَانِ وَاِلْيَانِ لِاَنَّهُمَا مُتَلَازِمَانِ فَكَاَنَّهُمَا شَيْئٌ وَاحِدٌ ـ وَاعْلَمْ اَنَّهُ اِذَا اُرِيْدَ اِضَافَةُ مُثَنًّى اِلَى الْمُثَنّٰى يُعَبَّرُ عَنِ الْاَوَّلِ بِلَفْظِ الْجَمْعِ كَقَوْلِهٖ تَعَالٰى "فَقَدْ صَغَتْ قُلُوْبُكُمَا" وَ "فَاقْطَعُوْا اَيْدِيَهُمَا" وَذٰلِكَ لِكَرَاهَةِ اِجْتِمَاعِ تَثْنِيَتَيْنِ فِيْمَا تَاَكَّدُ الْاِتِّصَالُ بَيْنَهُمَا لَفْظًا وَّمَعْنًى ـ فَصْلٌ ـ اَلْمَجْمُوْعُ اِسْمٌ دَلَّ عَلٰى اٰحَادٍ مَقْصُوْدَةٍ بِحُرُوْفٍ مُفْرَدَةٍ بِتَغْيِيْرٍ مَّا

অনুবাদ ॥ অনুরূপভাবে শুধু خُصْيَةٌ (অন্ডকোষ) ও اِلْيَةٌ (নিতম্ব) শব্দদ্বয়ের দ্বি-বচনের মধ্যে স্ত্রীলিঙ্গের ة কে বিলুপ্ত করা হয়। যেমন– তুমি বলবে خُصْيَانِ ও اِلْيَانِ - কেননা এ দু'টি জোড়া বিশিষ্ট হওয়ায় পরস্পরের জড়িত। যেন উভয়টি একই বস্তু।

জ্ঞাতব্য ঃ কোন দ্বি-বচন শব্দকে দ্বি-বচনের দিকে اضافة করা হলে তখন প্রথমটিকে جمع শব্দ দ্বারা ব্যক্ত করা হয়। যেমন– মহান আল্লাহর বাণী فَقَدْ صَغَتْ قُلُوْبُكُمَا (তোমাদের উভয়ের অন্তঃকরণ বক্র হয়ে গিয়েছে) এবং فَاقْطَعُوْا اَيْدِيَهُمَا (তাদের উভয়ের হস্ত কর্তন কর)। এটা এ কারণে যে, যে দু'টি শব্দের মধ্যে শব্দ ও অর্থগত মিল আছে, সে দু'টি শব্দের মধ্যে দু'টি দ্বি-বচন একত্রে আসা অপসন্দনীয়।

পরিচ্ছেদ – ৫ ঃ مَجْمُوْعٌ (বহুবচন)

مَجْمُوع -এর সংজ্ঞা ঃ مَجْمُوْعٌ এমন ইসমকে বলে যার এক বচনের অক্ষরসমূহে কিঞ্চিৎ পরিবর্তনের মাধ্যমে উদ্দেশ্যপূর্ণ বহুসংখ্যক একক বুঝায়।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَكَذٰلِكَ تُحْذَفُ الخ ঃ অর্থাৎ خُصْيَةٌ (অণ্ডকোষ) ও اِلْيَةٌ (পাছা, নিতম্ব) এর تاء টি اضافت এর সময় حذف করা জায়েয। কারণ شِدَّتِ اِتِّصَالْ (তথা শব্দ দুটি জোড়া বিশিষ্ট) এজন্য تثنيه হওয়া সত্ত্বে مفرد এর ন্যায় গণ্য হয়। আর علامتِ تانيث শব্দের মাঝে আসে না, এ কারণে বিলুপ্ত করা জায়েয। তবে تثنيه কে مفرد এর পর্যায় গণ্য না করলে তখন তার মধ্যে সর্বৈক্য মতে ة ঠিক রাখাও জায়েয।

قوله بِلَفْظِ الْجَمْعِ الخ ঃ এক্ষেত্রে جمع না এনে مفرد আনা ও জায়েয, কিন্তু تثنيه আনা ঠিক নয়। কারণ مضاف ও مضاف اليه এর মাঝে لفظ ও معنى উভয়দিক দিয়ে اِتِّصَال টা مُؤَكَّدْ (জোরদার) আর যে দুবস্তুর মাঝে اِتِّصَال مُؤَكَّد থাকে সে ক্ষেত্রে দু'টি সমপর্যায়ের مُثَنّٰى কে একত্রে আনা অপছন্দনীয়। যেমন– فَقَدْ صَغَتْ قُلُوْبُكُمَا এর মধ্যে لَفْظًا তথা শাব্দিক اِتِّصَال (মিল) তো اضافت এর কারণে। আর مَعْنًى (অর্থগত) اِتِّصَال এভাবে যে, অর্থের দিক দিয়ে مضاف টা مضاف اليه এর جُزْء (অংশ) হয়। এভাবে فَاقْطَعُوْا اَيْدِيَهُمَا এর মধ্যেও (يَدٌ মানুষের جُزْء)। উল্লেখ্য যে, এক্ষেত্রে مُفْرَد এর তুলনায় جمع আনাই উত্তম। কারণ جمع ও تثنيه এর মধ্যে অর্থগত মিল আছে। কেননা مَافَوْقَ الْوَاحِدِ টা جمع গণ্য হয়।

قوله اَلْمَجْمُوْعُ اِسْمٌ الخ ঃ مجموع বাবে فتح হতে اسم مفعول অর্থ- একত্রিত, সন্নিবেশিত। পরিভাষায় مجموع এমন اسم কে বলে যার এক বচনের মধ্যে কোন পরিবর্তনের দ্বারা উদ্দেশ্যমূলকভাবে বহু একক সংখ্যক বুঝায়।

قوله اٰحَادٍ مَقْصُوْدَةٍ ঃ দ্বারা اسم جنس খারিজ হয়ে গেল, যথা– اِنْسَانٌ ، بَقَرٌ প্রভৃতি। কারণ এগুলো এক ও একাধিক সবই বুঝায়। আর حُرُوفٍ مُفْرَدَةٍ দ্বারা اَسْمَاءِ عَدَدْ এবং قَوْمٌ ، رَهْطٌ এ জাতীয় শব্দ বেরিয়ে গেল। কারণ এগুলোর মধ্যে কোন পরিবর্তন হয়নি। উল্লেখ্য যে, পরিবর্তনটা ২ ধরনের হতে পারে। ক. لَفْظِى যথা رَجُلٌ থেকে رِجَالٌ. খ. تَقْدِيْرِى যথা فُلْكٌ (নৌকাসমূহ)। এর وَاحِد ও فُلْكٌ আসে। সুতরাং واحد এর বেলায় এটা قُفْلٌ ওযনে এবং جمع এর বেলায় اُسْدٌ (اَسَدٌ সিংহ) এর ওযনে গণ্য হবে। প্রকাশ থাকে যে, حُرُوفِ مُفْرَد টা عام ক.مُحَقَّق (নিশ্চিত) হতে পারে যেমন–رِجَالٌ বা فَرْضِى যথা نِسَاءٌ এর واحد نِسْوَةٌ. মেনে নেয়া হয়েছে।

قوله بِحُرُوْفٍ مُفْرَدَةٍ ঃ এটা دَلَّ অথবা مَقْصُوْدَةٍ এর متعلّق আর بِتَغْيِيْرٍ مَّا এটা مُتَلَبِّسَةٌ উহ্য شِبْهِ فعل এর সাথে متعلّق হয়ে حروف থেকে حَال - مَا টি تنكير (অনির্দিষ্টতা) এর জন্য।

اَمَّا لَفْظِيٌّ كَرِجَالٍ فِيْ رَجُلٍ اَوْ تَقْدِيْرِيٌّ كَفُلْكٍ عَلٰى وَزْنِ اُسْدٍ فَاِنَّ مُفْرَدَهٗ اَيْضًا فُلْكٌ لٰكِنَّهٗ عَلٰى وَزْنِ قُفْلٍ فَقَوْمٌ وَرَهْطٌ وَنَحْوُهٗ وَاِنْ دَلَّ عَلٰى اٰحَادٍ لٰكِنَّهٗ لَيْسَ بِجَمْعٍ اِذْ لَامُفْرَدَ لَهٗ ثُمَّ الْجَمْعُ عَلٰى قِسْمَيْنِ مُصَحَّحٌ وَهُوَ مَالَمْ يَتَغَيَّرْ بِنَاءُ وَاحِدِهٖ وَمُكَسَّرٌ وَهُوَمَايَتَغَيَّرُ فِيْهِ بِنَاءُ وَاحِدِهٖ وَالْمُصَحَّحُ عَلٰى قِسْمَيْنِ مُذَكَّرٌ وَهُوَ مَا اُلْحِقَ بِاٰخِرِهٖ وَاوٌ مَضْمُوْمٌ مَاقَبْلَهَا وَنُوْنٌ مَفْتُوْحَةٌ كَمُسْلِمُوْنَ اَوْيَاءٌ مَكْسُوْرٌ مَاقَبْلَهَا وَنُوْنٌ كَذٰلِكَ لِيَدُلَّ عَلٰى اَنَّ مَعَهٗ اَكْثَرَ مِنْهُ نَحْوُ مُسْلِمِيْنَ وَهٰذَا فِي الصَّحِيْحِ -

---

অনুবাদ ॥ এ পরিবর্তন শব্দগত হতে পারে, যেমন– رَجُلٌ -এর বহুবচন رِجَالٌ - অথবা উহ্য ভাবেও হতে পারে, যেমন– اُسْدٌ -এর ওযনে فُلْكٌ - কেননা তা একবচনেও فُلْكٌ আসে তবে তা قُفْلٌ -এর ওযনে। উপরোক্ত সংজ্ঞা অনুযায়ী قَوْمٌ ও رَهْطٌ অনুরূপ শব্দ যদিও বহুসংখ্যক একককে বুঝায় তা বহুবচনের শব্দ নয়। কেননা এগুলো একবচনীয় কোন শব্দ নেই।

جمع-এর প্রকারভেদ ও সংজ্ঞা ঃ جمع দু'প্রকার। যথা– (১) جُمْعِ مُصَحَّحْ, (২) جُمْعِ مُكَسَّرْ

جُمْعِ مُصَحَّحْ -এর সংজ্ঞা ঃ جُمْعِ مُصَحَّحْ ঐ جمع কে বলে যার একবচনের ওযন (ভিত্তি) পরিবর্তন হয় না। যেমন– مُسْلِمٌ হতে مُسْلِمُوْنَ -

جمع مُكَسَّرْ ঐ جمع কে বলে যার একবচনের ওজন পরিবর্তন হয়ে যায়। যেমন– رجل হ'তে - رِجَالٌ আর جمع مُصَحَّحْ দু'প্রকার। যথা (১) مذكر, (২) مؤنث

(১) جمع مذكر ঐ ইসম যার (একবচনের) শেষে একটি واو যুক্ত হয়ে তার পূর্বাক্ষর পেশবিশিষ্ট হয় এবং পরে একটি যবরযুক্ত ن হয়। যেমন– مُسْلِمُوْنَ অথবা শেষে ياء যোগ করা হয় যে ياء -এর পূর্বাক্ষর যেরবিশিষ্ট হয় এবং পরে একটি যবরযুক্ত ن হয়, যাতে বুঝায় যায় যে, তার (একবচনের) সাথে অনুরূপ আরো অনেক রয়েছে। যেমন– مُسْلِمِيْنَ -এ নিয়ম শুধু جُمْعِ صَحِيْحْ -এর ক্ষেত্রেই প্রযোজ্য।

ইসমটি مَنْقُوْص হলে বহুবচনের সময় তার ياء কে বিলুপ্ত করা হয়। যেমন– قَاضُوْنَ ও دَاعُوْنَ ইসমটি যদি مَقْصُوْر হয় তবে তার اَلِفْ কে বিলুপ্ত করে তার পূর্বাক্ষর যবর দিতে হবে, যাতে যবরটি লুপ্ত আলিফ বুঝায়। যেমন– مُصْطَفَوْنَ -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ ★ সংজ্ঞায় اِسْمٌ دَلَّ হল جِنْس এটা جمع ও اسم جنس কে শামিল করে। আর دَلَّ عَلٰى احاد مقصودة এর দ্বারা اسم جنس খারিজ হয়ে গেল। কারণ এটা اٰحَادِ غَيْرِ مَقْصُوْدَةٍ বুঝায়, কেননা اسمِ جِنْس মূল গঠন হিসেবে جنس বুঝায়, শুধু افراد বুঝায় না। بِحُرُوْفِ مُفْرَدَةٍ দ্বারা اسمِ جُمْع খারিজ হয়ে গেল। কারণ এর কোন واحد নেই।

قوله ثُمَّ الْجَمْعُ عَلٰى قِسْمَيْنِ الخ ঃ শাব্দিক বা গঠনের দিক দিয়ে جمع দু'প্রকার ১. صحيح, এর অপর নাম سَالِم - واحد এর ওযন جمع এর মধ্যে صحيح (ঠিক) سَالِمْ (নিরাপদ) থাকায় এ নাম রাখা হয়েছে। ২. দ্বিতীয় হল مُكَسَّرْ - واحد এর ওযন যার মধ্যে ঠিক থাকে না। مُكَسَّرْ বাবে تفعيل হতে اسم مفعول -মাদ্দা كَسْر অর্থ ভাঙ্গা। واحد এর ওযন বা গঠন جمع এর মধ্যে ভেঙ্গে যাওয়ায় এ নাম রাখা হয়েছে।

قوله وَهُوَ مَا اُلْحِقَ بِاٰخِرِهٖ الخ ঃ মুসান্নিফ র. এখান থেকে صحيح مذكر বা سالم এর গঠনপরিচয় দিচ্ছেন। যথা– ১. শব্দটি صحيح হলে حالت رفعى তে শেষে واو مَاقَبل مَضْمُوْم ও نُوْنِ مفتوحة যুক্ত হবে। যথা مُسْلِمُوْنَ অথবা حالتِ نَصْبِى وَجَرِّى তে يَاىْ مَاقَبل مَكْسُوْر ও نون مَفْتُوْحَة যুক্ত হবে। যথা– مُسْلِمِيْنَ

أَمَّا الْمَنْقُوصُ فَحُذِفَ يَاؤُهُ مِثْلُ قَاضُونَ وَدَاعُونَ وَالْمَقْصُورُ يُحْذَفُ أَلِفُهُ وَيَبْقَى مَاقَبْلَهَا مَفْتُوحًا لِيَدُلَّ عَلَى أَلِفٍ مَحْذُوفَةٍ مِثْلُ مُصْطَفَوْنَ وَيُخْتَصُّ بِأُولِي الْعِلْمِ وَأَمَّا قَوْلُهُمْ سِنُوْنَ وَأَرْضُوْنَ وَثُبُوْنَ وَقُلُوْنَ فَشَاذٌّ وَيَجِبُ أَن لَّايَكُوْنَ أَفْعَلَ مُؤَنَّثُهُ فَعْلَاءُ كَأَحْمَرَ وَحَمْرَاءُ وَلَافَعْلَانَ مُؤَنَّثُهُ فَعْلَى كَسَكْرَانَ وَسَكْرَى وَلَافَعِيْلًا بِمَعْنَى مَفْعُوْلٍ كَجَرِيْحٍ بِمَعْنَى مَجْرُوْحٍ وَلَافَعُوْلًا بِمَعْنَى فَاعِلٍ كَصَبُوْرٍ بِمَعْنَى صَابِرٍ وَيَجِبُ حَذْفُ نُوْنِهِ بِالْإِضَافَةِ نَحْوُ مُسْلِمُوْ مِصْرٍ - وَمُؤَنَّثٌ وَهُوَمَا أُلْحِقَ بِآخِرِهِ أَلِفٌ وَتَاءٌ نَحْوُ مُسْلِمَاتٌ وَشَرْطُهُ إِنْ كَانَ صِفَةً وَلَهُ مُذَكَّرٌ أَنْ يَّكُوْنَ مُذَكَّرُهُ قَدْ جُمِعَ بِالْوَاوِ وَالنُّوْنِ نَحْوُ مُسْلِمُوْنَ وَإِنْ لَّمْ يَكُنْ لَهُ مُذَكَّرٌ فَشَرْطُهُ أَنْ لَايَكُوْنَ مُؤَنَّثًا مُجَرَّدًا عَنِ التَّاءِ كَالْحَائِضِ وَالْحَامِلِ وَإِنْ كَانَ إِسْمًا غَيْرَ صِفَةٍ جُمِعَ بِالْأَلِفِ وَالتَّاءِ بِلَا شَرْطٍ كَهِنْدَاتٍ

অনুবাদ ॥ ইসমটি مَنْقُوْص হলে বহুবচনের সময় তার يَاء কে বিলুপ্ত করা হয়। যেমন– قَاضُوْنَ ও دَاعُوْنَ ইসমটি যদি مَقْصُوْر হয় তবে তার أَلِفْ কে বিলুপ্ত করে তার পূর্বাক্ষর যবর দিতে হবে, যাতে যবরটি লুপ্ত আলিফ বুঝায়। যেমন– مُصْطَفَوْنَ - বহুবচন বানানোর এ নিয়মটি ذَوِى الْعُقُوْلِ তথা জ্ঞান সম্পন্ন প্রাণীর ক্ষেত্রে নির্দিষ্ট। তবে আরবরা قُلُوْنَ ও ثُبُوْنَ-أَرْضُوْنَ-سِنُوْنَ যা বলে থাকেন তা شاذ বিরল।

(ين বা ون দ্বারা جمع বানানোর জন্য অপরিহার্য হল– ১. উক্ত ইসমটি افعل ওযনে না হওয়া যার স্ত্রীলিঙ্গ فَعْلَاءُ ওযনে আসে, যেমন– أَحْمَرُ-এর স্ত্রীলিঙ্গ حَمْرَاءُ এবং ২. فَعْلَانٌ এর ওযনে না হওয়া যার স্ত্রীলিঙ্গ فَعْلَى ওযনে আসে। যেমন– سَكْرَانٌ -এর স্ত্রীলিঙ্গ سَكْرَى ওযনে আসে ৩. فَعِيْلٌ এর ওযনে না হওয়া যা مَفْعُوْل -এর অর্থ দেয়, যেমন– جَرِيْحٌ শব্দটি مَجْرُوْحٌ অর্থে; ৪. فَعُوْلٌ এর ওযনে না হওয়া যা فاعل অর্থে ব্যবহৃত হয়, যেমন– صَبُوْرٌ শব্দটি صَابِرٌ-এর অর্থে ব্যবহৃত হয় إِضَافَة -এর সময় বহুবচনের ن বিলুপ্ত করা অপরিহার্য। যেমন– مُسْلِمُوْ مِصْرٍ (শহরের মুসলমানরা)। جمع ঐ جُمِع مُؤنث مُصَحَّحْ কে বলে যার একবচনের শেষে الف ও تاء যুক্ত হয়। যেমন– مُسْلِمَاتٌ -এর জন্য শর্ত হল, যদি ইসমটি صِفَة (গুণবাচক) হয় এবং তার পুংলিঙ্গ থাকে, তবে তার পুংলিঙ্গের বহুবচনে واو ও نون যুক্ত হয়। যেমন– مُسْلِمُوْنَ -আর যদি তার পুংলিঙ্গ না থাকে তবে শর্ত হল, শব্দটি تا বিহীন না হওয়া। যেমন– حائض ও حَامِل - আর যদি শব্দটি صفة না হয়ে ইসম হয় তবে তার বহুবচন শর্তহীনভাবে الف ও تاء দ্বারা হবে। যেমন– هِنْدَاتٌ

প্রাসঙ্গিক আলোচনা ঃ ২. শব্দ إِسْم مَنْقُوْص (শেষে ياء مكسور) হলে তার جمع سالم হবে উপরোক্ত নিয়মেই; তবে ياء বিলুপ্ত হবে। কারণ যেরের পরে ياء এর নীচে যের পড়া কঠিন। এ জন্য تَخْفِيْفًا হযফ করা হয়। যথা– قَاضُوْنَ ، دَاعُوْنَ মূলত قَاضِيُوْنَ ও دَاعِيُوْنَ ছিল। ৩. শব্দটি إِسْم مَقْصُور (আলিফে মাকসূরা বিশিষ্ট) হলে الف টি বিলুপ্ত হয়ে তার ডানে যবর হবে। যেমন مُصْطَفَوْنَ মূলত ছিল مُصْطَفَاوْنَ (কারণ আলিফ বিলুপ্ত না হলে الف ও واو এর মাঝে إِجْتِمَاعِ سَاكِنَيْن হয়ে যায়।

★ উল্লেখ্য যে, اسم مقصور এর আলিফটি مَلْفُوْظ ও হতে পার যেমন– اَلْمُصْطَفَى অথবা مُقَدَّرْ ও হতে পারে যথা مُصْطَفَى

قوله وَيُخْتَصُّ بِأُولِي الْعِلْمِ ঃ এখান থেকে جمع مذكر سالم হওয়ার শর্তাবলী বর্ণনা করছেন যথা– ১. শব্দের শেষে ين বা ون দ্বারা جمع হওয়াটা ذَوِى الْعُقُوْل (বিবেক সম্পন্ন প্রাণী) এর জন্য খাছ।

قوله وَأَمَّا قَوْلُهُمْ سِنُوْنَ الخ ঃ দ্বারা سُؤَالِ مُقَدَّرٌ তথা উপরোক্ত কথার ভিত্তিতে সৃষ্ট উহ্য প্রশ্নের উত্তর দিচে যে, سَنَةٌ (বছর) এর বহুবচন سِنُوْنَ ، أَرْضٌ এর বহুবচন أَرْضُوْنَ (যমীন) ثُبَةٌ (দল) এর বহুবচন ثُبُوْنَ এবং (ডান্ডাগুলি) এর বহুবচন قُلُوْنَ এগুলোর কোনটা عَاقِلٍ নয় তথাপি ون বা ين দ্বারা جمع হল কেন? এর উ দিচ্ছেন যে, এগুলো شاذ আর اَلشَّاذُّ كَالْمَعْدُوْمِ فَلَايُقَاسُ عَلَيْهِ সুতরাং এ নিয়ে প্রশ্ন করা ঠিক হবে না।

★ **ফায়েদা** ঃ কিছু শব্দ প্রকৃতপক্ষে جمع নয় তথাপি শেষে ون বা ين থাকায় সেগুলোকে اعراب এর ে جَمْع سالم এর হুকুমে শামিল করা হয়। যথা- ১. عِشْرُوْنَ থেকে تِسْعُوْنَ পর্যন্ত দশমিক সংখ্যাগুলো। ২. কতি ون বিশিষ্ট مفرد শব্দ যথা- خَلْدُوْنَ ، عَبْدُوْنَ ، حَمْدُوْن প্রভৃতি ৩. শেষে ون বা ين বিশিষ্ট স্থানের নাম য فِلِسْطِيْن ـ صِفِّيْن ـ يَاسْمِيْن ـ زَيْتُوْن প্রভৃতি।

قوله وَيَجِبُ أَنْ لَّا يَكُوْنَ ঃ এর জন্য ২য় শর্ত হল- যে اسم এর جمع سَالِم বানানো উদ্দেশ্য হয় তার ও এমন اَفْعَلُ এর ওযনে না হওয়া যার مُؤَنَّثٌ টি فَعْلَاءُ এর ওযনে আসে। যেমন- أَحْمَرُ এর مُؤَنَّث - رَاءُ আসে। অতএব أَحْمَرُ এর ون جمع বা ين দ্বারা হবে না। যাতে اسم مقصور এর সাথে এর পার্থক্য হয়ে যায়।

৩. শব্দটি এমন فَعْلَانٌ এর ওযনে না হওয়া যার مؤنث আসে فَعْلٰى -সুতরাং سَكْرَانٌ এর جمع ، ون ব দ্বারা হবে না। কারণ এর مؤنث আসে سَكْرٰى -যাতে এর মধ্যে এবং فَعْلَانٌ ও فَعْلَانَةٌ এর যে বহুবচন ون ব দ্বারা হয় উভয়ের মাঝে পার্থক্য হয়ে যায়। যেমন- نَدْمَانٌ এর বহুবচন نَدْمَانُوْنَ আসে।

৪. فَعِيْلٌ এর ওযনে না হওয়া যা مَفْعُوْلٌ এর অর্থে আসে। যেমন جَرِيْحٌ টা مَجْرُوْحٌ (আহত) অর্থে।

৫. فَعُوْلٌ এর ওযনে না হওয়া যা فاعل এর অর্থে আসে। যেমন- صَبُوْرٌ ، صَابِرٌ এর অর্থে। কেন فَعُوْلٌ ও فَعِيْلٌ উভয়টিতে مذكر ও مؤنث একই রকম আসে। যথা رَجُلٌ جَرِيْحٌ ، اِمْرَأَةٌ جَرِيْحٌ এবং رَ اِمْرَأَةٌ صَبُوْرٌ ও صَبُوْرٌ

★ **ফায়েদা** ঃ উপরোক্ত ৫ শর্ত ছাড়া আরো কতিপয় শর্ত নিম্নরূপ-

৬. শব্দটি مذكر হওয়া অর্থাৎ تائے تانيث না হওয়া চাই مُقَدَّرَةٌ হৌক বা مَلْفُوْظَةٌ যথা- طَلْحَةٌ

৭. শব্দটি اِسْمِ مَحْض তথা صفت না হলে তা علم হওয়া, সুতরাং رجل এর বহুবচন رجلون হবে না। তবে এর বহু زَيْدُوْنَ হতে পারে

উপরোক্ত শর্তাবলীর কারণ এই যে, جمع سالم হল সবচেয়ে উন্নত جمع - আর مُذَكَّرٌ عَاقِلٌ হল সর্বোৎ শব্দ। অতএব উত্তমের জন্য উত্তম পন্থায় جمع হওয়াও উত্তম।

قوله وَيَجِبُ حَذْفُ نُوْنِهِ কারণ تثنيه এর ন্যায় جمع নূন ও تام বুঝায় اضافت যা এর পরিপন্থী এর সময়।

قوله وَمُؤَنَّثٌ الخ ঃ এর عطف হল وَالْمُصَحَّحُ عَلٰى قِسْمَيْنِ এর পরে উল্লিখিত مذكر এর উপর।

★ উল্লেখ্য যে, جمع مُؤَنَّثٌ سَالِمٌ এর জন্য ذوى العُقُوْل হওয়া শর্ত নয় এমনকি مذكر এর জন্যও শুদ্ধ হ পারে। যথা- اَلْكَوَاكِبُ الطَّالِعَاتُ

قوله وَشَرْطُهُ الخ ঃ অর্থাৎ جمع مؤنث سالم হওয়ার জন্য শর্ত হল ১. তার مذكر টি ون বা ين দ্বারা হওয়া আর مذكر না থাকলে শব্দটি ; শুন্য مؤنث না হওয়া যথা حائض (ঋতুবর্তী মহিলা) حامل (গর্ভবতী মহিলা) এগু مؤنث এর জন্য খাছ বিধায় عَلَامَتِ تَانِيْث থাকা শর্ত নয়।

★ এ শর্তের কারণ এই যে, مذكر হল اصل আর مؤنث তার فرع সুতরাং فرع যদি ات দ্বারা তাহলে তার مذكر টি অবশ্যই ون বা ين দ্বারা আসা উচিত। দ্বিতীয় শর্তের কারণও একই। কেন حَامِل ও حَائِض এর কোন مذكر নেই। সুতরাং তার جمع ، ون বা ين দ্বারা হওয়ার প্রশ্নই উঠে না।

قوله وَاِنْ كَانَ اِسْمًا الخ ঃ অর্থাৎ শব্দটি اسم مَحْض হলে (اسم صفت না হলে) বিনা শর্তে ات দ্বারা ত مؤنث আসতে পারে। যথা طَلْحَاتٌ ، هِنْدَاتٌ ইত্যাদি।

وَالْمُكَسَّرُ صِيغَتُهُ فِي الثُّلَاثِيِّ كَثِيرَةٌ تُعْرَفُ بِالسَّمَاعِ كَرِجَالٍ وَأَفْرَاسٍ وَفُلُوسٍ وَفِي غَيْرِ الثُّلَاثِيِّ عَلَى وَزْنِ فَعَالِلُ وَفَعَالِيلُ قِيَاسًا كَمَا عَرَفْتَ فِي التَّصْرِيفِ ثُمَّ الْجَمْعُ أَيْضًا عَلَى قِسْمَيْنِ جَمْعُ قِلَّةٍ وَهُوَ مَا يُطْلَقُ عَلَى الْعَشَرَةِ فَمَا دُونَهَا وَأَبْنِيَتُهُ أَفْعُلٌ وَأَفْعَالٌ وَأَفْعِلَةٌ وَفِعْلَةٌ وَجَمْعَا الصَّحِيحِ بِدُونِ اللَّامِ كَزَيْدُونَ وَمُسْلِمَاتٌ وَجَمْعُ كَثْرَةٍ وَهُوَ مَا يُطْلَقُ عَلَى فَوْقَ الْعَشَرَةِ وَأَبْنِيَتُهُ مَا عَدَا هٰذِهِ الْأَبْنِيَةِ۔

অনুবাদ ॥ **جَمْعِ مُكَسَّرْ-এর গঠন প্রণালী :** جَمْعِ مُكَسَّرْ-এর ওযন ثُلَاثِيِّ এর মধ্যে বিপুলসংখ্যায় রয়েছে। যা শ্রবণের ভিত্তিতে বুঝা যায়। যেমন– رِجَالٌ - أَفْرَاسٌ ও فُلُوسٌ – আর ثُلَاثِيِّ ছাড়া অন্যান্য শব্দাবলী নিয়মের ভিত্তিতে فَعَالِلُ ও فَعَالِيلُ ওযনে ব্যবহৃত হয়। যেমন– তোমরা সরফ শাস্ত্রে অবগত হয়েছ।

অর্থের দিক দিয়ে جمع-এর প্রকারভেদ : পুনরায় جمع দু'ভাগে বিভক্ত– (১) جَمْعِ قِلَّةٌ (স্বল্প সংখ্যাজ্ঞাপক) (২) جَمْعِ كَثْرَةٌ (বহুসংখ্যা-জ্ঞাপক)।

جَمْعِ قِلَّةٌ এর সংজ্ঞা : جَمْعِ قِلَّةٌ ঐ جمع কে বলা হয় যা দশ বা তার কম সংখ্যা বুঝানোর জন্য ব্যবহৃত হয়। এর ওযনসমূহ হল أَفْعُلٌ - أَفْعَالٌ - أَفْعِلَةٌ - فِعْلَةٌ এবং দু'প্রকার جَمْعِ صَحِيحٍ যখন তা لام শূন্য হবে। যেমন– زَيْدُونَ ও مُسْلِمَاتٌ

جَمْعِ كَثْرَةٌ-এর সংজ্ঞা : جَمْعِ كَثْرَةٌ ঐ جمع কে বলা হয় যা দশের অধিক সংখ্যা বুঝানোর জন্য ব্যবহৃত হয়। উল্লেখিত ওযনসমূহ ছাড়া অন্যান্য ওযনগুলো جَمْعِ كَثْرَةٌ-এর ওযন।

প্রাসঙ্গিক আলোচনা : قوله وَالْمُكَسَّرُ صِيغَتُهُ الخ : অর্থাৎ ثلاثى مُجَرَّدْ হতে جَمْعِ مُكَسَّرْ এর নির্দিষ্ট কোন ওযন নেই তবে তিনের অধিক অক্ষর বিশিষ্ট হলে সাধারণত فَعَالِلُ ও فَعَالِيلُ এর ওযনে তার جمع আসে।

قوله أَبْنِيَتُهُ الخ : অর্থাৎ جَمْعِ قِلَّتْ এর ওযন হল মোট ৬টি। যথা– أَفْعُلٌ، أَفْعَالٌ، أَفْعِلَةٌ ও فِعْلَةٌ এবং الف ولام মুক্ত جمع سالم এর দুটি –

★ **ফায়েদা :** ক. فَعْلٌ ওযনের وَاحِد এর جمعসাধারণত أَفْعُلٌ এর ওযনে আসে। যথা– نَهْرٌ ـ بَحْرٌ ইত্যাদির جمع ـ أَبْحُرٌ ـ أَنْهُرٌ

খ. চার অক্ষর বিশিষ্ট مُؤَنَّثِ مَعْنَوِى যার مَاقَبْلِ آخِر (শেষাক্ষরের পূর্বাক্ষর) حرفِ مَدّ থাকে, যেমন– ذِرَاعٌ ـ عِقَابٌ ـ عِنَاقٌ ও يَمِيْنٌ এর جمع আসে أَذْرُعٌ ـ أَعْقُبٌ ـ أَعْنُقٌ – أَيْمُنٌ ،

২. أَفْعَالٌ এর ওযনে সাধারণত (ক) ثُلَاثِيِّ ، أَجْوَفِ ثُلَاثِيِّ ও مُضَاعَفِ ثُلَاثِيِّ ، مِثَالِ وَاوِى যথা ثَوْبٌ ـ غَمٌّ ، وَقْتٌ এর جمع আসে,যথাক্রমে أَثْوَابٌ، أَغْمَامٌ ও أَوْقَاتٌ (খ) فعل، فعل ও فعل ওযনের واحد جمل ، نمر ও عضد এর جمعআসে اجمال ، انمار ও اعضاد فعل ও فعل

গ. فَعَلٌ ـ فِعَلٌ ـ فِعِلٌ،فُعُلٌ ও فِعْلٌ ও فُعْلٌ ওযনের শব্দ যেমন جَمَلٌ ـ عِنَبٌ ـ إِبِلٌ ـ بِئْرٌ – عُنُقٌ ও قُفْلٌ এর جمع আসে أَجْمَالٌ ـ أَعْنَابٌ ، آبَالٌ ، أَعْنَاقٌ ও أَقْفَالٌ -

৩. فَعْلٌ ، فَعَلٌ ، فُعَالٌ ও فَعِيْلٌ ওযনের جمع সাধারণত আসে فِعْلَةٌ এর ওযনে। যথা شَيْخٌ ـ غُلَامٌ ـ صَبِيٌّ ও وَلَدٌ ، হতে وِلْدَةٌ، شِيْخَةٌ، غِلْمَةٌ ও صِبْيَةٌ

قوله مَافَوْقَ الْعَشَرَةِ الخ : অর্থাৎ جَمْعِ كَثْرَتْ দশের উর্ধ্বের সংখ্যা বুঝায়, তবে إِسْتِعَارَتْ স্বরূপ একটি অপরটির স্থলেও ব্যবহৃত হয়। যথা ثَلٰثَةُ قُرُوْءٍ এখানে قُرُوْءٍ হল جَمْعِ كَثْرَتْ অথচ ثَلٰثَةٌ এসে তথা তিন সংখ্যক قُرْءٌ (حيض) বুঝাচ্ছে বসরীগণের মতে إِشْتِقَاقْ (শব্দের উৎপত্তি) এর দিক দিয়ে মাসদার اصل হওয়ায় এটাকে আগে উল্লেখ করেছেন।

فَصْلٌ ـ اَلْمَصْدَرُ اِسْمٌ يَدُلُّ عَلَى الْحَدَثِ فَقَطْ وَيُشْتَقُّ مِنْهُ الْاَفْعَالُ كَالضَّرْبِ وَالنَّصْرِ مَثَلًا وَاَبْنِيَتُهُ مِنَ الثُّلَاثِيِّ الْمُجَرَّدِ غَيْرُ مَضْبُوطَةٍ تُعْرَفُ بِالسَّمَاعِ وَمِنْ غَيْرِهِ قِيَاسِيَّةٌ كَالْاِفْعَالِ وَالْاِنْفِعَالِ وَالْاِسْتِفْعَالِ وَالْفَعْلَلَةِ وَالتَّفَعْلُلِ مَثَلًا ، فَالْمَصْدَرُ اِنْ لَمْ يَكُنْ مَفْعُولًا مُطْلَقًا يَعْمَلُ عَمَلَ فِعْلِهِ اَعْنِىْ يَرْفَعُ الْفَاعِلَ اِنْ كَانَ لَازِمًا نَحْوُ اَعْجَبَنِىْ قِيَامُ زَيْدٍ وَيَنْصِبُ مَفْعُولًا اَيْضًا اِنْ كَانَ مُتَعَدِّيًا نَحْوُ اَعْجَبَنِىْ ضَرْبُ زَيْدٍ عَمْرًوا وَلَا يَجُوْزُ تَقْدِيْمُ مَعْمُولِ الْمَصْدَرِ عَلَيْهِ فَلَا يُقَالُ اَعْجَبَنِىْ زَيْدٌ ضَرْبٌ عَمْرًوا وَلَا عَمْرًوا ضَرْبُ زَيْدٍ وَيَجُوْزُ اِضَافَتُهُ اِلَى الْفَاعِلِ نَحْوُ كَرِهْتُ ضَرْبَ زَيْدٍ عَمْرًوا وَاِلَى الْمَفْعُوْلِ بِهِ نَحْوُ كَرِهْتُ ضَرْبَ عَمْرٍو زَيْدٌ وَاَمَّا اِنْ كَانَ مَفْعُوْلًا مُطْلَقًا فَالْعَمَلُ لِلْفِعْلِ الَّذِىْ قَبْلَهُ نَحْوُ ضَرَبْتُ ضَرْبًا عَمْرًوا فَعَمْرٌو مَنْصُوْبٌ بِضَرَبْتُ ـ

পরিচ্ছেদ – ৬ ঃ مَصْدَرٌ (ক্রিয়ামূল)

অনুবাদ॥ مَصْدَرٌ এর সংজ্ঞা ঃ مَصْدَرٌ এমন একটি ইসম যা (কোন ক্রিয়া) শুধু সৃষ্টি হওয়ার অর্থ বুঝায় এবং তা হতে فعل নির্গত হয়। যেমন– اَلضَّرْبُ (প্রহার করা) ও اَلنَّصْرُ (সাহায্য করা)।

مَصْدَرٌ এর ওযনসমূহ ঃ ثُلَاثِىْ مُجَرَّدْ হতে মাসদারের নির্দিষ্ট কোন ওযন নেই বরং আরবদের নিকট থেকে শ্রবণের ভিত্তিতে তা অবগত হতে হয়। তবে ثُلَاثِىْ مُجَرَّدْ ছাড়া অন্যান্য বাব থেকে নিয়মানুযায়ী হয়ে থাকে। যেমন– اَلْاِفْعَالُ - اَلْاِنْفِعَالُ - اَلْاِسْتِفْعَالُ - اَلْفَعْلَلَةُ - اَلتَّفَعْلُلُ

مصدر এর আমল ঃ মাসদারটি যদি مَفعولِ مُطْلَق না হয় তবে তা স্বীয় فعل এর ন্যায় আমল করবে। অর্থাৎ لَازِمْ (অকর্মক) হলে فاعل কে রফা' দিবে। যেমন– اَعْجَبَنِىْ قِيَامُ زَيْدٍ (যায়েদের দণ্ডায়মান হওয়া আমাকে আশ্চর্যান্বিত করেছে) আর مُتَعَدِّىْ (সকর্মক) হলে مفعول কে নসব দিবে। যেমন– اَعْجَبَنِىْ ضَرْبُ زَيْدٍ عَمْرًوا (যায়েদ কর্তৃক আমরকে প্রহার আমাকে আশ্চর্যান্বিত করেছে), আর মাসদারের معمول (অর্থাৎ فاعل ও مفعول) কে মাসদারের পূর্বে আনা বৈধ নয়। সুতরাং اَعْجَبَنِىْ زَيْدٌ ضَرْبٌ عَمْرًوا এবং عَمْرًوا ضَرْبُ زَيْدٍ اَعْجَبَنِىْ বলা যাবে না। তবে মাসদারকে فاعل -এর দিকে اضافة করা বৈধ। যেমন– كَرِهْتُ ضَرْبَ زَيْدٍ عَمْرًوا (যায়েদ কর্তৃক আমরকে প্রহার করা আমি ঘৃণা করি) এবং مفعول به -এর দিকে اضافة করা বৈধ। যেমন– كَرِهْتُ ضَرْبَ عَمْرٍو زَيْدٌ-

আর যদি মাসদারটি مَفعولِ مُطْلَق হয় তবে তা পূর্ববর্তী فعل -এর মা'মূল হবে। যেমন– ضَرَبْتُ ضَرْبًا عَمْرًوا এখানে عَمْرًوا শব্দটি ضَرَبْتُ ফে'ল দ্বারা যবরপ্রাপ্ত হয়েছে।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله اَلْمَصْدَرُ الخ ঃ مَصْدَر শব্দটি صدور (বের হওয়া) মূল ধাতু হতে اسم ظرف এর ছীগা। অর্থ বের হওয়ার স্থান বা শব্দের উৎপত্তিস্থল, পরিভাষায়–

مصدر ঃ اَلْمَصْدَرُ اِسْمٌ يَدُلُّ عَلٰى الْحَدَثِ فَقَطْ الخ এমন اسم কে বলে যা শুধু কোন ক্রিয়া সৃষ্টির ধাতুগত অর্থ বুঝায় এবং তা থেকে বিভিন্ন فعل (ক্রিয়া) নির্গত হয়। অর্থাৎ কাল বা কর্তার প্রতি সম্বন্ধ (نِسْبَتُ اِلٰى الْفَاعِلِ) বুঝায় না, حَدَث অর্থ যা অন্যের সাথে কায়েম (প্রতিষ্ঠিত) হয়। চাই তা তার থেকে প্রকাশিত হৌক যেমন مَشْىٌ ـ ضَرْبٌ প্রভৃতি বা প্রকাশিত না হৌক যেমন مُوت ، جَسَامَتٌ (মোটা হওয়া) প্রভৃতি।

★ সংজ্ঞায় اَلْمَصْدَرُ اِسْمٌ لِلْحَدَثِ এর মধ্যে সকল اَسْمَاءِ مُشْتَقٌ দাখিল ছিল, فَقَطْ বলার দ্বারা সমস্ত مُشْتَقَّات বের হয়ে গেল।

وَيُشْتَقُّ مِنْهُ الْاَفْعَالُ ঃ বলার দ্বারা বসরীগণের মাযহাব মুসান্নিফের কাছে পসন্দনীয় হওয়া বুঝা গেল। কেননা তাদের মতে মাসদার اصل আর কূফীগণের মতে اِشْتِقَاق (উৎপত্তি) এর দিক দিয়ে فعل হল اصل –

★ اِشْتِقَاق : شَقٌّ মূল ধাতু হতে গঠিত। অর্থ ফাড়া, বিদীর্ণ হওয়া। পরিভাষায় এক শব্দ হতে অন্য শব্দের উৎপত্তি হওয়া। **শর্তঃ** اِشْتِقَاق এর শর্ত হল মূলশব্দ ও অর্থের মধ্যে সামঞ্জস্য বা মিল থাকা।

اِشْتِقَاق-**এর প্রকারভেদ ঃ** اِشْتِقَاق ৩ প্রকার–

১. اِشْتِقَاق صَغِير ঃ مُشْتَقّ ও مُشْتَقّ مِنْه এর মধ্যে সকল হরফ تَرْتِيب (ধারাবাহিক) অনুযায়ী থাকা। যথা– ضَرْبٌ থেকে ضَارِبٌ ২. اِشْتِقَاق كَبِير ـ مُشْتَقّ ও مُشْتَقّ مِنْهُ এর মধ্যে অক্ষরের তারতীব ঠিক না থাকা, যথা جَذْبٌ থেকে جَبْذٌ ৩. اِشْتِقَاق اَكْبَر ঃ مُشْتَقّ এর মধ্যে مُشْتَقّ مِنْه এর অধিকাংশ বর্ণ থাকবে আর কিছু বর্ণ একই মাখরাজের হবে। যথা نَهْقٌ থেকে نَعْقٌ -সংজ্ঞায় প্রথমটি উদ্দেশ্য।

قوله وَاَبْنِيَتُهُ الخ ঃ ثُلَاثِىُّ مُجَرَّدٌ এর মাসদারের সুনির্দিষ্ট কোন ওযন নেই বরং আরবীভাষীদের থেকে শ্রবণের উপর নির্ভর। ইমাম سيبويه এর মতে এমন ওযন ৩২টি, কারো মতে ৫০টি, কারো মতে ৩৫টি, ইলমুছছীগা গ্রন্থকার র. এর ৪৪টি ওযন কাব্যাকারে গ্রথিত করেছেন।

قوله اَعْجَبَنِىْ قِيَامُ زَيْدٍ ঃ এর মধ্যে قِيَام মাসদার, زَيْدٌ হল তার ফায়েল। এ কারণে مَرْفُوع ـ زَيْدٌ হয়েছে। আর মাসদার তার ফায়েল মিলে اعجب। ফে'লের ফায়েল হয়েছে।

قوله اَعْجَبَنِىْ ضَرْبُ زَيْدٍ عَمْرًوا ঃ এখানে ضَرْبٌ মাসদার زيد তার فاعل, আর عمروا হল مفعول به –

قوله وَلَا يَجُوْزُ تَقْدِيْمُ الخ ঃ কেননা মাসদার হল عَامِلِ ضَعِيْف -সুতরাং معمول এর স্থান পরিবর্তন হলে তার জন্য عمل করা অসম্ভব। যেমন اَعْجَبَنِىْ زَيْدٌ ضَرْبٌ এর মধ্যে ضَرْبٌ এর ফায়েল زيد তার আগে আসায় এ তারকীব সহীহ নয়। এভাবে اَعْجَبَنِىْ عَمْرًوا ضَرْبٌ زَيْدٍ বলাও নাজায়েয। কারণ ضَرْبٌ এর مفعول عَمْرًوا তার উপর مقدم হয়েছে।

قوله وَيَجُوْزُ اِضَافَتُهُ ঃ মাসদার তার معمول এর দিকে মুযাফ হলে مضاف اليه হিসেবে معمول টি مجرور হবে, চাই فاعل হৌক বা مفعول –

قوله وَاَمَّا اِنْ كَانَ مَفْعُوْلُ الخ ঃ কেননা فعل হল عامل قوى আর মাসদার عامل ضعيف সুতরাং عامل قوى থাকতে عَامِلِ ضَعِيْف এর عمل দেয়া বৈধ নয়।

فَصْلٌ ـ اِسْمُ الْفَاعِلِ اِسْمٌ مُشْتَقٌّ مِنْ فِعْلٍ لِيَدُلَّ عَلٰى مَنْ قَامَ بِهِ الْفِعْلُ بِمَعْنَى الْحُدُوْثِ وَصِيْغَتُهُ مِنَ الثُّلَاثِيِّ الْمُجَرَّدِ عَلٰى وَزْنِ فَاعِلٍ كَضَارِبٍ وَنَاصِرٍ وَمِنْ غَيْرِهِ عَلٰى صِيْغَةِ الْمُضَارِعِ مِنْ ذٰلِكَ الْفِعْلِ بِمِيْمٍ مَضْمُوْمٍ مَكَانَ حَرْفِ الْمُضَارَعَةِ وَكَسْرِ مَاقَبْلَ الْاٰخِرِ كَمُدْخِلٍ وَمُسْتَخْرِجٍ وَهُوَ يَعْمَلُ عَمَلَ فِعْلِهِ الْمَعْرُوْفِ اِنْ كَانَ بِمَعْنَى الْحَالِ اَوِ الْاِسْتِقْبَالِ

পরিচ্ছেদ-৭ : اِسْمِ فَاعِل (কর্তৃকারক বিশেষ্য)

অনুবাদ ॥ اِسْمِ فَاعِل এর সংজ্ঞা : اسم فاعل (কর্তৃকারক বিশেষ্য) فعل হতে নির্গত এমন একটি ইসম বা এমন কোন সত্তাকে বুঝায় যার দ্বারা ফে'লটি অস্থায়ীভাবে প্রতিষ্ঠিত হয়।

اسم فاعل এর রূপ : ثُلَاثِىْ مُجَرَّدْ হতে اسم فاعل এর ছীগা فَاعِلٌ এর ওযনে আসে। যেমন- ضَارِبٌ ও نَاصِرٌ - ثُلَاثِى مُجَرَّد ছাড়া অন্যান্য শব্দে আলামতে মুযারে'র স্থলে একটি পেশবিশিষ্ট মীম হবে এবং শেষাক্ষরের পূর্বাক্ষরে যের হবে। যেমন- مُدْخِلٌ ও مُسْتَخْرِجٌ

اسم فاعل এর আমল : اسم فاعل-টি যদি বর্তমান বা ভবিষ্যতকালের অর্থে ব্যবহৃত হয় তবে তা فعل مَعْرُوْف এর ন্যায় আমল করে। (অর্থাৎ فاعل কে رفع এবং مفعول কে نصب প্রদান করে, তবে শর্ত এই যে, তা নিম্নলিখিত ছয়টি বিষয়ের যে কোন একটির উপর নির্ভরশীল হ'তে হবে।)

প্রাসঙ্গিক আলোচনা : قوله اِسْمٌ مُشْتَقٌّ مِنْ فِعْلٍ : সংজ্ঞায় مُشْتَقْ হল اسم جنس সমস্ত اَسْمَاء مُشْتَقَّةْ এতে শামিল রয়েছে। আর مِنْ فِعْلٍ দ্বারা فِعْلِ لُغْوِى উদ্দেশ্য। কেননা কূফীগণের মতে اسم فاعل ইত্যাদি فعل থেকে مُشْتَقّ - فعل اِصْطِلَاحِىْ থেকে নয়। তাদের মতে اِشْتِقَاقْ এর দিক দিয়ে فعل আসল আর لُغْوِىْ বসরীগণের মতে মাসদার আসল। বসরীগণের মতটিই জমহুরের কাছে পসন্দনীয়। মুসান্নিফ র. مِنْ مَصْدَرٍ না বলে فِعْلٍ বলার উদ্দেশ্য হল فعل এর সংশ্লিষ্টতায় মাসদার থেকে উদগত।

قوله يَدُلُّ عَلٰى مَنْ قَامَ الخ : এটি فصل-এর দ্বারা اسم مفعول বের হয়ে গেল, কারণ اسم مفعول টি لمن وَقَعَ عَلَيْهِ الْفِعْلُ (ফে'ল তার উপর পতিত হওয়া)র জন্য গঠিত। এভাবে اسم تفضيل ও اسم مُبَالَغَةْ ইত্যাদি বের হয়ে যায়। কারণ এর উভয়টিতে الزِيَادَة এর قيد থাকে।

قوله بِمَعْنَى الْحُدُوْثِ : এর দ্বারা صِفَتِ مُشَبَّهَةْ বের হয়ে গেল। কারণ صفتِ مُشَبَّهَة এর মধ্যে مع الدَّوَامْ এর قَيْد থাকে। حُدُوْثْশব্দটি বিভিন্ন অ র্থ আসে। সৃষ্টি হওয়া, সংঘটিত হওয়া, এখানে নিত্য নতুন ঘটা।

قوله مُدْخِلٌ وَمُسْتَغْفِرٌ : দুটি উদাহরণ এ জ ; য এনেছেন যে, প্রথমটি হুবহু مضارع এর ওযনে রয়েছে; কেবল ياء এর স্থলে ميم আর ২য়টি مضارع معروف ে.কে দুদিক থেকে ভিন্ন। ياء এর স্থলে ميم ও ميم এর উপর পেশ হয়েছে। এক্ষেত্রে আরো একটি উদাহরণ ত।নার প্রয়োজন ছিল। যেমন مُتَفَاضِلٌ এর মধ্যে مَاقَبْلِ آخِر (শেষাক্ষরের পূর্বাক্ষর) এর حركت ও পরিবর্তন হয়েছে। এ উদাহরণটি দিলে বিষয়টি আরো স্পষ্ট হত।

قوله اِنْ كَانَ بِمَعْنَى الخ : দ্বারা اسم فاعل তার ফে'লের ন্যায় আমল করার জন্য দুটি শর্তের প্রতি ইঙ্গিত করেছেন। ১. اسم فاعل টি বর্তমান বা ভবিষ্যতকালের অর্থে ব্যবহৃত হতে হবে। (ফলে مضارع এর সাথে مُشَابَهَتْ (সামঞ্জস্য) বৃদ্ধি পাবে)

وَمُعْتَمِدًا عَلَى الْمُبْتَدَإِ نَحْوُ زَيْدٌ قَائِمٌ أَبُوهُ أَوْ ذِي الْحَالِ نَحْوُ جَاءَنِي زَيْدٌ ضَارِبًا أَبُوهُ عَمْرًوا أَوْمَوْصُولٍ نَحْوُ مَرَرْتُ بِالضَّارِبِ أَبُوهُ عَمْرًوا أَوْمَوْصُوفٍ نَحْوُ عِنْدِي رَجُلٌ ضَارِبٌ أَبُوهُ عَمْرًوا أَوْ هَمْزَةِ الْإِسْتِفْهَامِ نَحْوُ أَقَائِمٌ زَيْدٌ أَوْحَرْفِ النَّفْيِ نَحْوُ مَا قَائِمٌ زَيْدٌ فَإِنْ كَانَ بِمَعْنَى الْمَاضِي وَجَبَتِ الْإِضَافَةُ مَعْنًى نَحْوُ زَيْدٌ ضَارِبُ عَمْرٍو أَمْسِ،

অনুবাদ ॥ (১) মুবতাদার উপর নির্ভরশীল হবে। যেমন– زَيْدٌ قَائِمٌ أَبُوهُ (যায়েদ তার পিতা দণ্ডয়মান) (২) অথবা ذُو الْحَالِ এর উপর। যেমন جَاءَنِي زَيْدٌ ضَارِبًا أَبُوهُ عَمْرًوا (যায়েদ এ অবস্থায় আমার নিকট এসেছে যে, তার পিতা আমরের প্রহারকারী)। (৩) অথবা موصول এর উপর। যেমন– مَرَرْتُ بِالضَّارِبِ أَبُوهُ عَمْرًوا (আমি তাকে অতিক্রম করেছি যার পিতা আমরের প্রহারকারী)। (৪) অথবা موصوف এর উপর নির্ভরশীল হবে। যেমন– عِنْدِي رَجُلٌ ضَارِبٌ أَبُوهُ عَمْرًوا (আমার নিকট এমন এক ব্যক্তি রয়েছে যার পিতা আমরের প্রহারকারী)। (৫) অথবা هَمْزَةُ إِسْتِفْهَامٍ (প্রশ্নবোধক হামযা)র উপর। যেমন– أَقَائِمٌ زَيْدٌ (যায়েদ কি দণ্ডায়মান?)। (৬) অথবা حَرْفِ نَفِي এর উপর। যেমন– مَاقَائِمٌ زَيْدٌ (যায়েদ দণ্ডায়মান নয়)। اسم فاعل যদি অতীতকালের অর্থে ব্যবহৃত হয় তখন إِضَافَةِ مَعْنَوِي সহ ব্যবহার অপরিহার্য হয়ে যায়। যেমন– زَيْدٌ ضَارِبُ عَمْرٍوا أَمْسِ (যায়েদ গতকল্য আমরের প্রহারকরেছে)।

প্রাসঙ্গিক আলোচনা ঃ ২. مُبْتَدَا ـ ذُو الْحَالِ، مَوْصُوْف، هَمْزَةُ إِسْتِفْهَامْ . حَرْفِ نَفِي ইত্যাদি (সামনে বর্ণিত) ছয় জিনিষের কোন একটি তার শুরুতে থাকতে হবে। যাতে مضارع এর সাথে مُشَابَهَتْ বৃদ্ধি পায় এবং আমলের জন্য আরো শক্তি লাভ হবে। কেননা এর দ্বারা এটি فعل এর ন্যায় তার পার্শ্বস্থ শব্দের সাথে مسند (সম্পর্কিত) হবে আর حَرْفِ نَفِي বা هَمْزَةُ إِسْتِفْهَام সাধারণত فعل এর পূর্বেই আসে।

قوله زَيْدٌ قَائِمٌ ঃ এটা মুবতাদার উপর টেক লাগানোর উদাহরণ। زَيد মুবতাদা এটি قَائِمٌ شِبْهِ فِعْل এর فَاعِل -

قوله جَائَنِي زَيْدٌ ضَارِبًا الخ ঃ এটি ذُوالْحَالِ এর উপর টেক লাগানোর (সহায়তা গ্রহণের) উদাহরণ। এর মধ্যে زيد হল ذُوالْحَالِ - فاعل . أَبُوهُ ـ مُرَكَّب إِضافي হয়ে ضَارِبًا এর فاعل . عَمْرًوا হল - مفعول به . ضَارِبًا -তার فاعل ও مفعول به মিলে (شِبْهِ جمله হয়ে) حال হয়েছে।

★ এ উদাহরণে ২টি বিষয় লক্ষণীয়– ক. اسم فاعل টি زيد মুবতাদা উপর টেক লাগিয়েছে। খ. এর اب শব্দটি ضَارِبٌ এর ফায়েল হওয়ায় واو দ্বারা مرفوع এবং عَمْرًوا মাফউল হওয়ায় منصوب হয়েছে।

قوله وَمَوْصُوْلٍ نَحْوُ مَرَرْتُ الخ ঃ অর্থাৎ اسم فاعل তার পূর্বোল্লিখিত اسم موصول এর উপর টেক লাগাবে। যথা– مَرَرْتُ ... উদাহরণে اَلضَّارِبُ، اسم فاعل টি ال بِمَعْنَى اَلَّذِيْ এর উপর টেক লাগিয়েছে। আর اسم فاعل তার معمول নিয়ে جمله হয়েছে।

قوله عِنْدِي رَجُلٌ ضَارِبٌ الخ ঃ এর মধ্যে رَجُلٌ، موصوف، ضَارِبٌ، اسم فاعل (شبه فعل) أَبُوهُ، مركب اضافى হয়ে তার فاعل আর عَمْرًوا، مفعول মিলে شبه جمله হয়ে صفت অতঃপর موصوف ও صفت মিলে مبتدائے مُبْتدا مؤخّر - خبرِ مُقدَّم এর সাথে متعلق হয়ে شبه فعل উহ্য مُوْجُوْدٌ হয়ে مركب اضافى، عِنْدِيْ অতপর مؤخر ও خبرمقدم মিলে جملهُ اسميهُ خبرية -

قوله أَقَائِمٌ زَيْدٌ ঃ قَائِمٌ ফে'লটি هَمْزَةُ حرفِ استفهام -এর উপর টেক লাগিয়ে زَيْدٌ (ফায়েলের) উপর আমল করেছে। قَائِمٌ - شبه فعل তার فاعل মিলে جملهُ إِسْتِفْهَامِيه انشائية হয়েছে।

قوله فَإِنْ كَانَ بِمَعْنَى الْمَاضِيْ الخ ঃ অর্থাৎ اسم فاعل যদি অতীতকালের অর্থে আসে তাহলে বর্তমান বা ভবিষ্যৎকালের শর্ত না পাওয়ার কারণে আমল করবে না। বরং তখন مفعول এর প্রতি মুযাফ হবে। আর ফায়েলটি তখন মুবতাদা হয়ে আগে চলে আসবে। যেমন উদাহরণে লক্ষ্য কর–

هٰذَا إِذَا كَانَ مُنَكَّرًا أَمَّا إِذَا كَانَ مُعَرَّفًا بِاللَّامِ يَسْتَوِى فِيهِ جَمِيعُ الْأَزْمِنَةِ نَحْوُ زَيْدُنِ الضَّارِبُ أَبُوهُ عَمْرًوا الْآنَ أَوْ غَدًا أَوْ أَمْسِ ـ فَصْلٌ ـ إِسْمُ الْمَفْعُوْلِ إِسْمٌ مُشْتَقٌّ مِنْ فِعْلٍ مُتَعَدٍّ لِيَدُلَّ عَلٰى مَنْ وَقَعَ عَلَيْهِ الْفِعْلُ وَصِيْغَتُهُ مِنَ الْمُجَرَّدِ الثُّلَاثِيِّ عَلٰى وَزْنِ مَفْعُوْلٍ لَفْظًا كَمَضْرُوْبٍ أَوْ تَقْدِيْرًا كَمَقُوْلٍ وَمَرْمِيٍّ وَمِنْ غَيْرِهِ كَإِسْمِ الْفَاعِلِ بِفَتْحِ مَاقَبْلَ الْآخِرِ كَمُدْخَلٍ وَمُسْتَخْرَجٍ وَيَعْمَلُ عَمَلَ فِعْلِهِ الْمَجْهُوْلِ بِالشَّرَائِطِ الْمَذْكُوْرَةِ فِىْ إِسْمِ الْفَاعِلِ نَحْوُ زَيْدٌ مَضْرُوْبٌ غُلَامُهُ الْآنَ أَوْغَدًا أَوْأَمْسِ ـ

অনুবাদ ॥ اسم فاعل টি নাকেরা হওয়া অবস্থায় উপরোক্ত বিধান প্রযোজ্য; কিন্তু যদি তা الف ও لام যোগে মা'রেফা হয় তবে সে ক্ষেত্রে সব কালই সমান। যেমন– زَيْدٌ زَيْدُ الضَّارِبُ أَبُوهُ عَمْرًوا الْآنَ অথবা زَيْدُنِ الضَّارِبُ أَبُوهُ عَمْرًوا غَدًا অথবা زَيْدُنِ الضَّارِبُ أَبُوهُ عَمْرًوا أَمْسِ

পরিচ্ছেদ - ৮ ঃ إِسْمِ مَفْعُوْلٍ (কর্মকারক বিশেষ্য)

اسم مفعول এর সংজ্ঞা ঃ اسم مفعول ঐ ইসমকে বলে যা فِعْلِ مُتَعَدِّىْ হ'তে গঠিত হয়ে এমন সত্তা বুঝায় যার উপর কর্তার ক্রিয়া পতিত হয়।

اسم مفعول এর সীগা ঃ ثُلَاثِىْ مُجَرَّدْ হতে এর সীগা مفعول এর ওযনে হয়ে থাকে। ওযনটি প্রকাশ্য হোক, যেমন– مَضْرُوْبٌ (প্রহৃত) অথবা উহ্যভাবে হোক যেমন–مَقُوْلٌ (কথিত) ও مَرْمِىٌّ (নিক্ষিপ্ত)। আর ثُلَاثِىْ مُجَرَّدْ ব্যতীত অন্যান্য ফে'ল হতে اسم مفعول এর সীগা اسم فاعل -এর ন্যায়। তবে তার শেষাক্ষরের পূর্বাক্ষর যবরযুক্ত হয়। যেমন– مُدْخَلٌ ও مُسْتَخْرَجٌ-

আমল ঃ إِسْمِ مَفْعُوْلٍ - اسم فاعل এর মধ্যে উল্লেখিত শর্ত সাপেক্ষে فعل مَجْهُوْل এর ন্যায় আমল করে থাকে। যেমন– (বর্তমান কালের উদাহরণ) زَيْدٌ مَضْرُوْبٌ غُلَامُهُ الْآنَ (যায়েদের ভৃত্য এখন প্রহৃত), (ভবিষ্যতকালের উদাহরণ) زَيْدٌ مَضْرُوْبٌ غُلَامُهُ غَدًا (যায়েদের ভৃত্য আগামীকাল প্রহৃত হবে)। এবং (অতীতকালের উদাহরণ) زَيْدٌ مَضْرُوْبٌ غُلَامُهُ أَمْسِ (যায়েদের ভৃত্য গতকাল প্রহৃত হয়েছে)।

প্রাসঙ্গিক আলোচনা ঃ ★ ফায়েদা ঃ اسم فاعل এর আমলের জন্য বর্তমান বা ভবিষ্যতকালের অর্থে ব্যবহৃত হওয়ার শর্তটি مفعول به এর মধ্যে আমলের জন্য শর্ত। فاعل এর মধ্যে আমলের জন্য এ শর্ত নয়।

قوله أَمَّا إِذَا كَانَ مُعَرَّفًا الخ ঃ অর্থাৎ اسم فاعل টি مُعَرَّفْ بِاللَّامِ হলে তখন তার আমলের জন্য حَالْ বা إِسْتِقْبَالْ এর প্রয়োজন নেই। কারণ তখন اسم فاعل টি فعل معروف এর অর্থ বিশিষ্ট হয়। আর فعل مَعْرُوْف এর মধ্যে সকল কাল সমান।

إِسْمٌ مُشْتَقٌّ مِنْ فِعْلٍ ঃ সংজ্ঞার اسم مُشْتَقّ দ্বারা اسم جَامِد বের হয়ে গেল, عَلٰى مَنْ وَقَعَ বলার দ্বারা অন্যান্য সমস্ত صِيغَةُ صفت বের হয়ে সংজ্ঞাটি جامع مانع হয়ে গেল। মুসান্নিফ র. فعل مُتَعَدِّى এর জন্য বলেছেন যে, فعل لازم থেকে مفعول এর ছীগা গঠিত হয় না।

★ اسم تفضيل যেটা اسم مفعول এর অর্থে ব্যবহৃত হয়। যেমন أَشْهَرُ অর্থ অধিক প্রসিদ্ধ (زِيَادَهْ مَشْهُوْر) এটা যদিও لِمَنْ وَقَعَ عَلَيْهِ الْفِعْلُ এর মধ্যে দাখিল থাকে তবে এর সাথে مَعَ الزِّيَادَةِ এর قيد থাকায় এটিও বের হয়ে যায়। কারণ اسم مفعول এর মধ্যে এ قيد নেই।

قوله عَلٰى وَزْنِ مَفْعُوْلٍ : এখানে قِيَاسًا বা غَالِبًا শব্দ উহ্য আছে। কারণ কখনো কখনো فَعِيْلٌ ওযনেও আসে। যথা جَرِيْحٌ، مَجْرُوْحٌ অর্থে ও قَتِيْلٌ، مَقْتُوْلٌ অর্থে ضَحِيْكٌ - مَضْحُوْكَةٌ. قَبِيْضٌ. مَقْبُوْضٌ অর্থে।

قوله اَوْ تَقْدِيْرًا كَمَقُوْلٍ : কেননা مَقُوْلٌ মূলত مَقْوُوْلٌ ও مَرْمِيٌّ মূলত مَرْمُوْيٌ ছিল।

قوله يِفَتْحِ مَاقَبْلَ الخ : এটা لَفْظًا বা تَقْدِيْرًا উভয় হতে পারে। لَفْظًا (প্রকাশ্য) যেমন مُدْخَلٌ - تَقْدِيْرًا (উহ্য) যেমন مُخْتَارٌ এটা মূলত مُخْتَيَرٌ ছিল।

قوله بِالشَّرَائِطِ الخ : অর্থাৎ ক. حَالٌ বা اِسْتِقْبَال এর অর্থে আসা ও খ. তার পূর্বে ، موصول ، مبتدا ذو الحال ،و حرف استفهام ،موصوف বা نفى مائے এ ৬টির কোন একটির উপর টেক লাগান।

★ উল্লেখ্য যে, حال বা استقبال এর শর্তটি কেবল مفعول به তে نصب দেয়ার জন্য نائب فاعل কে رفع দেয়ার জন্য এ শর্ত নয়।

★ ماضى এর অর্থে ব্যবহৃত হলে তখন مفعول به এর প্রতি اضافت معنوى হয়ে সেটি مجرور হয়। যেমন زَيْدٌ مُعْطٰى دِرْهَمٍ اَمْسِ (গতকাল যায়েদ কে দেরহাম দেয়া হয়েছে)

★ مُعَرَّفُ بِاللَّامِ হলে তার মধ্যে সকল زمانة সমান। তখন সেটি ماضى এর অর্থে হয়ে আমল করবে। যেমন زَيْدُنِ الْمُعْطٰى دِرْهَمًا غُلَامُهُ الْاٰنَ - زَيْدُنِ الْمُعْطٰى غُلَامُهُ دِرْهَمًا اَمْسِ - زَيْدُنِ الْمُعْطٰى دِرْهَمًا غَدًا উদাহরণ গুলোতে مُعْطٰى হল نائب فاعل - دِرْهَمًا হল ২য় مفعول -

★ ফায়েদা : فِعْلٌ مُتَعَدِّى চার প্রকার। যথা ১. (এক مفعول এর প্রতি متعدى) ২. (দুই مفعول এর প্রতি متعدى তবে এক মাফউলের উপর সীমিত করা জায়েয ৩. দুই مفعول এর প্রতি متعدى হতে এক মাফউলের উপর সীমিত করা জায়েয নয়। ৪. তিন مفعول এর প্রতি متعدى - অত্র ৪ প্রকর اسم مفعول পূর্বোক্ত ৬টির সাথে গুণ করলে মোট ৪ × ৬ = ২৪টি ছুরত হয়। নিম্নে ছকের আকারে তা উল্লেখ করা হল

اِعْتِمَادْ	مُتَعَدِّىْ اِلٰى مَفْعُوْلٍ	مُتَعَدِّىْ اِلٰى مَفْعُوْلَيْنِ الَّذِىْ يَجُوْزُ الْاِقْتِصَارُ عَلٰى وَاحِدٍ	مُتَعَدِّىْ اِلٰى مَفْعُوْلَيْنِ الَّذِىْ لَا يَجُوْزُ الْاِقْتِصَارُ عَلٰى وَاحِدٍ	مُتَعَدِّىْ اِلٰى ثَلَاثَةِ مَفَاعِيْلَ
مُبْتَدَأ	زَيْدٌ مَضْرُوْبٌ اَبُوْهُ	عَمْرٌو مُعْطًى غُلَامُهُ دِرْهَمًا	بَكْرٌ مَعْلُوْمٌ نِ ابْنُهُ فَاضِلًا	خَالِدٌ مُخْبَرٌ نِ ابْنُهُ عَمْرًوا فَاضِلًا
مَوْصُوْف	مَرَرْتُ بِرَجُلٍ مَضْرُوْبٍ اَبُوْهُ	مَرَرْتُ بِرَجُلٍ مُعْطٰى غُلَامُهُ دِرْهَمًا	مَرَرْتُ بِرَجُلٍ مَعْلُوْمٍ نِ ابْنُهُ فَاضِلًا	مَرَرْتُ بِرَجُلٍ مُخْبَرِنِ ابْنُهُ عَمْرًوا فَاضِلًا
مَوْصُوْل	جَاءَنِى الْمَضْرُوْبُ اَبُوْهُ	جَاءَنِى الْمُعْطٰى غُلَامُهُ دِرْهَمًا	جَاءَنِىْ زَيْدُ الْمَعْلُوْمُ نِ ابْنُهُ فَاضِلًا	جَاءَنِى الْمُخْبَرُنِ ابْنُهُ عَمْرًوا فَاضِلًا
ذُوالْحَال	جَاءَنِىْ زَيْدٌ مَضْرُوْبًا اَبُوْهُ	جَاءَنِىْ زَيْدٌ مُعْطٰى غُلَامُهُ دِرْهَمًا	جَاءَنِىْ زَيْدٌ مَعْلُوْمٌ نِ ابْنُهُ فَاضِلًا	جَاءَنِىْ زَيْدٌ مُخْبَرًا ابْنُهُ عَمْرًوا فَاضِلًا
همزهٔ استفهام	اَ مَضْرُوْبٌ زَيْدٌ	اَمُعْطًى زَيْدٌ دِرْهَمًا	اَمَعْلُوْمٌ زَيْدٌ فَاضِلًا	اَمُخْبَرٌ زَيْدٌ عَمْرًوا فَاضِلًا
حرف نَفى	مَا مَضْرُوْبٌ زَيْدٌ	مَا مُعْطًى زَيْدٌ دِرْهَمًا	مَا مَعْلُوْمٌ زَيْدٌ فَاضِلًا	مَا مُخْبَرٌ زَيْدٌ عَمْرًوا فَاضِلًا

فَصْلٌ - اَلصِّفَةُ الْمُشَبَّهَةُ اِسْمٌ مُشْتَقٌّ مِنْ فِعْلٍ لَازِمٍ لِيَدُلَّ عَلٰى مَنْ قَامَ بِهِ الْفِعْلُ بِمَعْنَى الثُّبُوْتِ وَصِيْغَتُهَا عَلٰى خِلَافِ صِيْغَةِ اِسْمِ الْفَاعِلِ وَالْمَفْعُوْلِ وَاِنَّمَا تُعْرَفُ بِالسَّمَاعِ كَحَسَنٍ وَصَعْبٍ وَظَرِيْفٍ وَهِيَ تَعْمَلُ عَمَلَ فِعْلِهَا مُطْلَقًا بِشَرْطِ الْاِعْتِمَادِ الْمَذْكُوْرِ -

---

পরিচ্ছেদ - ৯ : صِفَةٌ مُشَبَّهَةٌ (স্থায়ী গুণবাচক বিশেষ্য)

অনুবাদ ॥ صِفَةٌ مُشَبَّهَةٌ এর সংজ্ঞা : صِفَةٌ مُشَبَّهَةٌ এমন ইসমকে বলে যা فِعْلِ الْاَزِمْ হ'তে গঠিত হয়ে এমন সত্তাকে বুঝায় যার দ্বারা উক্ত فعل টি স্থায়ীভাবে প্রতিষ্ঠিত হয়।

صِفَةٌ مُشَبَّهَةٌ এর সীগা : اسم فاعل ও اسم مفعول এর সীগার বিপরীত (অর্থাৎ এর জন্য কোন নির্ধারিত নিয়ম নেই)। শুধু আরবদের থেকে শ্রবণের ভিত্তিতে অবহিত হওয়া যায়। যেমন– حَسَنٌ (সুন্দর) صُعْبٌ (কঠিন) ও ظَرِيْفٌ (চালাক)।

صِفَةٌ مُشَبَّهَةٌ এর আমল : সিফাতে মুশাব্বাহা (اسم فاعل এর অধ্যায়ে) উল্লেখিত নির্ভরশীলতার শর্তের ভিত্তিতে কোন কালের শর্ত ছাড়াই স্বীয় فعل এর ন্যায় আমল করে থাকে।

প্রাসঙ্গিক আলোচনা : اِسْمٌ مُشْتَقٌّ الخ : সংজ্ঞায় اسم শব্দটি جنس, এর মধ্যে اسم مُشْتَقٌّ ، غَيْرِ مُشْتَقٌّ সবই দাখিল। مشتق হল ১ম فصل- এর দ্বারা اسم غير مشتق বের হয়ে গেল। مِنْ فِعْلٍ لَازِمٍ ২য় فصل এর দ্বারা اسم مفعول খারিজ হয়ে গেল, عَلٰى مَنْ قَامَ بِهِ الْفِعْلُ ৩য় فصل, এর দ্বারা اسم ظرف ও اسم آله খারিজ হয়ে গেল। بِمَعْنَى الثُّبُوْتِ হল ৪র্থ فصل. এর দ্বারা اسم فاعل. اسم تفضيل ، اسم مُبَالَغَةٌ ইত্যাদি খারিজ হয়ে সংজ্ঞাটি جَامِعٌ مَانِعٌ হয়ে গেল।

قوله اَلْمُشَبَّهَةُ : مُشَبَّهَةٌ বাবে تَفْعِيْلٌ হতে اسم مفعول অর্থ تَشْبِيْهٌ প্রদত্ত। جمع ، مؤنث ، مذكر এবং واحد ، تثنيه এরদিক দিয়ে اسم فاعل এর সাথে সামঞ্জস্য প্রদত্ত হওয়ায় এ নাম রাখা হয়েছে।

قوله وَصِيْغَتُهَا الخ : অর্থাৎ صفتِ مُشَبَّهَه এর ওযনের নির্দিষ্ট কোন নীতিমালা নেই বরং শ্রবণের উপর নির্ভর। এ কারণে মুসান্নিফ র. عَلٰى خِلَافِ صِيْغَةِ বলেছেন। ইলমুছ ছীগা গ্রন্থকার র. صفتِ مُشَبَّه এর ২৩টি ওযন উল্লেখ করেছে। যথা–

صَعْبٌ، صِفْرٌ، صُلْبٌ ، حَسَنٌ، خَشِنٌ، نَدُسٌ، زَنِمٌ ، بِلِزٌ، حُطَمٌ، اَحْمَرُ ، كَابِرٌ، كَبِيْرٌ ، غَفُوْرٌ، جَيِّدٌ، هِجَانٌ، جَبَانٌ، شُجَاعٌ ، عَطْشَانٌ، عَطْشٰى ، حُبْلٰى، حَمْرَاءُ، عُشَرَاءُ

قوله وَهِيَ تَعْمَلُ عَمَلَ الخ : موصول ছাড়া ৫টির যে কোনটির উপর টেক লাগানোর শর্তে অর্থাৎ صفت مشبه فعل لازم এর ন্যায় আমল করে। তবে এর জন্য حال বা اِسْتِقْبَال এর অর্থের কোন শর্ত নেই। কেননা এটা চিরস্থায়ী গুণ বুঝায়। পক্ষান্তরে حال বা استقبال এর অর্থ حُدُوْثٌ তথা ক্ষণস্থায়ী বুঝায়। আর موصول এর উপর টেক লাগানোর শর্ত এ কারণে নেই যে, صفت مشبه এর পূর্বে الف لام, الذى অর্থে আসে না।

★ উল্লেখ্য যে, صفت مشبه তার فعل এর আমলের তুলনায় বেশী আমল করে। কারণ صفت مشبه মাফউল হিসেবে তার معمول কে نصب দেয়। অথচ لازم হওয়ার কারণে উক্ত মাসদারের থেকে গঠিত فعل এর مفعولই হয় না।

وَمَسَائِلُهَا ثَمَانِيَةَ عَشَرَ لِأَنَّ الصِّفَةَ إِمَّا بِاللَّامِ أَوْ مُجَرَّدَةٌ عَنْهَا وَمَعْمُولُ كُلِّ وَاحِدٍ مِنْهُمَا إِمَّا مُضَافٌ أَوْ بِاللَّامِ أَوْ مُجَرَّدٌ عَنْهُمَا فَهٰذِهِ سِتَّةٌ وَمَعْمُولُ كُلٍّ مِّنْهَا إِمَّا مَرْفُوعٌ أَوْ مَنْصُوبٌ أَوْ مَجْرُورٌ فَذٰلِكَ ثَمَانِيَةَ عَشَرَ وَتَفْصِيلُهَا نَحْوُ جَاءَنِي زَيْدُنِ الْحَسَنُ وَجْهُهُ ثَلٰثَةُ أَوْجُهٍ كَذٰلِكَ اَلْحَسَنُ الْوَجْهِ وَالْحَسَنُ وَجْهٍ وَحَسَنٌ وَجْهٍ وَحَسَنُ الْوَجْهِ وَحَسَنٌ وَجْهٌ وَهِيَ عَلٰى خَمْسَةِ أَقْسَامٍ مِنْهَا مُمْتَنِعٌ اَلْحَسَنُ وَجْهِهِ وَالْحَسَنُ وَجْهِهِ وَمُخْتَلَفٌ فِيهِ حَسَنُ وَجْهِهِ وَالْبَوَاقِي أَحْسَنُ إِنْ كَانَ فِيهِ ضَمِيرٌ وَاحِدٌ وَحَسَنٌ إِنْ كَانَ فِيهِ ضَمِيرَانِ وَقَبِيحٌ إِنْ لَمْ يَكُنْ فِيهِ ضَمِيرٌ وَالضَّابِطَةُ أَنَّكَ مَتٰى رَفَعْتَ بِهَا مَعْمُولَهَا فَلَا ضَمِيرَ فِي الصِّفَةِ وَمَتٰى نَصَبْتَ أَوْجَرَرْتَ فَفِيهَا ضَمِيرُ الْمَوْصُوفِ نَحْوُ زَيْدٌ حَسَنٌ وَجْهُهُ ـ

অনুবাদ ॥ صِفَةِ مُشَبَّهَةٌ এর মাসয়ালাসমূহ ঃ صِفَةِ مُشَبَّهَةٌ এর আঠারটি মাসয়ালা বা অবস্থা রয়েছে। কেননা صِفَةِ مُشَبَّهَةٌ টি হয়ত الف ও لام যুক্ত হবে অথবা الف ও لام শূন্য হবে এবং এগুলোর প্রত্যেকটির معمول হয়ত مضاف হবে, অথবা الف ও لام যুক্ত হবে, অথবা এতদুভয় হতে মুক্ত হবে। এতে মোট ছয় অবস্থা হল। এখন এ ছয়টির প্রত্যেকটির معمول হয়ত পেশ বিশিষ্ট হবে বা যবরবিশিষ্ট হবে, অথবা যেরবিশিষ্ট হবে এভাবে (উপরোক্ত ছয় অবস্থাকে এ তিন অবস্থা দ্বারা গুণ করলে) সর্বমোট অবস্থা হয় আঠারটি। এর বিস্তারিত বিবরণ এই যে, যেমন– جَاءَنِي زَيْدُنِ الْحَسَنُ وَجْهُهُ -এর তিনটি অবস্থা রয়েছে। অনুরূপভাবে– اَلْحَسَنُ الْوَجْهُ - اَلْحَسَنُ وَجْهٌ - حَسَنُ الْوَجْهِ - حَسَنٌ وَجْهُهُ - اَلْحَسَنُ وَجْهِهِ - حَسَنٌ وَجْهٌ

حَسَنٌ এর ক্ষেত্রে ১৮ অবস্থার প্রকারভেদ ঃ صِفَةِ مُشَبَّهَةٌ -পাঁচ ভাগে বিভক্ত। তন্মধ্যে প্রথম প্রকার হচ্ছে مُمْتَنِعٌ (নিষিদ্ধ)। নিষিদ্ধ অবস্থা দু'টি। যথা– اَلْحَسَنُ وَجْهِ ও اَلْحَسَنُ وَجْهِهِ - দ্বিতীয় প্রকার হচ্ছে مُخْتَلَفٌ فِيهِ (মতবিরোধপূর্ণ)। মতবিরোধপূর্ণ অবস্থা একটি। যথা– حَسَنُ وَجْهِهِ - অবশিষ্টগুলো সম্পর্কে বক্তব্য এই যে, যদি তাতে একটি যমীর হয় তবে أَحْسَنُ - (অতি উত্তম)। আর যদি দু'টি যমীর হয় তবে حسن (উত্তম)। যদি তাতে আদৌ কোন যমীর না থাকে তবে قَبِيحٌ (মন্দ)। এ ক্ষেত্রে বিধান এই যে, তুমি যখন صِفَةِ مُشَبَّهَةٌ দ্বারা তার مَعْمُول কে পেশ দিবে তখন صفت এর মধ্যে কোন যমীর হবে না। আর যখন যবর বা যের দিবে তখন তাতে موصوف এর যমীর থাকবে। যেমন– زَيْدٌ حَسَنٌ وَجْهُهُ

প্রাসঙ্গিক আলোচনা ঃ নিম্নে صفت مشبهه এর ১৮টি ছুরত ও তার বিধানকে ছকের মাধ্যমে দেখান হল।

صفۃِ مُشَبَّہ	اَقْسَامِ مَعْمُول	حالت رفعی	حالت نصبی	حالت جری
مُعَرَّف بلام	مضاف	زَيْدٌ الْحَسَنُ وَجْهُهُ-ا	زَيْدٌ الْحَسَنُ وَجْهَهُ-ح	زَيْدٌ الْحَسَنُ وَجْهِهِ-مم
	معرف بلام	زَيْدٌ الْحَسَنُ الْوَجْهُ-ق	زَيْدٌ الْحَسَنُ الْوَجْهَ-ا	زَيْدٌ الْحَسَنُ الْوَجْهِ-ا
	دونوں سے خالی	زَيْدٌ الْحَسَنُ وَجْهٌ-ق	زَيْدٌ الْحَسَنُ وَجْهًا	زَيْدٌ الْحَسَنُ وَجْهٍ-مم
غیرمعرّف بلام	مضاف	زَيْدٌ حَسَنٌ وَجْهُهُ-ا	زَيْدٌ حَسَنٌ وَجْهَهُ-ح	زَيْدٌ حَسَنُ وَجْهِهِ-مخ
	معرف بلام	زَيْدٌ حَسَنُ الْوَجْهُ-ق	زَيْدٌ حَسَنُ الْوَجْهَ-ا	زَيْدٌ حَسَنُ الْوَجْهِ-ا
	دونوں سے خالی	زَيْدٌ حَسَنٌ وَجْهٌ-ق	زَيْدٌ حَسَنٌ وَجْهًا-ا	زَيْدٌ حَسَنُ وَجْهٍ-ا

বিঃ দ্রঃ উপরে ছকে প্রদত্ত ق দ্বারা قبيح (অশুদ্ধ) ا দ্বারা أَحْسَنُ (সর্বোত্তম) ح দ্বারা حَسَنٌ (উত্তম) مم দ্বারা مُمْتَنِعٌ (নিষিদ্ধ) ও مخ দ্বারা مُخْتَلَفٌ فِيْهِ (মতভেদ) বুঝান উদ্দেশ্য। এগুলোর বিস্তারিত কারণ নিম্নে লক্ষ কর।

قوله وَهِيَ عَلٰى خَمْسَةِ الخ ঃ হুকুম বা বিধানের দিক দিয়ে উপরোক্ত আঠারটি ছুরত ৫ ভাগে বিভক্ত। ১. مُمْتَنِعٌ (নিষিদ্ধ) এটা ২টি ছুরতে তথা اَلْحَسَنُ وَجْهِهِ ও اَلْحَسَنُ وَجْهُهُ - কারণ এতে نكره এর প্রতি معرفه এর اضافت হয়েছে। إِضَافَتِ مَعْنُوِيَّة এর মধ্যে এটা নাজায়েয। সুতরাং ممتنع এর সাথে সামঞ্জস্যের দরুন এর মধ্যে ও নিষিদ্ধ।

আর ২য়টির মধ্যে اضافت এর দ্বারা مضاف টি معرفه হওয়ার বা مضاف اليه থেকে যমীর বিলুপ্তির দ্বারা تخفيف হওয়ার কোনটি পাওয়া যায়নি। এ কারণে এটা নাজায়েয হয়েছে।

قوله وَمُخْتَلَفٌ فِيْهِ الخ ঃ ১৮ ছুরতের মধ্যে ১টি مُخْتَلَفٌ فِيْهِ তথা মতবিরোধপূর্ণ। আর সেটি হল حَسَنُ وَجْهِهِ ، سِيبُوَيْه ও বসরী নাহুভীগণের মতে অপসন্দনীয় হওয়া সত্ত্বে شِعْر এর মধ্যে প্রয়োজনে জায়েয। অপসন্দনীয় হওয়ার কারণ হল إِضَافَتِ لَفْظِيَّه সাধারণত تَخْفِيْف এর ফায়েদা দেয়। সুতরাং উচ্চ পর্যায়ের تخفيف হওয়াই উত্তম। আর তা হয় مضاف থেকে তানভীন ও مضاف اليه থেকে যমীর বিলুপ্তির মাধ্যমে। কিন্তু এখানে مضاف اليه থেকে যমীর বিলুপ্ত হয়নি। অথচ তা সম্ভব ছিল। এ কারণে এটা قَبِيْح তথা অপসন্দনীয়। আর কূফীগণের মতে এটা সাধারণভাবে (بِلَاقَبَاحَتْ) জায়েয। কারণ فِي الْجُمْلَه তথা কোন রকম تخفيف পাওয়া যাওয়াই যথেষ্ট। আর এখানে তানভীন বিলুপ্তির মাধ্যমে তা হাসিল হয়েছে।

قوله وَالْبَوَاقِيْ أَحْسَنُ ঃ অর্থাৎ অবশিষ্ট ১৫টি ছুরতের মধ্যে এক যমীর বিশিষ্ট ৯টি أَحْسَنُ (সর্বোত্তম) কারণ موصوف এর সাথে সম্বন্ধের জন্য ১ যমীরই যথেষ্ট, আর ২ যমীর বিশিষ্ট ৬ ছুরত حَسَنٌ (উত্তম)। (এক যমীর مضاف এর সঙ্গে, আর ছীগায়ে সিফতের মধ্যে এক যমীর।

قوله فَلَا ضَمِيْرَ فِي الصِّفَةِ الخ ঃ কারণ তখন معمول টিই তার ফায়েল, আর নসব বা জরের ছূরতে صيغه صفت এর মধ্যকার যমীর فاعل হয়ে তা موصوف এর দিকে ফিরবে। এক্ষেত্রে موصوف অনুপাতে ছীগায়ে সিফত مذكر - مؤنث বা تشنيه - جمع হবে। কারণ مرجع এর সাথে যমীরের مطابقت (মিল) জরুরী। যেমন- (১) زَيْدٌ حَسَنٌ وَجْهًا (২) هِنْدٌ حَسَنَةٌ وَجْهًا (৩) زَيْدٌ حَسَنٌ وَجْهُهُ (৪) هِنْدٌ حَسَنَةٌ وَجْهُهَا (৫) اَلزَّيْدَانِ حَسَنَانِ وَجْهًا (৬) اَلزَّيْدُوْنَ حَسَنُوْنَ وَجْهًا ইত্যাদি।

فَصْلٌ - إِسْمُ التَّفْضِيلِ إِسْمٌ مُشْتَقٌّ مِنْ فِعْلٍ لِيَدُلَّ عَلَى الْمَوْصُوفِ بِزِيَادَةٍ عَلَى غَيْرِهِ وَصِيغَتُهُ أَفْعَلُ فَلَا يُبْنَى إِلَّا مِنَ الثُّلَاثِيِّ الْمُجَرَّدِ الَّذِي لَيْسَ بِلَوْنٍ وَلَا عَيْبٍ نَحْوُ زَيْدٌ أَفْضَلُ النَّاسِ فَإِنْ كَانَ زَائِدًا عَلَى الثُّلَاثِيِّ أَوْ كَانَ لَوْنًا أَوْ عَيْبًا يَجِبُ أَنْ يُبْنَى أَفْعَلُ مِنْ ثُلَاثِيٍّ مُجَرَّدٍ لِيَدُلَّ عَلَى مُبَالَغَةٍ وَشِدَّةٍ وَكَثْرَةٍ ثُمَّ يُذْكَرُ بَعْدَهُ مَصْدَرُ ذٰلِكَ الْفِعْلِ مَنْصُوبًا عَلَى التَّمْيِيزِ كَمَا تَقُولُ هُوَ أَشَدُّ إِسْتِخْرَاجًا وَأَقْوَى حُمْرَةً وَأَقْبَحُ عَرَجًا .

পরিচ্ছেদ - ১০ : إِسْمِ تَفْضِيلٍ (আধিক্যবাচক বিশেষ্য)

অনুবাদ ॥ إِسْمِ تَفْضِيلٍ এর সংজ্ঞা : اسم تفضيل এমন ইসমকে বলে যা অন্যের তুলনায় অধিক গুণসম্পন্ন কোন ব্যক্তি বা বস্তুকে বুঝানোর জন্য ফে'ল হতে গঠিত হয়।

اسم تفضيل এর সীগা : اسم تفضل এর ছীগা اسم تفضل এর ছীগা افعل এর ওযনে হয়ে থাকে। সুতরাং এটা শুধু এমন ثُلَاثِى مُجَرَّدْ হতে গঠিত হয় যা রং বা দোষের অর্থজ্ঞাপক নয়। যেমন- زَيْدٌ أَفْضَلُ النَّاسِ যদি ফে'লটি তিনের অধিক অক্ষর বিশিষ্ট হয়, অথবা রং বা দোষের অর্থজ্ঞাপক হয়, তবে সে ক্ষেত্রে অপরিহার্য হলো ثُلَاثِى مُجَرَّدْ থেকে أَفْعَلُ ওযনে একটি শব্দ গঠন করা- যেন তা প্রাবল্য, কাঠিন্য বা আধিক্যের অর্থ বুঝায় এবং তার পরে ঐ ফে'লের একটি মাসদারকে তমীয হিসেবে যবরবিশিষ্ট আকারে উল্লেখ করা। যেমন- তুমি বলবে هُوَأَشَدُّ إِسْتِخْرَاجًا (বের করার দিক দিয়ে সে খুবই কঠিন), هُوَ أَقْوَى حُمْرَةً (লাল বর্ণ হওয়ার দিকদিয়ে তা খুবই প্রবল) এবং هُوَ أَقْبَحُ عَرَجًا (সে বিকলাঙ্গ হওয়ার দিক দিয়ে খুবই কুৎসিত)

প্রাসঙ্গিক আলোচনা : ★ উল্লেখ্য যে, এখানে عَيْبٌ (দোষ) দ্বারা বাহ্যিক দোষ উদ্দেশ্য বাতেনী দোষ নয়, অতএব عَيْبٌ দ্বারা কোন প্রশ্ন আসবে না।

قوله إِسْمٌ مُشْتَقٌّ الخ : সংজ্ঞায় إِسْمٌ হল جنس ، مُشْتَقٌّ হল ১ম فصل, এর দ্বারা إِسْمِ جَامِدٍ ও إِسْمِ مَصْدَرٍ বের হয়ে গেল। بِزِيَادَةٍ দ্বারা اسم فاعل ، اسم مفعول ، صفتِ مُشَبَّهَه ও مُبَالَغَة বের হয়ে গেল। এভাবে زَائِدٌ ও كَامِلٌ এ ধরনের শব্দ ও বের হয়ে গেল। কেননা زِيَادَةٍ عَلَى غَيْرِهِ দ্বারা উক্ত اسم مشتق দ্বারাই আধিক্য বুঝান উদ্দেশ্য ভিন্ন শব্দ দ্বারা নয়।

قوله صِيغَتُهُ أَفْعَلُ : এর সাথে خَيْرٌ ، شَرٌّ ইত্যাদিও দাখিল, কেননা خَيْرٌ মূলত أَخْيَرُ ও شَرٌّ মূলত أَشَرُّ ছিল।

★ ثُلَاثِى مَزِيد বা رُبَاعِى থেকে اسم تفضيل এর ওযনে না আসার কারণ হল حرف কম করে এ ওযনে ছীগা বানালে তাতে অর্থ ও শব্দ উভয় দিক দিয়ে অসুবিধে সৃষ্টি হয়। আর হরফ না কমালে এ ওযনে সীগা বানান সম্ভব নয়।

قوله لَيْسَ بِلَوْنٍ الخ : অর্থাৎ যে সব শব্দ রং বা দোষ বুঝায় তা থেকেও اسم تفضيل আসে না। কারণ রং-দোষের অর্থবিশিষ্ট শব্দ اسم تفضيل ছাড়াই উক্ত ওযনে আসে। যেমন- أَحْمَرُ ، أَعْوَرُ প্রভৃতি। অতএব এ ওযনে اسم تفضيل বানালে উভয়ে মাঝে إِلْتِبَاس হয়ে যায়। কোনটা تفضيل আর কোনটা تفضيل নয় তা বুঝা যাবে না। উল্লেখ্য যে, এখানে عَيْبٌ (দোষ) দ্বারা বাহ্যিক দোষ উদ্দেশ্য, বাতেনী দোষ নয়। অতএব ابلد ، اجهل দ্বারা কোন প্রশ্ন আসবে না।

قوله أَفْعَلُ مِنْ ثُلَاثِيٍّ الخ : অর্থাৎ تفضيل এর অর্থের প্রয়োজন পড়লে আধিক্য, কাঠিন্য, প্রাবল্য ইত্যাদি অর্থবোধক শব্দ থেকে اسم تفضيل বানিয়ে কাঙ্খিত রং-দোষ বা মাসদারের শুরুতে তা যোগ করতে হবে। যথা- هُوَ أَشَدُّ مِنْهُ إِسْتِخْرَاجًا ، هُوَ أَقْبَحُ مِنْهُ عَرَجًا ، هُوَ أَكْثَرُ مِنْهُ تَعْلِيمًا ইত্যাদি।

وَقِيَاسُهُ أَنْ يَكُونَ لِلْفَاعِلِ كَمَا مَرَّ وَقَدْ جَاءَ لِلْمَفْعُولِ قَلِيلًا نَحْوُ أَعْذَرُ وَأَشْغَلُ وَأَشْهَرُ ـ وَاسْتِعْمَالُهُ عَلَى ثَلٰثَةِ أَوْجُهٍ إِمَّا مُضَافٌ كَزَيْدٌ أَفْضَلُ الْقَوْمِ أَوْ مُعَرَّفٌ بِاللَّامِ نَحْوُ زَيْدُنِ الْأَفْضَلُ أَوْ بِمِنْ نَحْوُ زَيْدٌ أَفْضَلُ مِنْ عَمْرٍو وَيَجُوزُ فِي الْأَوَّلِ الْإِفْرَادُ وَمُطَابَقَةُ اِسْمِ التَّفْضِيلِ لِلْمَوْصُوفِ نَحْوُ زَيْدٌ أَفْضَلُ الْقَوْمِ وَالزَّيْدَانِ أَفْضَلُ الْقَوْمِ وَأَفْضَلَا الْقَوْمِ وَالزَّيْدُونَ أَفْضَلُ الْقَوْمِ وَأَفْضَلُوا الْقَوْمِ وَفِي الثَّانِي يَجِبُ الْمُطَابَقَةُ نَحْوُ زَيْدُنِ الْأَفْضَلُ وَالزَّيْدَانِ الْأَفْضَلَانِ وَالزَّيْدُونَ الْأَفْضَلُونَ

অনুবাদ ॥ বিধানগতভাবে তা (اسم تفضيل) فاعل -এর অর্থেই ব্যবহৃত হয়, যেমন– উপরে উল্লেখ করা হয়েছে। তবে কোন কোন সময় مفعول -এর অর্থেও ব্যবহৃত হয়। যেমন– أَعْذَرُ (অধিক অপারগ), أَشْغَلُ (অধিক ব্যস্ত) أَشْهَرُ (অধিক প্রসিদ্ধ)।

اسم تفضيل এর ব্যবহার পদ্ধতি ঃ اسم تفضيل তিন পদ্ধতিতে ব্যবহৃত হয়। যথা– (ক) مُضاف হয়ে, যেমন– زَيْدٌ أَفْضَلُ الْقَوْمِ (যায়েদ জাতির শ্রেষ্ঠ ব্যক্তি) (খ) লাম যুক্ত মা'রেফা হয়ে, যেমন– زَيْدُنِ الْأَفْضَلُ (শ্রেষ্ঠ যায়েদ)। (গ) من (হরফে জার)-সহ। যেমন– زَيْدٌ أَفْضَلُ مِنْ عَمْرٍو (যায়েদ আমরের চেয়ে শ্রেষ্ঠ)। প্রথমোক্ত ব্যবহার পদ্ধতিতে اسم تفضيل টি একবচন হওয়া অথবা موصوف -এর অনুযায়ী হওয়া উভয়ই বৈধ। যেমন–
اَلزَّيْدُونَ أَفْضَلُ الْقَوْمِ অথবা, اَلزَّيْدَانِ أَفْضَلُ الْقَوْمِ - أَفْضَلَا الْقَوْمِ অথবা زَيْدٌ أَفْضَلُ الْقَوْمِ - أَفْضَلُوا الْقَوْمِ– আর দ্বিতীয় ব্যবহার পদ্ধতিতে اسم تفضيل টি موصول অনুযায়ী হওয়া অপরিহার্য। যেমন– زَيْدُنِ الْأَفْضَلُ - اَلزَّيْدَانِ الْأَفْضَلَانِ - اَلزَّيْدُونَ الْأَفْضَلُونَ

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَقِيَاسُهُ لِلْفَاعِلِ ঃ কেননা مفعول এর জন্য না হওয়ার কারণ হল কোন্‌টি فاعل এর অর্থে, কোন্‌টি مفعول এর অর্থে তা বুঝা মুশকিল হয়ে যাবে। সুতরাং فاعل টি أَشْرَفُ ও أَعْلٰى (উন্নত) হওয়ার কারণে তার জন্যই খাছ করা হয়েছে। তবে خلافِ قياس মাফউল অর্থেও আসে।

قوله أَوْ بِمِنْ الخ ঃ তিন তরীকার মধ্যে من দ্বারা ব্যবহার হল اصل, অতপর اضافت ও সর্বশেষ لام দ্বারা।

★ উল্লেখ্য যে, উক্ত তিন তরীকা ছাড়া اسم تفضيل এর ব্যবহার অশুদ্ধ (নাজায়েয)। তবে বিশেষ قرينه বা আলামত সাপেক্ষে مُفَضَّلٌ عَلَيْهِ (যার উপর প্রাধান্য দেয়া হয়) কে حذف করা জায়েয। যেমন– اَللّٰهُ أَكْبَرُ মূলতঃ اَللّٰهُ أَكْبَرُ مِنْ كُلِّ شَيْءٍ ছিল। এটা উল্লেখ করা ছাড়াই বুঝে আসে বিধায় উল্লেখের প্রয়োজন নেই।

قوله لَا يَجُوزُ فِي الْأَوَّلِ الخ ঃ অর্থাৎ اسم تفضيل টি اضافت সহকারে ব্যবহৃত হলে তখন موصوف তথা مضاف এর সাথে এর مُطَابَقَتْ জরুরী নয়। বরং সর্বক্ষেত্রে واحد مذكر আনা জায়েয। আবার مطابقت হিসেবে আনা ও জায়েয। তবে শুধু مضاف اليه এর উপর প্রাধান্য উদ্দেশ্য না হয়ে যদি مُطْلَقْ (সাধারণ) প্রাধান্য উদ্দেশ্য হয় তখন এ দু ছূরতের কোনটি জায়েয নয়। বরং তখন তার حكم (বিধান) مُعَرَّفْ بِاللَّامْ এর حكم এর ন্যায় যা সামনে আসছে। যথা– رَسُوْلُ اللّٰهِ ـ أَفْضَلُ قُرَيْشٍ এর মধ্যে যদিও قريش বাহ্যিকভাবে مُفَضَّلٌ عَلَيْهِ কিন্তু প্রকৃত পক্ষে সমস্ত মানুষজাতি উদ্দেশ্য। আর توضيح এর উল্লেখটা কেবল توضيح তথা স্পষ্ট করার লক্ষে।

قوله وَفِي الثَّانِيْ يَجِبُ الخ ঃ এক্ষেত্রে مُطَابَقَتْ জরুরী এ জন্য যে, লিঙ্গ ও বচন ইত্যাদি ক্ষেত্রে موصوف এর সাথে صفت এর সামঞ্জস্যতা আবশ্যক। مِنْ এর সাথে ব্যবহারে যে مُشَابَهَتْ ছিল এক্ষেত্রে مُفَضَّلٌ عَلَيْهِ উল্লেখের দ্বারা তা দূর হয়ে গেছে।

